যদ্যপি কহেন ইনী আমার একশত বস্ত্রবৃদ্ধি দিবার স্বীকার করিয়া দেন না তবে পদান্তর। গমনেতে বস্ত্বন্তর গমন প্রযুক্ত হীন বাদী হইয়া দণ্ড পায়েন। কিম্বা যদ্যপি আবেদন সময়ে কহেন আমার এক শত মুদ্রা বৃদ্ধি স্বরূপ লইয়া দেননা পরে ভাষা কালীন যদ্যপি কহেন আমার একশত মুদ্রা বলাৎ কারে অপহরণ করিয়া দেননা। সেস্থলেব স্বন্তর গমন নিষেধ এস্থলে পদান্তর গমন নিষেধ। অতএব প্রত্যর্থিনো গুত্তো লেখ্যং এবচনার্থের সহিত ইহার অর্থের বিরোধ হইতে পারেনা॥ এইমত নারদ কহিয়াছেন যে পূর্ব্ববাদকে পরিত্যাগ করিয়া অন্য প্রকার অলম্বন করে সেই ব্যক্তি হীন বাদী প্রযুক্ত দণ্ড্য হয়। কিন্তু প্রকৃত ব্যবহার হইতে হীনহয়েন না॥ অতএব পরে কহিবেন। ছল ত্যাগকরিয়া রাজা ভূতানুসারে ব্যবহার নিরূপণ করিবেন কিন্তু ইহা অর্থ ব্যবহারে জানিবেন। বাক পারুষ্যাদি স্থলে প্রমাদাভিধান দ্বারা প্রকৃতার্থ হইতে হেয় হয়েন। যাহা কহিআছেন নারদ সকল অর্থ ব্যবহারেতে বাক্ছলেতে অর্থী কোন প্রমাদাভিধানেতে ও অবসন্ন হইবেন নাহি অর্থাৎ পরাজ হইবেন না। তাহার মধ্যে বিশেষ পরস্ত্রী বিষয়ক এবং ভূমী বিষয়ক এবং ঋণাদান বিষয়ক ব্যবহারেতে প্রমাদাভিধানেতে করয়াদণ্ড্য হইবেন প্রকৃতার্থ হইতে হীন হইবেন না॥ অতএব মন্যু কৃত বিবাদেতে প্রমাদাভিধানেতে করয়া প্রকৃতার্থ হইতে হীন হয়েন ইতি নিষ্কর্ষার্থঃ যথা বাদী কহিতেছে ইনী আমার মাথায় নাথি মারিয়াছেন ইতি

নিবেদন সময়ে ॥ তাবা কাহীর প্রতি বাদীর নিকট যদ্যপি কহে ইনী আমার পায়েতে চড় মারিয়াছেন তবে কেবল দণ্ড্য নয় পরাজয় হয় ইতি॥ অভিযোগ হইতে নিস্তির্ণনা হইয়া বাদিকে অভিযোগ করিবেন না ইহার অপবাদ কহিতেছেন॥ যথা ॥ কুর্য্যাৎ প্রত্যভিযোগঞ্চ কলহে সাহসেষুচ॥ ইহার অর্থ॥ বাক্‌পারুষ্য দণ্ড পারুষ্য বিবাদেতে এবং বিষ শস্ত্রাদি নিমিত্ত প্রাণ ব্যাপাদন ব্যবহারেতে প্রত্যভি যোগ সম্বন্ধেতে আপনার অভিযোগ হইতে নিস্তীর্ণ না হইয়াও বাদিকে প্রত্যভিযোগ করিতে পারে। যে হেতুক এ ব্যবহারেতে এমত হইলে অল্প দণ্ড প্রাপ্ত অধিক দণ্ডনিবৃত্তি হয় ॥ যথা ॥ বাদী কহিতেছে ইনি আমাকে অনেক তিরস্কার করিয়াছেন কিম্বা প্রহার করিয়াছেন। প্রতিবাদী যদ্যপি এমত প্রত্যভি যোগ করে ইনি আমাকে পূর্ব্ব তিরস্কার কিম্বা প্রহার করিয়াছেন তবে দণ্ডাল্পত্ব জানিবেন॥ যাহা কহিয়াছেন নারদ ॥ পূর্ব্ব যিনি তাড়নাদি করেন তিনি নিয়তই দোষভাগি পশ্চাৎ যিনী করেন তিনিও অসৎ কারী কিন্তু পূর্ব্বের যে অপরাধ সেই গুরু॥ যেস্থলেতে পুনর্ব্বার একদা তাড়নাদি প্রবৃত্তি সেস্থলেতে অধিকদণ্ড নিবৃত্তি জানিবেন॥ এবং বচনও আছে বাক্‌পারুষ্যাদিতে ও সাহসেতে একদা যদ্যপি প্রবৃত্তি হয় তাহার মধ্যে যদি বিশেষ অপরাধ কাহারো নাদেখায়ায় তবে উভয়েরি তুল্য দণ্ড হয়। এমত যদ্যপি হইল তবে একদা ব্যবহার প্রবৃত্তির অসম্ভব

স্থলেতে ও কলহাদি বিষয়েতে প্রত্যভি যোগ অর্থবান্ হইবেন ঋণাদানাদিতে নিরর্থক হইবেন ॥ অর্থি প্রত্যর্থির বিধি কহিয়া সসভ্য সভা পতির কর্ত্তব্য কহিতেছেন ॥ উভয়োঃ প্রতি ভূগ্রাহ্যঃ সমর্থঃ কার্য্য নির্ণয়ে। অর্থ ॥ সকল বিবাদেতে নির্ণয়ের যে কার্য্য অর্থাৎ সাধিত ধন দান দণ্ড দান এবিষয়েতে সমর্থ অর্থাৎ যাহা হইতে একর্ম্ম সম্পন্ন হইতে পারে সেই ব্যক্তিকে সকল সভা সদের সহিত বিচার করিয়া সভাপতি অর্থি প্রত্যর্থির প্রতিভূ গ্রহণ করিবেন অর্থাৎ জামিন লইবেন ॥ তদ্যোগ্যাপা ৫এর যদি সম্ভব নাহয় তবে অর্থি প্রত্যর্থির রক্ষণের কারণ উত্তম রাজ পুরুষদিকে নিযুক্ত করিবেন সে সকলকে ঐ দুই লোক হইতে প্রতি দিবস বেতন দেওয়াবেন। এই মত কাত্যায়ন ও কহিয়াছেন কি সেই নির্ণয় কার্য্য যাহাতে প্রতিভূ গ্রাহ্য তাহা কহিতেছেন ॥ নিহ্নবে ভাবিতো দদ্যাদ্ধনং রাজ্ঞেচ তৎ সমং। মিথ্যাভি যোগী দ্বিগুণং অভি যোগাদ্ধনং বহেৎ ইহার অর্থ ॥ অর্থি কর্ত্তৃক নিবেদিত যে অভি যোগ তাহাকে প্রতি বাদী যদ্যপি অপ লাপ করে পুনর্ব্বার বাদী যদ্যপি সাক্ষ্যাদি দ্বারা অঙ্গীকার করায় তবে প্রতি বাদী প্রকৃত ধন বাদীকে বুঝাইয়া দিবেন এবং রাজাকে অপ লাপ নিমিত্তক দণ্ড স্বরূপ তত্তুল্য ধন দিবেদন ইতি ॥ যদ্যপি বাদী আপন অভিযোগকে সাক্ষ্যাদি দ্বারা প্রতি পন্ন করিতে নাপারে তবে সেই মিথ্যাভি যোগীহয় সাধ্য বিবাদের দ্বিগুণ ধন দণ্ড স্বরূপ করিয়া রাজাকে দিবেন।

প্রাগুক্ত ন্যায় প্রত্যভি স্কন্দনেতে, ইহাই যোজনা করিবেক। সে স্থলে অর্থী অপহ্নববাদী প্রত্যর্থি কর্ত্তৃক প্রতি পন্ন করাইলে প্রকৃত ধন তুল্য দণ্ড রাজাকে দিবেক। যদ্যপি প্রতি বাদী প্রাগুক্ত ন্যায় কারণ দেখাইতে না পারেণ তবে তিনি মিথ্যাভি যোগী প্রযুক্ত রাজাকে দিগুণ ধন দিবেন বাদিকে প্রকৃত ধন দিবেন॥ সংপ্রতি পত্যুত্তরেতে দণ্ডা ভাব জানিবেক সত্য স্বীকার প্রযুক্ত॥ ঋণাদান বিষয়েতেই ইহা জানিবেক॥ পদান্তরেতে সেই সেই স্থানে দণ্ডের নির্ণয় করিয়াছেন অধন ব্যবহার সকলেতে ইহার অসম্ভব প্রযুক্ত সকলের বিষয় নয়। আর রাজা অধমর্ণিককে দেওাইবেন ঋণাদান বিষয়ক বচন হইলে ও সেই স্থানে বিশেষ বলিবেন॥ অতঃপর ততোর্থী লেখয়েৎ সদ্যঃপ্রতি জ্ঞাতার্থ সাধনং ইহা কহিয়া উত্তর পাদ লেখনের কাল বিলম্ব দেখাইয়াছেন॥ তাহাতে ও অপবাদ কহিতেছেন। সাহসস্তেয় পারুষ্য গোভি শাপাত্যয়ে স্ত্রিয়াং। বিবাদয়েৎ সদ্য এব কালোন্যত্রে চ্ছয়া স্মৃতঃ॥ ইহারঅর্থ॥ সাহস বিষ শস্ত্রাদি ঘটিতবধে প্রাণি হিংসনাদি। স্তেয়ং চৌর্য্য ব্যাপার পারুষ্য বাগ্বিরোধ এই তাড়নাদী॥ গোশব্দে দুগ্ধ বতী গোজানিবেন॥ অভি শাপ যাহাতে পাতক হয়। অত্যয় প্রাণ দণ্ড ধন ধ্বংস। স্ত্রীপদে কুলস্ত্রীর শীল চরিত্র বিরুদ্ধ বিশয়ক বিবাদেতে। দাসীর স্বত্ব বিবাদ বিষয়েতে তৎ ক্ষণাৎ উত্তর দিবে কাল বিলম্ব নাকরিবেক অন্যত্র বিবাদান্তরেতে অর্থি প্রত্যর্থি সভ্য সভাপতির

দের ইচ্ছামত উত্তর দানের কাল হইতে পারে ইহা কহিয়া দুষ্টের লক্ষণ কহিতেছেন ॥ দেশাদ্দেশান্তরং যাতি সৃক্কিণী পরিলেঢ়িচ। ললাটং স্বিদ্যতে চাস্য মুখং বৈবর্ণমেতিচ ॥ পরিশুষ্যৎ স্খলদ্বাক্যো বিরুদ্ধং বহু ভাষতে। বাক্ চক্ষুঃ পূজয় তিনো তথোষ্ঠৌনি ভুর্জত্যপ ॥ স্বভাবা দ্বিকৃতিং গচ্ছেৎ মনো বাক কায় কর্ম্মভিঃ। অভি যোগে ২ থসাক্ষ্যেবা দুষ্টঃ সপরি কীর্ত্তিতঃ ॥ ইহার অর্থ ॥ স্বভাবত কায়মনোবাক্য দ্বারা নত্তবা ভয়াদি নিমিত্তক অপকার কর্ম্মেতে করয়া যে বিকার প্রাপ্ত হয় অভিযোগেতে অভিযোগ কর্ত্তাইবা সাক্ষ্য বিষয়েতে সাক্ষীবা তাহাকে দুষ্ট জানিবে॥ সেই বিকৃতিকে বিভাগ করিয়া দেখাইতেছেন॥ এক কথা কহিয়া অন্য প্রদেশে যায় এক স্থানে স্থীর থাকেনা। জিহ্বাগ্রেতে করিয়া ওষ্ঠ পর্য্যন্ত অবলেহ করে এই কর্ম্মের বিকার॥ যাহার ললাট স্বেদবিন্দুতে অঙ্কিত হইয়া থাকে বাক্য কহিবার কালে মুখ বিবর্ণ হয় পাণ্ডু বিকার কিম্বা কৃষ্ণবর্ণ এই শরীরের বিকৃতি॥ গদ্ গদ্ হইয়া বাক্য স্খলিত হয় যাহার। পূর্ব্বা পর বিরুদ্ধ অনেক কহে এই বাক বিকৃতি ॥ প্রতি বাদীর কিম্বা অন্যের বাক্যকে প্রতি বচন দানেতে করয়া কিম্বা চক্ষু বীক্ষণাদিতে করয়া পূজা করে অর্থাৎ ইঙ্গিত করে এই মনের বিকার। ওষ্ঠ বক্র করয়া চাহে এসমস্ত দোষ সম্ভাব নামাত্র কহিয়াছেন। নত্তুবা দোষের নিশ্চয় করিয়া কহিয়াছেন। যে হেতুক স্বাভাবিক দোষ কোন ব্যামোহ নিমিত্তক এই সমস্ত বিকার দুর্ব্বোধ কারণ যদ্যপি

কোন নিপুণ মতি বিবেক ইহা প্রতিপন্ন করেন তথাপি পরাজয় নিমিত্ত কার্য্য হইবেক না। যেমন মুমূর্ষ ব্যক্তির মৃত চিহ্ন দর্শন করিয়া কোন ব্যক্তি তাহার মৃতকার্য্য করে না সেইমত এই ব্যক্তির পরাজয় হইবেক ইহা জ্ঞান করিয়া ও পরাজয় নিমিত্ত কার্য্যের প্রসঙ্গ করিবেক না ইতি॥ কিঞ্চ॥ সন্দিগ্ধার্থং স্বতন্ত্রোযঃ সাধয়েৎ যশ্চ নিষ্পতেত্॥ নচাহূতো বদেৎ কিঞ্চিৎ হীনো দণ্ড্যশ্চ স স্মৃতঃ॥ অধমর্ণ কর্তৃক অনঙ্গীকৃত যে সন্দিগ্ধ বিষয় তাহাকে যে ব্যক্তি সাধন নিরপেক্ষ হইয়া ও আসেধাদিদ্বারা সাধন করে সেই ব্যক্তি হীনবাদী প্রযুক্ত দণ্ড্য হয়। যিনি প্রতিপন্ন সাধনেতে স্বয়ং সাধিত হইয়া তত্ত্ব করিবার সময়ে পলায়ন করেন এবং যিনি অভিযোগ করিয়া রাজা আহ্বান করিলে সভাতে কিছু কহেন না তিনি ও হীনবাদী দণ্ড্য হয়েন। অর্থাৎ শাসনার্হ হয়েন প্রকৃত অর্থ হইতে হীন হয়েন না॥ অতঃপর যে স্থানে দুই লোক ধর্ম্মাধিকরণপ্রাপ্ত হয়েন অর্থাৎ ব্যবহার নির্ণয়ের স্থানেতে গিয়া একদা ভাষাবাদী হয়েন॥ যথা॥ কোন ব্যক্তি প্রতিগ্রহেতে ক্ষেত্র পাইয়া কিছু কাল ভোগ করিয়া কোন কর্ম্মবশত দেশান্তর গেল। সেই ক্ষেত্র অন্য ব্যক্তি ও প্রতিগ্রহদ্বারা পাইয়া কিছু কাল ভোগ করিয়া কোন দেশে গেল তাহার কতক দিবস পরে এক কালীন দুই জনে আসিয়া আমার এই ক্ষেত্র কহিয়া এই মত পরস্পর বিরোধ করিয়া ধর্ম্মাধিকরণে

গিয়াছে সে স্থলে কাহার ক্রিয়া হইবেক এই আকাঙ্ক্ষাতে কহিতেছেন ॥ যথা ॥ সাক্ষি যুক্তঃ সৎসু সাক্ষিঃ পূর্ব্বাদিনঃ । পূর্ব্ব পক্ষে২ ধরীভূতে ভবত্যুত্তরবাদিনঃ॥ ইহার অর্থ ॥ উত্তর বাদীর একদা সাক্ষি সম্ভব যদ্যপি হয় তথাচ যে ব্যক্তি কহিয়াছে যে আমি পূর্ব্ব এই ভূমি প্রতিগ্রহ করিয়াছি এবং ভোগ করিয়াছি তাহার সাক্ষির দিগকে জিজ্ঞাসা করিবেন। যদি অন্য ব্যক্তি এমত কহে সত্য ইনি পূর্ব্বে গ্রহণ করিয়াছিলেন ভোগও করিয়া ছিলেন। কিন্তু অমুক রাজা এই ক্ষেত্র ইহাঁ হইতে ক্রয় করিয়া আমাকে দান করিয়া দিয়াছেন কিম্বা অন্য ব্যক্তি প্রতিগ্রহে পাইয়া আমাকে দিয়াছে এপ্রকার কহিলে পর যে স্থানে পূর্ব্ব পক্ষ অসাধ্য হেতুক অধরীভূত হইল যদ্যপি তবে যে ব্যক্তি কহিয়াছে যে এই ক্ষেত্র পশ্চাৎ অমুক আমাকে দান করিয়া দিয়াছে আমি ও সেই অবধি ভোগ করিয়া ছিলাম সেই ব্যক্তির সাক্ষিরদিগকে জিজ্ঞাসা করিবেন তদনুসারে ব্যবহার দেখিবেন। এই ব্যাখ্যা উপযুক্ত হয় ॥ এবং পূর্ব্ব নারদ বচনেও পাওয়া গিয়াছে মিথ্যা ক্রিয়া পূর্ব্ববাদে কারণে প্রতিবাদিনীতি অন্য বচনার্থ। যে স্থলে দুই জন আপনং অর্থেতে বিবাদ করে দুই জনের সাক্ষিরা বিদ্যমান থাকে তবে যাহার পূর্ব্বপক্ষ হইয়া থাকে তাহার সাক্ষিরদিগকে জিজ্ঞাসা করিতে হইবেক ইহা যে পণ্ডিত কহিয়াছেন তিনি ইহার সর্ব্ব ব্যবহার বিলক্ষণত্ব হেতুক ভেদেতে উপন্যাস করিয়া

ছেন। এবং যদ্যপি সপণ ব্যবহার হয় অর্থাৎ যদ্যপি প্রতিজ্ঞা করিয়া থাকে আমি পরাস্ত হইলে রাজাকে এত ধন দিব যদি ইনি পরাস্ত হয়েন তবে সেই মত দিবেন এমত স্থলে যে পরাজয় হইবেক সেই ব্যক্তি অর্থিকে প্রকৃত বিবাদাস্পদী ভূত ধন দিবেক রাজাকে স্বকৃত পণ দিবেক এবং দণ্ড পাইবেক ॥ যদ্যপি কোন ব্যক্তি কহিয়া থাকে আমি পরাজয় হইলে এক শত মুদ্রা দিব অন্য ব্যক্তি কিছু কহে নাহি তবে সে স্থলে প্রতিজ্ঞাবাদী পরাস্ত হইলে দণ্ড পাইবেক এবং পণ দিবেক অপর ব্যক্তি পরাস্ত হইলে কেবল দণ্ড পাইবেক পণ দিবেক না যদ্যপি কেহ বলে আমি এক শত দিব অন্য কহে আমি পঞ্চাশ দিব তবে যে হারিবেক তাহার পণ দিবেক এবং পূর্ব্বোক্ত দণ্ড পাইবেক ইতি। সপণ বিবাদের এই রীতি দর্শাইয়া পুনর্ব্বার পণ রহিত বিবাদ দেখাইয়াছেন ॥ যথা ॥ ছলং নিরস্য ভূতেন ব্যবহারান্নয়েন্নৃপঃ। ভূত মপ্যনু মন্যস্তং হীয়তে ব্যবহারতঃ রাজা প্রমাদ বাক্য পরিত্যাগ করিয়া বস্তুতত্ত্বানুসারেতে ব্যবহার অবসান করিবেন। যে হেতুক বস্তুতত্ত্বের উপন্যাস না করিলে ব্যবহারহানি হয় সেই হেতুক ভূতানুসরণই কর্ত্তব্য ॥ যে স্থলে অর্থি প্রত্যর্থী সত্য বাক্য কহে সে স্থলে সভ্য বর্গের সহিত সভাপতি ভেদ দণ্ড সামাদি উপায়দ্বারা যত্ন করিবেন। এমত হইলে সাক্ষ্যাদি নিরপেক্ষ হইয়াও ব্যবহার নির্ণয় হইবেক এইপ্রযুক্ত সর্ব্বথা ও ভূতানুসরণ করিতে পারিবেন। তাতে ও সাক্ষ্যাদিদ্বারা

নির্ণয় করণীয় এই অনুকল্প॥ যথা॥ ভূতচ্ছলানুসারিত্বা দ্বিগতিঃ সমুদাহৃতঃ। ভূতং তত্ত্বার্থযুক্তংযৎ প্রমাদাভিহিতং ছল মিতি ॥ অতএব ভূতানুসারী ব্যবহার মুখ্যছলানুসারী ব্যবহার অনুকল্প সাক্ষি লেখ্যাদিদ্বারা ব্যবহার নির্ণয় বিষয়ে কদাচিৎ বস্তুতত্ত্বের অনুসরণ হয় কদাচিৎ না হয়। যেহেতুক সাক্ষিরদেরও ব্যভিচার সম্ভব হয় লিখনের ও ব্যভিচার সম্ভব হয় ॥ এই বচনের উদাহরণ দেখাইতেছেন॥ যথা॥ নিহ্নুতে লিখিতং নৈকমেক দেশ বিভাবিতঃ। দাপ্যঃ সর্ব্বং নৃপেণার্থং ন গ্রাহ্যস্তু নবেদিতঃ বাদী যদ্যপি নিবেদন পত্রেতে সুবর্ণ রজত বস্ত্র অনেক লিখিয়া থাকে এবং সভাপতির নিকটে জ্ঞাত করায় প্রতিবাদী যদ্যপি সকল বস্তুই অপলাপ করে তদনন্তর অর্থী সাক্ষিদ্বারা যদ্যপি এক বস্তু অঙ্গীকার করায় তবে রাজা সকল পূর্ব্ব লিখিত বস্তু অর্থিকে দেওয়াইবেন॥ কিন্তু যে যে বস্তু পত্রে লিখা গিয়াথাকে৷ নতুবা যদ্যপি এমত কহে যে আমি পূর্ব্বে বিস্মৃত হইয়াছিলাম এক্ষণে স্মরণ হইল আর এক বস্তু ইনি ধারেন তবে সেবাক্য রাজা আদর করিবেন না কদাচ গ্রহণ করিবেন না॥ ইহা কেবল বাচনিক জ্ঞান করিবেক না উত্তম বিবেচনাসিদ্ধ বটে। এক দেশে প্রতিবাদির মিথ্যাবাদিত্ব সম্ভব হেতুক। অর্থির সকল দেশে সত্যবাদিত্ব নিশ্চয় হেতুক এক দেশান্তরে ও সত্য বাদিত্ব সম্ভব হইল অতএব এই প্রকারে তর্ক বাক্যানুসারে যোগীশ্বর বচনার্থ অবগত হইয়া রাজা সকল বস্তু দেওয়াইবেন। এবং গৌতমাদি

ঋষিরা কহিয়াছেন এই মতে ব্যবহার নির্ণয় করিলেও
যদ্যপি কোন বস্তুর অন্যথা হয় তবে ব্যবহার দর্শিরদিগকে
কিছু দোষস্পর্শেনা ইত্যাদি ।। কাত্যায়ন কহিয়াছেন যে
অনেকার্থাভিযোগেতে সাক্ষ্যাদিদ্বারা যেং বস্তু ধনী প্রতি
পন্ন করাইবেন সেইং বস্তুই পাইবেন ইহা পিত্রাদি
ঋণ বিষয়ে জানিবেন । যথা একব্যক্তির পিতা ঋণী ছিল
তাহার নামে অর্থী অনেক বস্তু ব্যবহারে লিখিয়াছে ।
পুত্রার্থী যদি কহে আমি ইহা জানি না তবে সে নিহ্নববাদী
হইতে পারে না এবং এক দেশে বস্তু প্রতিপন্ন হইলেও
তাহাকে অসত্যবাদী বলা যায় না যেহেতুক পিতৃ কৃত
ঋণেতে তাহার উত্তর মিথ্যা হইল না । এবং নিহ্নুতে
লিখিতং নৈকং সে শাস্ত্রও এস্থানে প্রবৃত্ত হইল না
যেহেতুক নিহ্নবাভাব এবং অপেক্ষিত তর্কাভাব অনে
কার্থাভিযোগে এই কাত্যায়ন বচন সামান্যবিষয় আর নিহ্ন
বোত্তর বিশেষবিষয় ইহাকে পরিত্যাগ করিয়া কেবল
জ্ঞানোত্তরে প্রবৃত্ত হইল ।। তাল সমস্ত পণাদি দিবা
দেতে স্থিরপ্রায়েতে সাক্ষ্যাদিদ্বারা যদ্যপি অধিক কিম্বা
অল্প অর্থ কল্পিত হয় তবে নিশ্চিত সাধ্য সিদ্ধি হয় না
ইহা কহিয়া কাত্যায়ন কহিয়াছেন অনেকার্থাভিযোগেতে
সাক্ষিদ্বারা এক দেশে কিম্বা অধিকদেশে প্রতিপন্ন হইলেও
সকল সাধ্যসিদ্ধি হয় না । তাহা যদ্যপি হইল এক দেশ
প্রতিপাদ্যান্তর অন্য প্রদেশ কি প্রকারে সিদ্ধ হইবে কহিতে

ছেন। লিখিত সর্ব্বার্থ সাধনের নিমিত্তে উপন্যাস করিয়া ছেন যে সাক্ষি সকল তাহারা যদ্যপি ন্যূন কিম্বা অধিক কহে তবে সমস্ত সাধ্যসিদ্ধি হয় না এই তাহার অর্থ বটে তত্রাপি নিশ্চিতং নহি সিধ্যতি এই বচনাধীন পূর্ব্ববৎ সংশয় হইল অতএব প্রমাণান্তরেতেও অবসর আছে যেহেতুক নিয়ম করিয়াছেন যে ছলত্যাগ করিয়া ভূতানুসারী ব্যবহার করিবেন। পুনর্ব্বার সাহসাদি ব্যবহারেতে সকল সাধ্য সাধনের নিমিত্ত উপদেষ্টার সাক্ষি সকলকর্ত্তৃক এক দেশে প্রতিপন্ন হইলেও সমস্ত সাধ্যসিদ্ধি হয়। তাবৎ সাহসাদির সিদ্ধি হওনের কারণ কাত্যায়নবচন। যথা সাধ্যার্থাংশে নিগদিতে সাক্ষিভিঃ সকলং ভবেৎ। স্ত্রীসঙ্গে সাহসে চৌর্য্যে যৎ সাধ্যং পরিকীর্ত্তিতমিতি॥ ভাল নিহ্নুতে লিখিতং নৈকং এও স্মৃতি সেইমত অনেকার্থাভিযোগে পি এও স্মৃতি এই উভয় স্মৃতির পরস্পর বিরোধ হইল ইতরেতরবাধনপ্রযুক্ত অপ্রামাণ্য কিহেতুক না হয় বিষয় ব্যবস্থা কিপ্রকারে হইবে এই মতকে আশ্রয় করিয়া কহিতেছেন। স্মৃত্যোর্বিরোধে ন্যায়স্তু বলবান্ ব্যবহারতঃ। যে স্থলেতে উভয় স্মৃতির পরস্পর বিরোধ হয় সে স্থলেতে বিরোধ পরিহারের নিমিত্ত বিষয় ব্যবস্থাপন হেতুক উৎসর্গাপবাদ লক্ষণ স্বরূপ যে ন্যায় তিনি সমর্থ হয়েন তাহা ব্যবহার হইতে অবগত হইবে অর্থাৎ যুক্তি সিদ্ধা যে স্মৃতি তিনি বলবতী। অতএব প্রকৃত ব্যবহারেতে বিষয়ব্যবস্থাই যুক্ত হইল। এবং অন্যত্রেও বিষয় ব্যবস্থাদি যথাসম্ভব

যোজনা করিবে। এবং সর্ব্বত্র প্রসঙ্গে অপবাদ কহিয়াছেন যথা। অর্থ শাস্ত্রাত্তু বলবদ্ধর্ম্ম শাস্ত্রমিতি স্থিতিঃ। অর্থশাস্ত্র ধর্ম্ম শাস্ত্র এই স্মৃতি দ্বয়ের বিরোধেতে অর্থশাস্ত্রহইতে ধর্ম্মশাস্ত্র বলবান হইবেন এই মর্য্যাদা। প্রথম কহিয়াছেন ধর্ম্ম শাস্ত্রানুসারে বিবেচনা করিবেন ইহাতে উশনাদি প্রণীত অর্থ শাস্ত্র নিরস্ত। যদ্যপি মন্বাদিরূপ এক কর্ত্তা কর্তৃক রচিত ধর্ম্মশাস্ত্রও অর্থ শাস্ত্রের বচনস্বরূপগত বিশেষ না দেখিতেছি তথাপি ধর্ম্ম প্রধান করিয়া যাহা ব্যাখ্যা করিয়াছেন সেই ধর্ম্মশাস্ত্র তদন্তর্গত ধর্ম্মই প্রধান রাজনীত্যাদি অর্থ প্রধান করিয়া যাহা ব্যাখ্যা করিয়াছেন সেই অর্থ শাস্ত্র সে স্থলে তদন্তর্গত অর্থপ্রধান এই অভিপ্রায় এবং প্রথমাধ্যায়েতে যড়্বিধ ধর্ম্ম মুখ্যস্বরূপে বর্ণনা করিয়াছেন অতএব সর্ব্বত্র ধর্ম্মশাস্ত্র অর্থ শাস্ত্রের বিরোধে ধর্ম্ম শাস্ত্র বলবানহইবেন ইতি নতুবা যেমন অর্থশাস্ত্রে কহিয়াছেন ॥ গুরু কিম্বা বালক কিম্বা বৃদ্ধ বহু বেদপারগ ব্রাহ্মণ বা আততায়ী হইয়া আগমন করিলে পর কিছু বিচার না করিয়া তাহারদিগকে হনন করিবে আততায়িবধে হন্তার দোষ প্রবর্ত্তে না। যে হেতুক প্রচ্ছন্নই হউক কিম্বা প্রকাশ হউক ক্রোধ বিনি তিনি ক্রোধকে হনন করেন। সেইমত কহিয়াছেন যুদ্ধ স্থলে আগত যদ্যপি বেদান্তপারগ আততায়ী পুনঃ ২ হনন করিতে ইচ্ছা করেন তবে তাহাকে হনন করিলে তাহাতে হন্তা ব্যক্তি ব্রহ্মহা হয় না ইত্যাদি অর্থশাস্ত্র। ধর্ম্মশাস্ত্রে কহিয়াছেন ভ্রমপ্রযুক্ত অকামতো যদ্যপি ব্রাহ্মণ

কে হনন করিয়া থাকে তবে তাহার প্রতি এই প্রায়শ্চিত্তা-
ি শুদ্ধির কারণ কহিলাম। যদ্যপি কামত ব্রাহ্মণকে বধ করি
থাকে তবে তাহার নিষ্কৃতি হয় না॥ এই সমস্ত ধর্ম্মশাস্ত্রের
বলবত্ত্বযুক্ত হয়॥ অথবা সে স্থলের এই তাৎ পর্য্য অত্যন্ত
অবধ্য যে সমস্ত গুরু ও বালক আততায়ী হইলে তাহারাও
বধ্য হয়েন অন্য কেবা অবধ্য আছে ইহাতে আত
তায়ি বধেরই প্রাধান্য দেখাইয়াছেন। আর গুর্ব্বাদির বধ
প্রতিষেধ সমস্ত বচন প্রভৃতি, অনেক আছে যথা। আচার্য্যঞ্চ
প্রবক্তারং পিতরং মাতরং গুরুং। ন হিংস্যাৎ ব্রাহ্মণান্ গাশ্চ
সর্ব্বাংশ্চৈব তপস্বিন ইত্যাদি। এবং অর্থ ব্যবহারেতে
অন্যোদাহরণ দেখাইতেছি যথা॥ হিরণ্য ভূমিলাভেভ্যো
মিত্রলব্ধির্বরা যতঃ। অতো যতেত তৎপ্রাপ্তৌ এই অর্থ
শাস্ত্র ইহার অর্থ। সুবর্ণ লাভ হইতেও মিত্র লাভ শ্রেষ্ঠ
হয় অতএব যে প্রকারে মিত্রলব্ধি হয় তাহাতে যত্ন
করিবেক॥ ধর্ম্মশাস্ত্রানুসারেণ ক্রোধ লোভ বিবর্জ্জিতঃ এই
ধর্ম্ম শাস্ত্র ইহার অর্থ॥ ক্রোধ লোভ পরিত্যাগ করিয়া রাজা
ধর্ম্ম শাস্ত্রানুসারে ব্যবহার নির্ণয় করিবেন ইতি॥ কোন
স্থলে এই উভয়ের বিরোধ দেখিতেছি যথা॥ চতুষ্পাদ
ব্যবহারে প্রবৃত্ত হইলে সত্ত এক ব্যক্তির জয় অব
ধারণ করিলে মিত্র লাভ হয় কিন্তু লোভাধিক্যপ্রযুক্ত ধর্ম্ম
শাস্ত্রের বিষয় থাকে না। অপর ব্যক্তির জয় অবধারণ
করিলে ধর্ম্ম শাস্ত্রের মর্য্যাদা থাকে কিন্তু মিত্র লাভ বিপ
রীত হয়। বস্তুত এ স্থলেতে ধর্ম্ম শাস্ত্র বলবান হইবেন। অত

আপন্নয় ধর্ম্মার্থ সন্নিপাতে অর্থগ্রাহির প্রতি এই প্রায়শ্চিত্ত কহিয়াছেন যথা। এতদ্দেবেতি দ্বাদশ বার্ষিকং প্রায়শ্চিত্তং পরা মৃষ্যতে ॥ এবং মনুও কহিয়াছেন যথা। অদণ্ড্যান্ দণ্ডয়ন্রাজাদণ্ড্যাংশ্চৈবাপ্যদণ্ডয়ন্ অযশোমহদাপ্নোতি নরকে পতনং তথা ইত্যাদি ॥ অতঃপর ব্যবস্থা মহর্ষি কহিয়াছেন তদনন্তর অর্থী তৎক্ষণাৎ প্রতিজ্ঞাতার্থ সাধন লিখিবেন সেই সাধন কি এই অপেক্ষাতে কহিতেছেন যথা। প্রমাণং লিখিতং ভুক্তিঃ সাক্ষিণশ্চেতি কীর্ত্তিতং। এষামন্যতমাভাবে দিব্যা ন্যতমমুচ্যতে ইহার অর্থ সাধ্যসিদ্ধির প্রতি দুই প্রকার প্রমাণ কহিয়াছেন। প্রথম মানুষীয় প্রমাণ। দ্বিতীয় দৈবপ্রমাণ ॥ মানুষীয় প্রমাণ তিন প্রকার হয় ॥ লিখিত ভোগ সাক্ষী ইহা মহর্ষিরা কীর্ত্তন করিয়াছেন ॥ ঐ লিখিত দুই প্রকার শাসনও চীরক ॥ এই লিখিতাদি প্রমাণত্রয়ের যে স্থলে অপ্রাপ্তি হইবেক সে স্থলে যে সমস্ত দিব্য কহিবেন পরে তাহাই দেশ কাল পাত্র বিবেচনা করিয়া প্রমাণ হইবেক। কিন্তু মানুষ প্রমাণাভাবে দিব্যেরপ্রামাণ্য হইবেক এই বচনে ইহা বুঝাইতেছে। দিব্যের স্বরূপ প্রামাণ্যের আগম গম্যই কারণ ॥ অত এব যে স্থলে পরস্পর উভয় বিবাদী এককদা ধর্ম্মাধিকরণপ্রাপ্ত হইয়া এক ব্যক্তি আপন অর্থসিদ্ধির নিমিত্তে মানুষী ক্রিয়া অবলম্বনকরে অন্যব্যক্তি দৈবীক্রিয়া অবলম্বন করে সে স্থলে মানুষী ক্রিয়ার অগ্রাহত্ব হইবেক এইমত কাত্যায়নও কহিয়াছেন ॥ আর যে স্থলে এক

ব্যবহারে প্রধান এক দেশ মানুষ দ্বারা সিদ্ধ হয় সেস্থলে অপর দেশ সিদ্ধির কারণ দৈবী ক্রিয়া অবলম্বন করিবে না বিশেষ বচন কাত্যায়নোক্ত দেখিতেছি দৃষ্টান্ত যথা এক ব্যক্তি কহিতেছে যে ইনি আমার এক শত মুদ্রা এত সুধ দিতে স্বীকার করিয়া লইয়া এক্ষণে দেন না। তাহাতে প্রতি বাদী উত্তর করে আমি টাকা লই নাহি॥ অর্থীর সাক্ষিরা কহে আমারদিগের সাক্ষাতে ইনি এক শত মুদ্রা গ্রহণ করিয়াছেন কিন্তু বৃদ্ধি কত কহিয়াছেন তাহা আমরা শুনি নাহি তদনন্তর অর্থী কহে এবিষয়ে আমি দিব্য করিব। সে স্থলে প্রধান বস্তু মানুষদ্বারা সিদ্ধ হইল অতএব দিব্যের অবকাশ নাহি॥ যাহা কহিয়াছেন গূঢ়সাহসিকেরদিগের দিব্য দ্বারা পরিক্ষা করিবে তাহাও মানুষ প্রমাণাভাবে জানিবে। এবং যাহা কহিয়াছেন নারদ অরণ্যেতেও নির্জন স্থানেতে ও রাত্রিকালেতে অন্তঃপুরেতে সাহসেতে ন্যাসাপহরণেতে দৈবী ক্রিয়া সম্মত হয় সে স্থলেও মানুষ প্রমাণাভাবে দিব্য করাইবেক॥ সেইহেতুক মানুষাভাবে দিব্যাবকাশ তাহারও অপবাদ দেখিতেছি॥ প্রক্রান্তে সাহসে বাক পারুষ্যে দণ্ড পারুষ্যে বলোদ্ভ বকার্য্যেতে সাক্ষী এবং দিব্য ইহার বিকল্প বিধান করিয়াছেন॥ সেইমত লেখ্যাদিরও নিয়ম দেখিতেছি॥ পূগশ্রেণী গণাদীর যে স্থিতি মহর্ষিরা কীর্ত্তন করিয়াছেন তাহার সাধন কেবল লিখনদ্বারা হইবেক সাক্ষি ও দিব্যের কোন প্রয়োজন নাহি॥ তদ্বৎ গৃহাদির দ্বার ও গমনাগমনের পথ ও কোন স্থানের

পালউাও জল নির্গম পথ এবং বাড়ীর ঝাটানি জঞ্জাল ফেলিবার যে স্থান ইহারদের যে পর্যন্ত ভোগ সেই প্রমাণ সাক্ষির এবং দিব্যের কোন পুয়োজন নাহি ॥ এই রূপ দত্তাপ্রদানিক বিবাদেতেএবংস্বামি ভৃত্যের বিবাদেতো বিক্রয় করিয়া দ্রব্য দেয় না কিম্বা ক্রয় করিয়া মূল্যদেয় না এবংদ্যূত ক্রিয়া ও মল্ল যুদ্ধাদি এবংভূত বিবাদ যদ্যপি উপস্থিত হয় তবে সে স্থলে সাক্ষিদ্বারা সাধন হইবে লিখনের ও দিব্যের কোন পুয়োজন নাহি ॥১০॥ উভয় পক্ষে পুমাণ সম্ভাবেতে পুমাণগত বলাবল বিবেচনা হইলের পর পূর্ব্বাপর কার্য্যের মধ্যে কোন কার্য্য বলবান হইবেক এই আকাঙ্ক্ষাতে কহিতেছেন ॥ যথা ॥ সর্ব্বেষ্বর্থ বিবাদেষু বলবত্যুত্তরা ক্রিয়া। সমস্ত ঋণাদি অর্থ বিবাদেতে উত্তর যে ক্রিয়া তিনি বলবতী হয়েন। অর্থাৎ উত্তরবাদী জয়ীহয় পূর্ব্ব কার্য্য সাধন হইলেও পূর্ব্ববাদীর পরাজয় হয় ॥ দৃষ্টান্ত যথা কোন ব্যক্তি কর্জ দিয়াছি বলিয়া সাক্ষী লেখ্যদ্বারা সিদ্ধ করিতেছে। তাহার পুতিবাদী সেইধন শোধ করিয়াছি ইহা কহিয়া সাক্ষ্যাদিপুমাণদ্বারা সিদ্ধ করিতেছে। সে স্থলে ঋণগ্রহণ ঋণার্পণএই উভয়ের সাধনেতে পুতিদান বলবান হইল অতএব উত্তরবাদী জয়ী হইবেক॥ এইমত যদ্যপি কেহ পূর্ব্ব দুইশত ২০০ মুদ্রা গ্রহণ করিয়া কিয়ৎ কালানন্তর শোধ করিতে না পারিয়া কহে তুমি কিঞ্চিৎকাল ক্ষমা কর আমি তোমাকে ৩০০ তিন শত দিব পশ্চাৎ বিরোধ করে। সে স্থলে গ্রহণ কালীন

প্রমাণ এবং পশ্চাৎ অঙ্গীকার করণ প্রমাণ এই উভয় বি
মানে তিন শত মুদ্রা সিদ্ধ হইবেক যেহেতুক পশ্চাৎ স্বীকার
করিয়াছে ॥ এবং এই মত ন্যায় আছে যথা ॥ পূর্ব্বা বাধে
মচোৎ পান্তরঙ্গতরনা হি সেৎস্য তীতি ॥ ইহার অপবাদ
কহিতেছেন যথা ॥ আধৌ প্রতিগ্রহে ক্রীতে পূর্ব্বাতুবলবত্তরা
বন্ধক এবং দানগ্রহণ ও ক্রয় এই তিন বিবাদেতে পূর্ব্ব
কার্য্য বলবান হইবেক। যথা এক ক্ষেত্র কোন ব্যক্তির
নিকট বন্ধক রাখিয়া এক শত মুদ্রা গ্রহণ করিয়াছে পুন
র্ব্বার সেই ক্ষেত্র অন্য ব্যক্তির নিকট বন্ধক দিয়া এক শত
মুদ্রা লইয়াছে উভয়েরি সাক্ষী আছে এস্থলে পূর্ব্বকার্য্য
বলবান পূর্ব্ববাদী জয়ী হইবেক। এই মত প্রথম এক
ব্যক্তিকে দান করিয়া পুনর্ব্বার অন্যকে দান করে এবং
এক ব্যক্তি প্রথম ক্রয় কবিয়া রাখিয়াছে পুনর্ব্বার অন্য
ব্যক্তি ক্রয় করে তবে পূর্ব্ব নেতা ক্রেতা জয়ী হইবেক ॥
তাৎপর্য্য ॥ একবার দানাদি করিলেপর কর্ত্তার স্বত্বধ্বংস
হয় পুনর্ব্বার সেমত করিতে পারে না। যদ্যপি লোভমোহ
প্রযুক্ত এমত করে পর গ্রহণকর্ত্তা পূর্ব্ব বৃত্তান্ত না জানিয়া
লইয়া থাকে সে স্থলে ভোগকালীন পূর্ব্বাপর গ্রহণ কর্ত্তার
বিবাদ হইলে পূর্ব্ববাদী জয়ী হইবেক ॥ ০ ॥ কোন বিশেষণ
বিশিষ্টাভুক্তির প্রামাণ্য দেখাইলেপর সেই ভুক্তির কার্য্যান্তর
কহিতেছেন যথা ॥ পশ্যতো২ ব্রুবতো হানি র্ভমের্বিংশতি
বার্ষিকী পরেণ ভুজ্যমানায়া ধনস্য দশবার্ষিকীতি ॥ যাহার স
হিত কোন সম্বন্ধ না থাকে সে যদ্যপি আপন ভূমি ভোগ করি

ছ তাহা দেখিয়া যদ্যপি কর্ত্তানা কহে তুমি কেন আমার ভূমি ভোগ করিতেছ কিম্বা অন্য২ বিরোধ বাক্য নাকহে সে যদি অবিরোধে বিংশতি বত্সর ভোগকরে তবে বিংশতি বৎসরের ভোগনিমিত্তা হানি কর্ত্তারহয় এবং হস্তী অশ্ব গোরু বস্ত্র ইত্যাদি ধনের দশবৎসর নিমিত্তক্ষতিহয়। নতুবা বাস্তবিকস্বত্ব হানিহয় কিম্বা তাহার ব্যবহার গ্রহণ নাহয় এমতনহে। যেহেতুক প্রতিসেধনাকরিলে যে দান বিক্রয়াদির ন্যায় পরেরধনেতে স্বত্বজন্মে ইহাতেলৌকিক এবং শাস্ত্রত প্রমাণ অপ্রসিদ্ধ বরঞ্চইহাদেখিতেছি বহুশত বৎসর যদ্যপি অনাগম ভোগকরে তথাপি তাহাকে রাজা ব্যবহার নির্ণয় কালীন চৌরদণ্ডেতে দণ্ডদিবেন এ বিষয়ে অনেক বিচার করিয়াছেন এ বচনের এই নিষ্কর্ষার্থ॥ বিংশতি বৎসরের পর যদ্যপি ব্যবহারে প্রবর্ত্তহয় তাহার প্রমাণ প্রয়োগদিয়া যদ্যপি জয়ীহয় তবে সেব্যক্তি বিংশতি বৎসরের যে উপস্বত্ব শস্যাদি দ্বারা হইয়াথাকে তাহা পাইতে পারিবে না যে হেতুক পূর্ব্ব কিছু প্রতিসেধ তাহাকে করেনাহি ভোগকালীন। কিন্তু যদ্যপি প্রতিসেধ করিয়া থাকে অথবা সেব্যক্তি দেশান্তরগত পরোক্ষে ভোগ করিতেছে তবে বিংশতি বৎসরানন্তর নষ্ট ফলের উপস্বত্ব পাইবেক এইমত গজাশ্বাদি ধনের দশবৎসরানন্তর উপস্বত্ব হানিহয় ইতি কিন্তু যদ্যপি অপ্রতি রবেতে ভোগকরিয়া থাকে বিংশতি বৎসর ও দশবৎসরের মধ্যে ব্যবহার

পিন্থ করার তবে নষ্টফল ভাগী ও হইবেক ইতি ব্যবস্থা॥-
ইহার অপবাদ কহিতেছেন॥ যথা ॥ আধিঃসীমোপ
নিক্ষেপ জড় বালধনৈর্বিনা। তথোপ নিধি রাজস্ত্রী শ্রোত্রি
য়াণাং ধনৈরপি॥ বন্ধকযে দ্রব্য এবংগচ্ছিত এবং সীমা
ও উপনিধান জড়েরধন এবং বালকেরধন শ্রোত্রিয়েরধন
এবং রাজারস্ত্রী এসমস্ত অন্য ভোগকরিতেছে দেখিয়া
ও যদ্যপিকিছু নাকহে তথাপি বিংশতি বৎসরের পর
এবং দশ বৎসরের উপচয় হানিহইবেকনা ॥ যেহেতুক
ইহাতে পুরুষাপরাধনাহি॥ আধির উপাধিক ভোগ অত
এব উপেক্ষা করিয়াছিল সীমার চিরকাল পর্য্যন্ত স্থায়ি
যেসমস্ত তুষাঙ্গার পুস্থর বৃক্ষাদিরূপ অসাধারণ চিহ্নআছে
অতএব উপেক্ষা সম্ভবহইল নিক্ষেপ এবং উপনিধির
ভোগকরা সর্ব্বদা নিষেধআছে যদ্যপি ভোগকরিতেছে
তবে অবশ্য উপস্বত্ত দিবেক। আর জড়ের এবং বালকের
নিষেধ করণেসমর্থনাহি এবং রাজাবহুকার্য্যে ব্যাস্কল আর
অনেক বিবাহ করেন তাহাতে যদ্যপি আপনস্ত্রী ইহা জ্ঞান
করিতে নাপারেন কিম্বা অপ্রাগল্ভ্যহেতুক রক্ষণবা করিয়াছে
এই আশঙ্কাতে বা শ্রোত্রিয়ের অধ্যয়ন অধ্যাপনকরাতে
এবং তদর্থ বিবেচনা করিতে সর্ব্বদা ব্যাস্কল অতএব আপন
ধনকদাপিঅন্যভোগকরিতেছে বটে কিন্তু সেবিষয়ে জ্ঞান
নাহি অথবা অবলোকনাহি অতএব উপেক্ষা সম্ভবহইল অত
এব এবিষয়ের নিয়মোল্লংঘনেপুত্রাদ্যেভোগ করিলে ও কদাপি
ফলহানি হইবেকনাহি ইতি॥ ॥ আধ্যাদি বিষয়েতে দণ্ড

বিশেষ প্রতিপাদনের নিমিত্ত কহিতেছেন যথা॥ আধমদী
র্ণং বিহর্ত্তারং ধনিনে দাপয়েদ্ধনং। দণ্ডঞ্চ তৎশমং রা...
শক্ত্যপেক্ষমথাপিবা॥ অর্থ॥ আধিসীমা প্রভৃতি শ্রোত্রিয় দ্রব্য
পর্য্যন্ত বলাৎকারে অপহরণকরিয়া উপভোগকরে যেপাপিষ্ঠ
সে ব্যবহারে পরাস্তহইয়া অর্থীকে বিবাদাস্পদী ভূতদ্রব্য দিবে
ক এবং রাজাকে ও বিবাদাস্পদী ভূত দ্রব্য তুল্য দ্রব্য দণ্ডস্বরূপ
দিবেক এইবিধিঃ। যদিগৃহ ক্ষেত্রাদির মূল্য অল্পহয় এবং
সেই অপহর্ত্তা অতিশয় ধনাঢ্যহয় তত্তুল্যধন দেওনেতে
তাহার দমন নাহয় তবে তাহার শক্তি অপেক্ষা করিয়া ধন
দেওাইবেন প্রাড়্বিবাক যাহাতে তাহারদর্পোপশমহয় যে
হেতুক দুষ্টকে দমনকরে অতএব তাহারনাম দণ্ড যেব্যক্তির
মূলদ্রব্য সমান ও ধন নাথাকিবেক সে যে পর্যন্তদিলে তাহার
অত্যন্তপীড়াহয় তাহাই দেওাইবেক। যাহার কিছুনা
থাকিবেক তাহাকে ধিগ্দণ্ডাদি দ্বারা দমন করিবেক॥ দণ্ডের
বিধান যাহা কহিয়াছেনমনুঃ॥ ধিগ্দণ্ডং প্রথমং কুর্য্যাৎ।
বাগ্দণ্ডং তদনন্তরং। তৃতীয়ং ধনদণ্ডঞ্চ বধ দণ্ডমতঃ পরং॥
পরাস্ত হইলেরপর তাহাকে প্রথম অপরাধেতে বাগ্দণ্ড
করিবেক তুমি অপরাধী হইলে এমত কর্ম্ম পুনর্ব্বার করিওনা
এইমত কহিবেক তাহাতে যদ্যপি তাহার দমন নাহয়
তবে দ্বিতীয়বারেতে ধিৎকারি করিবেক গালাগালি দিবেক
তদনন্তর ধনদণ্ড করাবেক অতঃপর বধদণ্ডকরাবেক। সেই
বধদণ্ড দশপ্রকারহয় শারীরিক জানিবে॥ যথামনুঃ॥
দশস্থানানি দণ্ডস্যমনুঃ স্বায়ং ভুবো২ ব্রবীত। ত্রিষুবর্ণেষু

শান্তি সু রক্ষতো ব্রাহ্মণো ব্রজেৎ ॥ উপস্থ মুদরং জিহ্বা হস্তৌ পাদৌচ পঞ্চমং । চক্ষুর্নাশচকর্ণৌচ ধনং দেহস্তথৈবচ ॥ মহর্ষিভৃগু কহিতেছেন স্বায়ম্ভুবমনু শারীরিক দণ্ডের দশ বিধস্থান নির্ণয় করিয়া কহিয়াছেন । ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এই তিন বর্ণের নিমিত্ত যেপূর্বাপর দণ্ডআছে তাহাই ব্রাহ্মণ যদ্যপি পরাস্ত হয়েন তবে তাহাকে দণ্ড দিবে না তিনি সভাহইতে অক্ষত শরীরে গমনকরিবেন ইতি ॥ শারীরিক দণ্ডের স্থান নির্ণয় উপস্থ উদর জিহ্বা হস্তদ্বয়ের সহিতপঞ্চম চক্ষু এবং নাশিকা কর্ণদ্বয় এই সমস্তই ন্দ্রিয়দ্বারা পাপজন্মে অতএব যেইন্দ্রিয় বিষয়ে পাপহইয়াথাকে সেই ইন্দ্রিয়েতে নিগ্রহ করাবেক যাহাতে পীড়ামাত্র পায় যেন প্রাণ বিয়োগ নাহয় । আর যদ্যপি অল্পাপরাধহয় তবে ধনদণ্ড করাবেক এবং যদ্যপি অতিশয় অপরাধ সাহসাদিকরিয়া থাকে তবে দেহদণ্ডকরাবে অর্থাৎ প্রাণদণ্ড করাবেক ইতি। এইস্থলে কাত্যায়ন কহিয়াছেন যদি ধনদানে অসমর্থহয় তবে তাহাকে স্বাধিন কর্ম্মকরাইয়া পরিশোধ করাবেক তাহাতে ও যদ্যপি অসমর্থহয় তবে বন্ধনাগার প্রবেশ করাইবেক কিন্তু ব্রাহ্মণ ব্যতিরেক। এবং ধনদান সমর্থেতে যেকর্ম্ম করান তাহাও বিশিষ্ট ব্রাহ্মণ ব্যতিরেক জানিবে ॥ যাহা কহিয়াছেন গৌতম অন্যায়ী দুরাচার যেব্রাহ্মণ তাহাকে স্বব্যাপার হইতে রহিত করাইবে দেশে ২ তাহার দোষ খ্যাতি এবং নগর হইতে নির্বাসন ও চিহ্নদেওয়া ইবেক ॥ প্রাণ বিয়োগ ব্যাপার ও সর্ব্বস্ব হরণ রাজাহইতে

রিকর নাছকে দেওয়া যে ২ অঙ্গেতে গুরুতর কর্ম করিয়াথাকে সেই ২ অঙ্গের ছেদন এই সমস্ত দণ্ড উত্তম সাহস সকল পুরুষদিগের প্রতি সামান্যত কহিয়া মহর্ষি নারদ পুনর্ব্বার বিশেষ কহিতেছেন বধ ব্যতিরেক ব্রাহ্মণের দণ্ড ব্রাহ্মণ সর্ব্বথা বধার্হ নয়। যদ্যপি অত্যন্ত পাপকর্ম্ম করিয়াথাকেন তবে তাহার মস্তক মুণ্ডন করাইবে নগর হইতে নির্ব্বাসন করাইবে ললাটেতে চিহ্ন দেওয়াইবে গর্দ্দভারোহণ করাইবে পাপ বিশেষেতে বিশেষ প্রকার করাইবে তথাচ বধ করিবেনা ইতি ॥ পুনর্ব্বার অঙ্ক করণের ব্যবস্থা দেখাইয়াছেন যিনি গুরুপত্নী হরণ করিয়াথাকেন তাহার মস্তকেতে ভগাকৃতি চিহ্ন দেওয়াইবে সুরাপান কর্ত্তার মস্তকে সুরাধ্বজ চিহ্ন করাইবে স্বর্ণস্তেয়ির মস্তকেতে কুকুরের পাদচিহ্ন করাইবে ব্রহ্মহার মস্তকেতে এক পুরুষ লেখাইবেক কিন্তু তাহার মস্তক থাকিবেকনা এই দণ্ড চতুষ্টয় সমস্ত ঋষি সম্মত জানিবে। যাহা কহিয়াছেন আপস্তম্ব ব্রাহ্মণের চক্ষুরোধ করিবে তাহার এই তাৎপর্য্য যখন নগর হইতে দূর করিয়া দিবে সেই কালে বস্ত্রেতে চক্ষুদ্বয় বন্ধন করিয়া তাহাকে নির্ব্বাসন করাইবে নতুবা চক্ষুরোধ বাস্তবিক করাবে তাহাতে মনু গৌতমাদি বচনের সহিত বিরোধ হয় ইতি ॥ স্বত্বের অব্যভিচারের নিমিত্ত ভোগমাত্রেতে প্রমাণ ভাবে স্বত্ব হয় না ইহা কহিয়া পুনর্ব্বার ভোগমাত্রের ব্যভিচার হেতুক কী প্রকার ভোগ প্রমাণ হইবেক এই অপেক্ষাতে কহিতেছেন যথা ॥ আগমোপ্যধিকো

ভোগাৎ বিনাপূর্ব্ব ক্রমাগতাৎ ইহারঅর্থ ইক্কেজমি, ধারবা পুতিগ্রহক ক্রয়াদি তাহারনাম আগম সেযদ্যপি ভোগ হইতে পূর্ব্বহইয়াথাকে তদবধি ক্রমাগত ভোগ হইয়া সেই ভোগসিদ্ধহয়॥ অতএব নারদ কহিয়াছেন বিশেষ শুদ্ধ যদ্যপি তাহার আগমহয় তবে তাঁহার দ্বারা ভোগ পুমাণহয় সেই আগম যদি অবিশুদ্ধহয়॥ অর্থাৎ অনধিকারি কর্তৃক কিম্বা অযথার্থ রূপেহইয়া থাকে তবেসিদ্ধহয়না নতুবা পরকীয়দ্রব্য ভোগ মাত্রে ঈশ্বত্ব হইবেক অপহরণ দ্বারা উপভোগত সর্ব্বদা সম্ভব হইতেছে॥ অতএব মনুঃ॥ ভোগ কেবলতো যস্তু কীর্ত্তয়েন্নাগমং ক্বচিৎ। ভোগ চ্ছলাপদেশেন বিজ্ঞেয়ঃ সতুতস্করঃ॥ চতুষ্পাদ ব্যবহারে পূর্ব্বহইয়া যেব্যক্তি কেবল ভোগের কীর্ত্তনকরে সেইভোগ কিপুকারে করে তাহার কোন আগম সিদ্ধকরাতে পারেনা তবে ভোগচ্ছলোপ দেশ হেতুক তাহাকে চৌরকরিয়া জানিবেক॥ অতএব আগম থাকিবেক এবং দীর্ঘকাল নিরন্তর ভোগ নিরা ক্রোশেতে প্রতি বাদীর প্রত্যক্ষেতে হয় এরূপ পঞ্চবিশেষণ যুক্ত যেভোগ সেই পুমাণহইবে যাহা কহিয়াছেন মনুঃ। আগমো দীর্ঘকালশ্চ বিচ্ছেদো পরবো জ্ঝিতঃ। পুত্যর্থিসন্নিধানঞ্চ পরিভোগোপি পঞ্চধেতি॥ কোনস্থলে আগম নিরপেক্ষ ভোগের ও প্রামাণ্যহয় অতএব কহিয়াছেন বিনা পূর্ব্বক্রমাগতাৎ॥ ইহারঅর্থ প্রপিতামহ পিতামহ এবং পিতা এই পূর্ব্বপুরুষ এয়যদ্যপি ক্রমাগত অবিচ্ছেদে ভোগ করিয়া থাকেন এবং সেইব্যক্তি ও ভোগকরিতেছে কিন্তু

আগম দর্শাইতে পারেনা। এস্থলে অত্যন্ত দীর্ঘ কালপুযুক্তস্মরণ যোগ্য কালের অনুপলব্ধি হেতুক আগম নিরপেক্ষ ভোগ প্রমাণ হইবেক তাহারই করিয়াছেন কাত্যায়ন। স্মার্ত্তকালেতে ভূম্যাদির ভোগের প্রতি আগম অপেক্ষা করিবেক আর অস্মার্ত্ত কালেতে আগমা ভাবে ও ক্রমেতে ত্রিপুরুষাগত ভোগপ্রমাণ॥ স্মরণ যোগ্যকালের নিয়ম করিয়াছেন এক ১০০ শতবৎসর পর্য্যন্ত যেহেতুক শ্রুতিকহিতেছে॥ শতায়ুর্বৈপুরুঃ॥ পুরুষের আয়ু একশতবৎসর অতএব ইহার মধ্যে যেযেবিষয় দর্শন শ্রবণ করিয়াথাকে তাহাই স্মরণথাকে কিন্তু পূর্ব্ব ভোগের ও যদি কিছু বিসম্বাদ শ্রবণ নাথাকে ~~ভোগ উত্তম~~ রূপেসূদ্ধ হয় তবে সিদ্ধহইবেক ইতি॥ অস্মার্ত্ত কালে ও যদ্যপি স্মৃতি পরম্পরা অনাগম ভোগহয় তবে প্রামাণ্য হইতেপারেনা। অতএবনারদ কহিয়াছেন প্রথমত কারণ দর্শাবে পশ্চাৎ আগমের সহিত ভোগদেখাবে ইহা যদ্যপিনাকরে তবে অনাগম যেভোগকরে ভূম্যাদি বহু শতবৎসর গতহইলে ও সেপাপিষ্ঠকে রাজা চৌরের ন্যায় দণ্ডদিবেন এইমনু বচনের বিষয়কে প্রাপ্তহইবেন॥ যদি বল মনুইহা কহিয়াছেন যথা॥ যদ্বিনাগমমত্যন্তংভুক্তংপূর্ব্বৈস্ত্রিভিঃ। নতচ্ছক্যমপাহর্তুং ক্রমাত্রিপুরুষাগত মিতি॥ সেস্থলে তাৎপর্য্য এই পিতার ত্রিপুরুষ অত্যন্ত কাল ক্রমাগত ভোগকরিতেছে আগম ব্যতিরেকে সে ভোগকে রাজা অপহরণ করিতে সমর্থ হয়েন নাবটে। কিন্তু আগমের স্বরূপ স্মৃতি পরম্পরাতে দর্শাবেন ইতি॥ যদ্যপি কেবল ত্রৈপুরুষিক

ভোগবল তবে একবৎসরের মধ্যে ত্রিপুরুষের ভোগ সম্ভব হইতেছে দ্বিতীয় বৎসর সেব্যক্তি আগাম ত্রিপুরুষ ভোগ করিয়াছি ইহাবলিতে পারে অতএব অত্যন্ত দীর্ঘ হাল বিশেষণ দিয়াছেন তবে আগম স্বরূপ প্রমাণান্তরেতে জ্ঞাত নিরন্তর যেভোগ তিনিকালান্তরে স্বত্বকে জন্মান এই স্থিরহইল আগম সাপেক্ষ ভোগপ্রমাণ। অতঃপর আগম তবে ভোগনিরপেক্ষ হইয়া প্রমাণ হউক এই আশঙ্কাতে কহিতেছেন যথা॥ আগমে পিবলং নৈবভুক্তি স্তোকাপি যত্রনো॥ ইহারঅর্থ যেআগমেতে কিছু কাল ও ভোগ না থাকে সেআগমেতে সম্পূর্ণ বলনাহি॥ ইহার এই অতি সঙ্খিপ্ত স্বত্ব নিবৃত্তি পরস্ব স্বো পাদানের নামদান। পরস্বত্বাপাদন হয় যদি পরতাকেস্বীকার করে। নতুবা অন্যথা স্বত্বহইতে পারেনা। সেইস্বীকার ত্রিবিধ॥ মানসিক বাচিক কায়িক আমার স্বত্বাস্পদী ভূত এদ্রব্য হইল এই মানসিক॥ আমার এইদ্রব্য ইহাউল্লেখ করিয়া সবিকল্পক যেপ্রত্যয় তাহার নাম বাচিক॥ এবং কায়িক যেউপাদান অতি মর্ষণাদি রূপ অনেক প্রকারহয় তাহাতে নিয়ম করিয়াছেন মনুঃ॥ দদ্যাৎ কৃষ্ণাজিনং পুচ্ছেগাং পুচ্ছেকরিণাং করে। কেশরেযুতথৈবা শ্বংদাসীং শির সিদাপয়েৎ॥ কৃষ্ণসার প্রদান সময়ে পুচ্ছ ধরিয়া সমর্পণ করিবেক প্রতি গ্রহীতা সেই পুচ্ছ গ্রহণ রূপ স্বীকারকরিবেন এবং গোরুরপুচ্ছে প্রদান হস্তীর শুণ্ডেতে ঘোটকের মস্তকো পরিকেশ পুচ্ছেতে দাসীর মস্তকেতে অর্পণ করিবেক॥ এইমত আর লাঙ্গুল কহিয়াছেন। আর

সুবর্ণ এবং বস্ত্র ইত্যাদি স্থানান্তর উপাদান সম্ভব হেতুক ত্রিবিধ স্বীকার সম্পন্ন হইতেছে। ক্ষেত্রাদি বিষয়েতে ফলের উপভোগ ব্যতিরেকেতে কায়িক ভোগ স্বীকার সম্ভব হয় না সম্যক উপভোগেতে করাও সিদ্ধ হইবেক। অন্যথা দানবিক্রয়াদের সম্পূর্ণ হয় না। অতএব ফলোপ ভোগ চিহ্ন কায়িক স্বীকার রহিত যে আগম সে দুর্ব্বল হয় তৎ সহিত আগমের অভাব প্রযুক্ত এ ব্যবস্থা উভয়ের পূর্ব্বাপর কালের সর্ব্বতো ভাবে অজ্ঞানেতে। পূর্ব্বাপর কালের জ্ঞানেতে পুনর্ব্বার বিগুণো যে আগম সে যদি পূর্ব্বকাল অবধি হয় তবে বলবান॥ অথবা লিখিত সাক্ষি ভুক্তি এই ত্রিবিধ প্রমাণ করিয়াছেন এ সকলের সমবায়েতে কোনস্থলে কার প্রাবল্য হইবে এস্থলে অবস্থান করিতেছে॥ পূর্ব্ব কহিয়াছেন যথা॥ আগমোভ্যধিকো ভোগাৎ বিনাপূর্ব্ব ক্রমাগতাৎ॥ পুনর্ব্বার কহিলেন॥ আগমে পিবলং নৈবভুক্তিস্তো কাপিযত্রনো॥ এই অর্থ॥ প্রথম পুরুষেতে সাক্ষি সকল দ্বারা প্রতিপন্ন হইয়াছে যে আগম সেই ভোগহইতে সর্ব্বতোভাবে বলবান্ পূর্ব্বক্রমাগত ভোগ ব্যতিরেকেও॥ সেই যে পূর্ব্বক্রমাগত ভোগ তিনি পুনর্ব্বার চতুর্থ পুরুষেতে লিখনদ্বারা প্রতিপন্ন আগম হইতেও বলবান। মধ্যম পুরুষেতে কিঞ্চিত ভোগ সহিত যে আগম তিনি ভোগ রহিত আগমহইতে বলবান্ ইতি॥ ইহাই নারদ স্পষ্টরূপে কহিয়াছেন আদ্যপুরুষে কারণ দর্শাবে। মধ্যেতে আগমের সহিত ভোগ। আর চিরন্তনী যে ভুক্তি অর্থাৎ প্রাচীন

ভোগ ভূমি যদি চতুর্থ পুরুষক্রমাগত ... ন পূর্ব্বের সেই কারণ দেখাইবেক ইতি ॥ পশ্চাত্তো ক্রুবতোহানি এই বচনে বিংশতিবৎসর ভোগের পর ভূমির এবং দশবৎসর ভোগের পর ধনের ফলানুসরণ হইবেক না ইহা কহিয়াছেন সে স্থলে ফলানুসরণের ন্যায় রাজ দণ্ডানুসরণওবা না হইবেক এই আশঙ্কা করিয়া পুরুষ ব্যবস্থাতে করয়া এবং প্রমাণ ব্যবস্থাতে করয়া দণ্ড ব্যবস্থা দেখাইতেছেন যথা ॥ আগম স্তুকৃতো যেনসোভি যুক্তস্ত মুদ্ধরেৎ নতৎ সুতস্তৎ সুতোবা ভুক্তিস্ত ত্রগরীয়সী ॥ যে পুরুষ ভূম্যাদির আগম স্বীকার করিয়াছেন সে পুরুষ তোমার কোথা তোমার যদি ক্ষেত্রাদি এই অভিযোগ করিলে সেই ব্যক্তি ক্রয় কিম্বা প্রতিগ্রহ যে প্রকারে প্রাপ্ত হইয়াছে তাহাই লিখিতাদির দ্বারা উদ্ধার করিবে প্রতিপন্ন করাইবেক। ইহাতে এই প্রতিপন্ন হইল যদ্যপি আগম উদ্ধার করিতে না পারে তবে প্রথম পুরুষেরি দণ্ড হইবেক তাহার পুত্র দ্বিতীয় পুরুষ অভিযুক্ত হইলে আগম উদ্ধার না করুক কিন্তু অপ্রতি রব নিরন্তর প্রত্যর্থির নিকটে ভোগ করিতেছি ইহাতে তাহার দণ্ড না হইবে কিন্তু পিতার বিশিষ্ট ভোগ প্রতিপন্ন না করাইলে তাহার দণ্ড ॥ তাহার পুত্র তৃতীয় আগম কিম্বা বিশিষ্ট ভোগ প্রতিপন্ন না করাউক কেবল ক্রমাগত ভোগ মাত্র করাবে যদ্যপি ক্রমাগত ভোগ সাব্যস্ত না করায় তবে তাহার দণ্ড ইতি ॥ ইহাতে দ্বিতীয় পুরুষে ভোগ ইগুরু ত্রিতীয় পুরুষে গুরুতর ॥ কিন্তু প্রথম পুরুষ ও

দ্বিতীয় পুরুষ ও তৃতীয় পুরুষ তিনেরি আগম সিদ্ধ না হইলে অর্থের হানি সমান দণ্ড বিষয়ে উত্তরং বিশেষ এই তাৎপর্য্য ॥ অতএব ঋষি কহিয়াছেন ॥ আগমস্তু কৃতো যেন সদণ্ড্যস্তমনুদ্ধরন্ । নতৎ সুতস্তৎ সুতোবা ভোগ হানিস্তয়োর পীতি আগম জ্ঞান নিরপেক্ষ অস্মরণ যোগ্য কালের প্রামাণ্য কহিলেন বিনা পূর্ব্ব ক্রমাগতাত্ এই বচনেতে ইহার অপবাদ করিতেছেন ॥ যথা যোভিযুক্ত-পরেতঃস্যাৎ তস্যঋ কথীত মুদ্ধরেত্ । নতত্র কারণং ভুক্তি রাগমেন বিনাকৃতা ॥ ব্যবহার নির্ণয় বিষয়েতে আহর্ত্তাদি দ্বারা অভিযুক্ত হইয়া যদি পরলোক গত হয় তবে তাহার ঋক্থী যে পুত্রাদি সেই আগমকে উদ্ধার করিবেক। যে হেতুক সে ব্যবহারেতে আগম রহিতাভুক্তি সাক্ষ্যাদি দ্বারা সাধিত হইলেও প্রমাণ হইবে না ॥ এই বিষয়ে নারদ কহিয়াছেন ॥ চতুষ্পাদ ব্যবহার নির্ণয় না হইতে ব্যবহার কর্ত্তার পরলোক হইলে সন্ত ব্যবহার নিবর্ত্ত হয় না পুত্র কর্ত্তৃক সে অর্থ সংশোধ্য হইবেক এই স্থির ॥ আর নির্ণীত ব্যবহারে বিদ্যমান থাকিতে কোন স্থলে ব্যবহার প্রবর্ত্ত হয় কোন স্থলে ব্যবহার প্রবর্ত্ত না হয় এই ব্যবস্থা সিদ্ধির নিমিত্তে ব্যবহারদর্শীরদিগের বলাবল কহিতেছেন যথা ॥ নৃপেণাধিকৃতাঃপূগাঃ শ্রেণয়োথ কুলানিচ । পূর্ব্বং পূর্ব্বং গুরুজ্ঞেয়ং ব্যবহার বিধৌনৃণাং ॥ পূগশব্দে ভিন্নজাতির দের ভিন্নবৃত্তিদিগের এক স্থান নিবাসীদিগের যে সমূহ যথা গ্রামনগরাদি ॥ শ্রেণীশব্দে নানাজাতীয়েরদের কিম্বা এক জাতীয়েরদের এক জাতীয় কর্ম্মোপজীবিরদিগের সমূহ যথা

গ্রামলিক তন্ত্রবায় চর্ম্মকারাদি ॥ কুল শব্দে জ্ঞাতি সম্বন্ধি বন্ধুদিগের সমূহ ॥ ইহারা রাজকর্ম্মে নিযুক্ত হইলে ব্যবহার কর্ত্তারদিগের ব্যবহারদর্শন কার্য্যেতে পূগাদিরাক্রমেতে পূর্ব্ব২ বলবান্ হয়েন ইহার এই তাৎপর্য্য নৃপতি কর্ত্তৃক নির্ণীত ব্যবহারে যে ব্যক্তির পরাজয় হয় সে যদি অসন্তোষ হয় বলে যে আমার ব্যবহারে কুদৃষ্টি প্রযুক্ত অন্যায় হইয়াছে তাহাযদি রাজা স্বয়ং নির্ণয় করিয়া থাকেন তবে পুনর্ব্বার ব্যবহার হইতে পারে না অর্থাৎ অন্য ব্যক্তিদিগে ভার হয় না। সেই মত পূগাদির প্রতি যদ্যপি কোন ব্যবহার সমর্পণ করেণ তবে তাহারাও যে প্রকার নির্ণয় করে সে পূর্ব্ব২ গুরু হয় অর্থাৎ পূগ কর্ত্তৃক নিরূপিত ব্যবহার শ্রেণীর নিকট সমর্পণ হবে না শ্রেণীরা যাহা নিশ্চয় করিবেন তাহা কুলের নিকট সমর্পণ হইবে না। কিন্তু শ্রেণীর ব্যবহার পূগের নিকট যাবে পূগের ব্যবহার রাজা বিবেচনা করিবেন এই ধারা বাহিক হইবে ॥ নারদ কহিয়াছেন রাজ বিদ্যমানে ও যদ্যপি নির্ণয় হইয়াথাকে সেই ব্যক্তি যদ্যপি অসন্তোষ হয় তবে পুনর্ব্বার রাজা বিবেচনা করিবেন তাহাতে ও সেই পরাস্ত হয় তবে সে দণ্ড পাবে। যদ্যপি তাহারদোষ না হয় তবে নির্ণয় কর্ত্তা সদ্য সকলেতে দণ্ড্য হয়েন ইতি॥ দুর্ব্বল ব্যবহার দর্শি কর্ত্তৃক দৃষ্ট ব্যবহার পরাবর্ত্তহয় প্রবল দৃষ্ট ব্যবহার পুনর্ব্বার বিবর্ত্ত হইতে পারে না ইহাকহিয়াছেন ইদানীং প্রবল দৃষ্ট ব্যবহারও কোনস্থানে নিবর্ত্ত হয় ইহাকহিতেছেন॥ যথা॥ বলোপাধি

যিনির তান ব্যবহারান্নিবর্ত্তয়েৎ। স্ত্রীনক্ত মন্তরাগার বহিঃ শত্রুকৃতাং স্তথা ॥ বলাৎ কারেতে এবং ভয়েতে নিষ্পন্ন যে সমস্ত ব্যবহার তাহা নিবর্ত্তকরিবেন সেইমত স্ত্রীদিগের কর্তৃক আর রাত্রিতে পুরুষ কৃতহইলে ও। আর অন্তঃপুরে গ্রামাদির বাহ্যেতে শত্রুকৃত ব্যবহার সকল ও নিবর্ত্তহই বেক ॥ মাদক দ্রব্যেতে যে মত্ত এবং বাতপিত্ত শ্লেষ্মসান্নি পাতাদিদ্বারা যে উন্মত্ত আর আর্ত্ত আর ইষ্ট বিযোগ অনিষ্টপ্রাপ্তি জনিত যে দুঃখতৎ দ্বারা ব্যসনি আর অপ্রাপ্ত ব্যবহার যেবালক শত্রু কর্তৃকভীত এসমস্ত লোকেরদের যে ব্যবহার এবং পুররাষ্ট্রাদি বিরুদ্ধব্যবহার রাজকর্তৃক ত্যাজ্যব্যবহার এই সমস্ত অনাদেয় অর্থাৎ নিবর্ত্তহইবেক ইতি ॥ ইহারা যদ্যপি ব্যবহারে প্রবর্ত্তহইয়া কেহজয়ীহয় তথাচ সে সুসিদ্ধহইবেক না ইতি ॥ যত্তুমনুঃ ॥ গুরোঃশিষ্যে পিতুঃ পুত্রে দম্পত্যোঃ স্বামিভৃত্যয়োঃ। বিরোধেতুমিথস্তেষাং ব্যবহারো নসিধ্যতি ইতি ॥ এ ওগুরু শিষ্যাদির আত্যন্তিক ব্যবহার প্রতিষেধ নয়। তাহাদিগের ও কোনব্যবহার ইষ্ট হয়। যাহা কহিয়াছেন গৌতম শিষ্যে দিগের শাসন তাড়ন ব্যতিরেকে করিবে তাহাতে বৈলক্ষণ্য দর্শনানন্তর সূক্ষ্মবংশ রজ্জুদ্বারা তাড়নকরিবেন ইহার ব্যতিক্রম করিলে রাজার নিকট শাস্যহয়েন। এবং মস্তক মুখ নাশিকা চক্ষুতে তাড়ন মুনিরা সর্ব্বদা নিষেধ করিয়াছেন। যদি অত্যন্ত কোপাবেশ বসত গুরুদণ্ডা দিদ্বারা শিষ্যের মস্তকেতে তাড়নকরেন। তবে

শিষ্য যদি রাজার নিকটে নিবেদনকরে তদ্বৎ পিতামহোপাত্তযে ভূম্যাদি তাহাতে পিতা পুত্রের তুল্যস্বত্বহয় যদ্যপি পিতা বিক্রয়াদিদ্বারা ঐভূম্যাদি নষ্টকরেণ তবে পুত্র যদি ধর্ম্মাধিকরণ প্রাপ্তহয়েন তবে পিতার সহিত পুত্রের ও ব্যবহার হয় ॥ এবং দুর্ভিক্ষাদি ব্যতিরেকে স্ত্রীধনস্বামী ব্যয়করিয়া চাহিলে পরে ওযদিধন সত্বেতে প্রদান নাকরেণ তবে স্ত্রীপুরুষের ও ব্যবহারহয় ॥ তথা ভক্তদাসের স্বামীরসহিত ব্যবহার বলিবেন আর গর্ভদাসাদিকে অধিকার করিয়া যে কেহ ভৃত্য আপনস্বামীকে প্রাণ সংশয় হইতে মোচনকরেন। তিনি দাশত্ব হইতে মুক্তহয়েন এবং পুত্রতুল্য ভাগ প্রাপ্ত হয়েন নারদ কহিয়াছেন এই হেতুক তাহার অমোচনে এবং পুত্রভাগের আদানের নিমিত্তে স্বামীর সহিত ব্যবহারকেবা নিবারণকরে।। তথাপি॥ দৃষ্টাদৃষ্টের শ্রেয়স্কর হয়না এই হেতুক গুরুরসহিত বিবাদকরণে প্রবর্ত্ত যে শিষ্য তাহাকে রাজা প্রথমত নিবারণ করিবেন এবং সভ্যেরাও নিবারণ করিবেন। গুরোঃ শিষ্যে পিতুঃ পুত্রে এই বচনের এইতাৎপর্য্যার্থ।। অত্যন্ত তাড়ন বধাধিতে উক্তরীত্যা নুসারে শিষ্যাদির ব্যবহার প্রবর্ত্ত হইবেক।। আর যাহা কহিয়াছেন নারদ একের অনেকের সহিত যে ব্যবহার এবং স্ত্রীদিগের প্রেষ্য জনেরসহিত যে বিবাদ সে অনাদেয় হয় ইহাধর্ম্ম শাস্ত্র বেত্তারা কহিয়াছেন কিন্তু এই স্থলে। গণদ্রব্যং হরেদ্যস্তু সম্বিদং যশ্চলঙ্ঘয়েৎ। তথা। একস্তুতাং বহূনাঞ্চে ত্যাদি মনু বচনাধীন বোধহইল এক প্রয়োজন কঅনেকেরসহিত একের

ব্যবহারহয়। ভিন্নপুত্রো জনক বহুলোকের সহিত একেত্র ব্যবহার সিদ্ধহয়না ইতি॥ স্ত্রীণামিত্যপি॥ গোপ সৌণ্ডি কাদি স্ত্রীলোকের দিগের স্বাতন্ত্র্য প্রযুক্ত ব্যবহার হয় তদ্ভি ন্নকুলস্ত্রী দিগের পতি বিদ্যমান থাকাতে তৎ পারতন্ত্র্য হেতুক ব্যবহার অনাদেয় হয় ইহাই ব্যাখ্যা করিবেন॥ প্রেষ্য জনের ও স্বামী পারতন্ত্র্য হেতুক স্বামীর অনুজ্ঞাব্যতি রেকে ব্যবহারহইতে পারিবেকনা ইতি॥ পরাবর্ত্তব্যবহার কহিয়া এক্ষণে পরাবর্ত্ত্য দ্রব্য কহিতেছেন॥ যথা॥ প্রণষ্টা ধিগতং দেয়ং নৃপেণ ধনিনেধনং। বিভাবয়েন্নচে ল্লিঙ্গৈস্তৎ সমং দণ্ডম হ ‌তি॥ অর্থ॥ শুল্কস্থান পালক কর্ত্তৃক রাজার নিকটে অর্পিত যে নষ্টসুবর্ণাদি দ্রব্য তাহারাজা ধনিব্যক্তিকে ডাকাইয়াদিবেন। যদি ধনী সেইদ্রব্যের রূপ চিহ্নাদি অন্য লোকদ্বারা প্রতিপন্ন করায় তবে। যদ্যপি প্রতিপন্ন করাতেনা পারে কেবল ঐ দ্রব্যকে দেখিয়া বলে যে এইদ্রব্য আমার কিছুকাল হারাইয়াছিল তবে সেই ব্যক্তি মিথ্যাবাদী প্রযুক্ত দণ্ডার্হ হয় ঐ দ্রব্যের তুল্য ধনদণ্ড হইবেক॥ এবিষয়ে কাল নিরূপণ করিতেছেন॥ যথা॥ শৌল্কিকৈস্থানপালৈর্ব্বা নষ্টাপহৃত মাহৃতং। অর্ব্বাক্ সম্বৎসরাৎ স্বামী হরেত পরতোনৃপঃ॥ মনু পুনর্ব্বার সম্বৎসর ত্রয় নিরূপণ করিয়া ছেন॥ যথা॥ প্রনষ্টস্বামিকং রক্থং রাজা ত্র্যব্দং নিধা পয়েৎ। অর্ব্বাগব্দাৎ হরেৎ স্বামী পরতো নৃপতির্হরেৎ॥ তাহার মধ্যে তাৎপর্য্য এইতিনবৎসর পর্য্যন্ত প্রনষ্ট স্বামিক দ্রব্যকে রাজা অবস্য রক্ষাকরিবেন। তাতে যদ্যপি একবৎস

ন্নের মধ্যে দ্রব্য স্বামি আইসে তবে সেই সমস্ত দ্রব্য তাহাকেদিবেন। যদি সংবৎ সরের পর আইসে তবে ষড়্ভাগরক্ষণ মূল্য আপনি লইয়া অন্যৎ সকলধন ধন স্বামীকে দিবেন রাজা ॥ যথা ॥ আদদীতাথ ষড্ভাগং প্রনষ্টাধি গতা ন্নৃপঃ। দশমং দ্বাদশং বাপি শতাং ধর্ম্মমনুস্মর ন্নিতি ॥ অর্থ ।৮ প্রথম বৎসরে দ্রব্যস্বামীআসিয়া সাক্ষ্যাদি দ্বারা বস্তু প্রতিপন্নকরাইলে সকল দ্রব্যই পাইবেক দ্বিতীয় বৎসরে রাজা দ্বাদশাংশ লইয়া অন্য তাবৎ তাহাকে দিবেন তৃতীয় বৎসরে আইলে রাজা দশাংশ গ্রহণ করিয়া অন্যৎ দিবেন চতুর্থে বর্ষে ষড্ভাগ গ্রহণ করিয়া অন্যৎ দিবেন ॥ তাহার মধ্যে রাজা আপনরাজ ভাগহইতে চতুর্থ ভাগ সেই রক্ষক রাজ পুরুষকেদিবেন যদ্যপি ধনস্বামী নাইএসে তবে সকল ধনের যেচতুর্থাংশ তাহাই অধিগন্তাকে দিয়া শেষ দ্রব্য আপনী গ্রহণ করিবেন ইতি ॥ তদ্বৎ গৌতম কহিয়াছেন ॥ প্রনষ্ট অস্বামীক দ্রব্য পাইয়া রাজা সংবৎসর পর্য্যন্ত অপেক্ষাকরিবেন পরে অধিগন্তা অর্থাৎ যেব্যক্তি হইতে নিধ্যাদি প্রাপ্তিহয় তাকে চতুর্থ ভাগ দিয়া অন্যৎ রাজাগ্রহণকরিবেন এস্থলে সংবৎসর এই একবচন নির্দেশ অবি বক্ষিত জানিবেন যে হেতুক মনু কহিয়াছেন রাজা ত্র্যব্দং নিধাপয়েদিতি॥ হরেত পরতোনৃপ এও স্বামিনাগতাইলে পরেতিন বৎসরানন্তর ব্যয়ী করণেতে অনুজ্ঞাদিবেন যদি ইহারপূর্ব্বদ্রব্য ব্যয় করিয়াথাকেন তবে স্বামি আগত হইলে আপন অংশ অবতীর্ণ করিয়া আর তাহার দ্রব্যের তুল্য ধনদিবেন "এবং

স্বঃ। সুবর্ণাদি বিষয়ে জানিবেন ॥ গবাদি বিষয়ে আগে বলি বেন। পণানেকশফেদ দ্যাদিত্যাদিনা॥ হৃতস্থানেও শুল্কগ্রহণ স্থান অর্থাৎ দানসাধ্য স্থানে নিপতিতনষ্ট সুবর্ণাদির অধিগমে বিধি কহিয়া এক্ষণে ভূমিতে চিরকাল নিখাত যে সুবর্ণাদি অর্থাৎ নিধিশব্দবাচ্য যেদ্রব্য তাহার অধিগমে বিধি কহিতে ছেন ॥ যথা ॥ রাজা লবব্ধানিধিং দদ্যাদ্বিজে ভ্যোর্দ্ধং দ্বিজঃ পুনঃ। বিদ্বান শেষমাদদ্যাৎ সর্ব্বস্য সৌপ্রভুর্যতঃ। ইতরেণ নিধৌলব্ধে রাজাষষ্টাংশ মাহরেৎ। অনিবিদিত বিজ্ঞাতো দাপ্যাস্তদ্দণ্ডমেবচ। এইউক্ত লক্ষণান্বিত নিধিরাজা পাইয়া অর্দ্ধেকব্রাহ্মণ দিগেকে দিবেন আর অর্দ্ধেক রাজকোশে নিক্ষেপকরিবেন॥ শ্রুতাধ্যয়ন সম্পন্ন সদাচার বিদ্বান ব্রাহ্মণ যদ্যপি নিধি পায়েন তবে সকলই আপনি গ্রহণ করিবেন যে হেতুক ইনী সকলেরপ্রভুঃ আর এবং ভূত ব্রাহ্মণ হইতে অতিরিক্ত কোনলোক যদ্যপি নিধিপায় তবে রাজা অধিগন্তাকে ষড্ভাগদিয়া অন্যৎ আপনি গ্রহণ করিবেন ॥ যাহা কহিয়াছেন বশিষ্ঠঃ ॥ অজ্ঞাত সারূচির মৃত্তিকাদিতে পতিত যেধন তাহারাজা গ্রহণ করিবেন অধিগন্তাকে ষষ্ঠ ভাগৈক ভাগ প্রদান করিবেন ইতি ॥ আর গৌতমও কহি য়াছেন যে নিধ্যধিগম রাজধন কিন্তু উপযুক্ত ব্রাহ্মণের ব্যতিরিক্ত তাহার মধ্যে ব্রাহ্মণ যদ্যপি ঐ নিধির আখ্যাতা হয় তবে ষড্ভাগৈক ভাগপাইবেন ইতি ॥ আর যে কেহ নিধিপাইয়া রাজাকে নিবেদন নাকরে পশ্চাৎ রাজা যদ্যপি

কোনপ্রকারে বিজ্ঞাত হয়েন তবে সেই সর্ব্ব নিধি রাজাকে দিতেহইবেক এবং শক্তিমত দণ্ড্য হইবেন ॥ অতঃপর নিধি ও যদ্যপি স্বামী আসিয়া বর্ণ চিহ্নসংখ্যাদি সাক্ষিদ্বারা প্রতিপন্ন করায় তবে তাকে রাজা নিধিদিয়া আপনি ষড্ভাগ দ্বাদশ ভাগবা গ্রহণ করিবেন ॥ যথাহমনুঃ ॥ মমায় মিতি যোব্রূয়াৎ নিধিং সত্যেন মানবঃ। তস্যাদদীত ষড্ভাগং রাজাদ্বাদশ মেববা ॥ মহারাজ এই নিধি আমার ইহাসত্য রূপে যে মনুষ্য কহে । রাজা ঐ নিধি তাহাকে অর্পণ করি বেন্ ষষ্ঠ দ্বাদশাংশ গ্রহণকরিয়া। আরঅংশ বিকল্পযে তাহাও বর্ণকালাদি অপেক্ষাতে জানিবে চৌরহৃতধনের প্রতি কহিতেছেন ॥ দেয়ংচৌরহৃতংদ্রব্যং রাজ্ঞা জান পদায়তু। অদদদ্ধি সমাপ্নোতি কিল্বিষং যস্যত স্যতৎ ॥ চৌরকর্ত্তৃকহৃত গৃহীত যেদ্রব্য তাহা চৌরকে জয়করিয়া লইয়া স্বদেশ নিবাসি অথচ সেইধন যেব্যক্তির তাহাকেই রাজাদিবেন যে হেতুক ঐ ধন প্রদান নাকরিলে সেই যারধন সেব্যক্তির পাপ এবং চৌরের যেপাপ তাহা রাজা গ্রহণকরেন ॥ তাহাস্পষ্ট কহিয়াছেন মনুঃ ॥ দাতব্যং সর্ব্ববর্ণেভ্যো রাজ্ঞা চৌরহৃতং ধনং। রাজাত দুপভুঞ্জান শ্চৌরস্যাপ্নোতি কিল্বিষমি তি॥ ব্রাহ্মণাদি সর্ববর্ণকেই রাজা চৌরহৃত দ্রব্য দিবেন যদ্যপি চৌরহস্তহইতে গ্রহণ করিয়া আপনি তাহাভোগ করেন তবে ঐ চৌরনিষ্ঠ যেপাপ তদ্ভাগী হয়েন। আর চৌরহৃত দ্রব্যকে যদ্যপি রাজা উপেক্ষা করেণ তবে স্বপ্রতিবাসি ঐ ধন স্বামীর পাপভোগ করিতেহয়। অথ চৌরহৃত ধনের

আহরণের নিমিত্তে চেষ্টিত হইয়া যদ্যপি গ্রহণ করিতে অশক্ত হয়েন তবে তাবৎ ধন আপন ভাণ্ডার হইতে তাকে দিতে হইবে॥ তাহা কহিয়াছেন গৌতম॥ চৌরহৃত ধনকে জয়করিতে না পারিলে তাকে যথাস্থান প্রাপ্ত করাইবেন অর্থাৎ স্বধন হইতে দিবেন॥ এবং ব্যাস কহিয়াছেন॥ চৌর হইতে গ্রহণ করিতে অসমর্থ যে রাজা তিনি আপন ভাণ্ডার হইতে ঐ প্রজাকে ধন দিবেন ইতি সাধারণ রূপ ব্যবহার মাত্রিকা কহিয়া ইদানীং অষ্টাদশ ব্যবহার পদের মধ্যে প্রথম ঋণাদান পদ দেখাইতেছেন॥ ০॥ যথা॥ অশীতি ভাগোবৃদ্ধিস্যা দিত্যাদি॥ সেই ঋণা দান সপ্তবিধ হয়েন॥ এপ্রকার করজ দেয় এপ্রকার ঋণ অদেয় এই অধিকারী দিবেন এই সময়ে দিবেন্ এবং প্রকারে দেয় এই পঞ্চ প্রকার অধমর্ণেতে পর্য্যাপ্ত॥ আর দানবিধি আদান বিধি এই দুই উত্তমর্ণেতে পর্য্যাপ্ত হয়েন॥ ইহাস্পষ্ট কহিয়াছেন নারদ॥ যথা॥ ঋণং দেয়ম দেয়ঞ্চ যেন যত্র যথা চযৎ। দানগ্রহণে ধর্ম্মশ্চ ঋণাদান মিতি স্মৃতং। তাহাতে প্রথম উত্তমর্ণের দানবিধি কহিতেছেন॥ যে হেতুক সমস্ত বিধির প্রথম দান॥ যথা॥ অশীতি ভাগোবৃদ্ধিঃ স্যান্মাসি মাসি সবন্ধকে। বর্ণক্রমাচ্ছতং দ্বিত্রিচতুঃ পঞ্চক মন্যথা॥ উত্তমর্ণের বিশ্বাস জনক কোনদ্রব্য রাখিয়া তন্নিকটে মুদ্রাগ্রহণ করিলে সেই ঋণের সবন্ধক সংজ্ঞা হয়। এবিষয় ধনের বৃদ্ধি অর্থাৎ উপচয় প্রতিমাসে অশীতি ভাগের একভাগ ধর্ম্মত দেয় হয় অন্যথা বন্ধক রহিত ঋণ প্রয়োগের বিধি এই ব্রাহ্মণাদি চতুর্বর্ণের

যথা ক্রমেতে বিন্যাস করিতেছি ব্রাহ্মণ যদ্যপি অধমর্ণ হয়েন্দ তবে অশীতি ভাগের দুইভাগ বৃদ্ধি মাসে মাসে দিবেন ॥ এবং ক্ষত্রিয় তিন ভাগ দিবেন ॥ বৈশ্য অশীতি ভাগের চতুর্থ ভাগ দিবেন ॥ শূদ্র পঞ্চভাগ দিবেন মাসেং ইতি ॥ এইরূপ মাসে মাসে নিরূপিত যে বৃদ্ধি গ্রহণ করা জায় তাহার নাম কালিকা ॥ ইনি পুনর্বার দিবস গণনা দ্বারা বিভক্তা হইয়া প্রতিদিন গৃহীতা হইলে তাহার কায়িকা সংজ্ঞা হয়। তাহা স্পষ্ট কহিয়াছেন নারদ ॥ যথা কাইকা কালিকা চৈব কারিতাচ তথাপরা চক্রবৃদ্ধিশ্চ শাস্ত্রেষু তস্য বৃদ্ধিশ্চতুর্বিধেতি ॥ কায়া বিরোধিনী শশ্বত পণপাদাচ কায়িকা ॥ প্রতিমাসে স্রবন্তী বৃদ্ধির নাম কালিকা ॥ আরঋণিক কর্ত্তৃক স্বয়ং কৃত যে বৃদ্ধি তাহার নাম কারিতা অর্থাৎ আপন প্রয়োজন মত অধিক দিতে যদি স্বীকৃত হয় তাহার সংজ্ঞা কারিতা ॥ আর বৃদ্ধির যে বৃদ্ধি তাহার নাম চক্রবৃদ্ধি ॥ অতঃ পর গৃহীতার বিশেষ নাধীন বৃদ্ধির প্রকারান্তর কহিতেছেন ॥ যথা ॥ কান্তারগাস্তুদশকংসা মুদ্রা বিংশকং শতং। কান্তার পদে বর্ত্ম দুর্গম্য স্থান অর্থাৎ যেস্থানে গমন করিলে ধন প্রাণের শংসয় জ্ঞান হয় সেইস্থানে জিনী অধিক লাভের কারণ বৃদ্ধি স্বীকার করিয়া ধন লইয়া যান তিনি দশ ভাগ সুধ দিবেন। যিনি ধন লইয়া সমুদ্রে বানিজ্যার্থে গমন করেণ তিনি বিংশতি ভাগ বৃদ্ধি দিবেন। এই অতি প্রায় কান্তার গামী বানিজ্যার্থী হইতে দশভাগ আর সামুদ্র বানিজ্যার্থির নিকটে বিংশতি ভাগ বৃদ্ধি উত্তমর্ণ লইবেন যে হেতুক আপন মূল বিনাশের

শঙ্কা সর্ব্বদা থাকে ইতি॥ ইদানীং কারিকাবৃদ্ধি কহিতেছেন॥ যথা॥ দদ্যুর্ব্বা স্বকৃতাং বৃদ্ধিং সর্ব্বে সর্ব্বাসু জাতিষু॥ ইহার অর্থ॥ ব্রাহ্মণাদি চাতুর্ব্বর্ণ অধমর্ণ হইলে অবন্ধক ঋণ বিষয়ে সবন্ধক ঋণ বিষয়েতে ও স্বকৃতা বৃদ্ধি অর্থাৎ ঋণ গ্রহণ কালীন আপন অঙ্গীকৃত যে সুধ তাহা সর্ব্বজাতি উত্তমর্ণকে অর্পণ করিবেন॥ এবং কোনস্থলে অকৃতা ও বৃদ্ধি হয় তাহার পাত্র নারদ দেখাইয়াছেন প্রণয় প্রযুক্ত যাহাকে ধন অর্পণ করাজায় যদ্যপি অনাকারিতা বৃদ্ধি হইয়া থাকে অর্থাৎ গ্রহণ কালে কিছু বৃদ্ধির কথোপকথন না হইয়াথাকে সে স্থলেতে সংবৎসরের পর বৃদ্ধি লইতে পারাজায়॥ এই মত কাত্যায়ন কহিয়াছেন যে ব্যক্তি যাচিতক ধন গ্রহণ করিয়া অর্পণ ব্যতিরেকে দেশান্তর গমনকরে সেব্যক্তি সংবৎসরের পর বৃদ্ধি দিবেক॥ এবিষয়ে কিঞ্চিত্ বিশেষ তিনি কহিয়াছেন যে ব্যক্তি ঋণ গ্রহণ করিয়া চাহিলে ও অর্পণ নাকরিয়া দেশান্তর গমনকরে সেই ব্যক্তিকে তিন মাসের পর বৃদ্ধি দিতেহইবেক॥ আর যে ব্যক্তি স্বদেশে থাকিয়া ধন গ্রহণ করিয়া ধন স্বামি চাহিলে নাদেয় তাহা হইতে ঐ যাচনকাল অবধি যেকাল পর্য্যন্ত ধন থাকে সেইকালের যত বৃদ্ধিহয় তাহারা তাদেও যাইবেন॥ যথা॥ স্বদেশে ২ পিস্থিতো যস্তু নদদ্যাদ্যাচিতঃ ক্বচিৎ। তং ততো কারিতাং বৃদ্ধিম নিচ্ছন্তঞ্চদাপয়েৎ॥ অনা কারিত বৃদ্ধির অপবাদ নারদ কহিয়াছেন পণ্য মূল্য এবং ভৃতি ও ন্যাস আর

কল্পিত যেহেতু আর বৃথা দান ও পণ প্রভৃতি অনাকারিতা হইলে পর বৃদ্ধি হইতে পারেনা ইতি ॥ অতঃপর দ্রব্য বিশেষের বৃদ্ধি বিশেষ কহিতেছেন ॥ যথা ॥ সন্ততিস্তু পশুস্ত্রী ণামিতি ॥ পশুস্ত্রীর সন্ততী বৃদ্ধি অর্থাৎ স্ত্রী গবাদির পোষণেতে অসমর্থ এবং তার পুষ্টি ও সন্ততি কামনানিষ্ঠ ব্যক্তির প্রয়োগ সম্ভবহয় ॥ আর ক্ষীর পরি চর্য্যার্থি ব্যক্তির গ্রহণ সম্ভবে ॥ এক্ষণে প্রযুক্ত দ্রব্যের বৃদ্ধি গ্রহণ ব্যতিরেকে চিরকালা বস্থিত কোন দ্রব্যের কিয়তী বৃদ্ধি এই অভিপ্রায় করিয়া কহিতেছেন ॥ যথা । রস স্যাষ্টগুণা পরা । বস্ত্র ধান্য হিরণ্যানাং চতুস্ত্রি দ্বিগুণা পরা ইতি ॥ ইহারঅর্থ ॥ তৈল ঘৃতাদিরে বৃদ্ধি গ্রহণের পর চিরকাল গত হইলে স্ব কৃত বৃদ্ধির অষ্টগুণ বৃদ্ধিপরাজয় হয় অর্থাৎ ইহার পর আর বৃদ্ধি হয়না ॥ তদ্বৎ বস্ত্র ও ধান্য এবং সুবর্ণ ইহাদিগের বৃদ্ধি ক্রমাগত অর্থাৎ বহু কাল গত হইলে চতুর্গুণ ত্রিগুণ দ্বিগুণ বৃদ্ধিহয় ॥ এই বিষয়ে বসিষ্ঠ কহিয়াছেন তৈল ঘৃতাদির বৃদ্ধি ত্রিগুণ সুবর্ণের দ্বিগুণ ধান্যের ত্রিগুণ ধান্যের ন্যায় রসাদির ব্যাখ্যা করিয়াছেন আর পুষ্প মূল ফল তুলা ধৃত দ্রব্য তিন গুণ অষ্টগুণ ইতি ॥ ধান্য পুষ্পফল মূলাদির পঞ্চগুণ বৃদ্ধি মনু কহিয়াছেন ॥ যথা ॥ ধান্যে শদে লবে বাহ্যে নাতি ক্রামতি পঞ্চতা মিতি ॥ ইহার অর্থ ॥ ধান্য শদ শব্দে ক্ষেত্র ফল লব শব্দে মেষঊর্ণা চমরীর কেশাদি বাহ্য বলী বর্দ্দ তুরগাদি এত দ্বিষয়া বৃদ্ধি পঞ্চ গুণকে অতি ক্রম করেণনা এস্থলে ঋণীর যোগ্যতা ও দুর্ভিক্ষাদি বলাবল

বিবেচনা করিয়া ব্যবস্থানির্ব্বাহ করিবেক ॥ কিন্তু এই নিয়ম একবার দান ও গ্রহণ বিষয়ে জানিবেন ॥ আর সেই ব্যক্তি হইতে ব্যক্ত্যন্তর সংক্রমণেতে অথবা দ্রব্যের প্রয়োগান্তর সেই পুরুষেই বা অনেক প্রয়োগান্তর করণে সুবর্ণাদির দ্বৈগুণ্যাদিকে অতিক্রম করিয়া পূর্ব্বের ন্যায় বৃদ্ধি হয় ॥ একবার প্রযোগেতেও প্রতিদিন কিম্বা প্রতিমাস কিম্বা প্রতি সম্বৎসর বৃদ্ধি গ্রহণ করিলে ঋণীর যে দেয় তাহার দ্বৈগুণ্য সম্ভব হেতুক পূর্ব্বে গৃহীত যে বৃদ্ধি তাহার সহিত দ্বৈগুণ্যকে অতিক্রম করিয়া বৃদ্ধি হয় যে প্রকার মনু কহিয়াছেন। ইদানী দেয় যে ঋণ তাহা যে কালে দেয় যত্ কর্ত্তৃক দেয় তাহা কহিতেছেন। অবিভক্তৈঃ কুটুম্বার্থে যদৃণন্তু কৃতম্ভবেত্। দদ্যুস্তদ্দুর্ভ্রিণঃ প্রেতে প্রোষিতেবা কুটুম্বিনি॥ অর্থ॥ অবিভক্ত ব্যক্তিরা অনেকে একত্র হইয়া কিম্বা প্রত্যেকে পোষ্যবর্গ ভরণার্থে। সকল যে ঋণ করিয়া থাকেন সে ঋণ কর্ত্তাব্যক্তি দিবেন্ তিনি প্রবাসে গমন করিলে কিম্বা পরলোক প্রাপ্ত হইলে তাহার ধনগ্রাহীরা দিবেন্। যিনি ঋণ দিবেন ইহাতে প্রত্যুদাহরণ কহিতেছেন। নযোষিৎ পতি পুত্রা ভ্যাংন পুত্রেণ কৃতং পিতা। দদ্যাদৃতে কুটুম্বার্থা ন্নপতি স্ত্রীকৃত তথা ॥ অর্থ॥ পতিকৃত ঋণস্ত্রীদিবেন না এবং পুত্রকৃত ঋণ মাতা দিবেন না এবং পুত্রকৃত ঋণ পিতাও দিবেন না এবং স্ত্রীকৃতঋণ ও পতি দিবেন না কিন্তু কুটুম্ব পোষণার্থ ব্যতিরেক ঋণ॥ এই হেতুক কুটুম্ব পোষণের নিমিত্তে কুটুম্বের মধ্যে যে কোন ব্যক্তি ঋণ করিলেও কর্ত্তাব্যক্তি শোধন করিবেন। তাহার

প্রকারে তাহার ধন গ্রাহীরা শোধন করিবেন ইহা পূর্ব্বে ও লিখিয়াছি। পুত্র পৌত্র কর্ত্তৃক ঋণ দেয় অর্থাত্‌ শোধন কর্ত্তব্য ইহা কহিবেন তাহার অগ্রেতে অপবাদ কহিতেছেন। সুরাকামদ্যূতে কৃতং দণ্ড শুল্কা বসিষ্টকং। বৃথা দানং তথৈ বেহ পুত্রো দদ্যান্ন পৈতৃকং। অর্থ। সুরাপানেতে করিয়া হইয়া থাকে যে ঋণ এবং ব্যভিচার কর্ম্ম দ্বারায়ে ঋণ এবং দ্যূত ক্রীড়াতে পরাজয় নিমিত্তে যে ঋণ এবং দণ্ডের অবসিষ্ট রূপ ঋণ এবং পণের অবসিষ্ট ঋণ এবং বৃথা দানের যে ঋণ। ধূর্ত্তেতে যে দান এবং বন্দিকে ও মল্লকে কুবৈদ্যকে ও খলকে ও সঠকে ও হাস্যোপ জীবীকে ও নৃত্য গীতোপজীবিকে ও চৌরকে যে দান সে নিস্ফল হয় এই স্মৃতি হেতুক অর্থাৎ এই সকলের নাম বৃথা দান এই সকল ঋণ পিতা করিলে পুত্রা দিরা সৌণ্ডিক দিকে দিবেন না। ইহাতে দণ্ড শুল্কা বসিষ্টকং এই শব্দেতে করিয়া দণ্ডের অবসিষ্ট ও শুল্কের অবসিষ্টে রই গ্রহণ হইয়াছে এই হেতুক দণ্ড শুল্ক সকল দাতব্য ইহা মান্য নহে। দণ্ড কিম্বা দণ্ড শেষশুল্ক কিম্বা শুল্ক শেষ পুত্রেরা দিবেন না এবং ব্যবহারিক ও যাহা নয় অর্থাৎ তাহা ও পুত্রের উপরে হয়না এই অর্থ এ উশনা ঋষির বচন স্মরন হেতুক এবং গৌতম ও কহিয়াছেন। মদ্যশুল্ক দ্যূত দণ্ড এ সকল পুত্রেরা বহন করিবেন না ইহার তাৎ পর্য্য পিতৃকৃত এসকল অযথার্থ ঋণ পুত্রেরা দিবেন না এই সকলেতে করিয়া অন্যের ঋণ কহিয়াছেন। প্রাতিভাব্য ঋণ পতি দিবেন না ইহার অপবাদ কহিতেছেন। প্রাপ্ত

শৌণ্ডিক শৈলূষরজক ব্যাধ যোষিতাং। ঋণং দদ্যাৎ পতি স্তাসাং যস্মাদ্বৃত্তি স্তদাশ্রয়া॥ অর্থ। গোপ ও সুরা কারক ও নৃত্য কারক ও রজক ও ব্যাধ ইহার দিগের স্ত্রীরা যে ঋণ করিয়া থাকে তাহা তাহার দিগের পতিরা দিবেন যে হেতুক তাহার দিগের জীবিকা স্ত্রীর অধীনা। যে হেতুক স্ত্রীর অধী নাজীবিকা এই হেতুক কথন প্রযুক্ত ঋণ অন্যেরা ও যাহারদিগের স্ত্রীর অধীনাউপজীবিকা তাহারা ও স্ত্রীকৃত ঋণ দিবেক এই বোধহয়॥ পতি কৃত ঋণ ভার্য্যা দিবেন না ইহার অপবাদ কহিতেছেন॥ যথা॥ প্রতিপন্নং স্ত্রিয়াদেয়ং পত্যা বাসহযত্ কৃতং। স্বয়ং কৃতংবা যদৃণং নান্যত্ স্ত্রীদাত্ত মর্হতি॥ অর্থ॥ মুমূর্ষু কিম্বা প্রবাসে যাইবেন যে স্বামী তাহার কর্ত্তৃক প্রেরিতা হইয়া ভার্য্যা দিবার নিমিত্তে স্বীকৃতা হইয়াছেন সেই পতি কৃত যে ঋণ তাহা দাতব্য এবং পতির সহিত ভার্য্যা যে ঋণ করিয়াছেন তাহা ও পতির অভাবে পুত্র নাথাকিলে ভার্য্যার দাতব্য। এবং যাহা ও স্বয়ংই করিয়াছে তাহা ও দিবেন। ভালোস্বীকৃতাদি তিনি প্রকার ঋণ যে স্ত্রীর দাতব্য ইহাবক্তব্য নহে যে হেতুকসন্দেহ নাহি। যাহা কহিতেছেন। ভার্য্যা পুত্রশ্চ দাসশ্চ ত্রয় এবাধনাঃ স্মৃতাঃ। যত্তে সমধিগচ্ছন্তি তস্যৈতে তস্যতদ্ধনং॥ অর্থ॥ স্ত্রীপুত্র ভৃত্য এই তিনই নির্দ্ধন ইহা কহিয়াছেন ইহারা যাহা উপার্জ্জন করেন্ ইহারা যাহার সে ধন তাহার হয় এই বচন হেতুক নির্ধনত্ব প্রযুক্ত স্ত্রীকৃতাদি তিন প্রকার ধনেতে অদান শঙ্কাতে এই

কহিতেছেন স্ত্রীকৃতাদি তিনস্ত্রী কর্ত্তৃক দেয় ইত্যাদি। এই বচনেতে ঋষি স্ত্রী পুত্র দাসএ তিনের নির্ধনত্ব কহিতেছেন ইহানয় যে হেতুক এবচনের পারতন্ত্র্য মাত্রজান নই তাৎপর্য্য ইহা বিভাগ প্রকরণে স্পষ্ট করিবেন। নান্যৎ স্ত্রী দাত্ত মর্হতি ইহা ও সেবচনের মধ্যে বক্তব্য নয় যে, হেতুক বিধানেতে করিয়াই অন্য ত্রনিষেধ সিদ্ধিহয়। কহিতেছেন স্ত্রী যাহা স্বীকার করিয়াছেন তাহা স্ত্রী কর্ত্তৃক দেয় এবং পতির সহিত যে ঋণ করিয়াছেন তাহা ও স্ত্রীর দেয় এ দুয়ের অপবাদের নিমিত্তে কহিতেছেন নান্যৎ স্ত্রী দাত্ত মর্হতীতি। অর্থ। অন্যৎ কিনা সুরা পানাদি দ্বারা যে ঋণ এবং বেশ্যাদি গমন দ্বারা যে ঋণ তাহা স্বীকৃত হইলে ও এবং স্বামীর সহিত করিলে ও স্ত্রীর দেয় নয় ইতি। পুনর্ব্বার ও যে ঋণ দেয় যৎ কর্ত্তৃক দেয় যেকালে দেয় সেতিন কহিতেছেন ॥ যথা ॥ পিতরি প্রোষিতে প্রেতে ব্যসনাভি প্লুতে পিবা। পু পৌত্রৈ ঋণং দেয়ং নিহ্নবে সাক্ষি ভাবিতং। অর্থ। পিতা যদি দাতব্য যে ঋণ তাহা নাদিয়া পরলোক প্রাপ্তহয়েন কিম্বা দূর দেশ গত হন কিম্বা চিকিৎসাতে ও সান্তি নাহয় এমত ব্যাধিতে অভি ভূত হন তবে সেঋণ পিতার ধন নাথাকিলে ও পুত্রত্ব প্রযুক্ত ও পৌত্রত্ব প্রযুক্তই পুত্র পৌত্র কর্ত্তৃক অবশ্যই দেয় তাহাতে ক্রম ও এই যে পিতার অভাবে পুত্র পুত্রের অভাবে পৌত্র এবং পুত্রকিম্বা পৌত্র সেই ঋণ অপহ্নব করিলে অর্থী সাক্ষ্যাদি দ্বারা স্বীকার করাইলে সে ঋণ ও পুত্র পৌত্রের দেয় এমতিতে পিতরি প্রোষিতে এই বচন কহিয়াছেন

অর্থাৎ এই বচন দ্বারা তিনকাল কহিয়াছেন। কিন্তু কাল বিশেষও নারদ কহিয়াছেন ॥ পিতা কিম্বা পিতৃব্য কিম্বা জেষ্ঠ ভ্রাতা প্রবাসে গমনকরিলে পুত্র ভ্রাতৃপুত্রাদিরা বিংশতি বৎসরের মধ্যে ঋণদিবেননা পিতা পরলোক প্রাপ্ত হইলেও অপ্রাপ্ত ব্যবহার কাল পর্য্যন্ত পুত্র দিবেন না অর্থাৎ প্রাপ্ত ব্যবহার কাল পুত্রই দিবেন। সেকাল নারদই দেখাইয়াছেন। গর্ভস্থ বালকের তুল্য অষ্টম বৎসরের শিশু ষোড়শ বৎসর পর্য্যন্তবালক এবং পৌগণ্ড কহাজায় তাহার পর পিতা মাতা হীন হইয়া স্বতন্ত্র হইলে ব্যবহার জ্ঞহন অর্থাৎ প্রাপ্ত ব্যবহার কাল হয়েন। যদ্যপি পিতৃমরণের বালক ও স্বতন্ত্রহয় তথাপি ঋণ ভাগীহয়না ॥ যে প্রকার কহিয়াছেন।অপ্রাপ্ত ব্যবহার শ্চেৎস্বত ন্ত্রোপিচ নর্ণভাক্। স্বাতন্ত্র্যংহি স্মৃতং জেষ্ঠে জ্যেষ্ঠং গুণবয়ঃ কৃতং। অর্থ। অপ্রাপ্ত ব্যবহার স্বতন্ত্র হইলেও ঋণ ভাগী হয়না যে হেতুক জ্যেষ্ঠেতে স্বতন্ত্রতা কহিয়াছেন এবং জ্যেষ্ঠতা গুণেতে করিয়া ও বয়সেতে করিয়া কহিয়াছেন ॥ সেই প্রকার আসেধ্য হ্বান নিষেধ ও দেখিতেছি ॥ অপ্রাপ্তব্যবহার এবং মৃত ক্রিয়াতে উন্মুখ এবং দানেতে উন্মুখ এবং বিসমস্থ ইহারদিগেকে আসেধ রাজা করিবেন না এবং আহ্বান ও করিবেন না। সেই হেতুক। অতঃ পুত্রেণ জাতেন স্বার্থমুৎ সৃজ্য যত্নতঃ। ঋণাৎ পিতা মোচনীয়ো যথানো নরকং ব্রজেৎ। অর্থ। পুত্র জাত হইয়া স্বকীয় অর্থ ত্যাগ করিয়া যত্নেতে করিয়া ঋণ হইতে পিতাকে মোচন

করিবেন পিতাযে প্রকারে স্ব। নরকেযান এই বচনে জাত শব্দের ব্যবহারস্বরূপে সিদ্ধ হইলে এই ব্যাখ্যা কর্ত্তব্য। শ্রাদ্ধেতে বালকেরও অধিকার। বালককে শ্রাদ্ধের মন্ত্র ব্যতিরেকে বেদোচ্চারণ করাইবেনা এই গৌতমস্মৃতি হেতুক। পুত্র পৌত্রে এই শব্দ দ্বারা বহু বচন নির্দ্দেশ হেতুক অনেক পুত্রেরা যদি বিভক্ত হন তবে আপনারং অংশ হইতে উদ্ধার করিয়া পিতার ঋণ দিবেন যদি অবিভক্ত হন তবে সাধারণ ধন হইতে উদ্ধার করিয়া প্রধান ব্যক্তিই দিবেন এই জ্ঞান হয়। যে প্রকার নারদ কহিয়াছেন। ইহার পর বিভক্ত পুত্রেরা পিতার ঋণ স্বাংশ হইতে দিবেন অবিভক্ত হইবে যে পুত্র অন্য পুত্রেরদিগের ভার গ্রহণ করিয়াছেন তিনি দিবেন। ইহাতে যদ্যপি পুত্র পৌত্রেরা ঋণ দিবেন ইহা অবিশেষে কহিয়াছেন তথাপি পিতা যে প্রকারে বৃদ্ধির সহিত ঋণ দিবেন পুত্র ও সেই প্রকার দিবেন কিন্তু পৌত্র সমান মূলই দিবেন বৃদ্ধি দিবেন না এই বিশেষ জানিবা। পিতার ঋণ আপনার ন্যায় দিবেন পিতা মহের ঋণ বিভাবিত হইলে সমান মূল দিবেন প্রপিতা মহের ঋণ দিবেন না এই বৃহস্পতি বচন হেতুক এইক্রম বচনে বিভা বিত এই শব্দ অবিশেষে গ্রহণ হেতুক যে বচনে সাক্ষি ভাবিত শব্দ গ্রহণ তাহা সাক্ষিগ্রহণ সকল প্রমাণের উপ লক্ষণ। ইহার তাৎপর্য্য পিতার যে ঋণ প্রমাণ দ্বারা প্রতিপন্ন। এই হেতুক পরের শ্লোকে স্পষ্ট করিয়াছেন। ঋণ শোধনের কর্ত্তা ঋণী তাহার পৌত্র এই

তিনকে দেখাইয়া ছেন। তাহার দিগের সকলের ক্রম ও দেখাইয়া ছেন। ইদানী অন্য কর্ত্তা সকলের ক্রম কহিতে ছেন। ঋ কৃগ্রাহ ঋণং দাপ্যো যোষিদ্গ্রাহ স্তথৈবচ। পুত্রোন ন্যাশ্রিতদ্রব্যঃ পুত্রহীনস্য ঋক্থিনঃ। অন্যের দ্রব্য ক্রয়া দিব্য ভিন্নে কে অন্যের হইলে তাহার নাম ঋ কথ বিভাগ ব্যতিরেকে সে ঋ কথ যে গ্রহণ করে তাহার নাম ঋকথ গ্রাহ সে ঋণ দিবেক ইহা যে কহিয়া ছেন তাহা হয় যে যাহার দ্রব্য ঋ কথ রূপে গ্রহণ করে সে তাহার কৃত ঋণ দিবেক কিন্তু চৌরাদিরা নয়। যোষিৎ শব্দে ভার্য্যা তাহা যে গ্রহণ করে সে যোষিদ্গ্রাহ সে সেই প্রকার ই ঋণ দিবেক যে যাহার যোষিৎ গ্রহণ করে সে তাহার ঋণ দিবেক। যোষিত্ অবিভাজ্য দ্রব্যত্ব ঋ কৃ শব্দ প্রতি পাদ্য হয় না এই প্রযুক্ত বচনে পৃথক্ যোষিত্ শব্দ দিয়াছেন। অন্যাশ্রিত দ্রব্য পুত্র পিতার ঋণ দিবেন। অন্যেতে আশ্রিত যে দ্রব্য সে অন্যাশ্রিত দ্রব্য অর্থাত মাতৃ পিতৃ দ্রব্য সে যাহার তাহার নাম অন্যাশ্রিত দ্রব্য তদ্ভিন্ন অনন্যা শ্রিত দ্রব্য এই অর্থঃ। ঋকৃ গ্রাহ ও যোষি গ্রাহ পুত্র হীন ঋ ক্থীর ঋণ দিবেন এই সে সম্বন্ধঃ। এ সকলের সমবায়েতে ক্রম ও পাঠ ক্রমই তাহাতে ঋ কথ গ্রাহ ঋণ দিবেন তাহার অভাবে যোষিদগ্রাহ তাহার অভাবে পুত্র। তালো ইত্যাদি গের সমবায়ই উৎপন্ন যে হয় না সমবায় পদে একত্র বিষয় যে হেতুক ভ্রাতানয় পিতানয় কিন্তু পুত্রেরা পিতার

ঋ কৃ গ্রাহী এই বচন হেতুক পুত্র থাকিতে অন্যের ঋ কৃ গ্রহণ অসম্ভব। যোষিদ্গ্রাহ ও হয় না। যে হেতুক দ্বিতীয় পতি সাধ্বী স্ত্রীর কুত্রাপি উপদেশ নাহি এই স্মৃতি। সেঋণ পুত্রই দিবেন এই যুক্তি যে হেতুক পুত্র পৌত্রেরা ঋণ দিবেন ইহা কহিয়াছেন। অনন্যাশ্রিত দ্রব্য বিশেষণ ও অনর্থক যেহেতুক পুত্র থাকিতে দ্রব্যের অন্যাশ্রয় করণ অসম্ভব। সম্ভব হইলে ঋ কৃ গ্রাহ এ শব্দেতে করি যাই গতার্থ। পুত্র হীন যে ঋকৃী ইহা ও ব্যক্ত নয়। পুত্র থাকিতে ও ঋ কৃ গ্রাহ ঋণ দিবেন এনিশ্চ[illegible] তবে পুত্র নাথাকিলে ঋ কৃ গ্রাহ সুতরাং দিবেন ইহা সিদ্ধই হইয়াছে। ইহাতে কহিতেছি। পুত্র থাকিতে ও অন্য ঋ কথ গ্রাহী সম্ভবে যে হেতুক ক্লীব অন্ধ বধিবাদীর পুত্র থাকিলে ও ঋ কৃ গ্রাহত্ব নাই। ক্লীবাদিকে উপক্রম করিয়া তাহার দিগের অংশনাই কিন্তু ভরন পোষণ কর্ত্তব্য ইহা কহিবেন। সেই প্রকার সবর্ণা পুত্র ও অন্যায় প্রবর্ত্ত হইলে ঋ কথ পাইবেন না ইহা কাহার ও দিগের মতে এই গৌতম বচন হেতুক। এই হেতুক ক্লীবাদি পুত্র থাকিতে ও অন্যায় প্রবর্ত্ত সবর্ণা পুত্র থাকিতে ও ঋ কৃ গ্রাহী পিতৃব্য ও পিতৃব্য পুত্রাদি। যোষিদ্গ্রাহ যদ্যপি সাস্ত্র বিরোধেতে করিয়া সম্ভব হয় না তথাপি নিষেধ অতিক্রম যেকরে সে পূর্ব্বপতি কৃত ঋণ শোধনের অধিকারী হয়। সেই যোষিদ্গ্রাহ যে চারিপ্রকার স্বৈরিণীর অন্তিমাকে গ্রহণ করে এবং যে তিনপ্রকার পুনর্ভূর প্রথমাকে গ্রহণকরে। যে প্রকার নারদ কহিয়াছেন

পর পূর্ব্বস্ত্রী অন্য সাত প্রকার যথাক্রম কহিয়াছেন তাহার মধ্যে পুনর্ভূ তিনপ্রকার স্বৈরিনী চারিপ্রকার। এক বার বিবাহিতা হইয়া যেকন্যা অক্ষত যোনি হইয়া পুনর্ব্বার বিবাহিতাহয় পুনর্ভূর মধ্যে প্রথমা সে। যেকন্যা বিবাহিতা হইয়া ব্যভিচার দোষ যুক্তাহইলে দেশধর্ম্ম বিবেচনা করিয়া পিত্রাদিরা সেকন্যা অন্যকে প্রদান করিলে সে পুনর্ভূর মধ্যে দ্বিতীয়া হয়। দেবরনা থাকিলে বান্ধবেরযে স্ত্রীকে সবর্ণসপিণ্ডকে প্রদান করে সে পুনর্ভূর মধ্যে সেতৃতীয়া প্রসূতা হউক কিম্বা অপ্রসূতা হউক স্বামী জীবিত থাকিতে কামাধীন অন্যকে আশ্রয় করে সেপ্রথমা স্বৈরিনী। বালক পতীকে ত্যাগকরিয়া অন্য পুরুষকে আশ্রয় করিয়া যে পুনর্ব্বার পতির গৃহে আগমন করে সে দ্বিতীয়া স্বৈরিণী। স্বামী মরণানন্তর দেবরাদিরাপ্রাপ্ত হইলে তাহার দিগের যোগ করিয়া কামাধীন পরেতে উপগতা হয় যে স্ত্রী সে তৃতীয়া স্বৈরিণী। দেশহইতে প্রাপ্ত কিম্বা ধন দ্বারা ক্রীতা এবং ক্ষুধা পিপাসাতে আর্ত্তা হইয়া যেতোমার আমি হইলাম ইহাবলিয়া অন্য পুরুষেতে উপগতাহয় সে চতুর্থী স্বৈরিণী। স্বৈরিণীর মধ্যে যে চতুর্থী ও পুনর্ভূর মধ্যে যে প্রথমা এউভয়ের পতি কৃতঋণ যে এ উভকে আশ্রয় করিয়াছে সে দিবেক। সেই প্রকার অন্যও যোষিদ্গ্রাহ ঋণ সোধকারী তিনিই দেখাইয়াছেন। যাত্বস্ত্রীসপ্রধা নাস্যাৎ সাপত্যা বান্য মাশ্রয়েৎ। সোস্যাদ দ্যাদৃণং ভর্ত্তুরুৎ সৃজে দ্বাত স্থৈরতাং ॥ অর্থ॥ ধনের সহিত বর্ত্তমানাযে তাহার নাম সপ্রধানা অর্থাৎ

অনেক ধন যে স্ত্রীলোকের আছে কিম্বা পুত্রবতী যে স্ত্রী যাহাকে আশ্রয় করে সে এই স্ত্রীর পতির ঋণ দিবেক কিম্বা যে প্রকারে গ্রহণ করিয়া ছিলো সে প্রকারে ত্যাগকরিবেক॥ সেইপ্রকার। নির্ধন অপুত্র মৃতের স্ত্রীকে যে উপগত হয় তাহর পতির ঋণ সে দিবেক সে পতির যেই স্ত্রীইধন। সেবাক্য পুত্রের পুনর্ব্বার কথন ক্রমেরু নিমিত্তে। অনন্যা পিত দ্রব্য এই বিশেষণ বহু পুত্র থাকিতে ঋ কৃভাবে ও অংশ গ্রহণের যোগ্য যে তাহার ঋণ সোধনের অধিকারঅ যোগ্যের নয় এই নিমিত্তে পুত্র পৌত্র ঋ কৃভাবে ও ঋণ দিবেন ইহা কহিয়াছি। যে প্রকার নারদ কহিয়াছেন ক্রমাগত ও পৌত্রেতে প্রাপ্ত ও পুত্রেরা সোধকরেন নাই যে পৈতামহঋণ তাহা পৌত্রেরা সোধ করিবেন। ঋণ চতুর্থ পুরুষ হইতে নিবর্ত্ত হয় এই সকল নির্দ্দোষ হইলো। যদ্বা যোষিদ্গ্রাহাভাবে পুত্র ঋণ দিবেন ইহা কহিয়াছি তাহার অভাবে যোষিদ্গ্রাহ এইকহি পুত্র হীণস্য ঋ কৃন এ বচনে ঋ কৃ শব্দে যোষিৎ ইকহি। সেই স্ত্রীই পতিরধন এই স্মৃতি হেতুক। এবং যেযার দারা হরণ করে সেতার ধন হরণ করে এও স্মৃতি ভালো যোষিদ্গ্রাহাভাবে পুত্র ঋণ দিবেন পুত্রাভাবে যোষিদ্গ্রাহ ইহাপরস্পর বিরুদ্ধ উভয়ই থাকিলে কেহ দিবেনা এদোষনয়। চতুর্থী স্বৈরিণী গ্রাহক প্রথম পুনর্ভূগ্রাহক সপ্রধানা স্ত্রীহারী ইহাদিগের অভাবে পুত্র দিবেন। পুত্রাভাবে নির্ধন নিরপত্য যোষিদ্গ্রাহ দিবেক। এইটিই নারদ কহিয়াছেন। ধনহারী স্ত্রীহারী পুত্র ইহা

মধ্যে যে ধনে হারা সেই ঋণাধিকারী স্ত্রীহারীর নাথাকিলে পুত্রাদিরবে ধনহারীর পুত্র নাথাকিলে স্ত্রীহারী দিবেক এ বিরোধা ভাসের পরিহার পূর্ব্বের ন্যায় পুত্র হীনস্য ঋক্থিন এই বচনের অন্য প্রকার ব্যাখ্যা এই যেধনহারী স্ত্রীহারী পুত্র ইহারা ঋণ কাহাকে দিবেন এমন ইচ্ছা হইলে উত্তমর্ণকে দিবেন তাহার অভাবে তাহার পুত্রাদিকে দিবেন পুত্রাদির অভাবে কাহাকে দিবেন এমন অপেক্ষাতে এই উপস্থিত হইয়াছে যে পুত্র হীনস্য ঋ ক্থিন এইবচন। অর্থ। পুত্রাদি সন্তান হীন উত্তমর্ণের ঋ কথী অর্থাত ঋ কথ গ্রহণ যোগ্য যে সপিণ্ডাদি তাহাকে ধন হারী দিবেন। সেই প্রকার নারদ ও কহিয়াছেন। ব্রাহ্মণকে যাহাদিবে তাঁহা ব্রাহ্মণ নাথিকিলে তাহার সন্তানকে দিবেক সন্তান নাথাকিলে তাহার সকুল্যকে সকুল্য না থাকিলে তাহার বন্ধুদিগ্যে দিবেক ইহা কহিয়া২ ছেন। যে কালে সকুল্য ও নাহি সম্বন্ধি বান্ধব ও নাহি তবে ব্রাহ্মণ দিগের দিবেক ব্রাহ্মণ নাথাকিলে জলেতে ক্ষেপন করিবেক। ইদানী পুরুষ বিশেষ ঋণ গ্রহণ প্রতিষেধ হেত্তক অন্য ও নিষেধ করিতেছেন। ভাতৃনাম থদম্পত্যোঃ পিত্তঃ পুত্রস্য চৈবহি। প্রাতিভাব্য মৃণং সাক্ষ্যম বিভক্তে নত্ত স্মৃতং। অর্থ। ভ্রাতা দিগের ও স্ত্রী পুরুষের ও পিতাপুত্রের দ্রব্য বিভাগ না হইলে বিভাগের পূর্ব্বে পরস্পর প্রাতিভাব্য অর্থাত জামি নহ ও যুগ এবং ঋণ দানগ্রহণ এবং সাক্ষী হওয়া মন্বাদিরা

কহেন নাস্তী, ইহাযাথার্থ বটে নিবন্ধ, সাধারণ মন্ত্র পূর্ব্বক যে হেতুক প্রাতি-ভাব্য এবং সাক্ষীর অর্থাৎ সাক্ষী হওয়া এ দুই পক্ষে পর্য্যব সানে থাকিয়া এবং ঋণ পক্ষে অবশ্যাই দিতেহয়-ইহা ও পরস্পরানুমতি ব্যতিরেকে পর স্পরানু মতিতে অবিভক্ত ইহাদিগের ও প্রাতি ভাব্যাদি হয়। কিন্তু বিভাগানপর পরস্পরানুমতি ব্যতিরেকেতে ও হয়। তাঁহারা স্ত্রী পুরুষের বিভাগের পূর্ব্বে যে প্রাতি ভাব্যাদি নিষেধ যুক্তহয় না স্ত্রী পুরুষের বিভাগ নাই এপ্রযুক্ত বিভাগের পূর্ব্বে এই কহা অনর্থক। বিভাগা ভাব ও আপস্তম্ব দেখাইয়া ছেন। স্ত্রীপুরুষের বিভাগ নাই এই বচনেতে ইহা ই জানায় সত্য শ্রুতিতে উক্ত যে অগ্নি সংস্থাপন এবং স্মৃতি তে উক্ত যে অগ্নিসংস্থাপন তাহা দ্বারা সাধ্য যে কর্ম্ম এবং সেইকর্ম্মের ফলএই সকলে স্ত্রীপুরুষের বিভাগ নাই কিন্তু সর্ব্ব কর্ম্মেতে ও ধনেতে ও যে বিভাগনাই এমন নয়। যে হেতুক সেই প্রকার। স্ত্রীপরুষের বিভাগনাই এই কথা কহিয়া স্ত্রীপুরুষের বিভাগ নাই ইহাকি এই অপেক্ষা করিয়া অবিভাগের হেতু কহিয়াছেন। পানি গ্রহণাদি সহত্বং কর্ম্মসু তথা পুণ্য ফলেচেতি। অর্থ যে হেতুক বিবাহ আরম্ভ করিয়া সকল কর্ম্মে ইসাহিত্য শ্রবণ করিতেছি স্ত্রীপুরুষ উভই অগ্নিকে আধান করিবেন অর্থাৎ সং স্থাপন করিবেন এইশ্রুতিতে সেই হেতুক আধান কর্ম্মেতে স্ত্রীর সহিত পুরুষের অধিকার হেতুক আধান দ্বার সিদ্ধ যে অগ্নি তাহার দ্বারা সাধ্য যে কর্ম্ম সকল তাহাতে সহাধি কার

আছে সেই প্রকার বিবাহ থাকিতে স্মৃতিতে উক্ত কর্ম্ম হয় এই স্মৃতি বাক্য হেতুক বিবাহ সিদ্ধ যে অগ্নি তাহা দ্বারা সাধ্য যে কর্ম্ম সকল তাহাতে ও সহাধিকারই হয়। এই হেতুক এ উভয় প্রকার অগ্নির অপেক্ষা নাই যাহাতে এমন যে পুষ্করিণী প্রতিষ্ঠাদি কর্ম্ম সকল তাহাতে স্ত্রী পুরুষের পৃথক অধিকার সিদ্ধ হইয়েছে। সেই প্রকার পুণ্য সকলের ফল যে স্বর্গাদি তাহাতে ও স্ত্রী পুরুষের সাহিত্য শ্রবণ আছে স্বর্গেযোতি মর্য্যাদেবন্ত স্ত্রীপুরুষ উভয়ে প্রাপ্তহয়েন ইত্যাদি ইহাতে যেকর্ম্মেতে সহাধি কারি সেই কর্ম্মের ফলে ও সহাধিকার জানিবা। কিন্তু পতির অনুজ্ঞাতে করিয়া যে পুষ্করিণী প্রতিষ্ঠাদি কর্ম্ম সকল তাহাদিগের ফলে সহাধিকার নাই। ভালো দ্রব্য স্বামীত্বতে ও সাহিত্য কহিয়াছেন এবং দ্রব্য পরিগ্রহেতে ও যে হেতুক পতি প্রবাসে গমন করিলে স্ত্রী নৈমিত্তিক দান করিলে স্ত্রীকে চোর কহেন নাই। ইহাতে করিয়া স্ত্রীর দ্রব্য স্বামীত্ব দেখাইয়া ছেন সত্য কিন্তু বিভাগা ভাব দেখান নাই। যে হেতুক দ্রব্য পরিগ্রহেতে ও স্বামিত্ব কহিয়া তাহাতে কারণ কহিয়াছেন যে পতি প্রবাসে যাইলে নৈমিত্তিক ও অবশ্য কর্ত্তব্য যে দানও অতিথি ভোজন ও ভিক্ষাদানাদি তাহা করিলে যে হেতুক চৌর কহেন নাই ঋষাদিরা সেই হেতুক ভার্য্যার ও দ্রব্য স্বামিত্ব আছে। তাহা নাথাকিলে চৌর্য্য হউক ইতি সেই হেতুক স্বামী ইচ্ছাতে ভার্য্যারও দ্রব্য বিভাগ হইবে কিন্তু স্ত্রীর ইচ্ছাতে হইবেনা। যেপ্রকার কহিয়াছেন। যদি পিতা

পুত্রদিগের সমানাংশ করিবেন এবং ভ্রাতৃদিগের ও সমানাংশ ভাগিনী করিবেন ইতি। ইদানীং প্রাতিভাব্য নিরূপণ করিবার নিমিত্তে কহিতেছেন ॥ যথা। দর্শনে প্রত্যয়ে দানে প্রাতি ভাব্যং বিধীয়তে। আদ্যৌত্ত বিতথেদাপ্যাবিত রস্য সুতা অপি॥ অর্থ। বিশ্বাসের নিমিত্তে পুরুষান্তরের সহিত যে প্রতিজ্ঞা তাহার নাম প্রাতিভাব্য তাহাও বিষয় ভেদ হেতুক তিন প্রকার ভিন্ন হয়। বিষয় ভেদে তিনপ্রকার এই যেইহাকে দেখিবার অপেক্ষা থাকিলে আমি দেখাইব ॥ অর্থাৎ এই রূপ প্রতিজ্ঞা যেকরে তাহার নাম দর্শন প্রতিভূ আমার বিশ্বাস দ্বারা ইহাকে ধন প্রদান করহ এ তোমাকে বঞ্চনা করিবেনা যে হেতুক অমুকের পুত্র এ ইহার প্রায় উর্ব্বরা ভূমিই সমুদায় এমন উত্তম গ্রাম আছে যদিএব্যক্তি ধন প্রদান না করে তবে আমি ই তোমাকে ধনদিব অর্থাৎ এই রূপ প্রতিজ্ঞা করিলে দান প্রতিভূহয় । কিন্তু দর্শনে প্রতি ভূও দ্রব্য প্রতি ভূ এ দুই এরদ্বারা অদর্শন হইলে এবং বিশ্বাসের অন্যথা হইলে উত্তমর্ণকে ধন রাজা দেওয়া ইবেন ।দান প্রতিভূর অধমর্ণ ধন নাদিলে তাহার পুত্র দিগের দ্বারা ও উত্তমর্ণকে রাজা ধন দেওয়া ইবেন। দান প্রতিভূর পুত্র দিগের দ্বারাও দেওয়া ইবেন একথা কহিবার তাহ্ পর্য্যও দর্শন প্রতিভূ প্রত্যয় প্রতিভূএ দুই এর পুত্র দ্বারাদেওয়া ইবেন না ইহা ও কহিয়া ছেন। পুত্র দ্বারা দেওয়া ইবেন ইহাকহিয়া তাত পর্য্যেতে পৌত্র দ্বারা দেওয়া ইবেন না ইহা ও দেখাইয়া ছেন। এই স্পষ্টকরি

বার নিমিত্তে কহিয়াছেন। দর্শনপ্রতিভূর্যত্র মৃতঃ প্রাত্যয়িকোপিবা। নতৎ [illegible] দদ্যুর্দ্দানীয় যঃস্থিতঃ॥ অর্থ। যে কালে দর্শন প্রতিভূ কিম্বা প্রত্যয় প্রতিভূ পরলোক গত হইয়াছেন সেকালে সে দুই এর পুত্রেরা প্রতিভূর নিমিত্তে যে ঋণ তাহা দিবেন না যে দান প্রতিভূ সে পরলোক প্রাপ্ত হইলে তাহার পুত্রেরা দিবেক কিন্তু পৌত্রেরা দিবেকনা সে পুত্রেরা ও মুলই দিবেক বৃদ্ধি দিবেক না। [illegible] মহ ঋণ পৌত্রেরা এবং প্রতিভূর নিমিত্তে ঋণ পুত্রেরা সমানই দিবেন তাহার পুত্রেরা দিবেন না। এই ব্যাস বচন হেতুক প্রাতি ভাব্য ব্যতিরিক্ত পিতামহ ঋণ পৌত্রেরা পিতা মহ যত লইয়াছিলেন ততই পৌত্রেরা দিবেন বৃদ্ধি দিবেন না তদ্বৎ তাহার পুত্র ও প্রতিভূ নিমিত্তক পৈতৃক ঋণ মাত্র দিবেন বৃদ্ধি দিবেন না তাহাদের পুত্র অর্থাৎ প্র পৌত্রের পুত্র পৌত্রেরা এমত ঋণ মূল ও দিবেন না ॥ যাহা কহিয়া ছেন মনু॥ [illegible]কা বিত্তহীনঃ স্যাল্লগ্নকো বিত্তবান্যদি। মূলং তস্য ভবেদ্দেয়ং নবৃদ্ধিং দাতু মর্হতিতি ॥ সেস্থলে ও প্রতিভূ অর্থাৎ জামিন দার যদ্যপি মরে তবে তাহার পুত্র মূল মাত্রই দিবেন বৃদ্ধিদিবেনা ইহাই ব্যাখ্যা করিবেন। আর যেস্থলে দর্শন প্রতিভূ কিম্বা তৎপ্রায় প্রতিভূ বন্ধক লইয়া গিয়াছে সে স্থলে তাহার দের পুত্রেরা ও সেই বন্ধক হইতে প্রতিভূ নিমিত্তক ঋণ দিবেন অবশ্য ॥ এই মত কাত্যায়ন কহিয়াছেন যে বন্ধক গ্রহণ করিয়া প্রত্যয় প্রযুক্তধন দেয় নাহি পরলোক প্রাপ্ত হইল কিম্বা দূরদেশে গেল তবে তাহার

পুত্র সেই ঋণ হইতে সে ... ঋণ দিবেক ॥ অতঃ পর তাহাতে অনেক প্রতিভূ সম্ভব হয় এ প্রাপ্তি প্রকারে দিবেক এই মনন করিয়া কহিতেছেন ॥ ... বহবঃ স্যুর্যদি স্বাং স্বাংশতঃ প্রতি ভূবোধনং। এক চ্ছায়া শ্রিতে ষেষু ধনি কস্য যথারুচিঃ ॥ অর্থ। যদি এক প্রয়োগেতে দুই জন কিম্বা অনেক জন প্রতিভূ হইয়া থাকেন তবে বিভাগ করিয়া আপন যোগ্যাংশ দিবেন ॥ এক চ্ছায়াশ্রিতের অর্থ এক যে অধমর্ণ তাহার চ্ছায়াকে অর্থাৎ সাদৃশ্য যুক্ত প্রাপ্ত হইয়া ছেন যে সমস্তেরা খাদক যেমন সকল দ্রব্য দিবার নিমিত্তে প্রস্তুত ছিলেন সেই মত দান প্রতিভূরা সকল ঋণ প্রত্যেকে অংশ করিয়া দিতে প্রস্তুত হইবেন ॥ এপ্রকার দর্শন প্রতিভূ প্রত্যয় প্রতিভূ এক চ্ছায়া শ্রিত প্রতিভূ হইলে সমস্ত উত্তম র্ণের যথা রুচি যেমন ইচ্ছা॥ অত এব ধন স্বামী আপন বিত্ত অপেক্ষা স্বার্থ লাভ যাহা চাহে তাহাই সকল দিবে নতুবা অংশ হইতে। আর এক চ্ছায়া শ্রিতের মধ্যে এক জন যদ্যপি দেশান্তর গমন করিয়াছে তাহার পুত্র যদি নিকটে থাকে তবে ধন স্বামীর ইচ্ছামত সে সমুদায় দিবেক আর কোন ব্যক্তির ব্যতিরেকে যদি কেবল আপনি দেয় তবে পিতৃ যোগ্যাংশ দিবে সুধ ছাড়া ॥ এই মত কাত্যায়ন ও কহিয়া ছেন এক চ্ছায়াতে প্রবিষ্ট যে সকল প্রতিভূ তাহার দিগের দেয় তাহাতে যাহাহয় যদি সেব্যক্তি প্রধান স্থিত হয় তবে তাহার সমুদায় অংশ পুত্র দিবেন ইতি প্রতিভূ নিমিত্তক ঋণ দান বিধি কহিয়া প্রতিভূ দত্ত ঋণের প্রতি ক্রিয়া

দেয়কে অতিক্রম না করিয়া দেয়ে তত্ত নিষ্ঠঃ স্থাপিত গৃহীত ধনের প্রত্যর্পণ অর্থাৎ শোধ [illegible] নিরূপিত কাল অর্থাৎ অবধি রহিত গোপ্যরক্ষা [illegible] তাহার চতুর্থ ধআধির কাল কহিতেছেন ॥ যথা ॥ আধিঃ প্রণশ্যেৎ দ্বিগুণে ধনে যদিন মোচ্যতে। কালে কাল কৃতো নশ্যেৎ ফল ভোগ্যোন নশ্যতি॥ অর্থাৎ প্রযুক্ত ধন স্বকৃত বৃদ্ধির কালক্রমেতে দ্বিগুণ হয় যদ্যপি অধমর্ণ দ্রব্য দান দ্বারা আধি মুক্ত না করে তবে সে বন্ধক নষ্ট হয় ধন প্রয়োগ কর্ত্তার হয় ইতি। কাল কৃত অর্থাৎ যে নিরূপিত কাল সেই সময়ে আর ধনের দ্বৈগুণ্য হইতে পূর্ব্ব পরেই বা বন্ধক নষ্ট হয়। আর যে বন্ধকের ফল ভোগ আছে ক্ষেত্রবা গাণ দুগ্ধবতী গোরু ইত্যাদি বিষয় নষ্ট হয়না। কৃত কালের গোপ্যের ভোগ্যের তৎ কালের অতিক্রমে নাশ হয় ইহা কহিয়াছেন ॥ যথা ॥ কালে কাল কৃতো নশ্যেদিতি॥ অকৃত কাল ভোগের নাশ হয়না আর উক্ত ফল ভোগ্যোনষ্ট হয়না পারিশেষ্য হেতুক আধি নষ্ট হয় সে অকৃত কাল গোপ্য আধি বিষয় অবস্থান করিলেন ॥ দ্বৈগুণ্যাতি ক্রমেতে করিয়া নিরূপিত কালাতি ক্রমেতে করিয়া আধি বিনাশ হইলে সন্তচতুর্দশ দিবস ১৪ অপেক্ষা করিবে বৃহস্পতি বচনা ধীন বোধ হয় সুবর্ণ দ্বিগুণ হইলে পূর্ব্ব কালে অর্থাৎ মিয়াদ হইলের পরে ও বন্ধকের দুই সপ্তাহ ধনী অপেক্ষা করিবেন্ তাহার মধ্যে ও যদ্যপি ধনদেয় তবে ঋণী বন্ধক পাইবেক ইতি ॥ ভাব্যো আধি প্রণশ্যেৎ ইহা যে কহিয়াছেন তাহা উপপন্ন হয় না। অধমর্ণের স্বত্ব নিবৃত্তি

হেতু দান বিক্রয়াদির অভাব হেতুক। আর ধনি প্রভৃতে ত্বমি বার হেতু যে প্রতি প্রত্যর্পণাদি তাহার অভাব হেতুক আর মনু বচন বিরোধ হেতুক ও। যথা॥ নচাধেঃ কাল সংরোধাৎন্নি ক্রর্গাম্বিনু বিক্রয় ইতি॥ চিরকালা বস্থান হেতুক আধিরয়ে অন্যত্রাধী করণ তাহাবিধি নাহি এবং বিক্রয় ও হয়না। এ প্রকার যদ্যপি হইল আধী করণ ও বিক্রয় প্রতিষেধ হেতুক ধনির স্বত্বাভাবই অবগত হইল। উচ্যতে॥ অর্থাৎ মীমাংসা করিতেছেন আধী করণই লোকে সোপাধিক স্বত্ব নিবৃত্তি হেতু। আধি স্বীকার যে তিনি লৌকিক স্বত্বা পত্তি হেতু প্রসিদ্ধ তাহাতে ধনের দ্বৈগুণ্য নিরূপিত প্রাপ্তকাল হইলে সম্বদ্রব্য দানের অত্যন্ত নি বৃত্তির এই বচন দ্বারা অধ মর্ণের আত্যন্তি কী স্বত্ব নিবৃত্তি উত্তমর্ণের আত্যন্তিক স্বত্ব সম্ভবহয়। আর মনু বচন বিরোধ ও হয়না যে হেতুক নক্তে বাধৌ সোপকারে কৌসীদীং বৃদ্ধিমা প্নুয়াদিতি ভোগ্য আধিকে প্রস্তুত করিয়া ইহা কহিয়াছেন। আর নচাধেঃ কাল সংরোধাৎ এবচন ভোগ্যাধির চিরন্তন কালাব স্থানে ও আধি করণ বিক্রয় নিষেধেতে করিয়া ধনির স্বত্ব নাহি ইহাই কহিয়াছেন ফল ভোগ্যোন নশ্যতীতি গোপ্যাধিতে প্রপ্রারম্ভ করিয়াছেন মনু॥ নভোক্ত ব্যোবলা দাধি ভুঞ্জা নোবৃদ্ধি মুৎ সৃজেৎ। ইহাও এই স্থানে কহিবেন। গোপ্যা ধি ভোগে নোবৃদ্ধি রিতি॥ আধি প্রণশ্যেৎ দ্বিগুণ এ ও গোপ্যাধির প্রতি কহিলে সকল অবি রুদ্ধহয়॥ কিঞ্চ॥ গোপ্যাধি ভোগে নোবৃদ্ধিঃ সোপকারে ২ থহাপিতে। নষ্টো

দেয়ো বিনষ্টশ্চ দৈব রাজ কৃতাদৃতে ॥ অর্থ ॥ গোপ্যাধি অর্থাৎ তামুকড়া ভোজন পাত্রাদির উপভোগেতে বৃদ্ধিপায় না। অল্প উপভোগেতে অনেক বৃদ্ধি নষ্টহয় সময়াতি ক্রম হইলে তদ্বৎ সোপকারে অর্থাৎ উপকার কারি ঘলাইহক ও তামুক টাহ যদি বন্ধক থাকে আর সেই ঋণ যদ্যপি সবৃদ্ধি হয় ধনীব্যক্তি যদি বন্ধক ভোগ করিয়া থাকে তবে হানি হয় ব্যবহারা ক্ষমত্বকে প্রাপ্ত হইয়া বৃদ্ধি নিষেধ জল পাত্রতামুক টাহাদি যদি ছিদ্রহয় কিম্বা ভগ্নহয় তবে পূর্ব্ব বৎ করিয়া প্রস্তুত করিয়া দিবেক তদ্বৎ গোপ্যাধি নষ্ট হইলে পূর্ব্ব বৎ করিয়া দিবেক উপ ভোগ হইয়া থাকে তবে বৃদ্ধি ও হানি হইবেক যাহা ভোগ করিয়া থাকেন তাহা পূর্ব্ব বৎ করিয়া দিবেন। বৃদ্ধি সম্ভাবে বৃদ্ধিবা হানি করিবেন আর বিনষ্ট অর্থাৎ আত্যান্তিক ভগ্ন হইয়া থাকে তাকে ও মূল্যাদি দ্বারা প্রস্তুত করিয়া দিবেন তবে সবৃদ্ধিক ধন পাইতে পারিবেন নতুবা মূলনাশ ॥ বিনষ্ট হইলে মূলনাশ হয় ইহা নারদ ও কহিয়া ছেন ॥ দৈব রাজ কৃতা দৃতে ॥ ইহার অর্থ দৈব পদে অগ্নিজল দেশো পপ্লবাদি অর্থাৎ জলে অগ্নিতে যদি নষ্টহইয়া থাকে কিম্বা রাজা যদ্যপি বলাৎকার করিয়ালইয়া থাকেন তবে অধমর্ণ সবৃদ্ধিক মূল্য দিবেন আধি ব্যতিরেকে বা ॥ যথাহ ॥ স্রোত সাপহৃতে ক্ষেত্রে রাজ্ঞা চৈবা পহা রিতে। আধি রন্যোপ্য কর্ত্তব্যো দেয়ং বাধনিনে ধন মিতি অর্থ ॥ স্রোত সাপহৃত অর্থাৎ জলের বেগেতে উৎপাটন হই য়া নষ্টহয় যে ক্ষেত্র াদিএও দৈব কৃতউপলক্ষণ জানিবেক।

আর বলিয়তছেন ॥ আধিঃ স্বী করণাৎ সিদ্ধি রক্ষ্যমাণো সারতাং। যাতশ্চদন্যা আধেয়ো ধনভাগ্যা ধর্মীভবেৎ ॥ আধের্গোপ্যাস্য ভোগ্যস্যচ স্বীকরণাৎ উপভোগাৎ সিদ্ধি লেখ্য লিখনের উদ্দেশ ব্যতিরেক ॥ যাহা কহিয়াছেন নারদ আধি দুই পুকার হয় স্থাবর জঙ্গম এই উভয়ের সিদ্ধি যদি ভোগ থাকে অন্যথা হয় না ইহার ফল ॥ ঐ আচার্য্য পুতি গ্রহেক্রীতে পূর্বাতু বলবত্ত রেতি ॥ স্বীকার পর্য্যন্তা যে ক্রিয়া সেই পূর্বা বলবতী স্বীকার রহিতা পূর্বাও বলবতী নয় ইতি ॥ সেই আধিকে পুকৃষ্ট যত্নেতে রক্ষা করিলে ও যদ্যপি কাল বশেতে করিয়া অসার তাকে আবিষ্কার করে সবৃদ্ধিক মূল্য দ্রব্যেতে ও পর্য্যাপ্ত হয়না তবে অন্য আধি করিবেক অর্থাৎ তদ্যোগ্য অন্য বন্ধক দিবেক। অথবা ধনিকে ধনদিবে উত্তম রূপে যদি রক্ষ্য মাণহয় গ্রহণ কালীন কহে যে ধনী উত্তম রূপে রক্ষাকরিব আমী ॥ আধিঃ পূর্ণ শোধ্যৎ দ্বিগুণ ইহার অপবাদ কহিতেছেন ॥ যথা ॥ চরিত্র বন্ধক কৃতং সবৃদ্ধ্যা দাপয়ে দ্ধনং। সত্য ঙ্কারকৃতং দ্রব্যং দ্বিগুণং পুতি দাপয়েৎ ॥ অর্থ ॥ চরিত্র পদে উত্তম আচরণ সেই কৃতা চরণ দ্বারা যে বন্ধক তাহার নাম চরিত্র বন্ধক তাহার দ্বারা যে দ্রব্য আত্মসাৎ করিয়া থাকেন পরাধীনবা অর্থাৎ পরকেই বাদে ওয়া থাকেন। এই উক্ত হইতেছে ধনির স্বেচ্ছা শয়েতে করিয়া বহু মূল্য ও দ্রব্যাকে বন্ধক দিয়া অধমর্ণ যদি অল্প মূল্য দ্রব্য আত্মসাৎ করেন। যদি বা অধমর্ণের স্বেচ্ছাশয়েতে করিয়া অল্প মূল্য ও দ্রব্য আধি

করিয়া উত্তমর্ণ অনেক মূল্যে দ্রব্য অধমর্ণকে দেয় পুনর্ব্বার কোন আপত্তি হইলে রাজাবৃদ্ধির সহিত এককালেন দেওয়াইবেন এই আশয় এবং ভুক্তবন্ধক দ্বিগুণ হইলেও নষ্ট হবেনা কিন্তু দ্রব্যই দ্বিগুণ দিবেক। তাহার মধ্যে এই শ্রুতি আছি॥ বন্ধক দিবার সময়ে এপ্রকার বলিয়া থাকে দ্বিগুণ হইলেও আমি দ্বিগুণ দিব কিন্তু আমার আধি নষ্ট হইবেক না তবে তাহা হইতে দ্বিগুণ দেওয়াইবেন। চরিত্র বন্ধক স্থলে চরিত্র শব্দে গঙ্গাস্নান অগ্নিহোত্রাদি দ্বারা জন্মিয়াছে যে পুণ্য একটি অপূর্ব্ব যে স্থলে তাহাকেই আধিকরিয়া অর্থাৎ ধন গৃহণ কালীন যদি কহে তুমি আমাকে দুইশত মুদ্রাধার দেওয় আমি চাতুর্মাস্য কৃতদ্বারা যে পুণ্য প্রাপ্ত হইয়াছি তাহাই তোমাকে বন্ধক দিলাম যে স্থলে ও ধন দ্বিগুণ হইয়াথাকে সেই ধন দ্বিগুণ হবে আর আধি নষ্ট হয় না ইতি॥ আধি প্রসঙ্গাধীন অন্য ও কহিয়াছেন॥ সত্যংকারকৃতমিত॥ক্রয় বিক্রয়াদি ব্যবস্থা নির্ব্বাহ হওনের নিমিত্ত যদি অঙ্গুরীয়কাদি পরহস্তে দেয় তবে ব্যবস্থাতি ক্রমেতে করিয়া দ্বিগুণই দিবেন তাহার মধ্যে যে ব্যক্তি অঙ্গুরীয়কাদি অর্পণ করিয়াছেন তিনি যদি ব্যবস্থাতি বর্ত্তী থাকেন তবে সে ধন হারাইবেন। আর অন্য যদি ব্যবস্থাতি ক্রম করেন তবে সেই অঙ্গুরীয়কাদির দ্বিগুণ দিবেন॥ কিঞ্চ॥ উপস্থিত স্যমোক্তব্য আধিস্তে নোন্যথা ভবেৎ। প্রয়োজকে সতিধনং কুলেন্যস্যাধি মাপ্নুয়াৎ॥ অর্থ॥ অধমর্ণ ধনদান দ্বারা আধি মোচন করিতে উপস্থিত হইলে তাহার বন্ধক

মোচন অবশ্যই করিবেন আপনার ধন বৃদ্ধির নিমিত্তে ধনী কেন বিলম্ব নাকরেণ। অন্যথা যদি মুক্ত নাকরেন তবে চৌরের দণ্ডের তুল্য দণ্ড পাইবেন অসন্নিহিত হইয়া থাকে যদি প্রয়োগ কর্ত্তা তবে সেই বংশে প্রামানিক লোকের হস্তে বৃদ্ধির সহিত ধন অর্পণ করিয়া অধমর্ণ স্বকীয় বন্ধক লইবেন। অতঃপর প্রয়োগ কর্ত্তা ও নাথাকে এবং আপ্তলোকে ও নাথা কেন গৃহীতা ও নাথাকে যদি আধি বিক্রয় করিয়া ধন দিতে ইচ্ছাকরে অধমর্ণ সেস্থলে কি কর্ত্তব্য এই অপেক্ষাতে কহিতেছেন ॥ যথা ॥ তৎ কাল কৃত মূল্যোবা তত্রতিষ্ঠে দবৃদ্ধিকঃ ॥ অর্থ ॥ সেই কালে তাহারবন্ধক দ্রব্যের যে মূল্য হয় তাহা কল্পনা করিয়া সেই ধনির নিকটে মুদ্রা সংখ্যা করিয়া রাখিবেন যে পর্য্যন্ত ধনী তাহার আধিমোচন নাকরিবেন সে পর্য্যন্ত ধন বৃদ্ধি হইবেনা অর্থাৎ সুধপাবেন না আর যখন দ্বিগুণ হয় ধন তখন দ্বিগুণই রহিবে নতুবা আধিনাশ হইবেক এই বিচারিত ঋণ গ্রহণ কালে দ্বিগুণী ভূত দ্রব্যে অধমর্ণ অসন্নিহিত হইলে ধনী কি করিবেন এই অপেক্ষাতে কহিতেছেন ॥ যথা ॥ বিনা ধারণ কাষাদি বিক্রী গীতস সাক্ষিকং ॥ অর্থ ॥ অধমর্ণ ব্যতিরেকে অর্থাৎ অধমর্ণ যদি অসন্নিহিত হইয়া থাকে তবে সাক্ষী সকলের সহিত ও আপ্তের দিগের সহিত সেই আধিকে বিক্রয় করিয়া আপন ধন গ্রহণ করিবেন ইতি ॥ সে স্থলে ঋণ গ্রহণ কালেই আধি দ্বিগুণ হইয়া থাকে সেকালে যদি বিচার করিয়া থাকে আমার ধন মাত্রই আমি লইব আধি নষ্ট

হইবেনা। তবে আধিঃ প্রণষ্টোঽ দ্বিগুণ এই বচন অধি
চারিত স্থলে বিচারিতে এই পক্ষই মোক্ষ ॥ ভোগ্যাধিতে
বিশেষ কহিতে হেন ॥ যথা ॥ যদাতু দ্বিগুণীভূতং ঋণং মাধৌ ত
দাখলু। মোচ্য আধি স্তদুৎ পন্নে প্রবিষ্টে দ্বিগুণে ধনে
॥ অর্থ ॥ যখন প্রযুক্ত ধন স্বকৃত বৃদ্ধি দ্বারা দ্বিগুণ হয়
তখন সেই আধিতে উৎপন্ন যে ধন সে যদি ধনীর
ভোগেতে প্রবিষ্ট হয় তবে সেই কালে ধনী আধি মুক্ত করিবে
যদি আগেই আধি দিবার সময়ে দ্বিগুণ হইয়া থাকে তুমি
আধি মোচন করিবে ইহা পরি ভাষা দ্বারা কারণা সুরেইবা
ভোগাভাবে যদি দ্বিগুণ হয় তবে ভোগের নিমিত্তে ধনিতে
প্রবিষ্ট তদুৎ পন্নদ্রব্যদ্বি গুণ হইলে সন্ত আধি মোচন
করিবেক ॥ অধিক উপভোগেতে ও তাই দিবেক ॥ সর্বথা
সবৃদ্ধিক মূল্যঋণা পাকরণ অর্থাৎ ঋণ সোধনের প্রয়োজন
হইয়া হেন যে আধির উপভোগ তদ্বিষয়ক এই বচন ॥
ইহাকেই ক্ষয়াধি করিয়া লৌকিকে কহে। যেস্থলে বৃদ্ধির
প্রয়োজন হইয়াছেন আধির উপভোগ এই রূপ পরিভাষা
অর্থাৎ কথোপ কথন থাকে সেস্থলে দ্বৈগুণ্যকে অতিক্রম
করিলে ও যাবৎ পর্য্যন্ত মূল্য অর্পণ নাকরে অর্থাৎ ঋণ
সোধন নাকরে তাবৎ আধিকে উপভোগ করিবেক ইহাই
স্পষ্ট করিয়াছেন বৃহস্পতি ॥। যথা ঋক্থী বন্ধ মবা প্নুয়াৎ
ফল ভোগং পূর্ণকালং দত্ত্বা দ্রব্যঞ্চ সামকং। যদি প্রকর্ষিতং
তৎ স্যাত্ত দান ধন ভাগিনী ॥ ঋক্থী চনসত্তে মক্তং পরপন্নর
মৃতং বিনেতি ॥ ইহার অর্থ ॥ যে আধির ফল ভোগ হয়

সেই আধির নাম ফল ভোগ্য আধি তথা দুষ্কয় তাঁগোর ফল বানবন্ধ সেদুই প্রকার হয় প্রথম সবৃদ্ধিক ঋণা পাকরণার্থ দ্বিতীয় বৃদ্ধিমাত্র সোধন করণার্থ তাহার মধ্যে সবৃদ্ধি মূল্যাপা করণ সমর্থ যে বন্ধক পূর্ণকালং অর্থাৎ পূর্ণ হইয়াছে কাল যার সেই পূর্ণ কাল আধিকে পায় ঋণী। যদি সবৃদ্ধিক মূল্য অর্থাৎ বন্ধক হইতে যে ফল ভোগ হই য়াছে তাহাতে যদি সুধের সহিত মূলধন ধনী পায় তবে বন্ধক পায় ঋণী আর বৃদ্ধিমাত্র সোধন সমর্থ যে বন্ধক তদ্বিষয়ে সমান ধন দিয়া বন্ধক লইবেক ঋণী ইতি॥ ইহার অপবাদ দেখাইতে ছেন॥ যথা ॥ যদি প্রকর্ষিতং তৎস্যাৎ॥ অর্থ সেই যে বন্ধক তিনি যদি প্রকর্ষিত অর্থাৎ অতি শয়িত হয়েন বৃদ্ধি হইতে ফল অধিক হয় তবে ধনী ধন পাইতে পারেন না। আর সামকংনলভেদ্বন্ধং ইহাতে বোধহয় ঋণী মূল্য নাদিয়াই বন্ধক গ্রহণ করিবেন॥ অতঃ পর অপ্রকর্ষিত অল্পফল ভোগ হইয়া থাকে যে বন্ধকে অর্থাৎ সেই উপস্বত্ব হইতে বৃদ্ধিও পর্য্যাপ্তহয়না সেস্থলে ও অধমর্ণ বন্ধক পাইবেন বৃদ্ধি শেষ অবশেষ নাহইলে ও॥ পুনর্ব্বার উভয় স্থলে অপবাদ কহিতে ছেন॥ যথা॥ পরস্পর মতং বিনেতি। উত্তমর্ণ ও অধমর্ণ এই উভয়ের পরস্পরা নুমতি ব্যতিরেকে প্রকর্ষিতং ইত্যাদি যদি কহিয়া ছেন॥ তথাপিপরস্পরানু মতিতে উৎকৃষ্ট ও বন্ধক যদিহয় যাবৎ মূলধন অর্পণ নাকরে তাবৎ পর্য্যন্ত বন্ধক ভোগ

করিবেক উত্তমর্ণ নিকৃষ্ট মূল মাত্র দিয়াও অধমর্ণ বন্ধক পাইতে পারেন নাইতি ॥ ০ ॥ ইতি শ্রীলক্ষ্মীনারায়ণন্যায়ালঙ্কার বিরচিতে মিতাক্ষরা দর্পণে ঋণাদান প্রকরণং নাম প্রথমো লোকঃ ॥ ০ ॥ ০ ॥

অতঃপর উপনিধি কহিতেছেন। বাসন স্থমনাখ্যা যদ্হস্তে ন্যস্য দর্প্যতে। দ্রব্যং তদৌপনিধিকং প্রতিদেয়ং তথৈবতৎ ॥ অর্থ ॥ নিক্ষেপ দ্রব্য যাহাতে থাকে তাহার নাম বাসন তাহাতে যাহা থাকে তাহার নাম বাসনস্থ সেই দ্রব্য তাহার রূপ সংখ্যার বিশেষ না কহীয়া তাহাতে মুদ্রাঙ্ক দিয়া অন্যের হস্তেরক্ষা নিমিত্তে প্রণয় হেতুক অর্পণ করিলে তাহাকে ঔপনিধিক কহাজায়। যে প্রকার নারদ কহিয়াছেন। অসংখ্যাত অর্থাৎ অগণিত এবং অবিজ্ঞাত অর্থাৎ বিশেষরূপে জ্ঞাত নয় এবং মুদ্রাঙ্কের সহিত যে দ্রব্য অর্পণ করে তাহা উপনিধি জানিবেন এই উপনিধিই গণিত হইলে নিক্ষেপ জানিবেন। প্রিতি দেয়ং তথৈবতৎ॥ অর্থ ॥ যাহার হস্তে স্থাপিত করিয়াছিলেন তিনিই পূর্ব্বে যে রূপ মুদ্রাঙ্কাদি যুক্ত করিয়া অর্পিত ছিলো সেই প্রকারই যে স্থাপন করিয়াছিলো তাহাকে অর্পণ করিবেন। তাহাকে অর্পণের অপবাদ কহিতেছেন। নদাপ্যো সহতং তত্ত্বরাজ দৈব তস্করৈঃ ॥ অর্থ ॥ সেই উপনিধি রাজা কর্ত্তৃক কিম্বা দেবতা কর্ত্তৃক কিম্বা জলাদি কর্ত্তৃক নষ্ট হইলে কিম্বা তস্কর কর্ত্তৃক অপহৃত হইলে যাহার নিকট উপনিধিছিলো তিনি দিবেন না ধনিরিই সে দ্রব্য নষ্ট হইয়াছে। যদি চিহ্ন

কারিত না হয় যে প্রকার নারদ কহিয়াছেন। গৃহীতার দ্রব্যের সহিত যে উপনিধি নষ্ট হয় সে ধনিরই নষ্ট হয় এবং দৈবকৃত ও রাজকৃত নষ্ট ও তাহার ন্যায় যদি উপনিধি না প্রদান করেন তবে তাহার পর যদি রাজাদিকর্তৃক নষ্ট হয় তথাপি সেই দ্রব্যের মূল্য ধনিকে দিবেন রাজাকে তাহার সমান দণ্ড দিবেন। উপনিধি ভোক্তার প্রতি দণ্ড কহিতেছেন। আজীবন্ স্বেচ্ছয়াদণ্ড্যো দাপ্যস্তং বাপিসোদয়ং। যে স্বেচ্ছাধীন ধনির অনুমতি ব্যতিরেকে উপনিধি দ্রব্য উপভোগ করে কিম্বা প্রয়োগাদি দ্বারা লাভার্থে ব্যবহার করে সে ব্যক্তিকে উপভোগানুসারে দণ্ড করিবেন সেই উপলিধি উপভোগ করিবেন বৃদ্ধিরসহিত এবং ব্যবহার করিলে লাভেরসহিত ধনিকে দেওয়াইবেন। বৃদ্ধি প্রমাণ ও কাত্যায়ন কহিয়াছেন। নিক্ষেপত্র বং বৃদ্ধিশেষ এবং ক্রয় ও বিক্রয় যাচ্ঞা করিলে যদি নাদেন তবে শত প্রয়োগে পঞ্চবৃদ্ধিহয়। ইহাও উপভোগ করিলে জানিবা। উপেক্ষাতে ও অজ্ঞানেতে নষ্টহইলে বিশেষ তিনই দেখাইয়াছেন। উপভোগ করিলে বৃদ্ধির সহিত দিবেন উপেক্ষাতে নষ্টহইলে সমান দিবেন অজ্ঞানে নষ্টহইলে কিঞ্চিৎ ন্যূন দিবেন। কিঞ্চিৎ ন্যূন শব্দে চতুর্থাংশহীন। উপনিধির ধর্ম্ম যাচিতা দিতে আরোপণ করিতেছেন। যাচিতা ন্বাহিত ন্যাস নিক্ষেপাদি ষ্বয়ং বিধিঃ। অর্থ। বিবাহাদি উৎসব কর্ম্মেতে বস্ত্রালঙ্কারাদি যাচ্ঞা করিয়া গ্রহণ করিলে সেই বস্ত্রালঙ্কারাদির নাম যাচিত। যেদ্রব্য এক ব্যক্তির হস্তে অর্পিত

করিলে সেব্যক্তি ও অন্য হস্তে যাহার দ্রব্য তাহাকে দেও ইহা কহিয়া অর্পণ করে সেই দ্রব্য অন্বাহিত। গৃহস্বামিকে দেখাইয়া তাহার অপ্রত্যক্ষে তেই গৃহের কোন ব্যক্তির হস্তে গ্রহণ স্বামীকে দিও এই কহিয়া যে দ্রব্য অর্পণ করে তাহার নাম ন্যাস। কিন্তু প্রত্যক্ষে সমর্পণ করিলে নিক্ষেপ-হয়। আদিশব্দেতে করিয়া সুবর্ণ কারকাদির হস্তে কট কাদি নির্ম্মাণের নিমিত্তে যে সুবর্ণাদির ন্যাস হইয়াছে সে সুবর্ণাদির এবং প্রতি ন্যাসের ও পরস্পর প্রয়োজনা পেক্ষাতে তুমি আমার এই সুবর্ন রক্ষাকর আমি তোমার এই সুবর্ণ রক্ষাকরি এই বাক্যেতে করিয়া ন্যাস সুসর্ণাদির যে গ্রহণ। অর্থাৎ আদি শব্দে এই রূপন্যাশও পাওয়া জাই বেক। যে প্রকার নারদ কহিয়াছেন। এষ এবধি দৃষ্টোযাচি তান্বাহি তাদিষু। সিল্পিষূপনিধৌ ন্যাসে প্রতি ন্যাস স্তথৈ বচেতি। অর্থ উপনি ধিবিষ যে প্রতি দানাদি বিধি সেই যাচিতা দিতে এই বিধি জানিবা। এই নিক্ষেপ প্রকরণ ৷৷ ০ ৷৷ লিখিত ও ভুক্তি ও সাক্ষী প্রমাণ হন ইহা কহিয়াছি এবং তাহার মধ্যে ভুক্তি নিরূপণ করিয়াছি সংপ্রতি সাক্ষি স্বরূপ নিরূপণ করিতেছি। সাক্ষী সাক্ষাৎ দর্শন হেতুক শ্রবণ হেতুক ও হয়। যে প্রকার মনু কহিয়াছেন। সমক্ষ দর্শনাৎ সাক্ষ্যং শ্রবণা চ্চৈব সিদ্ধ্যতীতি। অর্থ। সাক্ষাৎ দর্শন হেতুক এবং শ্রবণ হেতুক ও সাক্ষী সিদ্ধ হয়। সাক্ষী ও দুই প্রকার কৃত এবং অকৃত। সাক্ষি রূপে যাহাকে নিরূপণ করা গিয়াথাকে কৃত তিনি এবং সাক্ষির রূপে যাহাকে নিরূপণ

নাকরা গিয়াথাকে তিনি অকৃত। তাহাতে কৃত পাঁচ প্রকার এবং অকৃত ছয়প্রকার এই একাদশ প্রকার। যে প্রকার নারদ কহিয়াছেন। একাদশ প্রকার সাক্ষী শাস্ত্রে পণ্ডিতেরা দেখাইয়াছেন্ তাহাতে পাঁচ প্রকার কৃত জানিবা ছয়প্রকার অকৃত কহেন তাহাদিগের মধ্যে তিনিই দেখাইয়াছেন লিখিতও স্মারিতও যদৃচ্ছাভিজ্ঞও গূঢ়ও উত্তর সাক্ষী এই পাঁচ প্রকার কৃত। লিখিতাদির ও স্বরূপ কাত্যায়ন কহিয়াছেন। অর্থী স্বয়ং যাহাকে আনিয়া পত্রেতে নিবেস করেন অর্থাৎ যাহার নাম পত্রেতে লিখন থাকে সেই সাক্ষী লিখত এবং পত্রে যাহার নাম নাই সেই স্মারিত। স্মারিত সাক্ষীর বিবরণ কাত্যায়নই কহিয়াছেন। এই যে অর্থী কার্য্য সুসিদ্ধির নিমিত্তে কার্য্য বিবেচনা করিয়া যে সাক্ষীকে পুনঃপুনর্ব্বার স্মরণ করান সেই সাক্ষী স্মারিত এই সাস্ত্র কহাজায়। যে অকারণে আগত তাহাকে সাক্ষী করিলে সেই সাক্ষী যদৃচ্ছাভিজ্ঞ। স্মারিত এবং যদৃচ্ছাভিজ্ঞ এদুএর পত্রে নাম না থাকিলেও ভেদ কাত্যায়নই দেখাইয়াছেন্ প্রয়োজনের নিমিত্তে আনীত এবং প্রসঙ্গ হেতুক আগত যে এ দুই সাক্ষী সে অলিখিত অর্থাৎ ইহাদিগের পত্রে নাম নাই ইহারা পূর্ব্বপক্ষের সাধক। সে দুই যে প্রকার তাহা এই যে অর্থী আপনার কার্য্য সিদ্ধির নিমিত্তে গোপনেরাক্ষিয়া প্রত্যর্থির বাক্য স্পষ্টরূপে যাহাকে শ্রবণ করায় সেই গূঢ়সাক্ষী মুনিদিগের কর্ত্তৃক কথিত। অর্থি দ্বারা শ্রবণ করিয়া কিম্বা আপনিই শ্রবণ করিয়া সাক্ষীরও সাক্ষী হইয়া যে উপর্য্যুপরি

হহে তাহার নাম উত্তর সাক্ষী। অকৃত ছয় প্রকারেরও ভেদ নারদ দেখাইয়াছেন। এই ছয় গ্রামস্থ ও প্রাড়্বিবাক ও রাজা ও অর্থি প্রত্যর্থির কার্য্যাধ্যক্ষ এবং বিবাদেতে অর্থির প্রেরিত যে তাহারা সাক্ষী জানিও। প্রাড়্বিবাক শব্দ গ্রহণ হেতুক লেখক সভ্যও পাওয়া জাইবেক। লেখক ও প্রাড়্বিবাক ও সভ্য সকল রাজা কার্য্য নির্ণয় করিলে ইহারা সাক্ষী ইহা মুনিরা কহিয়াছেন। সে সাক্ষীরা কি প্রকার ও কতগণিত হইবেক এই নিমিত্তে কহিতেছেন। তপস্বিনোদানশীলা কুলীনা সত্যবাদিনঃ। ধর্ম্মপ্রধানা ঋজবঃপুত্রবন্তো ধনান্বিতাঃ। ত্র্যবরা সাক্ষিণঃজ্ঞেয়া শ্রৌতস্মার্ত্তক্রিয়া পরা যথাজাতিযথাবর্ণং সর্ব্বে সর্ব্বেসু বাস্মৃতাঃ ॥ অর্থ ॥ তপস্বীপদে স্বভাবতো যে তপস্বী এবং দানেতে রত এবং মহাকুলোৎপন্ন এবং সত্যবাদী এবং ধর্ম্মই প্রধান যাহার অর্থ কাম প্রধান যাহার নয় এবং অকুটিল এবং পুত্রবান্ ও ধনবান্ এবং বেদোক্ত স্মৃত্যুক্ত কর্ম্ম পরায়ণ। এবং নিত্যনৈমিত্তিক কর্ম্মা সক্ত এই প্রকার সাক্ষীন্যূন সংখ্যাতিন জন হয় ইহার অধিক ইচ্ছাধীন হয় কিন্তু ন্যূন হয় না। এবং অর্থি প্রত্যর্থিরা যে জাতি সেই জাতিই সাক্ষী হইবেক যেমত মূর্দ্ধাভিষিক্ত জাতির মূর্দ্ধাভিষিক্ত ই হইবেক এইরূপ অম্বষ্ঠাদির ও হইবেক। এবং যেমনবর্ণ আপনি সেইবর্ণ সাক্ষী তাহাতে ব্রাহ্মণের সাক্ষী উক্ত লক্ষণান্ত ব্রাহ্মণই হইবেক এইরূপ ক্ষত্রিয়াদির ও হইবেক সেইরূপ স্ত্রীলোকের সাক্ষী স্ত্রীলোকই করিবেন। যে প্রকার মনু কহিয়াছেন। স্ত্রীণাং সাক্ষ্যং স্ত্রিয়ঃকুর্য্যু রিতি।

সজাতিও সমান বর্ণের অসম্ভব হইলে সকল মূর্দ্ধাভিষিক্ত প্রভৃতি জাতির এবং ব্রাহ্মণাদি বর্ণের মূর্দ্ধাভিষিক্তাদিও ব্রাহ্মণাদির মধ্যে যে সম্ভবে তাহাই সাক্ষী হইবেক। উক্তলক্ষণ যুক্ত সাক্ষীর অভাব নিষেধ রহিত অন্য সাক্ষী হইবেক ইহা জানাইবার নিমিত্তে অসাক্ষীদিগে কহিবেন। তাহারাও পাঁচপ্রকার নারদ দেখাইয়াছেন। এই যে অসাক্ষীও পণ্ডিতেরা শাস্ত্রেতে পাঁচপ্রকার দেখাইয়াছেন বচন হেতুক অসাক্ষীও দোষ হেতুক অসাক্ষীও ভেদ হেতুক অসাক্ষীও স্বয়মুক্তিও মৃতান্তর। বচন হেতুক অসাক্ষী কাহারা ইহা কহিতেছেন শ্রোত্রিয়াস্তাপসা বৃদ্ধাযে চপ্রব্রজিতাদয়ঃ। অসাক্ষিণস্তে বচনান্নাত্রহেতুরুদাহৃত ইতি। অর্থ। বেদাধ্যয়ন ও বেদোক্ত কর্ম্মানুষ্ঠান নিয়ত যিনি করেন এমন ব্যক্তি এবং বান প্রস্থ এবং বৃদ্ধ এবং ব্রহ্মচর্য্যাদিআশ্রমী ইহারা বচন হেতুক অসাক্ষী ইহাতে হেতু কহেন নাই আদিশব্দে পিতার সহিত বিবাদ কারকাদির গ্রহণ। যে প্রকার শঙ্খ কহিয়াছেন। এই যে পিতার সহিত বিবাদ করে এবং গুরু কুল বাসীয়ে এবং ব্রহ্ম চর্য্যাদি আশ্রমীয়ে এবং বান প্রস্থ এবং নির্গ্রন্থ ইহারা অসাক্ষী। দোষ হেতুক অসাক্ষী দেখাইয়াছেন। এই চৌরও সাহসিক ও অতি ক্রোধযুক্ত ও দ্যূত ক্রিয়া রত ও বঞ্চক ইহারা সদোষ হেতুক এ সকলের সত্যনাই। ভেদ হেতুক যে অসাক্ষী তাহার স্বরূপ তিনিই দেখাইয়াছেন। এই যে ইহারা আমার এই বিষয়ের সাক্ষী এ রূপ নির্দিষ্ট এবং পত্রে যাহা দিগের নাম লিখিত এমণ

যে সাক্ষী সকল তাহা দিগের মধ্যে এক ব্যক্তি অন্য প্রকার কহিলে ভেদ হেতুক সে সকলেই অসাক্ষী হন। সেই প্রকার স্বয় মুক্তি স্বরূপ ও দেখাইয়াছেন। এই যে অনির্দ্দিষ্ট হইয়া স্বয়ং আসিয়া কহে শাস্ত্রেতে তাহাকে সূচী ইহা কহেন্ সে সাক্ষী হইতে পারেনা। মৃতান্তরের ও লক্ষণ কহিয়াছেন। যোর্থঃ শ্রাবয়িতব্যঃ স্যাত্ত স্মিন্নুপ্রতি চার্থিনি কৃতম্বন্ও সাক্ষিত্ব মিত্য সাক্ষী মৃতান্তর ইতি। অর্থ। যে অর্থী কিম্বা প্রত্যর্থী সাক্ষি দিগে বিষয় শুনাইবেন যে তোমার আমার এ বিষয়ে সাক্ষী এ রূপ সেই অর্থী কিম্বা প্রত্যর্থী মরিলে বিষয় ও অনিবেদিত হইলে সাক্ষী কোন বিষয় কাহার নিমিত্তে সাক্ষ্য কহিবেন এই হেতুক তিনি মৃতান্তর সাক্ষী হন না। যে স্থলে মুমূর্ষু ব্যক্তি কিম্বা সুস্থ ব্যক্তি এ বিষয়ে ইহারা সাক্ষী এই কথা পুত্রাদিকে শুনাইয়াছে সে স্থলে মৃতান্তর ও সাক্ষী হয়। যে প্রকার নারদ কহিয়াছেন। এই যে অর্থী মরিলে মৃতান্তর ও সাক্ষী হয কিন্তু মুমূর্ষু কর্ত্তৃক শ্রাবিত ব্যতিরেকে তেমনি সুস্থ কর্ত্তৃক শ্রাবিত ব্যতিরেকে মৃতান্তর ও সাক্ষী হয়। অর্থী কিম্বা প্রত্যর্থী সেস্থলে মরিলে ও অস্বাহিতাদি ছয় প্রকার বিষয়ে তাহারা সাক্ষী হয়। সেই সকল অসাক্ষী এই দেখাইতেছেন। স্ত্রীবাল বৃদ্ধ কিতব মত্তোন্মত্তাভি শস্তকাঃ। রঙ্গাব তারি পাষণ্ডি কূট কৃদ্বিকলে ন্দ্রিয়াঃ॥ পতিতা প্তার্থ সম্বন্ধি সহায় রিপু তস্করাঃ। সাহসী দৃষ্টদোষশ্চ নির্দ্ধূতা দ্যাস্তসাক্ষিণঃ। অর্থ। স্ত্রী ও অপ্রাপ্ত ব্যবহার বালক এবং বৃদ্ধশব্দে অশীতি বর্ষ

বয়স্ক এ স্থলে বৃদ্ধগুহণ বচন নিষিদ্ধযে শ্রোত্রিয়াদি তাহা দিগের ও পাইবার নিমিত্তে। এবং দ্যূত ক্রিয়ারত এবং বুহ্মহত্যাদিদ্বারা অতি যুক্ত এবং নৃত্যগীত ব্যবসায়ি এবং পাষণ্ডি এবং কপট লেখ্যাদি কারী এবং শ্রোত্রাদি ইন্দ্রিয় রহিত এবং বুহ্মহত্যাদি পাপদ্বারা পতিত এবং সুহৃদ এবং যাহার সহিত অর্থ লইয়াবিবাদ এবং শত্রু এবং চৌর এবং সাহসী এবং পুত্যক্ষে যাহার মিথ্যা বাক্য এবং যাহার বন্ধুলোকেরা ত্যাগ করিয়াছে। এবং আদিশব্দে স্মৃত্যন্তরে উক্ত যেং অসাক্ষী তাহার ও গুহণ এই যে স্ত্রী বালকাদিরা সাক্ষী হয় না ন্যূন সংখ্যাতে তিন সাক্ষী যে তাহার অপবাদ কহিতেছেন। উভয়ানুমতঃ সাক্ষীভবত্যেকো ।পিধর্ম্মবিৎ ।।অর্থ।। জ্ঞান পূর্ব্বক নিত্যনৈ মিত্তক ধর্ম্মানুষ্ঠান যে করে সে যদি উভয়ের সম্মত হয় তবে এক পত্রে এক জনও সাক্ষী হয় অপিশব্দ হেতুক দুই জনও হয়। যদ্যপি বেদোক্ত স্মৃত্যুক্ত কর্ম্মানুষ্ঠানকারী এমন তিন সাক্ষী হয় অতএব যে রূপ এক সাক্ষী সেই রূপ তিনি সাক্ষী এ দুই সমান হয় তথাপি তিন সাক্ষী উভয়ের সম্মতির অভাবেও হয় এক সাক্ষী দুই সাক্ষী উভয়ের সম্মতি বিনা হয় না এই হেতুক তিন সাক্ষীর গুহণ সার্থক। তপস্বীদানশীল হইলে সাক্ষী হইবে ইহার অপবাদ কহিতেছেন। সর্ব্বসাক্ষী সংগুহবে চৌর্য্য পারুষ্য সাহসে। সংগুহণাদির লক্ষণ কহিবেন সেই সংগুহণাদি বচনেতে নিষিদ্ধেরা এবং তপস্যাদি গুণগ্রাহি

তো ও সাক্ষী হয়। কিন্তু দোষ হেতুক অসাক্ষীরা ও ভেদ হেতুক অসাক্ষীরা ও স্বয়মুক্তিরা এরাও সাক্ষী হয় না যে হেতুক সত্যাভাব রূপ হেতু এ স্থলে ও বিদ্যমান আছে মনুষ্য মারণং চৌর্য্য এবং পারুষ্য ইহারদিগের ও সাহসত্ব আছে অর্থাৎ সংগ্রহন চৌর্য্য পারুষ্য এতিন পুনর্ব্বার বচনের মধ্যে ধরিবার আবশ্যক নাই সাহস গ্রহণেতেই সিদ্ধ হয়। তথাপি আপনার বচনেতে করিয়া লোকের সমক্ষেতে সেই স্ত্রী সংগ্রহণাদি শব্দ বাচ্য হয় এই হেতুক তাহাদিগের সাহস হইতে পৃথক গ্রহণ। সাক্ষি শ্রাবণ কহিতেছেন। সাক্ষিন শ্রাবয়েদ্বাদিপ্রতি বাদিসমীপগান্। সাক্ষীরা একত্র না হইলে এবং জিজ্ঞাসা না করিলে কহিবেন না এই গৌতম বচন হেতুক অর্থী প্রত্যর্থীর নিকট সাক্ষীরা একত্র হই লক্ষিবেন যাহা তাহারা শ্রবণ করাইবেন তাহাতে ও কাত্যায়ন বিশেষ দেখাইয়াছেন এই অর্থী প্রত্যর্থীর প্রতি বাদী এমন সাক্ষী সকলকে অর্থি প্রত্যর্থির নিকেট প্রাড়্বাক এই বিধানেতে করিয়া সান্ত্ব করিয়া কহিতে আজ্ঞা দিবেন। দেব ব্রাহ্মণ নিকটে পূর্ব্বাহ্নে আপনি শুচি হইয়া শুচি এবং উত্তরাভি মুখ কিম্বা পূর্ব্বাভি মুখ এমন ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যকে সাক্ষি নিতে সত্য বাক্য জিজ্ঞাসা করিবেন। সদাচারজ্ঞ এবং সকল বিধ যজ্ঞ যে সাক্ষী সকল তাহার দিগের আহ্বান করিয়া সপথ দ্বারা দমন করিয়া পৃথক্ পৃথক জিজ্ঞাসা করিবেন। সেই প্রকার ব্রাহ্মণাদিকে শ্রাবণেতে মনু নিয়ম দেখাইয়া ছেন ॥ যথা ॥ সত্যেন-

শাপয়েদ্বিপ্রং ক্ষত্রিয়ং বাহনায়ুধৈঃ। গোবীজ কাঞ্চনৈ বৈশ্যং শূদ্রং সর্ব্বৈস্তু পাতকৈঃ॥ অর্থ। তুমি অন্যথা কহিলে তোমার সত্যনষ্ট হইবেক এইরূপ ব্রাহ্মণকে দিব্য দিবেন। তুমি অন্যথা কহিলে তোমার বাহন ও অস্ত্র বিফল হইবেক এই দিব্য ক্ষত্রিয়কে দিবেন। তুমি অন্যথা কহিলে তোমার গো ও বীজ ও স্বর্ণ সকল বিফল হইবে এই দিব্য বৈশ্যকে দিবেন। তুমি অন্যথা কহিলে তোমার সকল পাতক হই বেক এই দিব্য শূদ্রকে দিবেন। ইহাতে অপবাদ মনুই দেখাইয়াছেন ॥ যথা॥ গোরক্ষকান্ বাণিজকান তথা কারু কুশীলবান্। প্রেষ্যান্ বার্দ্ধুষিকাংশ্চৈব বিপ্রান্ শূদ্রবদাচরেৎ ॥ অর্থ। গোরক্ষক এবং বাণিজ্যকারী এবং পাকই উপজী বিকা যাহার এবং নৃত্যগীতই উপজীবিকা যাহার এবং বেতনদ্বারা আজ্ঞা বশবর্ত্তী এবং বৃদ্ধি উপজীবিকা যাহার এ সকল ব্রাহ্মণকে শূদ্রের ন্যায় ব্যবহার করিবেন। প্রতিবাদী সাক্ষীর দোষ দিলে প্রত্যক্ষ যে বাল্যাদি দোষ তাহা সেই রূপ দোষই নির্ণয় হইবেক। অযোগ্য দোষ হইলে সাক্ষী বাক্য হেতুক এবং অন্যালোক হেতু নির্ণয় করিবেন্ সাক্ষ্যন্ত রেতে করিয়া নির্ণয় করিবেন না এইহেতুক অনবস্থা নাই ॥ যদি প্রতিবাদী সাক্ষীর দোষোদ্ভাবন করিয়া সিদ্ধ করিতে না পারে তবে তাহাকে তাহার ধনাদি বিবেচনা করিয়া দণ্ড করিবেন যদি সিদ্ধ করিতে পারে তবে তাহারা সাক্ষীনয়। যে প্রকার কহিয়াছেন। এই সাক্ষি দোষোদ্ভাবন করিয়া সিদ্ধ করিতে না পারিলে প্রতিবাদীকে দণ্ড দিবেন সিদ্ধ করি

তে পারিলে তাহারদিগের সাক্ষিধর্ম্ম হইতে নিরাকরণকরিয়া বর্জ্জন করিবেন। নির্দিষ্ট সকল সাক্ষী দুষ্ট হইলে অর্থাৎ যখন ক্রিয়ান্তর নিরপেক্ষ হন তখন পরাজিত হন। যেহেতুক সাক্ষি দোষ সিদ্ধ হইলে যদি বাদী নিরাকাঙ্ক্ষ হন তবে তিনি পরাজিত হইয়া শাস্ত্র দৃষ্ট কর্ম্ম দ্বারা দণ্ড দিবেন এই স্মৃতি বচন। সাকাঙ্ক্ষ হইলে ক্রিয়ান্তর অবলম্বন করিবেন এই অভিপ্রায়। প্রাড্বিবাক কি প্রকার সাক্ষীরদিগকে শ্রবণ করাইবেন ইহা কহিতেছেন। যথা যে পাতককৃতাং লোকা মহাপাতকিনান্তথা। অগ্নিদানাঞ্চ যে লোকা যে চ স্ত্রী বালঘাতিনাং স তান্ সর্ব্বানবাপ্নোতিয়ঃ সাক্ষ্য মনৃতং বদেৎ। সুকৃতং যত্ত্বয়া কিঞ্চিজ্জন্মান্তর সতৈঃ কৃতং তৎ সর্ব্বং তস্যজানীহিয়ং পরাজয়সে মৃষা॥ অর্থ॥ পাতক ও উপপাতক ও মহাপাতক করে যে তাহারদিগের এবং অগ্নি দাতা দিগের এবং স্ত্রীওবালক বধকর্ত্তার দিগের যে নরক হয় সেইসকল নরক সাক্ষ্যেতে যে মিথ্যা কহে তাহার হয়। সেইপ্রকার শত শত জন্মান্তরে যে পুণ্য তুমি করিয়াছ সে সকল তাহার হয় যে তোমার মিথ্যাবাক্যতে করিয়া পরাজিত হয় এই শ্রবণ করাইবেন। এও শূদ্রের পক্ষে জানিবা যেহেতুক শূদ্রং সর্ব্বৈস্তু পাতকৈঃ এই বচনেতে করিয়া শূদ্রকে সকল পাতক শ্রবণ করান বিহিত। এবং গোরক্ষকাদি দ্বিজ পক্ষেও নয় যে হেতুক গোরক্ষকান্ এই বচনেতে করিয়া তাহারদিগের পক্ষে কহিয়াছেন্। অনেক জন্মার্জ্জিত পুণ্য পরিত্যাগ মহা পাতকাদি ফল প্রাপ্তি মিথ্যাবাক্য মাত্রেতে করিয়া সিদ্ধ

হয় না। এই হেতুক সাক্ষিদিগের ত্রাসের নিমিত্তে এ বচন কহিতেছেন। যে প্রকার নারদ কহিয়াছেন। এই যে পুরাণেতে করিয়া ধর্ম্ম বচনেতে করিয়া এবং সত্যবাক্যের মাহাত্ম্য কথনেতে করিয়া এবং মিথ্যা বাক্যের নিন্দাতে করিয়া সাক্ষিদিগের অতিশয় ত্রাসযুক্ত করিবেন। যখন সাক্ষিগিগের এই প্রকার শ্রাবণ করাইলেও কোন প্রকারে কিছু কহে না তখন কি করিবেন ইহাতে কহিয়াছেন।।যথা।। অব্রুবন্ হি নরঃ সাক্ষ্যমৃণং সদশবন্ধকং। রাজ্ঞা সর্ব্বং প্রদাপ্যঃস্যাৎষট্চত্বারিংসকেহনি ।। অর্থ ।। যে ব্যক্তি সাক্ষ্যস্বীকার করিয়া প্রার্থিত হইয়া কিছু কহে না। রাজা ধনির দশমাংসের সহিত সবৃদ্ধি ঋণ ধনীকে তাহা দ্বারা দেওয়াইবেন। কিন্তু দশমাংস রাজার হয়। যে হেতুক সাহিত ধনের দশমাংশ অধমর্ণিক দ্বারা রাজা আপনাকে দেওয়াইবেন ইহা কহিয়াছেন। এ বিধান ওষট্চত্বারিংশৎ দিবস প্রাপ্ত হইলে জানিবা। তাহার মধ্যে কহিলে দেওয়াইবেন না ইহাও ব্যাধ্যাদি উপদ্রব রহিত যে সাক্ষী তাহার পক্ষে। যে প্রকার মনু কহিয়াছেন ।। যথা ।। ত্রিপক্ষাদব্রুবন্ সাক্ষ্যমৃণাদিষু নরোঽগদঃ। তদৃণং প্রাপ্নুয়াৎ সর্ব্বং দশবন্ধঞ্চ সর্ব্বশঃ ইতি। ব্যাধি রহিত যে মনুষ্য সে ঋণাদানাদি ব্যবহারে। ত্রিপক্ষ পর্য্যন্ত সাক্ষ্য না কহিলে সেই ঋণ সকল এবং রাজাকে দেয় দশমাংস সকল প্রাপ্ত হন অর্থাৎ এ সকলই তাহাকে দিতে হয়। ব্যাধি রহিত ইহাতে করিয়া রাজার উপদ্রব ও দৈব উপদ্রব রহিত ও জানিবা। যে ব্যবস্থা

দোরা আতে করিয়া জানিয়া ও সাক্ষ্যই স্বীকার

করেনা তাহার প্রতি কহিতেছেন ॥ যথা॥ নদদাতি হিয়ংসা ক্ষ্যংজানন্নপিনরাধমঃ। সকূট সাক্ষিণাং পাপৈ স্তুল্যো দণ্ডেন চৈবহি॥ যে নরাধম বিষয় বিশেষ রূপে জানিয়াও সাক্ষ্য প্রদান নাকরে অর্থাৎ নাস্বীকার করে সে ব্যক্তি পাপেতে ও দণ্ডেতে কূট সাক্ষির তুল্য হয়। কূট সাক্ষি দিগের দণ্ড কহিবেন কূট সাক্ষি দিগের দণ্ড করিয়া পুনর্ব্বার ব্যবহার প্রবর্ত্ত করিবেন। কিম্বা কূট সাক্ষ্য বিদিত হইলে নিবর্ত্ত হইকরিবেন। সাক্ষি বিপ্রতি পত্তিতে কিপ্রকারে নির্ণয় হয় ইহা কহিতেছেন॥ যথা॥ দ্বৈধেবহুনাং বচনং সমেষু গুণিনাং তথা গুণিদ্বৈধেও বচনং গ্রাহ্যং যে গুণবত্তমাঃ। সাক্ষিদিগের দ্বৈধ হইলে অনেকের যে বাক্য তাহাই গ্রহণ করিবেন সমসংখ্যক সাক্ষির দ্বৈধ হইলে যাহারা গুণবান্ তাহারদিগের বচন গ্রাহ্য করিবেন যে কালে গুণবানেরদিগের দ্বৈধ হইবে সে কালে উত্তম গুণবান্ যাহারা তাহাদিগের বাক্য গ্রাহ্য। গুণবানপদে বেদাধ্যয়ন ভদর্থানুষ্ঠান ওধন পুত্রাদি রূপগুণযুক্ত ইহা জানিবা। যে স্থলে কথক গুণবান্ অগুণবান অনেক সে স্থলেও গুণবানেরই বাক্য গ্রাহ্য। যেহেতুক উভয়ানুমতঃ সাক্ষী ভবত্যে কোপিধর্ম্মবিত এই বচনেতে করিয়া যাহার গুণাতিশয় তাহারই মুখ্যত্ব জানাইয়াছেন। ভেদ হেতুক অসাক্ষী যে কহিয়াছেন। সে সকল তুল্য সাক্ষী হইলে বিশেষ জ্ঞান যে স্থলে না হয় সেই স্থলে জানিবা। সাক্ষি কিপ্রকার কহিলে জয় হয় কি প্রকার কহিলে পরাজয় হয় ইহা কহিতেছেন॥ যথা॥ যস্যোচু সাক্ষিনঃ সত্যাং প্রতিজ্ঞাং

সজয়ীভবেৎ । অন্যথা বা দিনোয়স্য ব্রুবন্তস্য পরা জয়ঃ ॥ অর্থ ॥ যে বাদির দ্রব্যজাতি সংখ্যাদি যুক্ত যে প্রতিজ্ঞা সাক্ষিরা সত্য কহে অর্থাৎ ইহা সত্য আমরাও এ প্রকার জানি এই বাক্য কহে সে জয়ী হয় যে বাদির প্রতিজ্ঞা এ মিথ্যা এমন কথা সাক্ষিরা কহে তাহার পরাজয় নিশ্চিত হয় । যে স্থলে প্রতিজ্ঞার অর্থের বিস্মরণাদি দ্বারা সাক্ষীরা ভাব ও অভাব উভয় কহে সে স্থলে প্রমাণান্তর দ্বারা নির্ণয় করিবেন। রাজা সাক্ষিদিগের পুনঃপুনর্ব্বার জিজ্ঞাসা করিবেন না তাহাদিগের স্বভাবোক্ত বাক্যই গ্রহণ করিবেন । যে প্রকার কহিয়াছেন । সাক্ষিদিগের স্বভাবোক্ত দোষ বর্জ্জিত বাক্যই গ্রাহ্য এবং সাক্ষিরা কহিলে রাজা আরপুনঃপুনর্ব্বার জিজ্ঞাসা করিবেন না সাক্ষিরা যে বাদীর প্রতি মিথ্যা কহে তাহার নিশ্চিত পরাজয় ইহার অপবাদ করিতেছেন ॥ যথা ॥ উক্তেপিসাক্ষিভিঃ সাক্ষ্যে যদ্যন্যেগুণবত্তমাঃ। দ্বিগুণাবান্যথা ব্রূয়ুঃ কূটাঃস্যুঃপূর্ব্বসাক্ষিণঃ ॥ অর্থ॥ পূর্ব্বোক্ত লক্ষণ যুক্ত সাক্ষীরা সাক্ষ্য বিপরীত করিয়া কহিলে যদি পূর্ব্ব সাক্ষী হইতে উত্তমগুণবান সাক্ষীরা কিম্বা পূর্ব্বাপেক্ষাতে দ্বিগুণ সাক্ষীরা প্রতিজ্ঞার অর্থের আনুকূল্য করিয়া সাক্ষ্য কহে তবে পূর্ব্ব সাক্ষীরা কূট হয় অর্থাৎ মিথ্যা বাদী হয় ভালো এ ইহার উপপত্তি হয় না। কেননা যেহেতুক অর্থি প্রত্যর্থী ও সভ সভাপতিরা পরীক্ষা দ্বারা প্রমাণ করিয়াছেন যে সাক্ষিদিগে তাহারা কহিলে ও প্রমাণান্তরের অন্বেষণ করিলে - বৃথা দোষ হয় । এবং যে লিখিত ও সাক্ষিরূপ প্রমাণ

যদি পূর্ব্বে নিবেদিত না হয় তবে ব্যবহার শোধিত হইলে সে প্রমাণ নিস্ফল হয়। যেমন ধান্যপক্ক হইলে বর্ষা গুণ নিস্ফল হয় তাহার ন্যায় ব্যবহার সম্পন্ন হইলে প্রমাণ নিস্ফল হয় এই নারদ বচন হেতুক ও অর্থাৎ উপ পত্তি হয় না। কহিতেছি। যে কালে প্রতিজ্ঞাতার্থের মধ্যে আত্মসাক্ষিত্ব প্রযুক্ত যে সাক্ষিদিগের দোষ ব্যক্ত নাও হইয়া থাকে এমন সাক্ষীদিগের বাক্য বৈপরীতত্ব প্রযুক্ত অর্থী অপ্র মাণ মানিয়া সাক্ষি সকলেতে দোষ কল্পনা করেন সে কালে প্রমাণান্তরের অন্বেষণ কে বারণ করে। ইহা ও কহিয়াছেন এই যাহার ইন্দ্রিয়দুষ্ট যাহার বাক্যেতে মিথ্যা এমন প্রত্যয় হয় সেই অসমীচীন অর্থাৎ মন্দ। যেমন চক্ষুরাদি ইন্দ্রিয়ের দোষ ব্যক্ত না হইলেও বিষয়ের বৈপরীত্য প্রযুক্ত সেই চক্ষুরাদি জনিত জ্ঞানের অপ্রামাণ্যেতে করিয়া চক্ষুরাদির দোষ কল্পনা হয় সে প্রকার এস্থলে ও অর্থাৎ যে সাক্ষির দোষ ব্যক্ত হয় নাই সে সাক্ষীর বাক্যের অন্যথা হইলে ও দোষ কল্পনা হয়। এবং যে হেতুক সাক্ষী পরীক্ষা ব্যতিরে কে বাক্য পরীক্ষার উপদেশ ও আছে। সাক্ষি কর্ত্তৃক উক্ত বাক্য সভ্যের সহিত রাজা পরীক্ষা করিবেন ইহা কাত্যায়ন ও কহিয়াছেন। যথা। যদাশুদ্ধা ক্রিয়ান্যায়া ও দাতদ্বাক্য শো ধিনং শুদ্ধাচ্চবাদাঃ শুদ্ধঃ সশুদ্ধোর্থ ইতি স্থিতিরিতি অর্থ ক্রিয়া পদে সাক্ষী তিনি অর্থি সম্বন্ধি সাক্ষী হয়েন না এবং অন্যপ্র সাক্ষী হয় না ইত্যাদি যুক্তি দ্বারা যখন শুদ্ধ হইবেন অর্থাৎ অর্থি সম্বন্ধিস্বরূপাদি যখন না হইবেন তখন সেই সাক্ষি

বাক্য শোধন কর্ত্তব্য। সত্য দ্বারা বাক্য শুদ্ধ হয় এই স্মৃতি হেতুক বাক্য শুদ্ধিও সত্যার্থ প্রতিপাদনেতে করিয়া হয়। এই প্রকার শুদ্ধক্রিয়ার হেতুক এবং শুদ্ধ বাক্য হেতুক যে বিষয় অবগত হওয়া জায় সেই শুদ্ধ সেই প্রকার এই শাস্ত্র মর্য্যাদা। যুক্তিবেত্তাদিগের কারণ দোষ রূপ যে বাধক তাহার জ্ঞান না হইলেই সত্যই বিষয় হয় এই অর্থ। ভালো অর্থী স্বয়ং যে সাক্ষিদিগে প্রমাণ করিয়াছেন তাহা দিগের অতিক্রম করিয়া কি প্রকারে ক্রিয়ান্তরকে প্রমাণ করেন। এদোষ নহে। যেহেতুক বলবতী ক্রিয়াত্যাগ করিয়া দুর্ব্বলা ক্রিয়া যে অবলম্বন করে সভ্যেরা যদি তাহার জয়াব ধারন করিয়া থাকেন তবে সে পুনর্ব্বার আরক্রিয়া প্রাপ্ত হইবে না এই কাত্যায়ন জয়াব ধারণানন্ত কালে ক্রিয়ান্তর পরিগ্রহ নিষেধ হেতুক জয়াবধারণের পূর্ব্ব ক্রিয়ান্তরপরি গ্রহ দেখা ইয়াছেন। নারদ ও। ব্যবহার সিদ্ধ হইলে প্রমাণ বিফল হয় এই কহিয়া জয়াবধারণোত্তর কালেই প্রমাণান্তর নিষেধ করিয়াছেন জয়াব ধারণের পূর্ব্বে নিষেধ করেন নাই। সেই হেতুক সাক্ষীরা সাক্ষ্য কহিলেও যে অর্থীর সন্তোষ না হইয়া থাকে তাহার প্রমাণান্তর স্বীকার কর্ত্তব্য এই স্থির এক স্থির হইলে যদি সে সাক্ষীরা সাক্ষ্য কহি য়াছে তাহাদিগের অপেক্ষা করিয়া উত্তম গুণবান্ কিম্বা দ্বিগুণএবং পূর্ব্ব নির্দ্দিষ্ট কিন্তু নিকটস্থ নয় এমনসাক্ষীরা থাকে তবে তাহাদিগোই প্রমাণ কর্ত্তব্য যেহেতুক স্বভাবতই সাক্ষী

রা যাহা কহে ব্যবহার বিষয়ে তাহাই গ্রাহ্য এই ব্যবস্থাই সর্ব্বশেষ। এবং এ হেতুক ও যে লিখিত কিম্বা সাক্ষী যদি পূর্ব্বে নিবেদিত না থাকে তবে ব্যবহার নিষ্পন্ন হইলে প্রমাণ নিষ্ফল হয় এই নারদ বচন। এবং পূর্ব্ব নির্দ্দিষ্টের অসম্ভব অনির্দিষ্ট ও উক্ত লক্ষণ যুক্ত সাক্ষী গ্রাহ্য দিব্য নয় সাক্ষির সম্ভব হইলে দৈবিক্রিয়া প্রাজ্ঞ বর্জ্জন করিবেন এই বচন হেতুক। তাহারদিগের অসম্ভবে দিব্য প্রমাণ কর্ত্তব্য ইহার পর অর্থী অসন্তুষ্ট হইলে ও প্রমাণান্তর অন্বেষণ কর্ত্তব্য নয় যম বচন হেতুক এই পর্য্যন্ত ব্যবহার সমাপন করিবেন। যে স্থানে প্রত্যর্থির আপনার প্রত্যয়ে বৈপরীত্য প্রযুক্ত সাক্ষী বাক্যের অপ্রামাণ্য জ্ঞান হইয়া সাক্ষীতে দোষারোপণেতে করিয়া পরিতোষ হয় সে স্থলে প্রত্যর্থির ক্রিয়োপন্যাসের অবসরাভাব হেতুক সপ্তাহাবধি দৈবিক রাজিক বিপদোৎপত্তিতে করিয়া সাক্ষির পরীক্ষা কর্ত্তব্য তাহাতে দোষাবধারণ হইলে সাক্ষিদিগের দ্বারা বিবাদের বিষয় যে দ্রব্য তাহা ধনিকে দেওয়াইবেন এবং ধনবত্তানুসারে সাক্ষীদিগ্যে দণ্ড ও করিবেন। যদি দোষাবধারণ না হয় তবে প্রত্যর্থী তাহাতে সন্তুষ্ট হইবেন। মনু যাহা কহিয়াছেন্॥ যথা॥ যস্যাদৃশ্যেত সপ্তাহা দুক্তবাক্যস্যসাক্ষিণঃ রোগাগ্নি জ্ঞাতি মরণ মৃণং দাপ্যো দমঞ্চস ইতি॥ অর্থ॥ শপথ দ্বারা বাক্য কহিয়াছে যে সাক্ষী তাহার যদি সপ্তাহ পর্য্যন্ত রোগ হয় কিম্বা অগ্নি দ্বারাগৃহাদি দগ্ধ হয় কিম্বা পুত্রাদি নষ্ট হয় তবে তাহা দ্বারা ধনিকে ঋণ দেওয়াইবেন এবং

ধনবত্তানুসারে দণ্ড ও আপনাকে দেওয়াইবেন। ইহাও যাহার প্রতি অসাক্ষীরা সত্য কহে সে জয়ী হয় এই বচনের অসম্বন্ধ প্রত্যর্থির বিষয়ে অপবাদ জানিবা। উক্তে পিসাক্ষিভিঃসাক্ষ্যে এই বচনের অর্থি কর্ত্তৃক নির্দিষ্ট সাক্ষিরা অর্থির অনুকূলনাক হিলে যদি প্রত্যর্থী উত্তম গুণ যুক্ত কিম্বা দ্বিগুণ সাক্ষিদিগো উক্তের বিপরীত কহান তবে পূর্ব্ব বাদির সাক্ষীরা কূট হয় কোন ব্যক্তি এই ব্যাখ্যা করেণ। সে অসৎ। যেহেতুক প্রত্যর্থির ক্রিয়ার অনুপপত্তি। তাহা যে হেতুক অর্থী সাধ্য যে কর্ম্ম তাহার নির্দেশ কর্ত্তা তাহার অভাব বাদী প্রত্যর্থী তাহাতে অভাবের ভাব সিদ্ধ সাপেক্ষ সিদ্ধি ভাবের অভাব সিদ্ধি নিরপেক্ষ সিদ্ধি এপ্রযুক্ত ভাবেরই সাধ্যত্ব যুক্ত হয় অভাবের স্বরূপেতে করিয়া সাক্ষ্যাদি দ্বারা সাধ্যত্ব নাই এই হেতুক অর্থিরই ক্রিয়াযুক্তা আর ও উত্তরানুসারে সর্ব্ব এই প্রমাণ ইহা নিযতই স্মরণ হইতেছে ঃ প্রাঙন্যায়েতে এবং কারণোত্তরেতে প্রত্যর্থী ক্রিয়াদির্দেশ করিবেন। এবং মিথ্যোওর করিলেপূর্ব্ব বাদী ক্রিয়া নির্দেশ করিবেন সত্যোত্তরে ক্রিয়া হয় না ইতি। এক বিবাদেতে বাদিদ্বয়ের ক্রিয়া নাই এই বচন ও ইহাতে হেয়। সেই হেতুক প্রতিবাদির সাক্ষিরা উত্তম গুণযুক্ত কিম্বা দ্বিগুণ যদি অন্যথা কহে ইহাঅ সিদ্ধ॥ এই যে মত যে স্থলে দুই ভাব প্রতিজ্ঞা বাদী এক জন কহে আমার ধন দায়াদ প্রাপ্ত এবং অন্য ও কহে আমার ধন দায়াদ প্রাপ্ত এই রূপ প্রতিজ্ঞা পূর্ব্বাপর কালবিভাগ না করিয়াই কহে যে

বাদি দ্বয় সে স্থলে উভয়েরই সাক্ষি থাকিলে কাহার সাক্ষী গ্রাহ্য এমন আকাঙ্ক্ষাতে। এক সাধ্যেতে বিবাদ করিতেছে যে বাদি দ্বয় তাহাদিগের উভয়েরই সাক্ষি থাকিলে পূর্ব্বপক্ষ যাহার তাহারই সাক্ষী হইবেক এই বচনেতে করিয়া যে পূর্ব্বে নিবেদন করে তাহারই সাক্ষী গ্রাহ্য এই স্থির হইলে। তাহার অপবাদ কহিয়াছেন যে উক্তেপিসাক্ষিভিঃ সাক্ষ্যে এই বচন এই হেতুক পূর্ব্বোত্তর বাদী দ্বয়ের সমসংখ্যক সমগুণযুক্ত সাক্ষীরা থাকিলে পূর্ব্ববাদীর সাক্ষিদিগের জিজ্ঞাসা করিবেন ॥ ৹ ॥ ৹ ॥

কিন্তু যদি উত্তর বাদীর সাক্ষীরা উত্তমগুণ যুক্ত কিম্বা দ্বিগুণ হয় তবে প্রতিবাদীর সাক্ষিদিগের জিজ্ঞাসা করিবেন। একপ হইলে অভাবের সাধ্যতা নয় যে হেতুক উভয়ই ভাবিবাদী। এবং চারি প্রকার উত্তর হইতে এ অতিরিক্ত এই হেতুক প্রকৃতোদাহরণেতেই করিয়া ক্রিয়া ব্যবস্থা। এক ব্যবহারে যেমন এক বাদীর ক্রিয়াদ্বয় পরমতে সেই প্রতিবাদী উভয়েরই এক ব্যবহারে ক্রিয়া দ্বয় তাহাতে অবিরোধ এই পর্য্যন্ত তাহাও আচার্য্য মানেন না। যে হেতুক উক্তেপিসাক্ষি ভিঃসাক্ষ্যে এই আদি শব্দ হইতে কিম্বা প্রকরণ হইতে এ অর্থের জ্ঞান হয় না। এই হেতুক এ প্রসঙ্গই ব্যর্থ। কূট সাক্ষিদিগের দেখাইয়াছেন তাহাদিগের দণ্ড কহিতেছেন। পৃথকং দণ্ডনীয়াঃকূটকৃৎ সাক্ষিণস্তথা। বিবাদাৎ দ্বিগুণং দণ্ডং বিবাস্যো ব্রাহ্মণঃস্মৃতঃ। যিনি ধন দানাদি দ্বারা মিথ্যাবাদি দ্বিগুণ পৃথকং অর্থাৎ প্রত্যেকে দিবেক

কিন্তু ব্রাহ্মণকে রাষ্ট্র হইতে নির্বাস করিবেক দণ্ড করিবেন না। ইহাও,লোভাদি বিশেষ কারণে অজ্ঞানের এবং অনভ্যাসেও জানিবা। লোভাদি বিশেষ কারণ জ্ঞানে এবং অভ্যাসে মনু কহিয়াছেন ॥ যথা ॥ লোভাৎ সহস্রং দণ্ড্যঃ স্যাৎ মোহাৎ পূর্ব্বন্তু সাহসং। ভয়াদ্বৈ মধ্যমোদণ্ড্যো মৈত্রাৎ পূর্বংচ তুর্গুণং। কামাদ্দশগুণং পূর্ব্বং ক্রোধাত্তু দ্বিগুণং পরং অজ্ঞানাৎদ্বেশতে পূর্ণেবালিস্যাচ্ছ তমেবচেতি। তাহাতে লোভ শব্দে বিপর্য্যয়জ্ঞান ভয় শব্দে ত্রাস মৈত্রী শব্দে স্নেহাতিশয় কাম শব্দে স্ত্রীতে অভিলাষ এবং ক্রোধ ও অজ্ঞান ও মূর্খতা এইং হেতুক হইলে সহস্রাদি তাম্রিক পণ গ্রহণ করিবেন। তথা কৌট সাক্ষ্য যে ব্রাহ্মণাদি তিনবর্ণ করেণ তাহারদিগের ধার্ম্মিক রাজা দণ্ড করিয়া প্রবাস করিবেন ব্রাহ্মণকে রাষ্ট্র হইতে বিবাস করিবেন। ইহাও অভ্যাস বিষয়ে। অর্থ শাস্ত্রে প্রবাস শব্দে রমারণে প্রয়োগ হেতু ইহার ও অর্থ শাস্ত্র রূপত্ব প্রযুক্ত প্রবাস শব্দে মারণ তাহাতে কৌট সাক্ষ্যের বিষয়ানুসারে ওষ্ঠচ্ছেদন জিহ্বাচ্ছেদন গৃহ ভগ্ন করিবেন। ব্রাহ্মণের লোভাদি কারণ বিশেষের অজ্ঞানে এবং অনভ্যাসেতে ও বিবাদে যে অর্থ দণ্ড তাহাই করিবেন অভ্যাসে অর্থাৎ পুনঃপুনর্ব্বার করিলে অর্থ দণ্ড এবংবিবাসও করিবেন। তাহাতে ও জাতির অনুসারে বিবাস শব্দে নগ্ন করণ গৃহভঙ্গ দেশ হইতে বাস রহিত করণ জানিবা। লোভাদি কারণ বিসেষা পরিজ্ঞানে এবং অনভ্যাসে ও অল্প বিষয়ে কৌট সাক্ষ্যেতে ব্রাহ্মণের ও ক্ষত্রিয়াদির ন্যায় অর্থ

দণ্ডই। মহা বিষয়ে দেশ হইতে নির্ব্বাস করণ এস্থলে ও অভ্যাসে সকলেরই মনুতে উক্ত যে দণ্ড তাহাই জানিবা ব্রাহ্মণের অর্থ দণ্ড নাই এই কহি এমন নহে। অর্থ দণ্ড না থাকিলে এবং ব্রাহ্মণের শরীরে দণ্ড ও নিষিদ্ধ এ প্রযুক্ত অল্পাপরাধেও নগ্ন করণ গৃহভঙ্গ অঙ্ক করণ দেশ হইতে নিবা স করণ হউক কিম্বা দণ্ডাভাব হউক ॥——

এবং চতুর্ব্বর্ণেরই প্রায়শ্চিত্ত না করিলে ধর্ম্ম্য শারীর দণ্ড ধন দণ্ড ও বধ দণ্ড কল্পনা করিবেন এই স্মৃতি। এবং রক্ষিতা যে ব্রাহ্মণ স্ত্রী তাহাকে বলেতে করিয়া ব্রাহ্মণ গমন করিলে সহস্র মিকপণ দণ্ড দিবেন এই স্মৃতি। এই যে শঙ্খবচন তিনবর্ণে রধনা পহরণ বধও বন্ধন দণ্ড কিন্তু ব্রাহ্মণের নি[illegible] সন এবং অঙ্ক করণ। সে বচনে ধনাপহরণ পদে সর্ব্বস্বা পহ রণ কহিতে হইবেক বধসাহচর্য্য হেতুক এবং শারীরিক দণ্ড যে বধ ও অবরোধাদি তাহা প্রাণ নাশক এবং কাকিনী প্রভৃতি যে অর্থ দণ্ড তাহাও সর্ব্বস্বান্ত ইহা মুনিরা কহিয়াছেন। এই বচনে অর্থ দণ্ডের বধ সর্ব্বস্ব হরণের সহিত পাঠ আছে এই হেতুক। যেও কহিয়াছেন। রাষ্ট্রাদেনংবহিঃ কুর্য্যাৎ সমগ্র ধন মক্ষতমিতি॥ অর্থ॥ রাষ্ট্র হইতে ব্রাহ্মণকে বহির্গত করিবেন কিন্তু ব্রাহ্মণের সকল ধনই ক্ষয় করিবেন না। সে প্রথমসাহস বিষয়ে অর্থাৎ প্রাথম সাহস দণ্ড করিবেন না। কিন্তু সর্ব্বস্ব বিষয়ে নয় শারীরিক দণ্ড ব্রাহ্মণের কদাচ হয় না। এবং সর্ব্ব পাপযুক্ত ব্রাহ্মণ হইলেও তাহাকে বধ করিবেন না এই সামান্য রূপে মনুস্মৃতি হেতুক

সেই প্রকার। ব্রাহ্মণ বধ হইতে অধিক পাপ পৃথিবীতে নাই সেই হেতুক রাজা ব্রাহ্মণের বধ মনেও চিন্তা করিবেন না। আরও। যঃসাক্ষ্যং শ্রাবিতোঽন্যেভ্যো নিহ্নুতে তু তমোবৃতঃ। সদাপ্যোঽষ্টগুণং দণ্ডং ব্রাহ্মণন্তু বিবাসয়েৎ॥ অর্থাৎ যে ব্যক্তি সাক্ষীর স্বীকার করিয়া অন্য সাক্ষিদিগের সহিত সাক্ষ্য শ্রবণ করাইয়া সাক্ষি দিবার সময়ে রাগাদিতে আক্রান্ত চিত্ত হইয়া আমি এ বিষয়ে সাক্ষী নহি এই বাক্য কহিয়া অন্য সাক্ষিদিগের নিকটে অপহ্নব করে সে বিবাদ পরাজয় হইলে যে দণ্ড তাহার অষ্টগুণ দিবেক। অষ্টগুণ দ্রব্য দানেতে অসমর্থ যে ব্রাহ্মণ তাহাকে বিবাস করিবেন বিবাসন শব্দে নগ্ন করণ গৃহভঙ্গ করণ দেশ হইতে নির্বাস করণ ইহা বিষয়ানুসারে দেখিবা। ইতরবর্ণের অষ্টগুণ দ্রব্য দানের অসমর্থতে জাতির অনুসারে কর্ম্ম করণ নিগড় বন্ধন কারাগার প্রবেশাদি করাইবেন ইহা জানিবা। এও পূর্ব্ব শ্লোক অনুসরণ করিবা। যে কালে সকলেই সাক্ষ্য অপহ্নব করে সে কালে সকলেরই সমান দোষ। যে কালে সাক্ষ্য কহিয়া পুনর্ব্বার অন্য প্রকার কহে সে কালে বিষয়ানুসারে তাহাদিগের দণ্ড করিবেন। যাহা কহিয়াছেন কাত্যায়ন সাক্ষ্য কহিয়া অন্য প্রকার কহে যে সাক্ষীরা তাহাদিগের দণ্ড করিবেন। এবং অন্য কর্ত্তৃক উক্ত যে সাক্ষীরা তাহারা গোপনে অন্যের অনুগত হইবেনা। যাহা নারদ কহিয়াছেন পর কর্ত্তৃক উদ্দিষ্ট যে সাক্ষী তাহাকে অন্যও ভেদ করিবেন না এরূপ আচরন করিলে অর্থাৎ গোপনে অনুসরণ ও

ভেদ ও করিলে ব্যবহারে হীন হন সাক্ষিদিগের অকথন এবং অসত্য কথন সর্ব্বত্র নিসিদ্ধ তাহার অপবাদ কহিতেছেন ॥ যথা ॥ বর্ণিনাং হিবধো যত্র তত্রসাক্ষ্যনৃতং বদেৎ ॥ অর্থ ॥ যে স্থানে বর্ণি শব্দে শূদ্রবৈশ্যক্ষত্রিয় ব্রাহ্মণ সত্যবাক্য কহিলেতাহারদিগের বধেরসম্ভাবনা হয় সে স্থলে সাক্ষী মিথ্যা কহিবেক। সত্য কহিবে না। ইহাতে করিয়া অর্থাৎ সত্য বাক্য নিষেধেতে করিয়া সাক্ষিদিগের পূর্ব্ব নিষিদ্ধ যে অসত্যকথন এবং অকথন তাহাতে ও অনুজ্ঞা করিতেছেন। যে স্থলে শঙ্কাভিযোগাদিতে সত্য কথনে বর্ণিবধ হয় মিথ্যা কথনে কাহারও বধ হয় না সেস্থানে মিথ্যা কথনে ও অনুজ্ঞা করিতেছেন। যে স্থলে সত্য কথনে অর্থি প্রত্যর্থির মধ্যে কোন ব্যক্তির বধ হয় এবং অসত্য কথনেও কোন ব্যক্তি বধ হয় সে স্থলে কিছুই কথন উচিত নহে ইহার ও অনুজ্ঞা করিতেছেন যদি রাজা মানেন যদি রাজা অকথনে কোন প্রকারে পরিত্যাগ না করেন। তবে ভেদ হেতুক অসাক্ষির কর্ত্তব্য। তাহারাও অসম্ভবে সত্যই কহিবেন। সে স্থলে অসত্য কথনে বর্ণিবধ দোষ এবং অসত্য কথন দোষ কিন্তু সত্য কথনে বর্ণি বধ দোষ মাত্র। তাহাতে যথা সাস্ত্র প্রায়শ্চিত্ত কর্ত্তব্য। ভালো সে স্থলে অসত্য কথনে এবং অকথনেও শাস্ত্রানুজ্ঞা প্রযুক্ত প্রত্যবায়ের অভাব হউক এই হেতুক কহিতেছেন। তৎ পরিনায় নির্ব্বাপ্যাচরুঃ সারস্বতো দ্বিজৈঃ ॥ অর্থ ॥ অসত্য কথনও অকথন প্রত্যবায়ের পরীহারের নিমিত্তে সরস্বতী দেবতার উদ্দেশে ব্রাহ্মণ কর্ত্তৃক চরু কর্ত্তব্য।

পুরাতন ওদন্ধারা পক্কমধ্যে ঈষৎউষ্ণ এরূপ পক্কতণ্ডুলেতে
চরু শব্দ প্রসিদ্ধ। এস্থলে এই অভিসন্ধি। সাক্ষিদিগের অসত্য
কথন এবং যে কথন যে নিষিদ্ধ তাহা এ স্থলে মনু কহিয়া
ছেন। অসত্য কহিবে না। এবং না কহিলেও নিরুদ্ধ কহি
লে মনুষ্য পাপী হন এই যে সামান্যত নিষিদ্ধ অসত্য কথন ও
অকথন তাহার অতিক্রমের নিমিত্তে অর্থাৎ সেই নিষেধের
অতিক্রম নিমিত্ত দোষ পরীহারক প্রায়শ্চিত্ত নাই। সাক্ষিদি
গের অসত্য কথন এবং অকথনে অনুজ্ঞা থাকিলেও
অসত্য কথনেও অকথনে যে সাধারণ নিষেধ তাহার অতি
ক্রমনিমিত্ত প্রত্যবায়ের অভাব। যেহেতুক অনুজ্ঞা কথনই নির
র্থক হইয়া মানিও না। যেহেতুক শাস্ত্রেতে মিথ্যা কথন ও
অকথন এ উভয়েই বহু প্রত্যবায় সাধারণ মিথ্যা কথন ও
অকথন এ উভয়েই অল্প এই হেতুক অনুকথন সাধ্য। যদ্য
পি অন্যত্র ভূরিপ্রত্যবায় নিবৃত্তিতে ঐকান্তিক আনুষঙ্গিক অল্প
প্রত্যবায় ও নিবৃত্ত হয় তথাপি এস্থলে অনুজ্ঞা বাক্যেতে
করিয়া এবং প্রায়শ্চিত্ত [illegible] নিবৃত্তিতে
করিয়া অল্প যে আনুষঙ্গিক প্রত্যবায় তাহাও নিবৃত্ত হয়
না ইহা জ্ঞান হয়। এবং অন্যত্র প্রশ্নেতে ও বর্ণবধ শঙ্কা
হইলে পথিকদিগেও মিথ্যা কথনেও এই শাস্ত্রানুজ্ঞা জানি
না। সে স্থলে প্রায়শ্চিত্ত নাই নিষেধাস্তাভাব হেতুক। সাক্ষ্য
স্থলে কিম্বা অন্যত্র প্রশ্নস্থলে কালান্তরে অন্যকোন নিমিত্তাধীন
যথার্থ জ্ঞান হইলে সাক্ষিদিগের কিম্বা পথিকাদিদিগের দণ্ড

নাই ইহা এই বচন হইতেই জ্ঞান হইতেছে। এই সাক্ষিপ্রকরণ সমাপ্ত হইল ॥ ০ ॥ ৮ ॥

ভুক্তি এবং সাক্ষী নিরূপণ করিয়া একণে লেখ্য নিরূপণ করিতেছি ॥ তাহাতে লেখ্য দুই প্রকার হয়েন্ সাসন ও জানপদ। শাসন নিরূপণ হইয়াছে এক্ষণে জান পদের ব্যাখ্যান করিতেছি। ইনি দুই প্রকার ॥ স্বহস্তকৃত ও অন্য হস্তকৃত তাহার মধ্যে স্বহস্তকৃত হইলে সাক্ষির অপেক্ষা থাকেনা অন্যের হস্তের দ্বারা লিখিতের সাক্ষী চাহি। এই দুইয়ের দেশাচারানুসারে প্রামাণ্য হইবেক। যাহা কহি কহিয়াছেন নারদ। যথা ॥ লেখ্যন্তু দ্বিবিধং জ্ঞেয়ং স্বহস্তান্যকৃতং তথা। অসাক্ষিমৎ সাক্ষিমচ্চ সিদ্ধির্দেশ স্থিতেস্তয়োরিতি ॥ তাহার মধ্যে অন্যকৃত কহিতেছেন ॥ যঃকশ্চিদর্থো নিষ্কাতঃস্বরুচ্যাতুপর স্পরং। লেখ্যন্তু সাক্ষিমৎ কার্য্যং তস্মিন্ ধনিকপূর্ব্বকং ॥ উত্তমর্ণ অধমর্ণের যে ধন সুবর্ণাদি পরস্পরানুমতিতে গ্রহণ হইয়াথাকে অর্থাৎ আপ [illegible] যদি স্বীকার করিয়া থাকে যে এই দুই মাসে [illegible] পূর্ণ হ [illegible] সে স্বীকার করে তাই দিব আর এই প্রতি মাসে বৃ [illegible] হইবেক এই রূপ ব্যবস্থিত হইলে এক ধনেতে কালান্তরে বিপ্রতিপত্তি হইলে বস্তুতত্ব নির্ণয়ের নিমিত্তে লেখ্যানুসন্ধান করিবেক ॥ সাক্ষিমৎ এই উক্ত কারণার্থ সে লেখ্যকে সাক্ষি যুক্ত করিবে। পুনর্ব্বার সেই পত্র কি প্রকার হইবেক ধনিক পূর্ব্বকং অর্থাৎ পূর্ব্বেই ধনির নাম বিন্যাশ করিবে সেই পত্রেতে তদনন্তর অন্য কর্ত্তব্য যাহা হয় তাহা লিখিবেক

আর উক্ত লক্ষণ সাক্ষি সকল্যের নাম চিহ্নিত করাইবেক ॥ তথামনুঃ ॥ কর্ত্রাতু যৎকৃতং কার্য্যং সিদ্ধার্থং তস্যসাক্ষিণঃ। পুবর্ত্তন্তে বিবাদেষু স্বকৃতং বাপ্য লেখক মিতি॥ অপিচসম্মা মাস্তদর্দ্ধাহর্নামজাতি স্বগোত্রকৈঃ। সব্রহ্মচারিকা আর পিতৃ নামাদি চিহ্নিতং ॥ অর্থ॥ কর্ত্তা কর্ত্তৃক কৃত যে ঋণ পত্র তা হার সিদ্ধির নিমিত্তে অর্থাৎ বিবাদ হইলে সেই পত্র অধ মর্ণ লিখিয়াদিয়াছে কি না ইহা প্রতিপন্ন করাবার নিমিত্তে স্ব কৃতই বা হউক অলেখিতই বা হউক সাক্ষী প্রবর্ত্ত [illegible] য ॥ অত এব সেই পত্রে এই সমস্ত বিন্যাস করিতে হয় সম্বৎ ও বৈশাখাদিমাস শুক্ল পক্ষাদি পক্ষ প্রতিপদাদি তিথি উত্তমর্ণ অধমর্ণ নাম ব্রাহ্মণ ক্ষত্রিয় যে জাতি গোত্র [illegible] এই সকল বিশেষণেতে চিহ্নিত করিবে সব্রহ্মচারিকং বহ্বৃ চাদি শাখা ॥ পূর্ব্বোক্ত গুণ নাম সেই যেমন বহ্বৃচঃ কঠইতি। আপন পিতার নাম ধনির পিতার নাম আর আদি পদে দ্রব্যের জাতি গুণসংখ্যা প্রভৃতির গ্রহণ । এই সকলেতে চিহ্নিত লেখ্য করিবেক ॥ কিঞ্চ ॥ সমাপ্তেহর্থে ঋণীনাম স্বহস্তেন নিবেশয়েৎ। মতং মেহমুক পুত্রস্য যদত্রো পরি লেখিতং ॥ ০ ॥ ০ ॥

অর্থ ॥ ধনির অধমর্ণের যে অভিধেয় স্বেচ্ছাধীন ব্যবস্থিত হইয়াছে সেই সম্পূর্ণ লিখনেতে অর্থাৎ প্রয়োজন সমাপ্ত হইলে অধমর্ণ আপন হস্তে লিখিয়া দিবেক এই যে অমুকের পুত্র আমি এই পত্রের উপরি লিখিত বৃত্তান্ত সকল আমার সম্মত। তদ্বৎ সাক্ষিরা আপন হস্তে পিতৃ

নাম পূর্ব্বক নিবাস স্থান লিখিয়া দিবেন আমি এই বিষয়ে সাক্ষী হইলাম ইহা পুত্যেকে লিখিয়াদিবেন, কিন্তু তাহা দিগে ও গুণেতে সংখ্যাতে সমান করিবেক ॥ যথা ॥ সাক্ষিণ শ্চ স্বহস্তেন পিতৃনামক পূর্ব্বকং। অত্রাহম মুকঃ সাক্ষী লিখে যুরিতি তে সমাঃ ॥ যদ্যপি অধমর্ণ কিম্বা সাক্ষী লিপি জ্ঞাত না জানে তবে অধমর্ণ অনুমতি দিয়া অন্য দ্বারা লেখাইবেক সাক্ষী ও অন্য সাক্ষিদ্বারা লেখাইবেক ॥ তথানারদঃ ॥ অলিপিজ্ঞ ঋণীয়ঃ স্যাৎ স্বমতং তুলেখয়েৎ। সাক্ষীবা সাক্ষিণা নোন সর্ব সাক্ষি সমীপতঃ ॥ অপিচ ॥ উভয়া ভ্যর্থিতে নৈব ময়া হ্যমুক সূনুনা। লিখিতং হ্যমুকে নেতি লেখ কোহন্তে তেলিখেৎ ॥ এ অনুমতি দ্বারা যে লিখিবেক তাহার পুতিক্রম উত্তমর্ণ উভয়েরি প্রার্থনাতে করিয়া আমি অমুক বিদ্যুশর্ম্মার পুত্র অমুক ধনঞ্জয় শর্ম্মাইহাতে লিখি তেছি ইহাই শেষে লিখিবেক ইতি ॥ ইদানীং স্বকৃত লেখা কহিতেছেন। যথা ॥ বিনাপি সাক্ষি ভির্লেখ্যং স্বহস্ত লিখিত ত্তুযৎ। তৎ পুমাণং স্মৃতং লেখ্যং বলোপ ধিকৃতা দৃতে ॥ অর্থ ॥ যে লেখ্য অধমর্ণ আপনি স্বহস্তে লিখিয়া ছেন সে ঋণ পত্র সাক্ষি ব্যতিরেকে ও পুমাণহয় ইহাই কহিয়াছেন মন্বাদিরা। কিন্তু যে পত্র বলাৎকারে ও ছল দ্বারা এবং লোভক্রোধ ভয় মত্ত তাদি দ্বারা পুস্তুত হইয়া থাকে কোন কারণ দ্বারা জানাজায় সে পত্র সাক্ষির হিত হইলে সিদ্ধ হইবেনা ॥ স্পষ্ট কহিয়াছেন নারদ ॥ মত্তাভি যুক্ত স্ত্রীবাল বলাৎ কার কৃত ঞ্চযৎ। তদ প্রমাণং লিখিতং

ভয়োগাধি কৃত মুখেতি ॥ সেই হেতুক স্বহস্ত কৃত হউক অথবা পরহস্ত লিখিত হইবা হউক দেশ কাল পাত্রানু সারে সবন্ধকন্যাসহারে বন্ধক ব্যবহা যুক্ত অর্থের অপরি লোপেতে লিপ্য ক্ষরের অপরিলো পেতে করিয়া এ লেখ্য এমত নহে পুনর্ব্বার সাধুশব্দ দ্বারা ব্যবহার্য্য দেশ ভাষাদ্বারা লেখাহই বেক। যথাহ নারদঃ ॥ দেশাচার বিরুদ্ধং যৎ ব্যক্তাধি বিধি লক্ষণং। তৎ প্রমাণং স্মৃতং লেখ্যং অবিলুপ্ত ক্রমাক্ষর মিতি ॥ বিধিশব্দে বিধান আধির বিধান অর্থাৎ আধি করণ তাহার লক্ষণ। গোপ্য আধি ভোগ্য আধি কাল কৃত আধি এই রূপ আধি ব্যক্ত অর্থাৎ বিস্পষ্ট হইয়াছে যে বিষ য়েতে। অবি শেষেতে লুপ্ত হইয়াছে, অক্ষর সকল যাহাতে অর্থাৎ যে পত্রেতে এবং ভূত লিখিত প্রমাণ হয়েন ইতি। রাজ শাসনের ন্যায় সাধুশব্দের ও নিয়ম ইহাতে এই অভিপ্রায়॥ লেখ্য প্রসঙ্গেতে করিয়া লেখ্য স্থিত যে ঋণ তাহা তিনব্যক্তির দেয় ইহাই কহিতেছেন ॥ যথা ॥ ঋণং লেখ্য কৃতং দেয়ং পুরুষৈ স্ত্রিভি রেবতু। যে প্রকার সাক্ষ্যা দি কৃত ঋণ তিন জনার দেয় হয় তদ্বৎ লেখ্য কৃত ঋণ ও আহর্ত্তা এবং তাহার পুত্র ও পৌত্র এই তিন পুরুষই দিবেন কিন্তু চতুর্থ পুরুষ দিবেন না ইতি।। ভাল পুত্র পৌ ত্রৈঋণং দেয়ং ইহা অবিশেষ কথন হেতুক সামান্য ঋণ মাত্র তিন পুরুষের দেয় হয় এই নিয়ত ইবোধ হইত ॥ ভাল, ইহা ও স্বীকার করিলাম এই যে দানের পত্র স্থিতে ঋণ বিষয়েতে অন্য স্মৃতি প্রভবের অপবাদ শঙ্কা পরি হার

করিবার নিমিত্তেই এবচন আরম্ভ করিয়াছেন ॥ তদ্বৎ পত্র লক্ষণ অভিপ্রায় করিয়া কাত্যায়ন কহিয়াছেন ॥ যথা ॥ ঋক্থং হ্যারতি ক্রান্ত পিতৃণাং দাপতে ঋণমিতি । এই শব্দেতে করিয়া পত্রারূঢ় বিষয়কে অভি ক্রমন করিয়াছে পিতৃ সম্বন্ধি ঋণ দিবেন ইহাতে বোধ হয় পিতৃণাং এই বহু বচন নির্দেশাধীন চতুর্থ পুরুষকে দেওয়াইবেন ॥ এই মত হারীত কহিয়াছেন ॥ যথা । লেখ্যং যস্য ভবেৎ হস্তে লাভস্তস্য বিনির্দিশেৎ ॥ এস্থানে যাহার হস্তে ঋণাদত্ত পত্র আছে তাহার ঋণ লাভ হয় ইহা সামান্যত কহাতে চতুর্থ পুরুষের স্থানেও পাইতে পারে ইহাই প্রতীতি হয় ॥ অতএব এসকল শঙ্কানিবৃত্তির নিমিত্তে এবচন যুক্ত হয় এই দুই বচন যোগীশ্বর বচনের অনুসারে যোজনা করিবে ইহার অপবাদ কহিতেছেন ॥ যথা ॥ আধিস্তু ভুজ্যতে তাবৎ যাবত্তন্ন প্রদীয়তে ॥ অর্থ ॥ সবন্ধক পত্রারূঢ় ঋণ বিষয়ে বিষ্ণুর কর্তৃক দেয় ইহাই নিয়ম এই পুরুষ ঋণ শোধনের অনধিকারিতে অধ্যাহার করিয়াছেন ইহা অনধিকারি প্রাপ্তি বলি । চতুর্থ পুরুষ অথবা পঞ্চম পুরুষ যাবৎ পর্যন্ত ঋণ না দেন তাবৎকাল পর্য্যন্ত আধি ভোগ করিবেক ইহা যিনি কহেন তিনি সবন্ধক ঋণ বিষয়ে চতুর্থ পুরুষের ঋণ না করণাধিকার অর্থাৎ ঋণ শোধনে অধিকার দেওয়াইয়াছেন নতুবা এ অযুক্ত এমত নহে ॥ আর ফল ভোগোনাশ্যতি ইহাও সত্য ॥ তাও যদ্যপি এ অপবাদ বচনে নাথাকে তথাপি পুরুষ ত্রয় বিষয় ই জানিবে

ক এই সর্ব সমগ্রুস। প্রসঙ্গাধীন প্রাপ্তবিষয়কে সর্বতো ভাবে সমাপন করিয়া প্রকৃতার্থ সরণ করিয়াছেন ॥ যথা ॥ দেশান্তরস্থে দুর্লেখ্যেনষ্টো মৃষ্টে হৃতে তথা। ভিন্নে দগ্ধে২থবা ছিন্নে লেখ্য মন্যত্তু কারয়েৎ ॥ অর্থ ॥ ব্যবহারের অক্ষম যে পত্র অর্থাৎ বহুকাল প্রযুক্ত যদ্যপি কীটাদি বিদ্ধ হইয়া থাকে অথবা অগ্নিদাহেতে নষ্ট কিম্বা ছিঁড়ে গিয়াথাকে অথবা অতি শয় সন্দিগ্ধলিপি ... যাহাতে থাকে অন্য দেশে কোন লোক গিয়াছে ... নিকট আছে কিম্বা চৌরাদি কর্তৃক হৃত হইয়া থাকে তবে অন্য পত্র হইতে পারে কিন্তু অর্থি প্রত্যর্থি ... পরস্পর সম্মতি দ্বারা। অসম্মতিতে যদি এত হয় তবে ... প্রাপ্তির পূর্ব দেশান্তর স্থ পত্র আনয়নের কারণ পথ বিবেচনা করিয়া মিয়াদ দিবে দুর্দেশ ... হিত পত্র যদি নষ্ট হইয়াথাকে তবে সাক্ষি দ্বারা ব্যবহার নির্ণয় করিবেন। তাহা কহিয়াছেন নারদ ॥ যথা ॥ লেখ্যে দেশান্তর নাস্তে শীর্ণে দুর্লিখিতে হৃতে। সতস্তৎ কাল করণ মসতো দৃষ্ট দর্শন মিতি ॥ দেশান্তরেবিদ্যমান পত্রের আন য়নের কারণ কিছু কাল অবসর দিবে আর যদ্যপি কোন প্রকারে নষ্ট হইয়াথাকে তবে সেই পত্র পূর্ব দেখিয়াথাকে যে সাক্ষিরা তাহা দিগে আনাইয়া ব্যবহার সমাপন করিবেন ॥ আর যদ্যপি সাক্ষিও নাথাকে তবে দিব্যের দ্বারা নির্ণয় করিবেক। তাহাই কহিয়াছেন মনু ॥ যথা ॥ অলেখ্য সাক্ষিকে দৈবীং ব্যবহারে বিনির্দিশেদিতি। এই যে পত্র নিরূপণ

করিলাম ইহার নাম জানপদ ব্যবস্থাপত্র ।। রাজ শীয়
ব্যবস্থা পত্র ঐরূপ হয়।। এই তাহাতে বিশেষ দেখা
ইতেছি যথা।। রাজ্ঞঃ স্বহস্ত সংযুক্তং স্বমুদ্রা চিহ্নিতং তথা ।
রাজকীয়ং স্মৃতং লেখ্যং সর্বেস্বর্থেষু সাক্ষি মদিতি । উক্তং
অন্য ও রাজকীয় জয় পত্র বশিষ্ঠ কর্তৃক উক্ত হইয়াছে
যথোপ ন্যস্ত সাধ্যার্থ সংযুক্তং সোত্তর ক্রিয়ং ।। সাবধারণ
[illegible] মিয়াতে ॥ প্রাড্বিবাকাদি হস্তাঙ্কং
মুদ্রিতং রাজমুদ্রয়া। [illegible] বাদিনে দদ্যাজ্জয়িনে জয়প
[illegible] ॥ অর্থ ॥ [illegible] সে যে প্রকারে উপন্যাস
হইয়াছে এবং উত্তর ক্রিয়ার সহিত যুক্ত রাজা জ্ঞাসম্ব
লিত হইবেন প্রাড্বিবাকাদির হস্তের চিহ্ন থাকিবেক
রাজার মুদ্রাতে মুদ্রিত অর্থাৎ মোহর করা এবং ভূত জয়পত্র
অর্থ সিদ্ধির পর জেতা যেবাদি তাহাকে দিবেন ।। তদ্বৎ
সভা পতিরা ও আপন পিতার নাম পূর্বক আত্মনাম ও
সম্মতি স্বহস্তে লিখিয়া দিবেন ।। যথা মনুঃ।। সভাসদ শ্চযে
তত্র স্মৃতি [illegible] । যথালেখ্যবিধৌ তদ্বৎ স্বহস্তং
দদ্যু রেবতু॥ এবং সকল সভাসদের পরস্পর অনুমতিব্যতি
রেকে অর্থাৎ সকলের ঐক্যতা নাহইলে ব্যবহার নির্দো
ষরূপে পরিশল্যার হয়না । যথা নারদঃ ।। যত্র সভ্যো
জনঃসর্বঃ সাধ্বেত দিতি মন্যতে । সনিঃশল্যো বিবাদঃ স্যাৎ
সশল্য স্ত্বন্যথা ভবেৎ ।।ইহা চতুষ্পাদব্যবহারেতে জানিবেন
তথামনুঃ ॥ সাধয়েৎ সাধ্য মর্থং যচ্চতুষ্পাদান্বিতঞ্চযৎ।রাজ
মুদ্রাঙ্কিত ঈশ্বর জয়পত্র কথিষ্যতে ।। অর্থ ।। সাধ্য যে পুরো

জন তাকে সাধন করিয়াছে এবং ভাবা সাক্ষি প্রভৃতি চতু পায়েতে অন্বিত অর্থাৎ যুক্ত নিষ্পন্ন রাজমুদ্রাতে চিহ্নিত এবং ভূত পত্রের নাম জয়পত্র॥ আর যে স্থলেতে হীনতা আছে সেস্থলে জয়পত্র নাহি বিশেষত হীন পত্রই আছে কালান্তরে দণ্ডপ্রাপ্তির নিমিত্তে আর জয়পত্র যেপাড়ায় বিধি সিদ্ধির নিমিত্তে অর্থাৎ কালান্তরে নৃপান্তরের নিকটে ঐ হীন বাদী ব্যক্ত্যন্তর দ্বারা প্রশ্নান্তর করিলে ঐ জয়পত্র পূর্ব কৃত ন্যায়কে প্রতিপন্ন করাইবেন এই বিশেষ॥ হীন বাদীর লক্ষণ যথা॥ অন্যবাদী ক্রিয়াদ্বেষী নোপস্থাতা নিরুত্তর আহূতঃপ্রপলায়ীচহীনঃ পঞ্চবিধঃস্মৃতঃ ইহা পূর্ব্ব নির্ণয় করিয়াছি॥ লেখ্যসন্দেহেতে নির্ণয়ের নিমিত্তে অন্য উপায়ান্তর কহিতেছেন॥ যথা॥ সন্দিগ্ধ লেখ্য শুদ্ধিঃস্যাৎ স্বহস্ত লিখিতাদপি। যুক্তি প্রাপ্তিক্রিয়া চিহ্ন সম্বন্ধাগম হেতুভিঃ॥ অর্থ॥ শুদ্ধ কি অশুদ্ধ এইরূপ সন্দেহ যে লেখ্য পত্রে প্রবর্ত্ত হয় সেই পত্র স্বহস্ত লিখিত দ্বারা শুদ্ধ হইবেক। অর্থাৎ স্বহস্তে সেই রূপ এক পত্র লেখাইবেক যদি সেই রূপ অক্ষর সমুদায় তবে সেই পত্র শুদ্ধ বটে। আদি পদেতে বোধ হয় সাক্ষী লেখক প্রভৃতিরা ও স্বহস্ত লিপিমিলাইয়া দিবেক। আর যুক্তি দ্বারা যেপ্রাপ্তি তাহার নাম যুক্তি প্রাপ্তি দেশ কাল পুরুষ দ্রব্য ইহাদের সহিত সম্বন্ধ প্রাপ্ত। এই দেশ এই সময়েতে এই লোকের এই দ্রব্য ঘটনাহইয়াছিল বটে ইত্যাদি যুক্তি প্রাপ্তিক্রিয়া তারিসাক্ষি উপন্যাসকরা॥

চিহ্ন সমাধারণ স্বীকারাদি ॥ সম্বন্ধ পদে অর্থি প্রত্যর্থির পূর্ব্বেতে পরস্পর বিশ্বাসেতে যে দান গ্রহণাদি সম্বন্ধ অর্থাৎ পূর্ব্বে তোমরা কি প্রকার ব্যবহার করিতে কি খাতিরে ইহা জানাইল এ সকল বিষয়ের সম্ভাবিত প্রাপ্তি উপায় কেবল আগম ॥ এই সকল কারণ ॥ এই কারণ সমূহের দ্বারা সন্দিগ্ধ লেখ্য শুদ্ধি হয় এই অম্বরস ॥ আর যদ্যপি লেখ্যেতে সন্দেহ নির্ণয় কোন প্রকারে না হয় তবে সাক্ষী দ্বারা নির্ণয় করিবে ॥ যথা কাত্যায়নঃ ॥ দূষিতে পত্রকে বাদীতদারূঢ়ং স্তু নির্দিশেৎ ॥ কিন্তু সাক্ষি সম্ভব বচন এই ॥ যে স্থলে সাক্ষির অসম্ভব সে স্থলে এই হারীত বচন ॥ যথা ॥ নমমৈতৎকৃতং পত্র কূটমে তে নকারিতং । অধরী কৃত্যতৎ পত্রং অথদি ব্যেন নির্ণয়ঃ ॥ যদি প্রতিবাদী বলে মহারাজ এ পত্র আমি করি নাহি ইহারা প্রবঞ্চনা করিয়া প্রস্তুত করিয়াছে অথচ সাক্ষী ও নাহি সে স্থলে দিব্যেতে করিয়া নির্ণয় করিবেন বিচার কর্ত্তা ॥ এবং ভুত সোধিত পত্রে দাতব্য ঋণ বিষয়ে যদ্যপি সমস্ত ঋণ অধমর্ণ দিতে না পারে তবে কি কর্ত্তব্য এই আশঙ্কাতে কহিতেছেন ॥ যথা ॥ লেখ্যস্য পৃষ্ঠেং ভিলিখেৎ দত্বাদত্বর্ণিকং ধনং । ধনী চোপগতং দদ্যাৎ স্বহস্ত পরি চিহ্নিতং ॥ অর্থ ॥ অধমর্ণ যদ্যপি সে সময়ে সমুদায় ঋণ সোধ করিতে না পারে তবে তৎ ক্ষণাৎ যাহা দিতে পারিবেক তাহাই দিয়া পূর্ব্ব দত্ত যে ঋণ পত্র তাহার পৃষ্ঠদেশে লিখিয়া দিবেক এই টাকার মধ্যে অদ্য আমি এত টাকা দিলাম ইতি ॥ আর উত্তমর্ণ সেই পত্রের পৃষ্ঠেতে লিখিয়া দিবেন যে আমি

এত মুদ্রা পাওনার মধ্যে অর্দ্ধ এত পাইলাম। অথবা অন্য এক স্বহস্তাক্ষর চিহ্নিত করিয়া দিবেন॥ যদ্যপি সকল ঋণ পরিসোধ করে তবে কি প্রকার লেখ্য পত্র করিবে ইহার নিমিত্তে কহিতে ছেন॥ যথা ॥ দত্বর্ণং পাটয়ে ল্লেখ্যং শুদ্ধ্যৈ বান্যত্তু কারয়েৎ॥ অর্থ॥ ক্রমেতে এক বারেতেই বাস মুদ্রায় ঋণ পরি সোধ করিয়া পূর্ব কৃত যে লেখ্য তাহা কে নষ্ট করিবেক অর্থাৎ কার্য্য কারিত্ব হইতেরা হিত্যকরি বেক। যদি দুর্গম্য দেশেতে সে লেখ্য থাকে অথবা নষ্ট ই হইয়া থাকে তবে শুদ্ধির নিমিত্তে অধমর্ণের খাদকত্ব সম্বন্ধনিবৃত্তি হওনের কারণ উত্তমর্ণ হইতে অধ মর্ণ লেখা ইয়া নিবেক অর্থাৎ উত্তমর্ণ অধমর্ণকে নির্দ্দায় পত্র স্বহস্তা ক্ষর চিহ্নিত করিয়া দিবেক ইতি॥ আর যদ্যপি সসাক্ষিক ঋণহয় অর্থাৎ গ্রহণ কালে সাক্ষী যদি থাকে তবে কি কর্ত্তব্য ইহাই আশঙ্কা করিয়া কহিতেছেন ॥ যথা ॥ সাক্ষি মচ্চ ভবে দ্দ্বাত দ্দাতব্যং সসাক্ষিকং॥ অর্থ॥ এই বিষয়ে যদি সাক্ষী থাকে তবে সেই পূর্ব সাক্ষি দিগের সাক্ষাৎ কারেই দিবেক॥ ইতি লেখ্য প্রকরণং॥ ০ ॥ লিখিত সাক্ষি ভুক্তি রূপ ত্রিবিধ মানুষ প্রমাণ কহিলাম। এক্ষণে অবসর প্রাপ্ত দিব্য প্রমাণ কে অবিধান করিতেছি তুলা গ্ন্যাপ ইত্যাদি পঞ্চ বচনের দ্বারা মহর্ষি যে দিব্য মাতৃকা কহিয়াছেন॥ তাহাতে সেই সকল দিব্যের উপ দেশ করিতেছেন॥ যথা॥ তুলাগ্ন্যাপো বিষং কোশো দিব্যানীহ বিশুদ্ধয়ে॥ অর্থ॥ এধ র্ম্মশাস্ত্রেতে বিশুদ্ধির নিমিত্তে

অর্থাৎ সন্দিগ্ধ বিষয়ের সন্দেহ নিবৃত্তিহেতুক তুলাদি ধৃতে আদি করিয়া কোশবিধি পর্যন্ত বক্ষ্যমাণ এই যে পঞ্চ দিব্য তাহাই করাইবেক ভাল আর যে তণ্ডুলাদি দিব্য ও আছে ॥ যথা মনু ॥ ধটোগ্নি রুদকঞ্চৈব বিষং কোশস্তু থৈবচ তণ্ডুলাশ্চৈব দিব্যানি সপ্তম স্তপ্তমাষক ইতি ॥ অত এব কি প্রকারে এই কয়ক দিব্য ত্যাগ করিলে এই আশঙ্কাতে কহিতেছেন ॥ যথা ॥ মহাভিযোগে ষ্বেতানীতি ॥ অর্থ ॥ এই সকল দিব্য মহাভি যোগেতে ই করাইবে নতুবা অন্যত্র এই নিয়ম করিয়া ছেন নতুবা অন্য দিব্য করাই বেক ॥ মহত্বের অবধি বলিবেন । ভালো অল্পাভি যোগেতে ও কোশ বিধি করাইবে ইহা কহিয়াছেন মনু ॥ যথা ॥ কোশ মল্পে ২ পিদাপ য়েদিতি ॥ সত্য বটে কোশের ও তু লাদি বিধিতেই পাঠ ক্রম জানিবেক নতুবা মহাভি যো গেতে এই নিয়মের নিমিত্তেই কহিয়াছেন ॥ ০ ॥

কিন্তু সাবষ্টম্ভাভি যোগে ও প্রাপ্তি নিমিত্তে ইহা না কহিলে কেবল সঙ্কাভিযোগেই হউক । অবষ্টম্ভাভি যুক্তদিগের ধটা দিই নির্দেশ করিবেন তণ্ডুল এবং কোশ ইহা সঙ্কাতেই ইহার সংশয় নাই এই স্মৃতি হেতুক বাবষ্টম্ভ এ দুই প্রকারে মহাভিযোগেতে বিশেষ রূপ প্রাপ্তিতে অপবাদ কহিতেছেন আপনার উপরে দণ্ড স্বীকার করিয়া যে অভিযোগ তাহার নাম সাবষ্টম্ভাভিযোগ অর্থাৎ নিশ্চয় বিষয়ে অভিযোগ । সন্দেহেতে যে অভি যোগ তাহার নাম সঙ্কাভিযোগ । এই সকল তুলাদি অভিযোগ যক্ষণ শীর্ষকস্থ হইবেন

এত অভিযুক্তের পুর্ত্তি হইবেক। শীর্ষক শব্দে মস্তক অর্থাৎ ব্যবহারের চতুর্থ পাদ জয় পরাজয়ের লক্ষণ তাহাতে করিয়া ও লক্ষ্য হয়। তাহাতে যে থাকে তাহার নাম শীর্ষকস্থ তৎ প্রযুক্ত দণ্ড ভাগী যে এই অর্থ। তাহার পর ঐ অর্থী প্রতিজ্ঞাতার্থ সাধান লেখাইবেন এ ক্রিয়া ভাব প্রতিজ্ঞাবাদীরই ইহা দেখাইয়াছেন। তাহার অপবাদ কহিতেছেন রুচ্যাবান্যতরঃকুর্য্যাদি তরোবর্ত্তয়ে ছিরঃ॥ অর্থ॥ অভিযোক্তা ও অভিযুক্ত এ উভয়ের পরস্পর প্রতিজ্ঞাতে করিয়া ঐ উভয়ের এক দিব্য করিবেন এবং শারীরিক দণ্ড কিম্বা অর্থ দণ্ড ঐ উভয়ের এক স্বীকার করিবেন। এই অভিসন্ধি মানুষ প্রমাণের ন্যায় দিব্য প্রমাণের ভাব স্বরূপই এক বিষয় নয় কিন্তু ভাবাভাবকে বিষয় করেন। এই হেতুক মিথ্যোওরে এবং প্রত্য বন্দস্কনে কিম্বা প্রাঙ্ন্যায়ে অর্থি প্রত্যর্থি এই উভয়ের একে স্বাধীন দিব্য হয়। অল্পাভি যোগে মহাভি যোগে ও সঙ্কাভি যোগে ও সাবষ্টম্ভাভি যোগে ও অবিশেষেতে কোশ হয় এই যুক্ত। কিন্তু তুলাদি বিষপর্য্যন্ত দিব্য মহাভি যোগেই হয়। সাবষ্টম্ভেই হয় ইহা নিয়ম মাত্র দেখাইয়াছেন। অবষ্টম্ভাভি যোগেই হয় যে ইহাতে অপবাদ কহিতেছেন। বিনাপি শীর্ষকাৎ কুর্য্যাৎ নৃপদ্রোহে থপাতকে রাজার দ্রোহের আসঙ্কাতে এবং মহাপাতকথা ভিসঙ্কাতে সীর্ষকস্থ বিনা ও তুলাদি করিবেক। এবং মহাচৌরাভি লঙ্কাতে ও করিবেক। যেমন কহিয়াছেন। রাজা যাহাকে আসঙ্কা করিয়াছেন এবং চোরেরা তাহাকে নির্দ্দিষ্ট

করিয়াছে। এবং আত্মশুদ্ধি করিবার নিমিত্তে কার্য্যেতে তাহাদিগের শপথ কর্ত্তৃত্ব বিনাও দিব্য দিবেক। কিন্তু তণ্ডুল অল্প চৌর্য্য সঙ্কাতেই জানিবা। চৌর্য্য সঙ্কাভিযুক্ত দিগের তপ্ত মাসই বিধান হয় এই স্মৃতি হেতুক। অন্য সপথ সকল অল্প বিষয়ে। সে এই। সত্যতা দ্বারা সপথ বাহন ও শাস্ত্র ও গো ও বীজ ও স্বর্ণ ও দেবতা ও পিতার বচন ও এসকল স্পর্শদ্বারা সপথ পুন্য সকল দ্বারা সপথ। পুত্রের মস্তক স্পর্শ স্ত্রীর মস্তক স্পর্শ এবং সুহৃদের মস্তক স্পর্শ এই সকল দ্বারা সকল অভিযোগেই সপথ হয় এবং কোশপান দ্বারা ও হয় মনু এই সকল সপথ অল্প করিলে কহিয়াছেন্ এই নারদাদি স্মৃতি হেতুক। যদ্যপি মানুষ পুমাণ দ্বারা যাহার নির্ণয় নাহয় তাহার নির্ণায়ক যে সেই দিব্য এই হেতুক লোকপুসিদ্ধ সপথ দিগের ও দিব্যবা আছে তথাপি সপথানন্তরই নির্ণায়ক যে ধটাদি তাহাদিগের হইতে বহু কাল বিলম্বে নির্ণায়ক যে সকল সপথ তাহাদিগের ভেদেতে করিয়া ব্যবহার করিয়াছেন ব্রাহ্মণ হইতে পরিব্রাজ কের যে মতভেদ তাহার ন্যায় কোসের সপথবা থাকিলো ও ধটাদির মধ্যে যে পাঠ সে মহাভি যোগে এবং অবষ্টম্ভাভি যোগে যেমন ধটাদি হয় এমন কোশ ও হয় এই রূপে তুল্যহেতুক কিন্তু সপথানন্তরই নিয়ামকত্ব প্রযুক্ত তুল্যত্ব রূপেনয়। তণ্ডুলের এবং তপ্তমাষের ও সপথানন্তরই নির্ণায়কত্ব থাকিলে ও অল্প বিষয় প্রযুক্ত এবং সঙ্কাভি যোগ বিষয়প্রযুক্ত ধটাদি হইতে স্বতন্ত্র এই হেতুক

এতদ্বিষয়ে মধ্যে পাঠনাই অতএব এই বিষয়ে সন্তুষ্ট হওয়া উচিত। এই সকল দিব্য এবং শপথ সকল যথা সম্ভব ঋণ দানাদি বিবাদে প্রয়োগ করিবেন। যে ও পিতামহ বচন। স্থাবরের বিবাদেতে দিব্য বর্জ্জন করিবেন সেই লিখিত এবং প্রতি বাসি সাক্ষীর অভাবে দিব্য বর্জ্জন করিবেন এই ব্যাখ্যা কর্ত্তব্য তবে বিবাদান্তরে ও প্রমাণ সম্ভব হইলে দিব্য নাহউক। সত্য বটে ঋণাদি বিবাদেতে উক্ত লক্ষণাক্রান্ত সাক্ষীর উপন্যাস অর্থি করিলে ও প্রত্যর্থী যদি দণ্ড স্বীকার যাহাতে আছে এমন অবষ্টম্ভাভি যোগেতে করিয়া দিব্যা বলম্বনকরে তবে দিব্য ও হয়। যে হেতুক সাক্ষি দিগের আশয় দোষ সম্ভবে এবং দিব্যের নির্দোষত্ব প্রযুক্ত বস্তুর যথার্থ নির্ণয় হয় এই হেতুক ধর্ম্মের স্বরূপই দিব্য। যেমন নারদ কহিয়াছেন। সেই সত্যতে ধর্ম্ম আছেন কিন্তু ব্যবহার সাক্ষীতেই হয় দৈব প্রমাণ দ্বারা যাহার মধ্যে হয় তাহাতে পৌরুষ প্রমাণ কিম্বা লেখ্য প্রমাণ দিবেন না। স্থাবরাদি বিবাদে প্রত্যর্থী দণ্ড স্বীকার করিয়া দিব্যাবলম্বন করিলে ও প্রতি বাসি প্রভৃতি দৃষ্ট প্রমাণ সম্ভব হইলে দিব্য গ্রাহ্য কি নয় এই বিকল্প নিরাকরণের নিমিত্তে স্থাবর বিবাদেতে দিব্য বর্জ্জন করিবেন ইত্যাদি পিতামহ বচন দিব্যের আত্যন্তিক নিরাকরণের নিমিত্তে নয় যেহেতু লিখিত ও প্রতিবাসি প্রভৃতি সাক্ষ্যাদির অভাবে স্থাবর বিবাদে অনির্ণয় প্রসঙ্গ। আর ও কহিতে ছেন ॥ ॰ ॥

সচেল স্নাত মাহূয় সূর্য্যোদয় উপোষিতং। কারয়েৎ সর্ব্ব দিব্যানি নৃপ ব্রাহ্মণ সন্নিধৌ ॥ ০ ॥

পূর্ব্ব দিন উপোষিত এবং সূর্য্যোদয় হইলে সবস্ত্র স্নাত এমন যে দিব্য গ্রাহী তাহাকে আহ্বান করিয়া রাজা ও সভ্য ও ব্রাহ্মণ দিগের নিকটে প্রাড্বিবাক সকল দিব্যকরাইবেন। ত্রিরাত্র উপবাস করিয়াছে যে কিম্বা এক রাত্র উপবাস করিয়াছে যে এবং শুচি ও আর্দ্র বস্ত্র যুক্ত এমন ব্যক্তিকে দিব্য দিবেন। এই উপবাস বিকল্পযে পিতামহ কহিয়া ছেন তাহার ব্যবস্থা বলবান্ ও অবলান্ এবং মহাকার্য্য ও অল্প কার্য্য ইত্যাদি বিষয় ভেদে দেখিবা। উপবাস নিয়ম দিব্য করাইবেন যে প্রাড্বিবাক তাহার ও জানিবা। প্রাড্বিবাক দিব্য দ্বারা সকল কার্য্য উপোষিত হইয়া রাজা জ্ঞাতে করিবেন যেমন যাগেতে অধ্বর্য্যু। অর্থাৎ এদৃষ্টান্ত উপবাস পক্ষে। এই পিতামহ বচন হেতুক। ইহাতে যদ্যপি সূর্য্যোদয় হইলে দিব্য দিবেন ইহা অবিশেষেতে কহিয়াছেন। তথাপি সিষ্টাচার হেতুক রবিবারেই দিব্য দিবেন ॥ ০ ॥

তাহাতে ও পূর্ব্বাহ্নে অগ্নি পরিক্ষ্যা হইবেক ধটপরীক্ষা ও পূর্ব্বাহ্নে হইবেক এবং ধর্ম্মাত স্বই ছারিনি করিবেন তিনি মধ্যাহ্নে জলপরিক্ষ্যা দিবেন। একোশ পরিক্ষ্যা ও পূর্ব্বাহ্নে বিহিত রাত্রির শেষ প্রহরে সুশীতল হইলে বিষ পরিক্ষ্যা দিবেন। এই পিতামহকহিয়াছেন দেখিবা ॥ ০ ॥

বেলাবিশেষ উক্তনয় যে তণ্ডুল তপ্ত মাষাদি তাহাদিগের

পূর্ব্বাহ্নেই দিবেন । যে হেতুক পূর্ব্বাহ্নে সকল দিব্যের প্রদান এই নারদ স্মৃতি । ত্রিধা বিভক্ত যে দিন তাহার প্রথম ভাগ পূর্ব্বাহ্ন মধ্যভাগ মধ্যাহ্ন উত্তর ভাগ অপরাহ্ন সেই প্রকার অপরও কাল বিশেষ বিধি নিষেধ মুখেতে দেখাইয়াছেন । বিধিমুখ এই । অগ্নি যে দিব্যেতে সেদিব্যের কাল শিশির ও হেমন্ত কহিয়াছেন । সরৎ কালে ও গ্রীষ্মকালে জল যে দিব্য তহা করাই বেন এবং হেমন্ত কালে ও শিশির কালে বিষদিবেন । চৈত্র অগ্রহায়ণ বৈসাখ এই তিনমাস দিব্যের অবি রোধী সাধারণ মাস । কোশ সর্ব্বদা দেওয়া জায় এবং তুলা ও সর্ব্ব কালেহয় । কোশ গ্রহণ সর্ব্ব সপথের উপলক্ষণ তণ্ডুলের বিশেষ কহেন নাই এই হেতুক সকল কালেই হইবেক । এবং প্রতিষেধ মুখে ও । শীতে জল দিব্য হইবেন । এবং উষ্ণকালে ও অগ্নি দিব্য হইবেন । এবং বর্ষাকালে বিষ দিব্য দিবেন না এবংঅতিসয় বায়ু যে কালে সেকালে তণ্ডুল দিব্য দিবেননা । অপরাহ্নে নয় ও সন্ধাকালে নয় এবং মধ্যাহ্নেও কদাচ নয় । শীতে জল দিব্য দিবেননা ইহাতে শীত শব্দে হেমন্ত শিশির বর্ষার গ্রহণ । এবং উষ্ণকালে অগ্নি দিব্য নাই ইহাতে উষ্ণশব্দে গ্রীষ্ম ও সরদের গ্রহণ । বিধানে যাহা দিগের পাওয়া জায়নাই তাহা দিগের পুনর্ব্বার নিষেধ আদরের নিমিত্তে কিন্তু প্রয়োজন ও কহিবেন । অধিকারি ব্যবস্থা কহিতেছেন ॥ যথা ॥ তুলাস্ত্রী বালবৃদ্ধান্ধ পঙ্গুব্রাহ্মণ রোগিণাং ।

অগ্নির্জলং বা শূদ্রস্যযবাঃ সপ্তবিষস্যবা। অর্থ স্ত্রী শব্দে জাতি বয়স ও বাল্যাবস্থাদির বিশয় না করিয়া স্ত্রীলোক সকলই। বালকশব্দে শোড়ষ বর্ষ বয়স্ক তাহাতে জাতি বিশেষের আদর নাইং। বৃদ্ধ শব্দে অশীতি বৎসরবয়স্ক অন্ধ শব্দে নেত্রহীন। পঙ্গুপদে পাদহীন ব্রাহ্মণ জাতি সকলই। এবং রোগীইহা দিগের শোধনের নিমিত্তে তুলাই নিয়ম করেন। ক্ষত্রিয়ের অগ্নি ভাল এবং তপ্তমাষ। বৈশ্যের জলই বচনের মধ্যে যে বা শব্দ সে অবধারণ। শূদ্রের উক্ত পরিমিত বিষ সপ্তসংখ্যক হয়। ব্রাহ্মণেরতুলা বিধান হেতুক উক্তপরিমিত সপ্ত বিষখণ্ড এই বিধান হেতুক অগ্নি ও জল ক্ষত্রিয় বৈশ্য বিষয়েই যুক্ত। পিতামহ স্রষ্ট করিয়াছেন। ব্রাহ্মণস্য ধটোদেয়ঃ ক্ষত্রিয়স্যাহুতাসনঃ। বৈশ্যস্যসলিলংপ্রোক্তং বিষংশূদ্রস্যদাপয়েদিতি অর্থ। ব্রাহ্মণকে তুলাদিবেন ক্ষত্রিয়কে অগ্নি দিবেন বৈশ্যকে জল দিবেন শূদ্রকে বিষ দিবেন। স্ত্রীপ্রভৃতির যে দিব্য নিবেধ স্মৃতি। সেও ব্রতী এবং অতিশয় পীড়িত এবং তপস্বী এবং স্ত্রী ইঁহারদিগের দিব্য হয় না যদি ধর্ম্ম অপেক্ষা করিতে হয় এই। সে রুচিতে করিয়া উভয়ের মধ্যে একই বা করুক এই বিকল্প নিবৃত্তির নিমিত্তে। কহিয়াছে যে এই তাহা হয়। অবষ্টম্ভাভি যোগেতে স্ত্রী প্রভৃতি যদি অভিযোগ কর্ত্তা হয় তবে যাহাকে অভিযোগ তাহারই দিব্য ইহাদিগের অভিযোগ করিলে যে অভিযোগকরে তাহারই দিব্য যদি পরস্পর অভিযোগ করে তবে বিকল্প অর্থাৎ যাহাকে অভিযোগ সেই বাকরুক কিম্বা যে অভিযোগ করে সেই

বাকশুক। তাহাতেও ওলাই এই বাক্যেতে করিয়া নিয়ম-করিতেছেন। মহাপাতকাদি সঙ্কাভিযোগে স্ত্রী প্রভৃতির তুলাই। এবচন ও সকল দিব্য সাধারণ যে চৈত্র অগ্রহায়ণ বৈশাখ এ সকল মাসে স্ত্রী প্রভৃতির সকল দিব্যের সমাধান হইলে নিয়ামক অর্থাৎ সকল দিব্যের সমাধান থাকিবে তুলাই দিবেন। স্ত্রীলোকের সকল কালেই তুলা এমন নয় যেহেতুক স্ত্রীদিগে বিষদিতে কহেন নাই এবং জল দিব্যও কহেন নাই কিন্তু ধট কোশাদি দ্বারা তাহাদিগের অন্তস্তত্ব বিচার করিবেন এই বচনে বিষ জলব্যতিরেকে ধট কোশ অগ্ন্যাদি দ্বারা স্ত্রী প্রভৃতির শুদ্ধি বিধান। এমনি বাল কাদিতে ও যোজনা করিবা। সেই প্রকার ব্রাহ্মণাদীর সর্ব কালিক তুলাদি নিয়ম নাই। সকল বর্ণেরই কোশ দ্বারা শুদ্ধির বিধি আছে এবং সকল দিব্যই সকল বর্ণের ব্রাহ্মণের বিষ ব্যতিরেকে। এই পিতামহ স্মৃতি হেতুক। সেই হেতুক সাধারণ কালে বহু দিব্যের সমাধান হইলে তুলাদির নিয়মের নিমিত্তে এবচন। কালান্তরেত ওৎ কাল বিহিত দ্রব্যই সকলের। তাহা এই বর্ষাতে অগ্নিই সকলের হেমন্ত ও শিশিরে ক্ষত্রিয়াদি তিনবর্ণের তাহাতে অগ্নি বিষএ দুইএর বিকল্প। কিন্তু ব্রাহ্মণের অগ্নিই কদাচিত ও বিষ নয় ব্রাহ্মণের বিষ ব্যতিরেকে এই নিষেধ হেতুক। গ্রীষ্ম শরদ এ উভয়ে জলই যাহাদিগের ব্যাধিবিশেষেতে অগ্নি প্রভৃতি নিষেধ সেএই কুষ্ঠিদিগের অগ্নিবর্জ্জন করিবেন। শ্বাসকাসযুক্তাদিদিগের জলবর্জ্জন করিবেন॥ ০ ॥০॥

এবং পিত্তশ্লেষ্ম অতিশয় যাহাদিগের তাহাদিগের বিষবর্জ্জন করিবেন। অতএব তাহাদিগের অগ্ন্যাদির কালেও তুলাদিই দিব্য হয়। সেই রূপজল অগ্নি বিষ এসকল দিব্য বলবান মনুষ্যকে দিবেন এই বচন হেতুক সর্ব্বপ্রকারেই বিধি নিষেধ হেতুক যে ঋতুতে যে দিব্য এবং বয়স অবস্থা বিশেষে যে দিব্য সম্ভবে সেই দিব্য দুর্ব্বল কেও বিবেচনা করিয়া দিবেন মহাভি যোগে এ সকল দিব্য এ কথা কহিয়াছেন তাহাতে ও অভিযোগ যাহা হইতে মহৎ তাহা ইদানী কহিতেছেন। ॥ যথা ॥ ন সহস্রাদ্ধরেৎ ফালং নবিষং নওলাতথা ॥ অর্থ॥ পণ সহস্রের মধ্যে ফাল কিম্বা বিষ কিম্বা তুলাকরাইবেন না এবং গণনার মধ্যবর্ত্তী যেজল তাহাও করাইবেননা। যাহা কহিয়াছেন তুলাদীনি বিষান্তানি গুর্ব্বর্থে যুচদাপয়েদিতি ॥ অর্থ ॥ তুলাআদি করিয়া বিষপর্য্যন্ত গুরুবিষয়ে অভিযোগ হইলেই দেওয়াইবেন। ইহাতে কোশের অগ্রহণ যে হেতুক কোশ অল্প বিষয়েও দেওয়াইবেক এই বচন হেতুক অল্পাভিযোগে ও তাহার স্মরণ। এই চারিদিব্য পণ সহস্রের ঊর্দ্ধই হয় পণসহস্র পর্য্যন্ত হয় না এই অর্থ। ভালো পণ সহস্রের মধ্যেতেওঅগ্ন্যাদিদিব্য পিতামহ দেখাইয়াছেন। এই যে সহস্রপণে ধট দিবেন সহস্রার্দ্ধেতে ফাল দিবেন এবং সহস্রার্দ্ধের অর্দ্ধেতে জলদিবেন তাহার অর্দ্ধেতেবিষ দিবেন সত্য বটে তাহাতে এই প্রকার ব্যবস্থা। যে দ্রব্য পহরণে পাতিত্য হয় সেই দ্রব্য বিষয়ে পিতামহ বচন তদ্ভিন্ন দ্রব্য বিষয়ে যোগীশ্বর বচন। এই বচন দুই স্তেয়ও সাহস

বিষয়ে। অপহ্নবেতে বিশেষ কাত্যায়ন দেখাইয়াছেন। দত্ত দ্রব্যের অপহ্নব যেস্থলে সে স্থলে প্রমাণ কল্পনা করিবেন। স্তেয়ও সাহস এ উভয়ে দিব্য অল্প বিষয়েও দিবেন সকল দ্রব্যের প্রমাণ জানিয়া স্বর্ণ প্রমাণ কল্পনা করিবেন স্বর্ণ প্রমাণ যুক্ত যে কালে সে কালে দিব্য প্রযোগ করিবেন। সুবর্ণের সংখ্যা জানিয়া তাহার শতনাশ হইলে বিষ দিবেন অসীতি বিনাশ হইলে অগ্নি দিবেন ষষ্টি সংখ্যক নাশ হইলে জল দিবেন চত্বারিংশত নাশ হইলে ধট দিবেন বিংশতি এবংদশনাশ হইলেকোশ পানের বিধান হয় পঞ্চাধিক নাশ হইলে কিম্বা তাহার অর্দ্ধ নাশ হইলে কিম্বা তাহার অর্দ্ধ নাশ হইলে তণ্ডুল দিবেন তাহার অর্দ্ধার্দ্ধ নাশ হইলে পুত্রাদির মস্তকস্পর্শ করিবেন তাহার অর্দ্ধার্দ্ধ বিনাশে লৌকিক প্রমাণ এই প্রকার বিচার করিলে রাজা ধর্ম্মার্থ হইতে হীন হন না। সুবর্ণের সংখ্যা জানিয়া ইহাতে সুবর্ণ শব্দে সোড়ষ মাষা স্বর্ণ ইহার পরিমাণ এই উক্ত। নাশ শব্দে অপহ্নব এবং সহস্র পর্যন্ত ফাল গ্রহণ করিবেন ইহাতে পণ পদেতাম্রিক পণ জানিবা ॥ ০॥ ০ ॥

ভালোনৃপদ্রোহে এবং পাতকে এক সকল দিব্য কহিয়াছেন তাহাকেন সহস্র পর্য্যন্ত ফাল গ্রহণ করিবেন না এবচন এই হেতুক কহিয়াছেন ॥ যথা ॥ নৃপার্থে ষ্বভিসাপেচ হরেয়ুঃ শুচয়ঃসদা ॥ অর্থ ॥ রাজার দ্রোহেতে এবং মহাপাতকাভিযোগে দ্রব্য সংখ্যার অপেক্ষা না করিয়াই উপবাসদি দ্বারা শুচি হইয়া এই সকল দ্রব্য করিবেন। এবং দিব্যের দেশ বি

শেষ ও নারদ দেখাইয়াছেন। সভা রাজকুলদ্বার দেবায়তন চত্বরে। নিবেশয়েন্নিশ্চলঃ পূজ্যোধূপ মাল্যানুলেপনৈরিতি ॥ অর্থ॥ সভাতে এবং রাজকুলের দ্বারেতে এবং দেব স্থানে এবং চত্বরে ধূপমাল্যানুলেপন দ্বারা পূজা করিয়া নিশ্চল করিয়া ধট দিবেন নিষেধপদে ধট ব্যবস্থা কহিয়াছেন কাত্যায়ন অভিযুক্ত মহাপাতকিদিগের ইন্দ্রসদনে দিব্য দিবেন নৃপদ্রোহে প্রবৃত্ত যাহারা তাহাদিগের রাজদ্বারে দিবেন প্রতিলোম প্রসূত জাতিদিগের চতুষ্পথে দিব্য দিবেন এতভিন্ন জাতিদিগের সভামধ্যে দিব্য দিবেন। অস্পৃশ্য যে অধম শূদ্র ম্লেচ্ছ এবং অন্ত্যজ প্রতিলোম প্রসূত জাতি ইহারা পাপকারী হইলে রাজাই নিশ্চয় করিবেন তাহাদিগের প্রসিদ্ধয়ে দিব্য সংশয় হইলে তাহাদিগের তাহাই দিবেন। এই দিব্য মাতৃকা॥ ০ ॥ এই রূপ সকল দিব্যোপ যোগিনী দিব্য মাতৃকা কহিয়া ইদানী ধটাদি দিব্যের প্রয়োগ কহিতেছেন ॥ যথা॥ তুলাধারণ বিদ্বদ্ভিরভি যুক্তস্তুলাশ্রিতঃ। প্রতিমান সমীভূতো রেখাংকৃত্বা বতারিতঃ। ত্বংতুলেসত্য ধামাসি পুরা দেবৈর্বিনির্মিতা তৎসত্যং বদ কল্যানি সংশয়াম্মাং বিমোচয় যদ্যস্মি পাপকৃন্মাতস্ততোমাং ত্বমধোনয়। শুদ্ধশ্চেদ্গময়োর্দ্ধং মাং তুলামিত্য ভি মন্ত্রয়েৎ ॥ ০ ॥ ০ ॥

॥ অর্থ॥ তুলাধারণ পদে তোলন তাহা যাহারা জানে অর্থাৎ স্বর্ণকার প্রভৃতি তাহাদিগের দ্বারা মৃত্তিকাদি প্রতিমা নেতে করিয়া তুলাতে আরোহণ করিয়াছে যে দিব্যকারী তাহাকে সমান করিয়া তাহার পর যে সন্নিবেসে করিয়া প্রতিমান

দ্বারা সমান করিবার সময়ে যে শিক্য তলে দিব্যকারীছিলেন তাহাতে খড়ীতে করিয়া অঙ্ক দিয়া অবতারণ করিয়া তুলাকে সত্যধামাসি ইত্যাদি মন্ত্র দ্বারা প্রার্থনা করিবেন ॥ ০ ॥ ০ ॥ মন্ত্রের অর্থ এই। হেতুলা তুমি সত্যের স্থান হইয়াছ তোমাকে সৃষ্টির প্রথম হিরণ্য গর্ব্ভ প্রভৃতি দেবতারা নির্ম্মাণ করিয়াছেন সেই হেতুক যে বিষয়ে সন্দেহ তাহা দেখাও হে সোভনে এই সংশয় হইতে আমাকে মোচন করহ হেমাত যদি আমি পাপকারী ও অসত্যবাদী হই তবে আমাকে নীচে নেও যদি শুদ্ধও সত্যবাদী হই তবে আমাকে উর্দ্ধেতে গমন করিও। প্রাড্বিবাকের গুলার নিকটে প্রার্থনার মন্ত্র অন্য স্মৃতিতে কহিয়াছেন। এ প্রার্থনা দিব্যকারীর। জয় পরাজয় লক্ষণ ও মন্ত্রার্থ দ্বারাই জ্ঞান হয় এই নিমিত্তে পৃথক কহেন নাই। এবং ধট নির্ম্মাণও আরোহণাদি রূপ যে অর্থ তাহার দ্বারাই সিদ্ধ হইয়াছে পিতামহনারদাদিরা স্পষ্ট করিয়াছেন। যে সে প্রকার সে এই ছিত্বাতুজজ্ঞিয়ং বৃক্ষং যূপবন্মন্ত্র পূর্ব্বকং প্রণম্যলোক পালেভ্যস্তুলা কার্য্যা মণীষিভিঃ ॥ ০ ॥ ০ ॥

॥ অর্থ ॥ মন্ত্র পূর্ব্বক যজ্ঞিয় বৃক্ষ অর্থাৎ যজ্ঞেতে উপযুক্ত যে বৃক্ষ তাহা ছেদন করিয়া লোকপালেদিগের প্রণাম করিয়া পণ্ডিতেরা তুলাকরিবেন। বৃক্ষছেদনে সোমদেবতার মন্ত্র জপ করিবেন চারি কোন থাকে এবং দৃঢ় ও সরল এবং তাহার তিন স্থানে লৌহময় সমর্থ বলয়া কৃতি করিয়া দিবেন রূপ করিয়া চারি হস্ত পমাণ তুলা করিবেন। চারিহস্ত

প্রমাণ উর্দ্ধে থাকিবে এবং দুই হস্ত কিম্বা সার্দ্ধ হস্ত ভূমি মধ্যে থাকে এমন দুই হস্ত দুই হাত গর্ত্ত করিয়া। দুই হস্ত কিম্বা সার্দ্ধ হস্ত অন্তর করিয়া প্রোথিত করিবেন। সে স্তম্ভদ্বয় উত্তরে ও দক্ষিণে ধটের পার্শ্বদ্বয়ে থাকিবেক সেই স্তম্ভ দ্বয়ের উপরে উত্তরাগ্র করিয়া কাষ্ঠদ্বয় দিবেন তাহার নাম তোরণ ধট হইতে দশ অঙ্গুলি উপরে থাকিবেক। তোরণ দ্বয় হইতে অধোমুখ মৃত্তিকা ময়গোল শক্ত সূত্রেতে বদ্ধ এবং ধটেতে স্পর্শ করে এমন করিয়া এবং ধটেতে বদ্ধ করিয়া অবলম্বন দ্বয় করিবেন। শুচিদেশে তোরণে বদ্ধ করিয়া নিশ্চল করিয়া পূর্ব্বাভিমুখ করিয়া ধট রাখিবেন। ধটের উভয় প্রান্তভাগে শিক্য দ্বয় যোজনা করিবেন। উভয় সিক্যের উপরে পূর্ব্বাগ্র করিয়া কুশবিস্তার করিবেন পশ্চিম সিক্যেতে দিব্য কর্ত্তাকে তোলন করিবেন পূর্ব্বসিক্যেতে মৃত্তিকা কিম্বা ইষ্টকা কিম্বা পাষাণ কিম্বা ধূলিতে পূর্ণ করিয়া পেটক তোলন করিবেন। এবং তুলার পরিমাণেতে বিজ্ঞ যে বণিক ও স্বর্ণকার ও কাংস্যকার ইহারদিগের পরীক্ষক করিয়া নিযুক্ত করিবেন। পরীক্ষকেরা সর্ব্বদা অবলম্বন করিয়া ধট সমান করিবেন্ পণ্ডিতেরা ধটের উপরে উদক প্রদান করিবেন যাহাতে জল না চলিত হয় সেই জানিবা সমান ধট পূর্ব্বে দিব্যকারীকে তোলন করিয়া পশ্চাৎ অবতারণ করিয়া ধটকে পতাকাধ্বজেতে করিয়া সোভা যুক্ত করিয়া তাহাতে এই বিধান ক্রমে দেবতাদিগের আবাহন করিবেন বাদ্য তূর্য্যের ঘোষেতে করিয়া এবং গন্ধমাল্যানুলেপন দ্বারা সমার্চ্চিত

রিবেন তাহার পর প্রাড়্বিবাক পূর্ব্বমুখ হইয়া কৃতাঞ্জলি-
হইয়া এই কথা কহিবেন যে হে ভগবন্ ধর্ম্ম তুমি আগমন
কর আগমন কর এই দিব্যে প্রবিষ্ট হও লোক পালদিগের
সহিত এবং বসুগণ ও আদিত্য গণও বায়ুগণ ইহাদিগের
সহিত। ধটে ধর্ম্মকে আবাহন করিয়া পশ্চাৎ অঙ্গ সকলের
বিন্যাস করিবেন ইন্দ্রকে পূর্ব্বদিকে বিন্যাস করিয়া প্রেতে
শকে দক্ষিণদিগে বিন্যাশ করিবেন পশ্চিমভাগে বরুণকে
বিন্যাস করিবেন কুবেরকে উত্তরে বিন্যাস করিবেন। এবং
অগ্ন্যাদি লোকপালদিগের কোণ ভাগে বিন্যাস করিবেন বিন্যা
স শব্দে স্থাপন। ইন্দ্রপীত বর্ণ যমশ্যাম বর্ণ বরুণ স্ফটিকের
ন্যায় বর্ণ কুবের স্বর্ণ বর্ণ অগ্নিও স্বর্ণ বর্ণ নিঋতি শ্যামবর্ণ
বায়ুধূম্রবর্ণ ঈশান রক্তবর্ণ এই রূপ ক্রমেতে ইহারদিগের
ধ্যান করিবেন। ইন্দ্রের দক্ষিণ পার্শ্বে বসুগণকে আবাহণ
করিবেন। ধর। ধ্রুব। সোম। আপ। অনিল। নল। প্রত্যূষ।
প্রভাত। এই অষ্ট বসুগণ কহিয়াছেন। ইন্দ্র ঈশানের মধ্যে
আদিত্য গণকে আরাধনা করিবেন। ধাতা অর্য্যমা। মিত্র।
বরুণ। অংশ। ভাগ। ইন্দ্র। বিবস্বান্। পূষাচ। পর্য্যন্য।
ত্বষ্টা। বিষ্ণু। এই দ্বাদশ আদিত্য। অগ্নির পশ্চিম ভাগে
রুদ্রগণকে আরাধনা করিবেন। বীরভদ্র শম্ভু। গিরীশ। মহা
যশা। অজৈকপাদ। অহির্বুধ্ন। পিনাকী। অপরাজিত। ভুব
নাধীশ্বর। কপালী বিসাম্পতি। স্থানু। ভব। এই একাদশ
রুদ্র। প্রেতও রক্ষোগণের মধ্যে। মাতৃগণের আরাধনা করি

বেন। ব্রাহ্মী। মাহেশ্বরী। কৌমারী বৈষ্ণবী॥ বারাহী
মাহেন্দ্রী। চামুণ্ডা। নিঋতির উত্তর ভাগে গণেশের
স্থান জানিবা। বরুণের উত্তর ভাগে ক্ষেত্র গণের স্থান।
গগণস্পর্শন। যায়ু। অনিল। মারুত প্রাণ। প্রাণেশ। জীব।
এই অষ্টমরুতগণ। ধটের উত্তরভাগে দুর্গাকে আবাহনকরিবেন
এই সকল দেবতাদিগে স্বনাম দ্বারা পূজাকরিবেন। ধর্ম্মকে
ভূষণ বস্ত্র অর্ঘ্যাদি ক্রমেতে দিবা পশ্চাৎ অঙ্গ দেবতাদের ও
অর্ঘ্যাদি ভূষণান্ত দিবেন বা। গন্ধাদি নৈবেদ্যান্ত পূজা
করিবেন। এস্থলে তুলাকে পতাকাও ধ্বজাদি দ্বারা অলঙ্কৃত
করিয়া তুলাতে এহেহি এই মন্ত্র দ্বারাধর্ম্মকে আবাহন করি
য়া ধর্ম্মায়ার্ঘ্যং প্রকল্পয়ামিনম ইত্যাদি প্রয়োগদ্বারা অর্ঘ্যপাদ্য
আচমনীয় মধুপর্ক আচমনীয় স্নান বস্ত্র যজ্ঞোপবীত আচম
নীয বলয়ও মুকুটাদি ভূষণান্ত দিয়া ইন্দ্রাদিকে দুর্গা পর্য্যন্ত
দিগের প্রণবাদি চতুর্থ্যন্ত নমোন্ত মন্ত্রেতে করিয়া অর্ঘ্যাদি
ভূষাণান্তদিয়াধর্ম্মকে গন্ধপুষ্প ধূপদীপ নৈবেদ্যদিয়া ইন্দ্রাদি
দিকে গন্ধাদি পূর্ব্বের ন্যায় দিবেন। ধট পূজাতে গন্ধপুষ্প
রক্তবর্ণ করিবেন। যাহা নারদ কহিয়াছেন। রক্তবর্ণ গন্ধ
দ্বারা ও রক্তবর্ণ বা মাল্য দ্বারা এবংদধিপিষ্টক আতপতণ্ডুল
এই সকল দ্বারা পূর্ব্বে ধটকে পূজা করিয়া তাহারপর অব
শিষ্ট যে ইন্দ্রাদি তাহাদিগের পূজা করিবেন। ইন্দ্রাদিদিগে
র গন্ধপুষ্পের বিশেষ কহেন নাই এ প্রযুক্ত যথালাভ তেম
নি রক্তবর্ণ কিম্বা অন্য বর্ণ গন্ধপুষ্প দ্বারা পূজা পূজার ক্রমা
এ সকল প্রাড্বিবাক করিবেন। যাহা কহিয়াছেন। ধর্ম্ম পূর

দ পারগত ব্রাহ্মণ এবং বেদোক্ত কর্ম্মানুষ্ঠান কারী এবং চিত্ত এবং মাৎসর্য্য রহিত এবং সত্য সন্ধান কারী শুচি ও দক্ষ ও সর্ব্বপ্রাণি হিতকারী এবং উপবাস করিয়াছেন এবং দন্ত ধাবন করিয়াছেন এবং শুদ্ধ বস্ত্র পরিধান করিয়াছেন যেপ্রাড্বিবাক তিনিসকল দেবতাদিগের বিধান ক্রমেপূজা করিবেন। তেমনি চারিঋত্বিক চারিদিকে লৌকিক অগ্নিতে হোম করিবেন। যেমন কহিয়াছেন। চতুর্দিক্ষু তথাহোমঃ কর্ত্তব্যো বেদ পারগৈঃ। আজ্যেন হবিষাচৈবসমিদ্ভি র্হোম সাধনৈঃ। সাবিত্র্যা প্রণবেনাথ স্বাহান্তেনৈব হোম য়েৎ॥ অর্থ॥ চারিদিকেবেদপারগেরা প্রণবাদিগায়ত্রী উচ্চারণকরিয়া পূনর্ব্বার স্বাহাকারান্ত প্রণব উচ্চারণ করিয়া সমিধের এবং আজ্যের এবং চরুর প্রত্যেকে অষ্টোত্তর শত হোম করিবেন। এই প্রকার হোমানন্তর দেবপূজা করিয়া তাহারপর দিব্য কারী অভিযুক্ত বিষয় কহিবেন যে মন্ত্র তাহার সহিত পত্রে লিখিয়া সেই পত্র মস্তকে করিবেন যে মন্ত্র সে এই। আদিত্য চন্দ্রাবনিলোনলশ্চ। দ্যৌর্ভূমিরা পোহৃদয়ং যমশ্চ অহশ্চরাত্রিশ্চ উভেচসন্ধ্যে ধর্ম্মশ্চ জানাতিন রস্য বৃত্তং॥ অর্থ॥ সূর্য্যচন্দ্র বায়ু অগ্নি স্বর্গভূমি জলমনযম দিবারাত্রি উভয় সন্ধ্যা এবং ধর্ম্ম মনুষ্যের চরিত্রজানেন। এই যে ধর্ম্মা বাহনাদি মস্তকে পত্রারোপণ পর্য্যন্ত কাণ্ড ইহা সকল দিব্য সাধারণ। অর্থাৎ সকল দিব্যেরই অঙ্গ। যেমন কহিয়াছেন। এই মন্ত্রবিধি সকলং দিব্যেই যোজনা করিবেন। দেবতাদিগের আবাহনও সেই প্রকার করিবেন।

ইহারপর প্রাড্বিবাক ধটকে আমন্ত্রণা করিবেন। ধটকে আ মন্ত্রন করিবেন এই নিমিত্তে করিয়া মন্ত্রোক্তো এই ভূমি হেতুক মন্ত্রও দেখাইয়াছেন। এই ধট ব্রহ্মণাসৃষ্টঃ পরীক্ষার্থং দুরাত্মনাং ধকারো ধর্মমূর্ত্তিস্থং টকারাৎ কুটিলং নরং ধৃতোভাবয় সেয়স্মা দ্ধটস্তে নাভিধীয়সে। ত্বংবেৎসি সর্ব্ব ভূতানাং পাপানিসুকৃতানিচ। ত্বমেক সর্ব্বং জানীসে নবিদুর্যানি মানবীঃ। ব্যবহারা ভিসস্তোয়ং মানুষশুদ্ধিমিচ্ছতি ভদে নং সং শয়াদস্মাদ্ধর্ম্মত স্ত্রাত্তমর্হসীতি ॥ ০ ॥ ০ ॥

হে ধট দুরাত্মাদের পরীক্ষার নিমিত্তে ব্রহ্মাতোমাকে সৃষ্টি করিয়াছেন যেহেতুক ধকার হেতুক তোমাকে জানা যায় যে তুমি ধর্ম্ম মুর্ত্তি টকার হইতে জানা জায় যে তুমি কুটিল মনুষ্যকে ধারণ করিয়া তাহার কর্ম্ম তাহাকে স্বীকার করাও সেই হেতুক তোমাকে মুনিরা ধট কহেন। তুমি সকল প্রা ণির পাপও পুন্য জান তুমিই সকল জান মানবেরা যাহা না জানেন। ব্যাহারেতে এই মনুষ্য শুদ্ধিইচ্ছা করিতেছে সেই হেতুক এই মনুষ্যকে ধর্ম্মত ত্রাণ করিতে যোগ্য হও॥ সোধান্ত ত্বস্তুনেত্যাদি যেমন্ত্র, তাহার দ্বারা তুলাকে আমন্ত্রণ করিবেন। তাহার পর প্রাড্বিবাক মস্তুকে পত্র করিয়াছে এমন সোধনীয় ব্যক্তি তাহাকে যে প্রকার স্থানে রাখিতে হয় সেই স্থানে ধটে আরোপন করাইবেন। যাহার মস্তকেপত্র থাকে সেই ব্যক্তিকে পুনর্ব্বার আরোহণ করাইবেন এই স্মৃতি হেতুক। আরোপণ করিয়া বিনাড়ী পঞ্চককাল পর্যান্ত স্থা পনকরিবেন জোতিঃশাস্ত্র বেত্তারাসেকাল পরীক্ষা করিবেন।

জ্যাতির্বেত্তা ব্রাহ্মণ শ্রেষ্ঠ কাল পরীক্ষা করিবেন। বিনাড়ীক পরীক্ষার কাল পণ্ডিতে জানেন এই স্মৃতি হেতুক। যে পর্য্যন্ত দশটা গুরু অক্ষর উচ্চারণ হয় সেই কালের নাম ... ছয় প্রাণের নাম বিনাড়ী। ইহা কহিয়াওছেন এই দশ গুরুবর্ণোচ্চারণ কাল প্রাণ ছয় প্রাণ বিনাড়ী বিনাড়ীর ষষ্টিতে ঘটী তাহার ষষ্টীতে দিবারাত্র ত্রিংশৎ দিবসে মাস। সেই কালে সোধন করিতে হবে যাহাকে তাহার শুদ্ধি পরীক্ষা নিমিত্তে শুচি পুরুষেরদিগের রাজা নিযুক্ত করিবেন। তাহারাই শোধনীয় ব্যক্তির শুদ্ধি কহেন। পিতামহ যে প্রকার কহিয়াছেন। এই ব্রাহ্মণ শ্রেষ্ঠ যে প্রকার দেখেন সেই প্রকারই কহেন এবং জানি শুচি অলুব্ধ এবং প্রজার সাক্ষীদিগের রাজা নিযুক্ত করিবেন। শোধনীয় ব্যক্তির শুদ্ধি রাজার নিকটে সেই সাক্ষীরা কহেন। শোধনীয়ের নির্ণয়ের কারণ ও কহিয়াছেন। তুলিতো যদি বর্দ্ধেত সশুদ্ধঃস্যান্নসংশয়ঃ। সমোবাহীয় মানোবা নবিশুদ্ধো ভবেন্নর ইতি॥ ০॥ ॥ অর্থ॥ তোলন করিলে যদি উর্দ্ধে উঠে তবে সে শুদ্ধ তাহার সংশয় নাই সমান কিম্বা অধোগত হইলে সে অশুদ্ধ হয়। যে পিতামহের বচন। অল্পদোষে সমান হয় এবং বহু দোষে অধোগত হয় এই। তাহাতে যদ্যপি অভিযোগের বিষয় অল্প কি মহান্‌ ইহা দিব্যেতে করিয়া নিশ্চয় করিতে পারেন না তথাপি এক বার অজ্ঞান পূর্ব্বক যে বিষয় হয় তাহাই অল্প এবং জ্ঞান পূর্ব্বক অনেক বার যাহা হয় তাহাই মহৎ এই হেতুক দণ্ডের ও প্রায়শ্চিত্তের অল্পত্ব মহত্ত্ব অবধারণ

করিবেন। যে কালে কোন কারণ দ্বারা হইয়ো ইহা অনুভব করা জায় না কিন্তু দৃষ্ট কারণ দ্বারাই শিক্যতলছিন্ন কিম্বা ভগ্ন হয় সে কালেয়ে অশুদ্ধিই হয়। শিক্যচ্ছেদেও তুলা ভঙ্গেও ধটের কক্ষট দ্বযভঙ্গ হইলে এবং রজ্জুচ্ছেদে এবং অক্ষ ভঙ্গ ও সেই প্রকার অশুদ্ধই নির্দ্দিষ্ট করিবেন এই স্মৃতি হেতুক। শিক্যপদে শিক্যেরতলার ডালা এবং কক্কট পদে শিকা যাহাতে লগ্ন থাকে ঈষৎ বক্র ধটের মস্তকের যে লৌহ দ্বয় তাহা। অর্থাৎ লক্কট সৃঙ্গের ন্যায় যাহার আকার। অক্ষপদে তোরণে বদ্ধ যে তুলাবন্ধন রজ্জু। যে কালে দৃষ্ট কারণ দ্বারাই ইহাদিগের ভঙ্গ সে কালে পুনর্ব্বার আরোপণ করিবেন। সিক্যাদিচ্ছেদেও ভঙ্গে পুনর্ব্বার মনুষ্যকে আরোপণ করাইবেন এই স্মৃতি হেতুক। তাহার পরঋত্বিক পুরোহিত ও আচার্য্য ইহাদিগ্যে দক্ষিণা দ্বারা সংতুষ্ট করিবেন। এই প্রকার করেন যে রাজা তিনি মনোর মভোগ্য সকল ভোগ করিয়া মহতী কীর্ত্তি প্রাপ্ত হন এবং ব্রহ্মত্ব প্রাপ্ত হইবার যোগ্য হন। যদি এই প্রকার ধটকে যে স্থলে আরোপণ করিয়াছেন সেই স্থলেই স্থাপিত করিতে ইচ্ছাকরেন তবে কাকাদির আঘাত বারণের নিমিত্তে কপাট দিয়া গৃহ করিবেন। বিস্তৃত ও উচ্চও শুভ্রবর্ণ ধট শালাকরিবেন যে গৃহে ধট থাকিলে কুক্কুর ও চণ্ডাল ও কাক ইহারা উৎপাত করিতে পারেনা। সেই গৃহেরই চারিদিকে সকল লোকপাল দিগের সংস্থাপিত করিবেন। এবং লোকপাল দিগের তিন সন্ধ্যা গন্ধমাল্য ও অনুলেপন দ্বারা পূজা করিবেন। ৮ সেই

হে রাজা যবধান্যাদির বীজ রাখিবেন এবং কপাট যুক্ত পাত্রেতে রাখিবেন এবং মৃত্তিকাও জল ও অগ্নি ইহাতে শূন্য করিবেন না অর্থাৎ এ সকলও রাখিবেন এই স্মৃতি। এই ঘট বিধি সমাপ্ত হইল॥ ০॥ ০॥

ইদানীং ক্রমেতে পাওয়া গিয়াছে যে অগ্নি তাহার বিধি কহিতেছেন॥ যথা॥ করৌবিমৃদিত ব্রীহের্লক্ষয়িত্বাততোন্য সেৎ। সপ্তাশ্বত্থস্য পত্রাণি তাবৎ সূত্রেণ বেষ্টয়েৎ॥ ০॥ ॥ অর্থ॥ দিব্যমাতৃকোক্ত সাধারণ নিয়ম হইলে এবং তুলা বিধিতে উক্ত যে ধর্ম্মা বাহনাদি মস্তকে পত্রারোপণ পর্য্যন্ত কর্ম্ম হইলে অগ্নি বিধিতে এই বিশেষ। হস্তদ্বয়েতে ধান্য ঘর্ষণ করিয়াছে যে তাহার ঘর্ষণানন্তর যদি হস্তে কালতিল কিম্বা ব্রণাদি লক্ষ্য হয় তবে তাহাতে অলক্তক রসাদি দ্বারা অঙ্ককরিবেন অর্থাৎ হংসের ন্যায় চিহ্নদিবেন যেমন নারদ কহিয়াছেন এই সকল হস্তক্ষততেই হংসের ন্যায় চিহ্ন করিবেন। তাহারপর সেই হস্তদ্বয় অঞ্জলি করাইয়া সপ্ত অশ্বত্থ পত্র দিবেন। সমান অশ্বত্থের সপ্ত পত্রেতে করিয়া অঞ্জলি পূরণ করিবেন এই স্মৃতি হেতুক। হস্তের সহিত সেই অশ্বত্থ পত্র সকলকে ততো সূত্রেতে করিয়া বেষ্টন করিবেন যত সংখ্যাক অশ্বত্থপত্র অর্থাৎ সাতবার করিয়া বেষ্টন করিবেন। সপ্ত সূত্র ও শুক্ল বর্ণ হইবেক। শুক্লবর্ণ সপ্তসূত্র দ্বারা হস্তদ্বয় বেষ্টন করিবেন এই নারদ বচন হেতুক। এবং সপ্তশমীপত্র এবং সপ্তদূর্ব্বাপত্র এবং আতপ তণ্ডুল এবং দধি মিশ্রিত আতপ তণ্ডুল এ সকল অশ্বত্থ পত্রের উপরে বিন্যাস

করিবেন। সপ্ত পিপ্পল পত্রানি শমীপত্রান্যথাক্ষতান্ দুর্ব্বা সপ্তপত্রাণি দধ্যক্তাংশ্চাক্ষতান্যসেদিতি॥ অর্থ॥ সপ্তঅশ্বথ্থের আতপ তণ্ডুল এবং দুর্ব্বার সপ্তপত্র এবং দধিযুক্ত আতপতণ্ডুল ইহা বিন্যাস করিবেন এই স্মৃতি হেতুক এবং পুষ্পও বিন্যাস করিবেন। সপ্তপিপ্পল পত্র এবং আতপতণ্ডুল পুষ্পাও দধি হস্তদ্বয়েতে নিক্ষেপ করিবেন এবং শূত্রেতে করিয়া বেষ্টন ও করিবেন এই পিতামহ বচন হেতুক এই যে স্মৃতি। হস্তদ্বয়ে সপ্তঅর্কপত্র রাক্ষিয়া হস্তদ্বয়ের মধ্যে তপ্তলৌহ লইয়া সপ্তম পাদপর্য্যন্ত গমন করিয়া হস্ত দগ্ধনা হইলেই শুদ্ধ হয় সে স্মৃতি অশ্বথ পত্রাভাবে অর্ক পত্রের বিষয় জানিবা অর্ক পদে আকন্দ বৃক্ষ। যে হেতুক অশ্বথপত্রের পিতামহ বচন দ্বারা প্রসংসা শ্রবণ হেতুক মুখ্য রূপে জ্ঞান হইতেছে। এই যে পিপ্পল হইতে অগ্নি জন্মে এবং পিপ্পল বৃক্ষের রাজা অতএব তাহার পত্র হস্তদ্বয়েতে নিক্ষেপ করিবেন। দিব্য কারীর অগ্নির অভিমন্ত্রণা কহিতেছেন॥যথা॥ ত্বমগ্নে সর্ব্ব ভূতা নামন্তশ্চর সিপাবক। সাক্ষিবৎ পুণ্য পাপে ভ্যোক্রীহি সত্যং করেমম॥ অর্থ॥ হে অগ্নি তুমি মনুষ্য পশ্বাদিও পক্ষি সর্পাদিও কৃমি মষকাদিও বৃক্ষ লতাদি প্রাণি সকলের শরীরের মধ্যে উপযুক্ত অর্থাৎ ভক্ষিত অন্নের জলাদির পাচক স্বরূপ আছ। হে শুদ্ধির কারণ অর্থাৎ হে শুদ্ধি দর্শন কর্ত্তা আমার হস্তে থাকিয়া সাক্ষির ন্যায় পুণ্য পাপ সকল বিবেচনা করিয়া সত্য রূপে দেখাও লোহপিণ্ড তিনবার উত্তাপন দ্বারা তপ্ত করিয়া দন্দ

শন দ্বারা অর্থাৎ সাঁড়াসী দ্বারা সম্মুখে আনিলে দিব্যকর্ত্তা পশ্চিমমণ্ডলে পূর্ব্ব মুখ হইয়া থাকিয়া এই মন্ত্র দ্বারা অগ্নিকে অভি মন্ত্রণা করিবেন। নারদ কহিয়াছেন॥ যথা॥ অগ্নি বর্ণ ময়ঃ পিণ্ডংসুস্ফু লিঙ্গং সুরঞ্জিতং। তাপে তৃতীয়ে সন্তা প্য ব্রুয়াৎ সত্য পুরস্কৃতমিতি। ইহার অর্থ॥ লৌহ শুদ্ধির নিমিত্তে সুতপ্ত লৌহপিণ্ড জলে নিক্ষেপ করিয়া পুনর্ব্বার তপ্ত করিয়া জলে নিক্ষেপ করিয়া এমন তৃতীয় বার তাপেতে করিয়া উত্তম রূপে তপ্ত করিয়া সংদংসন দ্বারা অর্থাৎ সাঁড়া সী দ্বারা সম্মুখে আনীলে দিব্য কর্ত্তা সত্য বাক্যযুক্ত যে ত্বম গ্নে সর্ব্বভূতা নামিত্যাদি মন্ত্র তাহা কহিবেন। প্রাড়্বিবাক মণ্ডলের দক্ষিণে লৌকিক অগ্নি সমাধান করিয়া অগ্নিতে পাবকায় স্বাহা এই মন্ত্র দ্বারা ঘৃতেতে করিয়া অষ্টোত্তর শতবার হোম করিয়া। শন্তির নিমিত্তে পুনর্ব্বার গ্রঘৃত অষ্টো ত্তর শতবার হোম করিবেন এই বচন হেতুক। হোম করিয়া এই অগ্নিতে লৌহ পিণ্ড প্রক্ষেপ করিয়া তাহা তপ্ত করিতেং ধর্ম্মাবাহনাদি হোমান্ত পূর্ব্বোক্ত কর্ম্ম করিয়া তৃতীয় তাপ বর্ত্তমান থাকিতে লৌহ পিণ্ডস্থ অগ্নিকে এই মন্ত্রেতে করি য়া অভিমন্ত্রণা করিবেন। হে অগ্নি তুমি চারিবেদ অর্থাৎ চতুর্বেদের যেং অনুষ্ঠান তাহার মূল তুমি যজ্ঞেতে তো মাকে হোম করেন এবং তুমি সকল দেবতার মুখস্বরূপ এবং তুমি বেদাধ্যয়ন কর্ত্তাদিগের ও [illegible]রূপ এবং প্রানিদিগের জঠরে থাক সেই নিমিত্তে শুভাশুভজ্ঞান তুমি যে হেতুক

পাপ হইতে পবিত্র কর সেই হেতুক তোমাকে লোকেপা লক কহে। হে পাবক পাপেতে আত্মাকে দর্শন করাও তুমি শিখা যুক্ত হও অথবা হে হুতাসন শুদ্ধ ভাবেতে শীতল হয় হে অগ্নি তুমি সকল প্রাণিদিগের সাক্ষির ন্যায় অন্তর চারী হে দেব মানুষেরা যাহা নাজানেন তাহা তুমি জান এই মানুষ ব্যবহারেতে অভিযুক্ত হইয়া শুদ্ধি ইচ্ছাকরিতেছে সেই হেতুক ইহাকে এই সংশয় হইতে ধর্ম্মত ত্রাণ করিতে যোগ্য হও। আর কহিতেছেন ॥ যথা ॥ তস্যেত্যুক্তবতো লৌহং পঞ্চাসৎ পলিকং সমং। অগ্নিবর্ণং ন্যসেৎ পিণ্ডং হস্তয়োরুভয়োরপি ॥ ০ ॥ ০ ॥

॥অর্থ॥ অগ্নিকে ত্বমগ্নে সর্ব্বভূতানাং ইত্যাদি মন্ত্রদ্বারা অভি মন্ত্রণা করিয়াছে যে দিব্য কারী তাহার হস্ত দ্বয়েতে অশ্বত্থ পত্র সপ্ত ও দূর্ব্বাক্ষত দিবে তাহার উপরে পঞ্চাসৎ পলেতে পরিমিত লোহ নির্ম্মিত সর্ব্বত্রে গোল অষ্টাঙ্গুল দীর্ঘয়েপিণ্ড তাহা প্রুড্বিবাক দিবেন। তাহার পর কি করিবেন ইহা কহিতেছেন ॥ যথা ॥ সতমাদায় সপ্তৈব মণ্ডলানি শনৈ র্ব্রজেৎ। সেই পুরুষ সেই তপ্ত লোহ পিণ্ড অঞ্জলিতে গ্রহণ করিয়া অল্পেং সপ্তম মণ্ডল গমন করিবেন্ এবশব্দ দ্বারা মণ্ডলেই পদ প্রক্ষেপ এবং মণ্ডলা তিক্রমের অকরণ জানাই তেছেন। পিতামহ তাহা কহিয়াছেন এই। মণ্ডলকেঅতি ক্রমও করিবিন না। এবং মণ্ডলের পূর্ব্বেও পাদার্পণ করিবেন না। সপ্তই মণ্ডল অল্পেং গমন করিবেন ইহা কহিয়াছেন তাহাতে এক মণ্ডলের কি পরিমাণ এবং মণ্ডল দ্বয়ের মধ্যস্থ

লইবাক্তি পরিমিত ইহা কহিতেছেন ।। যথা ।। ষোড়শাঙ্গুলকং জ্ঞেয়ং মণ্ডলং তাবদন্তরং ।। ০ ।। ০ ।। ০ ।।

।। অর্থ ।। ষোড়শ অঙ্গুল প্রমাণ যাহার অর্থাৎ যে মণ্ডলের তাহার নাম ষোড়শাঙ্গুলকং মণ্ডলং। মণ্ডলং তাবদন্তরং এই বোধ হয় ঐ মণ্ডলের মধ্য ভাগ ষোলআঙ্গুল হইবেক ইতি ।। সপ্তমণ্ডল গমন করিবেক ইহা যিনি কহিয়াছেন তিনি প্রথম ঐক মণ্ডল অবস্থানের নিমিত্তে কহিয়াছেন অতএব অষ্ট মণ্ডল হইল পূনর্ব্বার ষোড়শাঙ্গুল প্রমাণ সপ্ত মণ্ডলও কহিয়াছেন। ইহাই নারদ ও পরিসংখ্যার্থে কহিয়াছেন। বস্তুতন্ত্র ।। যথা দ্বাত্রিংশদ ঙ্গুলং প্রাহুর্ম্ম ণ্ডলা ন্মণ্ডলান্তর● অষ্টাভিশ্ম ণ্ডলৈরেব মঙ্গুলানাং শতদ্বয়ং। চত্বারিংশৎ সমধিকং ভূমের ঙ্গুলমানত ইতি ।। অর্থ ।। ০ ।। অবস্থান মণ্ডল হইতে অন্য যে সপ্তমণ্ডল তাহার পরিমাণ ৩২ দ্বাত্রিংশৎ অঙ্গুলি অর্থাৎ বত্রিষ অঙ্গুল পরিধি ঐ প্রত্যেকে মণ্ডলের এই রূপ সাত মণ্ডল গমন করিতে হইবেক কিন্তু যে মণ্ডলেতে প্রথম অবস্থান করিবেক সেমণ্ডল ১৬ ষোড়শাঙ্গুল পরিমাণ হইবেক এই রূপ ভূমিকে বিভাগ করিয়া মণ্ডল সকল করিবে সমুদায়েতে দুইশত ২৪০ চল্লিষ অঙ্গুল ঐ অষ্ট মণ্ডলেতে হইবেক ইতি ।। তিনিই কহিয়াছেন যথা ।। মণ্ডলস্য প্রমাণন্তু কুর্য্যাৎ তৎ পদসংমিতং।। তাহার পদসংমিত অর্থাৎ মণ্ডলের গর্ভ ঐ ব্যক্তির পায়ের তুল্য হইবেক যাহা পিতামহ কহিয়াছেন ।।যথা।। কারয়ে ন্মণ্ডলান্যষ্টৌ পুরস্তা ন্নবমং তথা। আগ্নেয়ং মণ্ডল

গ্নাদ্যং দ্বিতীয়ং বারুণং স্মৃতং ॥ তৃতীয়ং বায়ুদৈবত্যং চতুর্থং যমদৈবতং। পঞ্চমন্ত্রি ন্দ্রদৈবত্যং ষষ্ঠং কৌবের মুচ্যতে ॥ সপ্তমং সোমদৈবত্যং সাবিত্রং ত্বষ্টমং স্মৃতং ॥ নবমং সর্ব দৈবত্য মিতি বেদবি দোবিদঃ ॥ দ্বাত্রিং শদঙ্গুলং প্রাহুর্ম্ম গুলা মণ্ডলান্তরং। অষ্টাভি র্মণ্ডলৈরেব মঙ্গুলীনাং শতদ্বয়ং ॥ ষট্পঞ্চাশত্ত সমধিকং ভূমেস্তু পরিকল্পনা। কর্ত্তুঃ পদ সমং কার্য্যং মণ্ডলস্তু প্রমাণতঃ। মণ্ডলে ২ দেয়াঃ কুশাঃ শাস্ত্র প্রচোদিতা ইতি॥ মণ্ডল অষ্টতদ্বৎ নবমকরাইবেক তাহার বিবরণ প্রথম মণ্ডলের অধি ষ্ঠাত্রী দেবতা অগ্নি দ্বিতীয়ের বরুণ দেবতা তৃতীয়ের বায়ু দেবতা চতুর্থের যমদেবতা পঞ্চমের ইন্দ্র দেবতা ষষ্ঠের কুবের দেবতা সপ্তমের চন্দ্র দেবতা অষ্টমের সূর্য্য দেবতা নবমের অধিষ্ঠাতা সকল দেবতা ইহাই বেদ বিদ অর্থাৎ বেদের যথার্থ তত্ত্ব জ্ঞেরা কহেন ॥ প্রত্যেকে দ্বাত্রিংশদঙ্গুল প্রমাণ দ্বারা ২৫৬ দুই শত ছাপ্পান্ন অঙ্গুল অষ্টমণ্ডলেতে হয় আর নবম মণ্ডলের পরিমাণ কহেন নাহি কিন্তু স্থানে২ কহিতেছেন সপ্ত মণ্ডল অতিক্রম করিতে হইবেক এবং পূর্ব্ব কহিয়াছেন অবস্থান মণ্ডল ষোড়শাঙ্গুল হইবেক অতএব নবম মণ্ডলকে ও ষোড়সাঙ্গুল করিলে অবিরোধ হয় সঙ্গত ও বটে প্রথমে দাণ্ডাইবেক পরে নবমেতে গিয়া ত্যাগ করিবেক ঐ মণ্ডলেতে ক্রমাগত শাস্ত্রোক্ত কুশক্ষেপন করিবেক ॥ অতঃপর অঙ্গুলির প্রমাণ কহিতেছেন যথা ॥ ০॥

তির্য্য গ্যবো দরান্যষ্টা বূর্দ্ধাবাব্রীহয় স্ত্রয়ঃ ॥

পুমান্‌ মঙ্গুল স্যোক্ত মিতি। বক্রযে যবের মধ্যভাগ তাহার অষ্টঅথবা উদ্ধধান্য ত্রয় পরিমাণই অঙ্গুল জানিবেক ॥ সপ্তমণ্ডল গমন করিয়া কি করিবেক এই আসঙ্কাতে কহিতেছেন ॥ ০ ॥

যথা ॥ নুত্বাগ্নিং মৃদিত ব্রীহির দগ্ধঃ শুদ্ধিমাপ্নুয়াদিতি ॥ অর্থ অষ্টমণ্ডলে থাকিয়া নবম মণ্ডলেতে ঐ তপ্তময় অয়ঃ পিণ্ডকে ত্যাগ করিয়া কিছু ধান্য লইয়া দুই হস্তকে মর্দ্দন করিবে তাহাতে যদ্যপি তার হাতে কোন বিকার নাহয় অর্থাৎ অগ্নি লাগিয়াছে এমণ কিছু চিহ্ন যানা নাযায় তবে শুদ্ধহয়। যদি দগ্ধহইয়াথাকেতবে দোষীহয় এই অর্থ সিদ্ধি আর যদ্যপি ভয় প্রযুক্ত হস্ত হইতে স্খলন হইয়া অন্যত্র পড়িয়া দগ্ধহয় তবে সে দোষী হয়না। তাহাস্পষ্টকহিয়াছেন কাত্যায়ন॥ ০ ॥

যথা॥ প্রস্খলন্নভি শস্তশ্চেৎ স্থানে[illegible]ন্যত্রদহ্যতে। অদগ্ধংতং বিদুর্দেবা তস্য ভূয়োপি দাপয়ে দিতি ॥ অন্তরা পতিতে পিণ্ডে সন্দেহেবা পুনর্হরেৎ॥ ঐ অন্য স্থানে পড়িয়া দগ্ধ হওয়া কিম্বা অষ্টম মণ্ডলের মধ্যে যদিপড়ে লোহপিণ্ড তাহাতে বাদীর যদি সন্দেহ হইবেক অথবা সভা সদের দিগের তবেতার হস্তে পুনর্বার দেওয়াইবেন ইতি ইহাতে অনুষ্ঠানের ক্রম কহিয়াছেন॥ পরীক্ষার পূর্ব্বদিবস ভূত শুদ্ধিকরিয়া পরীক্ষা দিবসে যথা শাস্ত্রোক্ত মণ্ডল নির্ম্মাণ করিয়া মণ্ডলাধিষ্ঠাত্রী দেবতা দিগে সেই ২ মণ্ডলেতে স্বস্বধ্যান মন্ত্রদ্বারা পূজা করিয়া অগ্নিসমাধান পূর্ব্বক শান্তি

হোম নিবর্ত্ত করিয়া অগ্নিতে লোহপিণ্ডকে নিক্ষেপ করি বেক ধর্ম্মের আবাহণ সর্বদেবতার পূজা ও হবন নিবৃত্তি করাইয়া পূর্বদিবস কৃতোপ বাস সবস্ত্র স্নাত পশ্চিম মণ্ডলে দাণ্ডাইয়াছে ব্রীহিদ্বারা হস্ত দ্বয়কে মর্দ্দন রূপ সংস্কার করিয়াছে ঐ যে ব্যক্তি তাহার মস্তকে পুড্ডিবাক পত্রকে মন্ত্রিত করিয়া বন্ধন করিবেন পুড্ডিবাক অগ্নিকে সর্বতো ভাবে মন্ত্রিত করিয়া সাঁড়াসি দ্বারা ঐ প্রকৃষ্টতপ্ত লোহ পিণ্ডকে তাহার অঞ্জলিতে দিবেন তিনি ঐ পিণ্ডকে গ্রহণ করিয়া সপ্ত মণ্ডল উত্তীর্ণ হইয়া নবম মণ্ডলেতে নিক্ষেপ করিবেন দগ্ধনা হইলে নির্দোষী হইবেন ইতি অগ্নিবিধিঃ ॥ এই অগ্নি সমাপ্ত হইল ॥ ০ ॥

সম্প্রতি উদক বিধি কহিতেছেন ॥ যথা ॥ সত্যেন মাভিরক্ষত্বং বরুণেত্যভি শাপ্যকং। নাভি দঘ্নো দক স্থস্য গৃহীত্বোরুজলং বিশেৎ ॥ অর্থ ॥ হে বরুণ সত্য দ্বারা তুমি আমাকে সর্বতোভাবে রক্ষাকর এই মন্ত্রেতে জলকে মন্ত্রিত করিয়া নাভি পুমাণ জলেতে স্থিত পুরুষের উরুদেশ ধারণ করিয়া এই রূপ সোধন করিলের পর জলেতে মগ্ন হইবেক কিন্তু ইহার পূর্ব বরুণ পূজা করিতে হয় তাহা কহিয়াছেন মনু যথা গন্ধ মাল্যৈ সুরভিভি র্মধুক্ষীর ঘৃতাদিভিঃ। বরুণায় প্রকুর্বীত পূজামাদৌ সমাহিতঃ ॥ ০ ॥ ০ ॥

॥ অর্থ ॥ গন্ধপুষ্প ধূপদীপ মধু পায়স ঘৃতাদি দ্বারা বরুণ দেবতাকে সংযত হইয়া পূজা করিবেক তদ্বৎ সাধারণ ধর্ম্মের আবাহণ ও সকল দেবতার পূজা হোম সমন্ত্রক পুড্ডি

জ্ঞাপত্র মস্তকে দিলে সন্ত এই মন্ত্রপাঠ করিবেক ॥ যথা ॥ তোয়ত্ত্বং প্রাণিনাং প্রাণঃসৃষ্টেরাদ্যন্তু নির্ম্মিতং। শুদ্ধেশ্চ কারণং প্রোক্তং দ্রব্যানাং দেহিনাং তথা ॥ অতস্ত্বং দর্শয়া আনং শুভা শুভ পরীক্ষণ ইতি ॥ ০ ॥ ——

॥ অর্থ ॥ হে জল প্রাণিদিগের প্রাণ তুমি আর সকল সৃষ্টির পূর্ব্বে সৃষ্টি করিয়াছেন তুমাকে এবং তাবৎ দ্রব্যের ও সকল দেহ বিশিষ্টেরদিগের শুদ্ধির নিমিত্তই তুমি অতএব আত্মাকে দেখা ও শুভাশুভ পরীক্ষার কর্ত্তা তুমি ॥ প্রাড়্বিবাক কর্ত্তৃক অভি মন্ত্রিত হইলে পর শোধন করিয়া এই মন্ত্রেতে জলকে প্রার্থ না করিবেক ॥ সত্যেন মাভি রক্ষত্বং বরুণ ইতি ॥ জলের স্থান নারদ কহিয়াছেন ॥ যথা ॥ নদীষু তনুবেগাসু সাগরে ষুবহেষুচহ্রদেষু দেবখাতেষু তড়াগেষু সরঃসুচেতি ॥ অর্থ ॥ উদক পরীক্ষা করাইবেক যে নদীতে অল্প স্রোত থাকে তদ্বৎ সাগরে বহন করিতেছে ধার[illegible]র এমত জল মাত্রেতে হ্রদেতে অকৃত্রিম গিরিনদ্যাদিতে পদ্মাকরেতে পুষ্করিণীতে সমুদ্র অপেক্ষা ক্রমেতে গৌণ ॥ তদ্বৎ পিতামহ কহিয়াছেন যথা ॥ স্থিরে তোয়ে নিমজ্জেতন গ্রাহিণি নচাল্পকে তৃণ শৈবাল রহিতে জলৌকা মৎস্য বর্জিতে দেবখাতেষু যত্তোয়ং তস্মিন্ কুর্য্যাদ্বিশোধনং। আহার্য্য বর্জ্জয়ে ন্নিত্যং শীঘ্রগাসু নদীষুচ। আবিশেৎ সলিলে নিত্য মুর্ম্মিপঙ্কবিবর্জ্জিতে ইতি ॥ অর্থ ॥ কুম্ভীরাদি জলজন্তুর ভয়নাথাকে এবং অল্প না হয় অথচ স্থির জল হইবেক তৃণস্যালা যোঁক ও চঞ্চল মৎস্য না থাকে আরঢেয় পঙ্কজাহাতেনা থাকিবে এবং আহার্য্য

অর্থাৎ তোলা জল না হবে আর খরশ্রোতা নদী না হবেক আর দেবখাতের যে জল তাহাতেই পরীক্ষা করিবেক অর্থাৎ তাহাতে নিমগ্ন হইবেক প্রথম নাভিপ্রমাণ জলেতে থাকিয়া যজ্ঞিয় বৃক্ষোদ্ভব যে ধর্ম্ম স্তম্ভ তাহে অবলম্বন করিয়া পূর্ব্বাভিমুখ হইয়া থাকিবেক যথা মনুঃ ॥ উদকে প্রাঙ্মুখস্তিষ্ঠেৎ ধর্ম্ম স্থূণাং প্রগৃহ্যচ ইতি ॥ তদনন্তর কি কর্ত্তব্য এই অপেক্ষাতে কহিতেছেন ॥ যথা ॥ সমকালমিষুং মুক্ত মানীয়ানোায় বীনরঃ। গতেতস্মিন্ নিমগ্নাঙ্গং পশ্যেৎ শুদ্ধিমবাপ্নুয়াৎ॥ অর্থা॥ জলেতে মগ্ন হওন কালীন বেগবান এক পুরুষ শরত্যাগ করিবেক অন্য এক বেগবান্ পুরুষ সেই শরপাত স্থলে থাকিবেক ঐ পূর্ব্বমুক্ত ইষু ঐ ক্ষেপণ স্থানে লইয়া আসিয়া যদিতাকে নিমগ্ন দেখিতে পায় তবে সে নির্দোষী হয়। অর্থাৎ তোরণের মূল হইতে তিনবার ক্ষেপণ করিলে সন্ত অন্য এক শীঘ্রগামী পুরুষ মধ্যের শর যেস্থানে পড়িয়া থাকে তাহাকে শীঘ্র লইয়া আসিয়া ঐ তোরণ মূলে থাকে এই মত উভয়ের করতালী শব্দেতে শোধ্য হইয়া জলেতে মগ্ন হইবেন সেই সমকালীন তোরণ মূলস্থিত ঐ ব্যক্তি অতিবেগে মধ্য শরপাত স্থানে গমন করে শর গ্রাহী ঐ শর লইয়া শীঘ্র তোররণ মূলে আশিয়া যদি তাকে নিমগ্ন না দেখে তবে সে শুদ্ধ হইতে পারেনা ইহাই স্পষ্ট কহিয়াছেন পিতামহ ॥ যথা ॥ গন্তুশ্চাপিচ কর্ত্তুশ্চ সমং গমন মজ্জনং। গচ্ছেত্তোরণ মূলাত্তুলক্ষ্যাস্থানং যবীনরঃ। তস্মিন গতে দ্বিতীয়োপি বেগাদাদায়শারকং। গচ্ছে ত্তোরণ মূলন্তু যতঃসপুরুষোগতঃ॥

আগাতস্ত শরগ্রাহীন প্রশ্যতি যদাজলে। অন্তর্জল গতং সম্যক্‌ দাশুদ্ধিং বিনির্দ্দিশেৎ ॥ ০ ॥ ০ ॥

॥ অর্থ ॥ বাণান্বেষণেতে গমন কর্ত্তার এবং পরীক্ষা যে দিবেক তার যদি এক কালীন গমন ও মজ্জন হয় তোরণ মূল হইতে লক্ষ্য বেধ্য শং তৎপর্য্যন্ত গমন করিবেক বেগবান্‌ পুরুষ। তাহার গমনের পর দ্বিতীয় পুরুষ ও বেগেতে শর গ্রহণ করিয়া শীঘ্র আশীবেক ঐ তোরণ মূল পর্য্যন্ত যেস্থান হইতে সে পুরুষ গিয়াছে আগত শর গ্রাহী যদি জলেতে সম্যক নিমজ্জ নাদেখে তবে তার অশুদ্ধতাই বিনির্দেশ করিবেন ॥ বেগবান পুরুষ দ্বয়ের নিরূপণ করিয়াছেন নারদ ॥ যথা ॥

পঞ্চাশতো ধাবকানাং যৌস্যাতা মধি কৌজবে। তৌচতত্র নিযুক্তব্যৌ শরা নয়ন কারণাৎ ॥ ০ ॥

পঞ্চাশত ধাবকের মধ্যে যে দুই জন অতিশয় বেগবান হয়েন তাহাদিকে বাণ আন য়নের কারণ নিযুক্ত করিবেন আর নিমগ্ন স্থানের নিকটেই কর্ণ মূল পর্য্যন্ত উচ্চ তোরণ করিবেন ॥ যথা নারদ ॥ গত্বা তুত জ্জল স্থানং তটে তোরণ মুচ্ছ্রিতং কুর্ব্বীত কর্ণ মূলস্ত ভূমিভাগে সমে শুচৌ ॥ শুচি দেশেতে সমভূ ভাগেতে জল সমী পতটেতে কর্ণ মূল পর্য্যন্ত উচ্চ এক তোরণ করিবেক। বাঁশের শর এয় এবং ধনুকে মঙ্গল দ্রব্যেতে শ্বেত পুষ্পাদিতে করিয়া পূজাকরিবেক এই মত পিতামহ কহিয়াছেন ॥ যথা ॥ শরাণ্‌ সংপূজয়েৎ পূর্ব্বং বৈণবঞ্চধনুস্তথা ॥ মঙ্গলৈ ধূপপুষ্পৈশ্চততঃকর্ম্ম সমাচরেৎ

ধনুর পুমাণআরলক্ষ্যস্থান নারদকহিয়াছেন॥যথা॥ক্রূরংধনুঃ সপ্তশতং মধ্যমং ষট শতং স্মৃতং। মন্দং পঞ্চশতং জ্ঞেয়মেবংজ্ঞেয়ো ধনুর্বিধিঃ॥ মধ্যমে নতু চাপেন পুক্ষি পেচ্চ শরত্রয়ং। হস্তানান্তু শতে সার্দ্ধে লক্ষ্যং কৃত্বা বিচক্ষণঃ॥ ন্যূনাধিকেতু দোষঃ স্যাৎ ক্ষিপতঃ শায়কাং স্তথেতি॥ অর্থ॥ একশত সাত অঙ্গুল ১০৭ পুমাণ ক্রূরধনু ... লা ধিক একশত মধ্যম ১০৬ আর পঞ্চ অঙ্গুল অধিক একশত মন্দধনু ১০৫ এইধনুর পরিমাণ বিধি জানিবেন। ঐ মধ্যম চাপেতে তিনবাণ যোজনা করিয়া ক্ষেপণ করিবেক তোরণ মূলহইতে ১৫০ সার্দ্ধ শত হস্তপুমাণ লক্ষ্য স্থান করিবেক ইহাইতে ন্যূনাধিক স্থান হইতে ক্ষেপন করিলে দোষহয়। সর্বশুদ্ধা চারিহস্তএকা দশাঙ্গুল ৪। ১১। ক্রূর ধনুর পুমাণ মধ্যম ধনু চারিহাত দশঅঙ্গুল ৪॥১০॥ চারিহস্ত নবাঙ্গুল মন্দধনু ৪॥৯॥ লোহ ব্যতিরেক শরের অগ্রতীক্ষ্ন হইবেক ॥যথা॥ শরাশ্চানায় সাগ্রাংস্তু পুকুর্বীতবি শুদ্ধয়ে। বেণুকা গুম য়াংশ্চৈব ক্ষেপ্তাতুসু দৃঢ়ং ক্ষিপেৎ॥ ক্ষেপ্তাচক্ষত্রিয়ঃ প্রোক্তস্তদ্বিত্তি ব্রাহ্মণো পিবা। অক্রূর হৃদয়ঃশান্তঃ সোপবাসঃ ক্ষিপেৎ তেষাঞ্চ পুেসিতানাঞ্চে শরাণাং শাস্ত্রচোদনাৎ॥ মধ্যমস্তু শরোগ্রাহ্যঃপুরুষেণ বলীয়শা। শরস্যপতনং গ্রাহ্যং সর্পণস্তু বিবর্জ্জয়েৎ সর্পনং শরোপায়াদ্দূরা দূরতরং যতঃ॥ ইষুংন পুক্ষিপেৎ বিদ্বান মারুতে চাতি বায়তি। বিষমে ভূপ্রদেশেচ বৃক্ষস্থাণু সমাঙ্গলে। তৃণগুল্মলতা বল্লি পঙ্কপাষাণ সংবৃত ইতি পিতামহ বচনং॥ অর্থ॥ শরক্ষেপণ

কর্ত্তা ক্ষত্রিয়ই প্রসিদ্ধ তদভাবে তদ্বিত্তিকাদি ব্রাহ্মণই বা হউক শরলান্তঃকরণ শান্ত উপবাস করিয়া থাকিবেন বংশ কিম্বা নলেরইবা হউক তাক্ষ্ণাগ্রশর ত্রয় লইয়া সুসাবধানেতে ক্ষেপণ করিবেন। ঐ মুক্ত শাস্ত্রোক্ত শরত্রয়ের মধ্যে বেগ বান্ পুরুষ শং তুমারকে গ্রহণ করিবেন পতিনস্থান হইতেই। গ্রহণ করিবেন্ নতুবা সর্পণ স্থান হইতে যেহেতুক সর্পণ বি শিষ্ট শর দূর হইতে দূর তর গমন করে প্রথমাপেক্ষা দ্বিতীয় বেগে গমন করে। আর যে স্থানে অনেক বৃক্ষলতা পর্ব্বতাগ্র ভাগ ও অসম ভূমি কিম্বা অতিশয় বাতাস সে সকল স্থানে শরক্ষেপণকরিবে না যেহেতুক তাহাতে এসস্তব্যাঘাতসম্ভব ইতি॥ আর নিমগ্নাঙ্গ দর্শন না করিলে সে দোষী হয় ইহা যে কহিয়াছেন যে এই অভিপ্রায় যে কর্ণদ্বয় কিম্বা নাশিকা মুখ প্রভৃতি অঙ্গ দর্শনেতে দোষ নতুবা ইন্দ্রিয় সকল যদি মগ্ন থাকে এবং অন্য স্থানে না চলিয়া থাকে তবে শুদ্ধ হয় তাহাতে প্রয়োগ ক্রম॥ উক্ত লক্ষণ জলাশয়ের নিকটে উক্ত লক্ষণান্বিত তোরণপ্রস্তুত করিয়া প্রমান দেশেতে লক্ষ্য নির্ম্মাণ করিয়া তোরণ মূলেতে শরের সহিত ধনুকে পূজা করিয়া জলাশয়েতে বরুণকে আবাহণ করিয়া পূজা করিয়া তাহার পর দেবতাদিগে পূজা করিয়া কিছু হোমকরিয়ামস্ত কেতে প্রতিজ্ঞা পত্র বদ্ধ করিয়া প্রাড্বিবাক জলকে মন্ত্রিত করিবেন্॥ তোয়ত্বং প্রাণিনাং প্রাণ এই মন্ত্রেতে॥ তারপর শোধ্যঃসত্যেন এই মন্ত্রেতে জলকে অভিমন্ত্রিত করিয়া নাভি পর্য্যন্ত জলেতে স্তম্ভকে ধারণ করিয়াছেন যে বেগবান পুরু

ষতার নিকটকে গমন করিবেন। তার পরশর ত্রয় মুক্ত হই লে সন্ত মধ্যম শরয়ে স্থানে পড়িবেক তাকে লইয়া এবং বেগি বান্ পুরুষ থাকিতে অন্য এক শার্ঙ্গ্যামি প্রকর্তোরণ মুক্ত থাকিতে পড়িবাক তাল ত্রয় দিবার কালীন একদা তাহার গমন ইহার মজ্জন তদনন্তর শরানয়ন ও দর্শন তাহাতে শুদ্ধি ॥ ০ ॥ এই উদক বিধি সমাপ্ত হইল ॥ ০

এখন বিষবিধি কহিতেছেন ॥ যথা ॥ ত্বংবিষ ব্রহ্মণঃ পুত্রো সত্য ধর্ম্মে ব্যবস্থিতঃ। ত্রায় স্বাস্মাদ ভীশাপাৎ সত্যেন ভব মেংমৃতং ॥ এবমুক্ত্বা বিষং শার্ঙ্গং ভক্ষয়েদ্ধি মশৈলজং। যস্য বেগৈ বিনা জীর্য্যেৎ শুদ্ধিং তস্য বিনি দিশেৎ ॥০ ॥

॥ অর্থ ॥ ত্বংবিষ ইত্যাদি মন্ত্রেতে করিয়া বিষকে সর্ব্বতোভাবে মন্ত্রিত করিয়া কর্ত্তা ভক্ষণ করিবেন বিষের বিশেষণ হিমশৈলজং অর্থাৎ হিমালয় প্রসূত সেই বিষ যদি নিরুদ্বেগেতে জীর্ণ হয় তবে সে শুদ্ধ হয়। বিষবেগ এই শব্দের অর্থ ধাতুর ধাত্বন্তর প্রাপ্তির নাম বিষবেগ॥ যথা॥ ধাতোর্ধাত্বন্তর প্রাপ্তি বিষবেগ ইতিস্মৃতং ॥ ০॥ ০ ॥

ধাতু শব্দে ত্বক্ রুধির মাংস মেদ অস্থি মজ্জা শুক্র এই সপ্তই বিষ বেগ হয়েন। তাহার লক্ষণ পৃথকং বিষতন্ত্রেতে কহিয়াছেন ॥ যথা। বেগোরোমাঞ্চ মাদ্যোর চয়তি বিষজঃ স্বেদ বক্ত্রো পশোষৌ তস্যোর্দ্ধস্তৎ পরৌদ্বৌব প্রবিজনয়তো বর্ণ ভেদ প্রবেপৌ। যোবেগঃ পঞ্চমোসৌ নয়তি বিবসতাং কণ্ঠ ভঙ্গঞ্চ হিক্কাং ষষ্ঠো নিশ্বাসমোহৌবিত রতিচ মৃতিং সপ্তমো ভক্ষকস্য ॥ ০ ॥ ০ ॥

ঐ যে প্রথম বেগ তিনি বিষ ভক্ষণ কর্তার গাত্রে রোমাঞ্চ করেণ তদনন্তর দ্বিতীয় তৃতীয় এই দুই যে বিষজন্য বেগ ইহারা ঘর্ম্ম মুখ শুষ্ক করেণ তাহার পর দুই বেগ শরীরের বিবর্ণতা আর কম্পকে জন্মান এবং অতিরিক্তের মধ্যে পঞ্চম বেগেতেই বিবশন্নতা ও কণ্ঠ ভঙ্গ অর্থাৎ স্বরভঙ্গকে করেণ ষষ্ঠ যে উঁশং তিনি হিক্কা এবং শ্বাসস্ত মোহকে জন্মান সপ্ত মোবেগঃ মৃতিং অর্থাৎ তাহার জ্বালাতেই প্রাণ নির্গত হয়েন ইতি॥ এই স্থলে মহাদেবের পূজা করিবেক তাহা কহিয়াছেন নারদ ॥ যথা ॥ দদ্যাদ্বিষং সোপ বাসোদেব ব্রাহ্মণ সিন্নিধৌ। ধূপোপ হার মন্ত্রেশ্চ পূজয়ি ত্বামহেশ্বরং ॥ ০॥ অর্থ প্রাড্বিবাক কৃতোপবাস শুচিভূত হইয়া ধূপদীপ গন্ধমাল্য উপহার দ্রব্য মন্ত্রের দ্বারা মহাদেবকে পূজা করিয়া ব্রাহ্মণের দিগের নিকটে বিষ সংস্থাপন করিয়া ধর্ম্মাদি দেবতাদিগে আবাহন পূজাহোম সাঙ্গ করিয়া প্রতিজ্ঞা পত্র তাহার মস্তকে দিয়া বিষকে মন্ত্রিবেক॥ যথা ॥ ত্বং বিষ ব্রহ্মণা সৃষ্টং পরীক্ষার্থং দুরাত্মনাং। পাপানাং দর্শয়াত্মানং শুদ্ধানামমৃতং ভব॥ মৃত্যুমূর্ত্তে বিষত্বং হি ব্রহ্মণা পরিনির্ম্মিতঃ। ত্রাহ্যস্মেনং নরং পাপাৎ সত্যোনাস্যা মৃতং ভব ইতি ॥ ০॥

এই মন্ত্র পাঠ করিয়া প্রাড্বিবাক বিষ শোধন করিবেন হে বিষ তুমি দুরাত্মাদিগের পরীক্ষার নিমিত্তে ব্রহ্মা কর্তৃক সৃষ্ট হইয়াছ পাপিদিগে আপনার নিজমূর্ত্তি দেখাও শুদ্ধ অর্থাৎ সত্যবাদীদিগের নিমিত্তে অমৃত হও বিষ তুমি মৃত্যুর মূর্ত্তি অর্থাৎ মৃত্যুস্বরূপ এই মনুষ্যকে পাপ হইতে ত্রাণ কর সত্য

বাক্য দ্বারা অনৃত হও ইতি দক্ষিণাস্য হইয়া স্থিত যে সেই ব্যক্তি তাহার মুখে দিবেন ॥ অহা নারদ কহিয়াছেন যথা ॥ দ্বিজানাং সন্নিধা বেব দক্ষিণা ভিমুখে স্থিতে। উদঙ মুখঃ প্রাঙমুখোবা বিষং দদ্যাৎ সমাহিতঃ ॥ ০ ॥—

এবচনে স্পষ্ট বোধহয় দক্ষিণমুখে কিম্বা উত্তর অথবা পূর্ব্বমুখে স্থিতকে দিবেক ॥ ০ ॥ বিসবৎ সনাভাদির ইগ্রাহ্যত্ব যাহাকহিয়াছেন পিতামহ যথা ॥ শৃঙ্গিণোবৎস নাভস্য হিমজস্য বিষস্যচ ॥ ০ ॥ —

যেবিষ ত্যাগকরিবে তাহা তিনিই কহিয়াছেন ॥ ০ ॥ চারিতানিচ জীর্ণানি কৃত্রিমাণি তথৈবচ। ভুমিজানিচ সর্ব্বানি বিষানি পরিবর্জয়েৎ ॥ ০ ॥ —

এইসকল বিষের নাম ॥ তদ্বৎ নারদ ও কহিয়াছেন ॥ ০ ॥ ভূট ও চারিত ধূপিত মিশ্রিত কালকূট অলাম্বু এই সমস্ত বিষকে যত্নেতে বর্জনকরিবেক ॥ তাহার কাল নারদ কহিয়াছেন যথা ॥ তোল য়িত্বেপ্সিতং কালে দেয়ং তদ্ধি হিমাগমে। নাপ্সরাহ্নে নসন্ধ্যায়াংন মধ্যাহ্নেচ ধর্ম্মবিৎ ॥ ০ ॥—

বিষ যখন স্বেচ্ছাতোলন করিবেক কিন্তু হিম কালে তেই প্রদান করিবেন। তার মধ্যে অপরাহ্নকালে দিবেননা মধ্যাহ্ন কালে ও না সন্ধ্যাকালেনা যদি কালান্তরে দিবেক তবে উক্তপ্রমাণ হইতে অল্পদিবেক॥ যথা ॥ বর্ষে চতুর্য বামাত্রা গ্রীষ্মে পঞ্চযবা স্মৃতাঃ। হেমন্তেস্যাঃ সপ্তযবা শরদ্যষ্টাত তোপিহীতি মনু স্মরণাৎ॥ ০ ॥—

বর্ষাকালেতে চতুর্যব পরিমাণ মাত্রা বিষখাওয়াইবেক গ্রীষ্ম

কালে পঞ্চযব পরিমাণ মাত্রাদিবে হিম কালে সপ্তযব পরিমাণ শরদকালে ছয়যব পরিমান হেমন্ত গ্রহণে তেই শিশিরের গ্রহণ জানিবেক বসন্তের সর্বদিব্য সাধারণত্ব হেতুক তাতে ও সপ্তযব পরিমাণ ঘৃত প্লুত ঘৃতাভি শিক্ত বিষদিবেক তাহাকহিয়াছেন যথা ॥ বিষস্য পলষ ড্ভাগাৎ ভাগোবিংশং স্তমস্ত্বয়ঃ। তমষ্ট ভাগহীনস্তু শোধ্যে দদ্যাৎ ঘৃতপ্লুতং ॥ ০ ॥

পল এস্থলে চারি সুবর্ণ তার ছয় ভাগে দশমাষা দশযবহয় তিন যবেতে এক কৃষ্ণলহয়। পঞ্চ কৃষ্ণলেতে এক মাষাহয় তবে পঞ্চদশ যবহইল। দশমাষাতে সার্দ্ধশত ১৫০ যবহয় আর পূর্বদশ যবআছে সমুদায়েতে ষষ্ট্যধিক ১৬০ শতযব পলের ষষ্ঠাংশ তাহা হইতে বিংশতি ভাগ অষ্টযব হয় তার অষ্টম ভাগহীন অর্থাৎ একযব হীন সপ্তযব থাকিবেক তাকে ঘৃত প্লুত করিয়া দিবেক ঘৃত বিষ হইতে ত্রিংশত গুণ গ্রহণ করিবেক ॥ তাহাকহিয়াছেন কাত্যায়ন যথা ॥ পূর্বাহ্নে শীতলে দেশে বিষন্দেয়ন্তু দেহীনাং। ঘৃতেন যোজিতশৃঙ্গং পিষ্টং ত্রিংশ দ্গুণান্বিতং ॥ ০ ॥—

প্রাতঃকালা বধি দশ দণ্ডের মধ্যে শীতল স্থানেতেত্রিংশত গুণ পরিমাণ ঘৃতেতে পিষ্ট যে সপ্তযব পরিমাণ বিষ তাহাই মনুষ্য দিগে প্রদান করিবেন ॥ আর শোধণ হইলে ও কুহকাদি হইতে রক্ষাকরিবে অর্থাৎ সাপুড়ে বাজীকরেরা যেননাদেখে তাহারা দেখিলে বিষত্ব উড়াইয়া দিবেক তাহা কহিয়াছেন পিতামহ যথা ॥ ত্রিরাত্রং পঞ্চরাত্রং বা পুরুষৈঃ

স্বৈরধিষ্ঠিতং। কুহকাদি ভয়া দুজা রক্ষয়ে দ্দিব্যকারিণং॥ ও ষধিং মন্ত্রযোগাংশ্চ মণী নথ বিষাপহান্। কর্তুঃ শরীরসংস্থাংস্তগূঢ়োৎ পন্নান্ পরীক্ষয়েৎ॥ ০ ॥—

আত্ম বিশ্বস্ত পুরুষ দ্বারা রাজা দিব্য কারিকে তিন দিবস অথবা পঞ্চদিবস রক্ষা করিবেন্ কুহকাদি ভয় নিমিত্তে আর ঐ ব্যক্তির শরীরকে ও উত্তম রূপে পরীক্ষা করিবেন্ যদি কোন ওষধি কি কোন মণী সঙ্গে না থাকে যাহাতে বিষ দোষ নষ্ট হয় কিম্বা গূঢ়োৎপন্ন মন্ত্র যানে পূর্ব্ব কোন স্থানে ব্যক্ত হইয়া থাকে তাহার সন্ধান করিতে হয় ইতি॥ সেই মত বিষকেও রক্ষা করিবেন॥ যথা॥ শার্ঙ্গং হৈমবতং শস্তং গন্ধবর্ণর সান্বিতং। অকৃত্রিম মসংমূঢ় সমন্ত্রো পহতস্তুযদিতি নারদঃ॥ ০ ॥ ০ ॥

এই সমস্ত বিষ ভেদে সঞ্চা ইহাকে যত্নে রক্ষা করিবেন। তার পরে বিষ পান করিলে যাবৎ পঞ্চশত তালি দেওয়া জায় তাবৎ কাল পর্য্যন্ত অপেক্ষা করিবে তার মধ্যে যদি কোন বিকার না হয় তবে সে শুদ্ধ হয় তদনন্তর চিকিৎসা করিবেক॥ ইহাই স্পষ্ট করিয়াছেন নারদ॥ যথা ॥ পঞ্চ তালশতং কালং নির্বিকারোযদাভবেৎ। তদাভবতিস শুদ্ধ স্ততঃ কুর্য্যাচ্চিকিৎ সিতং॥ ০ ॥ ০ ।

পিতামহ অল্প মাত্রা বিষ বিষয়েতে দিনান্ত পর্য্যন্ত অবধি করিয়াছেন বিষ ভক্ষণ করিয়া যদি মূর্চ্ছাছর্দ্দি রহিত হইয়া সুস্থ থাকে তবে ইশুদ্ধ যানিবেক॥ যথা॥ ভক্ষিতে তুযদা স্বস্থোমূর্চ্ছাছর্দ্দি বিবর্জিতঃ নির্বিকারোদিনস্যান্তেততঃ শুদ্ধিং

বিনির্দ্দিশেৎ ॥ ০ ॥ ইহাতে প্রাড়্বিবাক উপবাস করিয়া মহাদে বকে পূজা করিয়া তাহার অগ্রেতে বিষকে রাখিয়া ধর্ম্মাদি পূজা হোমান্তে শোধ্য ঐ পরীক্ষা কর্ত্তার মস্তকে প্রতিজ্ঞা পত্র দিয়া বিষকে মন্ত্রিত করিয়া দক্ষিণ মুখে স্থিত ব্যক্তিকে প্রদান করিবেন। সে শোধন করিয়া ভক্ষণকরিবেক এই ক্রম এই বিষপরীক্ষা বিধান সমাপ্ত হইল ॥ ০ ॥ –

অতঃ পর কোশ বিধি কহিতেছেন যথা ॥ দেবানুগ্রান্ সম ভার্য্য তৎ স্নানোদক মাহরেৎ । সং শ্রাব্য পাপয়ে তস্মাৎ জলন্তু প্রসৃতিত্রয়ং ॥ ০॥—

যথা ॥ উগ্রান দেবান পদে দুর্গা আদিত্যাদিকে গন্ধপুষ্প ধূপদীপ নৈবেদ্যাদি দ্বারা পূজাকরিয়া তাহাদের স্নানোদক আহরণ করিবেক। আহরণ করিয়া তোয়ত্বং প্রাণিনাং প্রাণ এই মন্ত্রেতে প্রড়্বিাক মন্ত্রিত করিয়া দিবেক তাকে পাত্রা ন্তরেতে রাখিবেক । পুনর্ব্বার সত্যেনমা ভিরক্ষত্বং বরুণ ইত্যাদি মন্ত্রেতে করিয়া আপনি মন্ত্রিবেক পানকরাবে প্রসৃতি ত্রয় ইহার অনেক বিলম্ব এসাধারণেতে ধর্ম্মা অহন্যাদি সকল দেবতা পূজা হোম সমন্ত্রক প্রতিজ্ঞা পত্র মস্তকে অর্পণ করিলে সন্তবে পানকরিবেক।। ইহার ক্রম পিতা মহ করিয়া ছেন যথা ॥ ভক্তোযো যস্য দেবস্য পাপয়ে ত্তস্য তজ্জলং। তুল্য ভাবে তুদেবানা মাদিত্য স্যচ পাপয়েৎ দুর্গায়াঃ পাপয়েৎ চৌরান যেচশস্ত্রোপজীবিনঃ । ভাস্করস্য তুযত্তোয়ং ব্রাহ্মণং তন্ন পাপয়েৎ ॥ দুর্গায়াঃ স্নাপ যেচ্ছুল

মাদি ত্যস্যাতু মণ্ডলং। অন্যো যামপি দেবানাং স্নাপয়েদা যুধানিতি ॥ ০॥ —

যে ব্যক্তি যে দেবতার ভক্ত সে সেই দেবতার চরণামৃত ই পানকরিবেক॥ আর সূর্য্যের জল ব্রাহ্মণ পানকরিবেন না। দূর্গার শূলকে স্নানকরাবেক আদিত্যের মণ্ডলকে। অন্য দেবতা দিগের আয়ুধকে স্নান করাইবেক ইতি ॥ দেবতা নিয়ম ও কহিয়াছেন যথা॥ বিশ্বাস্বে সর্ব্ব সঙ্কাসু সন্ধিকার্য্যে তথৈবচ। এষু কোশঃ প্রদাতব্যো নিত্যং চিত্তবিশুদ্ধয়ে ॥ ০ ॥

বিশ্বাসেতে সকল শঙ্কাতে সন্ধিকার্য্যেতে শুদ্ধির নিমিত্তে কোশ বিধি করাইবেন এই কার্য্য নিয়ম ॥ পূর্ব্বাহ্নে সোপ বাসস্যাস্নাত স্যাদ্র পটস্যচ। শশূকস্যা ব্যসনিনঃ কোশপানং বিধীয়তে॥ ০ ॥ —

কৃতোপ বাস স্নাত আদ্র বস্ত্র পরিধান করিয়াছে এমত যে আস্তিক ও অব্যসনি তাহার দিগের পূর্ব্বাহ্নে কোশ বিধান করিবেন ॥ যাহা দিগে ত্যাগ করিবেন তাহা কহিয়াছেন যথা ॥ মদ্য পস্ত্রী ব্যসনিনাং কিতবানাং তথৈবচ ॥ কোশ প্রাজ্ঞে নদাতব্যো যেচনাস্তিক বৃত্তয়ঃ॥ মহাপরাধে নির্দ্ধর্ম্মে কৃতঘ্নে ক্রূর কুৎ সিতে। নাস্তিক ব্রাত্য দাসেষু কোশ পানং বিবর্জয়ে দিতি ॥ ০॥—

অর্থ॥ যে অনবরত মদ্য পানকরে এবং স্ত্রী লোক ব্যসনি ধূর্ত্ত নাস্তিক নিত্য নৈমিত্তিক ক্রিয়া দ্বেষী মহাপাতকি আর বর্ণা শ্রমধর্ম্ম রহিত পাসণ্ডী প্রতি লোম জাত কৈবর্ত্ত ইহাদিকে কোশ পান বর্জন এই অধিকারি নিয়ম ॥ তথা

গোময়েতে মণ্ডল করিয়া তাহা শোধন করিয়া সূর্য্যাভি মুখে রাখিয়া ঐ অভিশস্ত ব্যক্তিকে মণ্ডলের মধ্যেই তিনি কোশ জলখাওয়াইবেন যথা ।। তমাহুরাভিশস্তং তুমণ্ডলাভ্যন্তরেস্থিতং । আদিত্যাভিমুখং কৃত্বা পাপয়েৎ প্রসৃতি ত্রয়ং ।। ০ ।।—

তুলাদি বিষ পর্য্যন্তে যেমত শুদ্ধহয় তদ্বৎ শুদ্ধি ভাবনা কোশেতে কিপ্রকারে হইবে ইহাই আশঙ্কা করিয়া কহিতেছেন ।। যথা ।। অর্বাক্ চতুর্দ্দশাদহ্নো যস্যনোরাজ দৈবিকং । ব্যসনং জায়তে ঘোরং সশুদ্ধং স্যান্নসংশয়ঃ ।। ০ ।।

।। অর্থ ।। চতুর্দশ দিবসের পূর্ব্ব যাহার রাজ নিমিত্তক কিম্বা দৈব নিমিত্তক বড় উপদ্রব না উপস্থিত হয় সেই শুদ্ধ। আর ইহার মধ্যে যদি অল্পব্যামোহ হয় তবে দোষ নাহি অনিত্যশরীরিদিগের অপরি হার্য্যত্ব হেতুক। এবং অবধির পরে যদি মহৎ কষ্ট ও হয় তবে নির্দ্দোষ তাহা স্পষ্ট কহিয়াছেন নারদ।। যথা।। ঊর্দ্ধং যস্যাদ্বি সপ্তাহাৎ বৈকৃতন্তু মহদ্ভবেৎ । নাভি যোজ্যঃ সরিদুষাকৃত কাল ব্যতি ক্রমাৎ

আর অর্বাক চতুর্দ্দশাদহ এও মহাভি যোগ বিষয়ে ।। যে হেতুক পূর্ব্ব কহিয়াছেন যে মহাভিযোগেস্বেতানীতি ।। অবধির মধ্যে অল্প বিষয়ে পিতামহ কহিয়াছেন । আর কোশমল্পেপিদাপয়েৎ ইহামনু ও কহিয়াছেন।। অতএব সর্ব্বসমাধানের নিমিত্তে কহিতেছেন ।। যথা ।। ত্রিরাত্রাৎ সপ্তরাত্রাদ্বা দশাহাদ্বাদ্বি সপ্তকাৎ। বৈকৃতং যস্যদৃশ্যেত পাপকৃৎ সউদাহৃতঃ । ০ ।।

॥ অর্থ ॥ মহাভিযোগ দ্রব্য হইতে অল্প যে বিষয় তাহাকে ও গুরু লঘুত্ব রূপে তিন ভাগ করিয়া ত্রিরাত্র অবধি ব্যবস্থা করিলেন ইতি ॥ ০ ॥ এই কোশ বিধি সমাপ্ত হইল ॥ ০ ॥

তুলাআদি করিয়া কোশপর্য্যন্ত পঞ্চ দিব্য যোগীশ্বর ব্যাখ্যা করিলেন্ অন্যস্মৃতিতে পুনর্ব্বার অল্পাভিযোগ বিষয়ক অন্য দিব্য কহিয়াছেন যথাহপিতামহঃ॥ তণ্ডুলানাং প্রবক্ষ্যামি বিধিং ভক্ষণ চোদিতং। চৌরেতু তণ্ডুলাদেয়া নান্যত্রেতিবি নিশ্চয়ঃ তণ্ডুলান্কারয়েৎ শুক্লান শালে র্নান্যস্যক স্যচিৎ মৃন্ময়ে ভাজনেকৃত্বা আদিত্য স্যাগ্রতঃশুচিঃ॥ স্নানোদকেন সংমিশ্রান্ রাত্রৌ[illegible]ত্রৈব বাসয়েৎ। প্রাঙ্মুখোপোষিতং স্নাতং শিরোরোপিত পত্রকং। তণ্ডুলান্ ভক্ষয়িত্বাতু পত্রে নিষ্ঠী বয়েততঃ। পিপ্পলস্য তুনান্যস্য অভাবে ভূর্জ্জ এবতু॥ লো হিতোঃ দৃশ্যতে যস্য হনুস্তা লুচশীর্য্যতে গাত্রঞ্চ কম্পতে যস্য তমশুদ্ধং বিনির্দ্দিশেৎ॥ ০॥

অর্থ পিতামহ কহিতেছেন তণ্ডুলের যে বিধান তাহা কহি তেছি কিন্তু সে তণ্ডুল-চৌর ব্যতিরেকে অন্য লোককে খাও য়াবেনা শুক্ল সণ আতব তণ্ডুল প্রস্তুত করিবেক শালী ধান্যের সূর্য্যের সম্মুখে নূতন শরাতে স্নানোদকেতে মিশ্রিত করিয়া গোময়ো পলিপ্ত স্থানেতে রাত্রিতে সাবধান পূর্ব্বক রাখি বেক সেই ব্যক্তি কৃতোপবাস স্নান করিয়া মস্তকে প্রতি জ্ঞা পত্র বদ্ধকরিলের পরে প্রাড়্বিবাক তাহাকে খাওয়াইবেন ইহার পূর্ব্ব ধর্ম্মাবাহনাদি কর্ম্ম সমাপন করিয়াথাকিবেন তদ নন্তর অশ্বত্থপত্রে অথবা ভূর্জ্জপত্রে সেই তণ্ডুল চর্ব্বণ করিয়া

ফেলাইবেক যার তণ্ডুল রক্ত বর্ণ দেখাযায় এবং কপোল তালুকাশুষ্ক হয় গাত্র কম্প হয় সেই দোষী হয় ইতি॥ ০॥

এই তণ্ডুল বিধি সমাপ্ত হইল ॥ ০ ॥

অতঃপরং তপ্তমাষ বিধি পিতামহ কহিয়াছেন।।যথা॥ সৌবর্ণং রাজতংবাপিতাম্রংবা শোড়শাঙ্গুলং। চতুরঙ্গুল খাতন্তু মৃণ্ময়ং বাথ মণ্ডলং ॥ পূরয়েৎ ঘৃততৈলাভ্যাংবিংশত্যাতু পলৈস্তুতৎ। সুবর্ণ মাষকং তত্র সুতপ্তে নিক্ষিপেওতঃ ॥ অঙ্গুষ্ঠাঙ্গুলি যোগেন উদ্ধরে ত্তপ্তমাষকং করাগ্রংযোন সনুয়াৎ বিস্ফোটো বা নজায়তে ॥ শুদ্ধো ভবতি ধর্ম্মেণ নির্বিকার করাঙ্গুলিঃ॥ ০ ॥

॥ অর্থ॥ সুবর্ণের কিম্বা রজতের অথবা তাম্রের তদভাবে মৃত্তিকারবা ষোড়শাঙ্গুল বেঢ় চতুরঙ্গুল গভীর গোল এমত পাত্রেতে অতিশয় তপ্তঘৃত কিম্বা তৈল বিংশতি শাস্ত্রীয় পলেতে তুলিত সেই পাত্রেতে পরিপূর্ণ করিবেক তাহাতে এক মাষা পরিমিত সুবর্ণ নিঃক্ষেপ করিবেক সেই উত্তপ্ত স্বর্ণকে অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা যিনি উদ্ধার করিবেন এবং করাগ্র কম্পন হইবে না ও হস্তে বিস্ফোট অর্থাৎ ফোস্কা হইবে না যাহার তিনি শুদ্ধ হইবেন। উদ্ধরেৎ এপদেতে বোধ হয় পাত্র হইতে উদ্ধার করিবেক অর্থাৎ উৎক্ষেপণ করিবেক এই আদরণীয় নতুবা পাত্র হইতে বাহেতে প্রক্ষেপণ সে আদরণীয় নয় ইতি ॥ অপর কল্প কহিতেছেন ॥ যথা ॥ সৌবর্ণে রাজতে তাম্রে আয়সে মৃণ্ময়েপিবা। গব্যং ঘৃত মুপাদায়, তদগ্নৌতাপয়ে চ্ছুচিঃ॥ সৌবর্ণীং রাজতীং তাম্রী মায়সীং বাসু শোধিতাং। সলিলেন সকৃদ্ধৌতাং প্রক্ষিপে ত্তত্রমুদ্রিকাং

ভুনদ্বীচীতরঙ্গাঢ্যোহ্যনখ স্পর্শ গোচরে। পরীক্ষে তাদ্র্পর্ণের চুরুকারং সঘোষকং॥ ততশ্চানেন মন্ত্রেণ সকৃত্তদভি মন্ত্রয়েৎ। পরং পবিত্র মধিকং ঘৃতত্বং যজ্ঞকর্ম্মসু দহ পাবক পাপংত্বংহিম শীতং শুচৌভব॥ উপোষিতং ততস্নাতমাদ্র বাস সমাগতং॥ গ্রাহয়ে মুদ্রিকাং তাংতঘৃত মধ্যগতাং তথা। প্রদেশিনীঞ্চ তস্যাথ পরীক্ষেয়ুঃ পরীক্ষকাঃ॥ যস্য বিস্ফোটকানস্যুঃ শুদ্ধোসা বন্যথা শুচিঃ॥ ০॥

॥ অর্থ॥ সুবর্ণের কিম্বা রজতের কিংবা তাম্রের অথবা লোহের এবং মৃত্তি কারিবা পাত্রেতে গব্য ঘৃত দিয়া আপনি শুচি হইয়া অতিশয় জাল দিবেন তাহার পর সুবর্ণের কিম্বা রুপোর কিম্বা তাম্রের কিম্বা লোহের অঙ্গুলীয়ক শোধিত করিয়া এবং জলেতে ধৌত করিয়া সেই ঘৃতেতে প্রক্ষেপ করিবেন সেই ঘৃতযক্ষন অতিশয় তপ্ত হইয়া তরঙ্গ হইবেক সেইকালে তাহাকে আদ্র পত্র দ্বারা নখস্পর্শ না হয় এমত করিয়া পরীক্ষা করিবেন সেপত্র যদি প্রক্ষেপ মাত্রেই অতিশয় চুরুং শব্দ হইবেক তখন ঘৃত অতিশয় তপ্ত হইল জানিবেক। তদনন্তর ঐ ঘৃতকে পরং পবিত্র এই মন্ত্রেতে মন্ত্রিত করিয়া প্রাড়্বিাক কর্ত্তৃক নিজোষিত হইয়া প্রদেশিনী দ্বারা মুদ্রিকা ঐ তপ্ত ঘৃত হইতে তুলিবেক পরীক্ষ কেরা তাহার প্রদেশিনীকে পরীক্ষা করিবেন অর্থাৎ বিস্ফোটকাদি না হইয়া থাকে তবে শুদ্ধ হয়। এস্থলে ও ধর্ম্মা বাহণাদি কর্ম্ম সমুদায় ও কর্ত্তার উপবাস সচেল স্নান পূজা হোম পূর্ব্বই কর্ত্তব্য

স্তমধ্যে সর্বভূতানাং এমন্ত্রেতে প্রাড্বিবাক শোধন করিবেন ইতি ॥ ০ ॥এইতপ্ত মাষবিধি সমাপ্ত হইল ॥ ০ ॥—

অতঃপরি ধর্ম্মাধর্ম্মাখ্য দিব্য বিধি পিতামহ কহিয়াছেন ॥ যথা। অধুনাসং প্রবক্ষামি ধর্ম্মাধর্ম্ম পরীক্ষণং। হন্তৃণাং যাচমানানাং প্রায়শ্চিত্তার্থিণাং নৃণাং ॥ ০ ॥—

অথ এখন ধর্ম্মাধর্ম্ম পরীক্ষা প্রকৃষ্ট রূপেতে আমি কহিতেছি সেকারপ্রতি ॥ তাহাকহিতেছেন ॥ সাহসাভি যোগেতে হন্তাদিগের। অর্থাভি যোগে যাচমান দিগের। পাতকাভি যোগেতে প্রায়শ্চিত্তার্থি দিগের নিমিত্তে। রজতেরধর্ম্ম প্রতিমাকরিবেক সীসার কিম্বা লোহার অধর্ম্ম প্রতিমা করিবেক যথা ॥ রাজতং কারয়েদ্ধর্ম্ম মধর্ম্মং সীসকায় সমিতি প্রতিমা বিধানং ॥ ০ ॥ পক্ষান্তর কহিতেছেন যথা ॥ লিখেদ্ভূর্জ্জে পটে বাপি ধর্ম্মা ধর্ম্মৌ সিতাসিতৌ। অভুক্ষ্য পঞ্চগব্যেন গন্ধমাল্যৈঃ সমর্চ্চয়েৎ ॥ সিত পুষ্পাস্তু ধর্ম্মাঃ স্যাৎ অধর্ম্মো সিত পুষ্পাবৃত। এবং বিধায়ো পলিখ্য পিণ্ডয়ো স্তৌনিধাপয়েৎ। গোময়েন মৃদাবাপিপিণ্ডৌ কার্য্যৌ সমন্ততঃ মৃড্ভাণ্ডকউপাহ্নতে স্থাপ্যোচান্ পলক্ষিতৌ ॥ উপলিপ্তে শুচৌদেশে দেব ব্রাহ্মণ সন্নিধৌ। আবাহয়েত্ততো দেবান্ লোকপলাংশ্চপূর্বং ॥ ধর্ম্মা বাহন পূর্বন্ধ প্রতিজ্ঞা পত্রকং লিখেৎ ॥ ততঃ ॥ যদি পাপবিমুক্তোহং ধর্ম্ম স্যায়াতু মেকরে। অশুদ্ধশ্চেন্মমকরে পাপমায়াতু ধর্ম্মতঃ ॥ অভিযুক্ত স্তয়োশ্চৈকং প্রগৃহীতা বিলম্বিতঃ ॥ ধর্ম্মে গৃহীতে শুদ্ধঃ স্যাৎ অধর্ম্মেতু সহীয়তে ॥ এবং সমাসতঃ প্রোক্তঃ ধর্ম্মা ধর্ম্ম পরীক্ষণমিতি।

অর্থ ॥ ভূর্জ্জ পত্রে কিম্বা পটেতে শুক্লবর্ণ ধর্ম্ম প্রতিমা শ্যামবর্ণ অধর্ম্ম প্রতিমা লিখিয়া পঞ্চগব্যেতে অভ্যুক্ষণ করিয়া প্রাণপ্রতিষ্ঠাপূর্ব্বক গন্ধমাল্য দিয়া অর্চ্চনা করিবেক ধর্ম্মের শুক্ল পুষ্প অধর্ম্মের কৃষ্ণবর্ণ পুষ্প। এবং প্রকার করিয়া ॥ ০॥

গোময়ের কিম্বা মৃত্তিকার দুইটি গোলাকার করিয়া তাহার মধ্যে ঐ দুই পত্রের গুটিগা নিঃক্ষেপ করিবেক তারপর এক মৃত্তিকার ভাণ্ডেতে লুকাইয়া ঐ দুই পিণ্ডকে রাখিবেক যাহাতে কোন প্রকারে সে চিহ্নিতে না পারে। তদনন্তর গোময়োপ লিপ্ত শুচিভূত স্থানে দেব ব্রাহ্মণ সন্নিধানে। পূর্ব্ববৎ ধর্ম্মাবাহনাদি দেবতা দিগের এবং লোক পালদিগের পূজা হোম প্রতিজ্ঞা পত্র মস্তকে দিবেন॥ তদনন্তর কর্ত্তা পাঠ করিবেন্ যদি আমি শুদ্ধ হই তবে ধর্ম্ম প্রতিমা আমার হস্তে আসুন। যদি আমি পাপী হই তবে অধর্ম্ম প্রতিমা আসুন ইহা কহিয়া শীঘ্র ঐ ভাণ্ডেতে হস্ত দিয়া এক পিণ্ড উঠাইয়া আনিবেন্ যদি তাহার মধ্যে ধর্ম্ম থাকেন তবে জানিবে সেই শুদ্ধ যদি অধর্ম্ম প্রতিমা থাকেন তবে তিনি অবশ্য দোষী এরূপ ধর্ম্মাধর্ম্ম পরীক্ষা কহিলাম ইতি॥ ০॥ এই ধর্ম্মাধর্ম্ম খ্যপরীক্ষা সাঙ্গ হইল।৷ ০ ॥

এতদতি রিক্ত সপথ অনেক মন্বাদিরা কহিয়াছেন তাহাও দ্রব্যের অল্পত্ব মহত্ত্ব বিবেচনা করিয়া জাতি বিশেষ বিষয়ে হয় ॥ যথা॥ নিষ্কেতু সত্যবচনং দ্বিনিষ্কেপাদ লম্বনং। ত্রিকাদর্বাক্ তুপুন্যং স্যাৎ কোশপানমতঃ পরং সত্যেন শাপয়েদ্বিপ্রং ক্ষত্রিয়ং বাহনায়ুধৈঃ। গোবীজ কাঞ্চনৈর্ব্বৈশ্যং শূদ্রং

সর্ব্বেস্তু পাতকৈ রিতি ॥ ০ ॥ ইহা পূর্ব্বে ব্যাখ্যা করিয়াছি ॥ এবিষয়ে শুদ্ধি ভাবনা মনু কহিয়াছেন ॥ নচার্ত্তি মিচ্ছতি ক্ষিপ্রং জ্ঞেয়ঃ সসপথে শুচিঃ ॥ শীঘ্র পীড়া ইচ্ছানা করে অর্থাৎ হটাৎ দিব্যে প্রবর্ত্ত নাহয় যে তাকে শুচিজানিবে। আর্ত্তি পদে ঘোররাজ দৈবত ব্যসন যাহার উপস্থিত নাহয় তাহার কাল নিয়ম ও কহিয়াছেন। এক রাত্রি অবধি ত্রিরাত্র পর্য্যন্ত ত্রিরাত্র অবধি পঞ্চরাত্রপর্য্যন্ত জানিবেক। এই রূপদিব্যে রাজা জয় পরাজয় অব ধারণে দণ্ড বিশেষ ও দেখাইয়াছেন কাত্যায়ন ॥ যথা ॥ শতার্দ্ধং দাপয়েৎ শুদ্ধম শুদ্ধোদণ্ড ভাগ্ভবেৎ ॥ ০ ॥ যেব্যক্তি পরীক্ষা হইতে মুক্ত হইবেক তাকে শতার্দ্ধ দেওয়াইবেন অর্থাৎ পারিতোষিক আর যেব্যক্তি পরীক্ষাতে দোষীহয় ।তাকে ঐ কাত্যায়নোক্তদণ্ড দিবেন ॥ যথা ॥ বিষে তোযে হুতাশেচ তুলা কোশেচ তণ্ডুলে তপ্ত মাষক দিব্যেচ ক্রমাদ্দণ্ডং প্রকল্পয়েৎ ॥ সহস্রং ষটশত ঞ্চৈব তথা পঞ্চশতা নিতু চতুস্ত্রি দ্ব্যেকমেবং তুহীনং হীনেষু কল্পয়েৎ॥ নিহ্নবে ভাবি তোদদ্যাদি ত্যানাঅর্থ যেব্যক্তি বিষ পরীক্ষাতে অশুদ্ধ হইবেক সেবড় সাহসিক অতএব তাকে সহস্র দণ্ডকরাবেন এইরূপ জলেতে ছয়শত অগ্নিতে পঞ্চশত ॥ তুলাতে চারিশত ॥ কোশেতে তিনশত তণ্ডুলেতে দুই শত ॥ তপ্তমাষেতে এক শত ॥ এই মত ক্ষুদ্রেতে ইহা হইতে অল্পকল্পনা করিবেন প্রাড্বিবাক ॥

আর নিহ্নবে ভাবিতই দিবেক ইহা ওপূর্ব্বব্যাখ্যা করিয়াছি ইতি ॥ ০ ॥ এই দিব্য প্রকরণ সমাপ্ত হইল ॥ ০ ॥—

॥ প্রমাণং মানুষং দৈবমিতিভেদেনবর্ণিতং। অধুনা বর্ণ্যতে দায়বিভাগোযোগ মূর্ত্তিনা ॥ ০ ॥ ০ ॥

যোগস্বরূপ যাজ্ঞবল্ক্য মানুষ দৈবিক ভেদেতে এই প্রমাণ বর্ণন করিয়াছেন এক্ষণে দায়ভাগ বর্ণন করিতেছেন্॥ দায় ভাগ এই শব্দের একাংশ হইয়াছে যে দায় এই শব্দ তাহাতে করিয়া ধনস্বামির কেবল পুত্রত্বাদি স্বরূপ সম্বন্ধ হেতুক যে ধন অন্যের অর্থাৎ পুত্রাদির হয় সেই ধনবুঝায়। দায় ও দুই প্রকার। অপ্রতিবন্ধ এবং সপ্রতিবন্ধ। তাহাতে পুত্রের এবং পৌত্রের পুত্রত্ব সম্বন্ধ প্রযুক্ত এবং পৌত্রত্ব সম্বন্ধ প্রযুক্ত পিতারধন এবং পিতামহের ধন নিজ হয় এই হেতুক এই ধন অপ্রতি বন্ধদায়। পিতৃব্য এবং ভ্রাত্রাদির পুত্র নাথাকিলে এবং তাঁহারা না থাকিলে তাহারদিগের ধন ভ্রাতৃপুত্রের ও ভ্রাত্রাদির হয় এই হেতুক পুত্র এক প্রতিবন্ধ অপর ধনস্বমি যে ভ্রাত্রাদিতাহারাইপ্রতিবন্ধ এই নিমিত্তে সপ্রতিবন্ধ সে দায়। এই প্রকার পিতৃব্য পুত্রাদিতে ও বিবেচনা করিবা। বিভাগশব্দে যেদ্রব্যসমুদায়েতে অনেক ভ্রাত্রাদির স্বাম্য আছে সেই দ্রব্য সমুদায়ের মধ্যে একং দেশেতে একের একের স্বাম্য সংস্থাপন। এই অভিপ্রায় করিয়া নারদ করিয়াছেন্॥ ০ ॥ বিভাগোংর্থস্যপৈত্রস্য পুত্রৈর্যত্র প্রকল্প্যতে। দায়ভাগ ইতি প্রোক্তং ব্যবহারপদংবুধৈরিতি॥

॥ অর্থ॥ যে ব্যবহারে পিত্রাদির ধনের পুত্রাদিরা বিভাগ

কল্পনা করেন্ সেই ব্যবহার দায়ভাগ ইহা পণ্ডিতেরা কহি য়াছেন। এ গ্রন্থে এই নিরূপণ কর্ত্তব্য। যে কোন কালে বি ভাগ কর্ত্তব্য কোন ধনের বিভাগ কর্ত্তব্য এবং কি প্রকার বিভাগ কর্ত্তব্য এবং কোন ব্যক্তিদিগের কর্তৃক বিভাগ কর্ত্ত ব্য তাহার মধ্যে কোন কালে কি প্রকার কোন ব্যক্তিদি গের কর্তৃকইহা সেইং শ্লোক ব্যাখ্যাতে কহিবেন কোন ধনের বিভাগ এই মাত্র এ স্থলে চিন্তাকরিতেছেন॥ এই যে কি বিভাগ হেতুক স্বত্ব হয় অথবা স্বত্ববিশিষ্টের ভাগ হয়। তাহার মধ্যে স্বত্বই নিরূপণ করিতেছেন। এই যে স্বত্বকি কেবল শাস্ত্র প্রমাণ হেতুক পাওয়া জায় কিম্বা অন্য প্রমাণ দ্বারা পাওয়া জায়তাহাতে কেবল শাস্ত্রহইতেপাওয়াজায় এই যুক্ত গৌতম বচন হেতুক ॥০॥ এই। স্বামীঋক্থ ক্রয় সম্বিভাগ পরি গ্রহাধিগমেষু ব্রাহ্মণ স্যাধিকং লব্ধং ক্ষত্রিয়স্য বিজিতং নির্ব্বিষ্টংবৈশ্য শূদ্রয়োরিতি প্রমাণান্তর হইতে স্বত্ব প্রাপ্ত হইলে এবচন নিরর্থক হউক। সে প্রকার চৌর্য্যের আ রোপণে মনুকহিয়াছেন যোংদত্তা দায়ি নোহ স্তালি প্সেত ব্রাহ্মণোধনং। যজানাধ্যাপ নেনাপি যথা স্তেনস্তথৈবসঃ।০॥ অর্থ। পরকীয় দ্রব্য যে গ্রহণ করে তাহার হস্ত হইতে যে ব্রাহ্মণ যাজন দ্বারা কিম্বা অধ্যাপন দ্বারা ও ধন গ্রহণ করে যেমন চৌরসেব্রাহ্মণ তেমনি হয়। এই বচন হেতুক পর কীয়দ্রব্য গ্রহণ করে যে তাহা হইতে যজন অধ্যাপন কারণ হেতুক ও যেব্রাহ্মণ ধনার্জ্জন করে তাহার দণ্ড বিধান অসিদ্ধ হউক সত্বের যদি লোকিব থাকে। অর্থাৎ লোক ব্যবহার

সিদ্ধই যদিস্বত্বহয়। আর যদি লৌকিক স্বত্বইহয় তবে আমারধন এব্যক্তি অপহরণ করিয়াছে এমন কেহ না কহুক যেহেতুক স্বত্বের মূল শাস্ত্রনাই তবে যেগ্রহণ করিবেক তাহারই হইবেক। ভালো অন্যের ধন এই ব্যক্তি অপহরণ করিয়াছে এপ্রকার লোকেতে ব্যবহারও করিতেছে এই হেতুক অপহরণ কর্ত্তার সেধনে স্বত্বহইবেনা। এমন যদি কহ তবে যেপ্রকার সুবর্ণ রজতাদি স্বরূপদ্রব্য দেখিবেক এদ্রব্য সুবর্ণ কিনা এমন সংশয় হয়না তেমান অপহৃত দ্রব্যেতে এদ্রব্য এব্যক্তির কি অন্যের এমন সং সয় নাহউক যেহেতুক যাহার নিকটে যে দ্রব্য যক্ষন দেখাজায় লৌকিক ব্যবহারে সেদ্রব্য তক্ষন তাহারই॥ সেই হেতুক কেবল শাস্ত্র সিদ্ধ স্বত্বইতি। ইহাতে কহিতেছে ধন দ্বারা লৌকিক কর্ম্ম সিদ্ধ হয় এই হেতুক লৌকিক ইস্বত্ব। যেযে লৌকিক কর্ম্মসিদ্ধির হেতু হয় সেই লৌকিক হয়। যেমন পানাদি লৌকিক কর্ম্মে যেভাজনা দিতাহা সিদ্ধির হেতু হইয়াছে এই হেতুক লৌকিক অর্থাৎ ধান্য বস্তু নিশ্চয় করিতে শাস্ত্রাদির অপেক্ষা নাহি লোক ব্যবহারেই হয় তাহা রন্যায়। যেযে লৌকিক কর্ম্ম সাধনের হেওনয়সে লৌকিক ও নয় যেমন আহবনী য়াদি আহবনীয় শব্দে যে অগ্নি র যাগের নিমিত্তে সংস্কার করাগিয়াথাকে তাহার নাম অগ্নি অর্থাৎ আহবণী য়াগ্নী হোমাদি সাধনহেতুই হইয়াছেন লৌকিক কর্ম্ম সাধন হেতুহন নাই অতএব আহবনী যাদি অগ্নি লোকব্যবহার সিদ্ধনয়। ভালো আহবনী যাদি অগ্নিতে পাকাদি ও তো

হয় অর্থাৎ তবেতো লৌকিক কর্ম্ম সাধন হেস্তু ও হইলেন এমন হেতু। তাহাতে আহ্বনী যদি স্বরূপেতে পাকাদি সাধন হেতু হন নাই কিন্তু প্রত্যক্ষ দেখা জাইতেছে যে অগ্নিরূপ তাহাতে করিয়াই পাকাদি সাধন হেতু হইয়াছেন। এস্থলে ও সুবর্ণাদি রূপেতে করিয়া ক্রয়াদি সাধন হেতু সুবর্ণাদি হয় নাই কিন্তু স্বত্বরূপেতে করিয়া ই ক্রয়াদি সাধন হেতু হইয়াছে যাহাতে যাহার সত্ব নাই তাহার ক্রয়াদি কর্ম্ম সাধন হেতু হয়না। আর শাস্ত্র ব্যবহার জানেনা যে ম্লেচ্ছাদিরা তাহাদিগের ও ক্রয় বিক্রয়াদি দেখিতেছি এই হেতু কস্বত্বের ব্যবহার ও দেখা জাইতেছে॥

আর। প্রতিগ্রহ অর্জ্জনাদি নিয়ত যাহা হইতেছে এমন যে যে স্বত্ব যে লোক সিদ্ধই ইহা ন্যায়বে ত্তারাও মানেন। ন্যায় পদে মীমাং সারযুক্তি। লিপ্সাসূত্রে তৃতীয় বর্ণকে। বর্ণক শব্দে টীকারং পরিচ্ছেদ বিশেষ। যস্মিন্নিহপ্রীতিঃ পুরুষঃ তস্যালিপ্সার্থ লক্ষণা বিভক্তত্বাৎ এই লিপ্সাসূত্র॥ অর্থ॥ সাক্ষাৎ কিম্বা পরম্পরাতে যে বস্তুতে পুরুষের প্রীতি হয় সেই বস্তুতে প্রাপ্তীচ্ছা হয় যে হেতুক প্রার্থনার বিষয়ে বস্তু সে সাক্ষাৎ কিম্বা পরম্পরা উভয়েতেই তুল্য এই নিমিত্তে প্রার্থনা বিষয়ে বস্তুতে সাক্ষাৎ রূপরম্পরাতে ভেদ নাই। সেই তৃতীয় বর্ণকে যাজনাধ্যাপন প্রতিগ্রহাদিরূপ যেদ্রব্যার্জ্জনের নিয়ম তাহা যদি যাগের নিমিত্তেই হয়। তারধনেস্বত্বই না হউক কেন না যে হেতুক স্বত্বলোক ব্যবহার জন্য নয় এবং শাস্ত্রীয় কারণ জন্যও নয় শাস্ত্রীয় যে কারণ তাহা যাগের নি

মিত্তে স্বত্বরে নিমিত্তে নয় এই হেতুক। মীমাংসাতে অলৌকিক স্বত্ব স্বীকার করিয়া যে পূর্বপক্ষ করিয়াছিলেন তাহাতে কহিলাম যেরূপ সে রূপে পূর্ব্বপক্ষ সম্ভব হয় না। এই আশঙ্কা করিয়া দ্রব্যার্জ্জন যেপ্রতিগ্রহাদি সে স্বত্বসাধনের হেতু ইহা লোক প্রসিদ্ধ এই হেতুক মীমাংসকের এক দেশীয় যে গুরু তিনি পূর্ব্বপক্ষ স্থির করিয়াছেন। সে এই ভালো। দ্রব্যার্জ্জন যদি যাগের নিমিত্তে তবে ধনে স্বত্বই হয় না এই হেতুক যাগই সম্পন্ন না হউক। অর্জন স্বত্ব কি জন্মাইবেন এই বিপ্রতি পত্তিবাক্য এ কেহ প্রলাপ কহিয়াছে। এই কথা কহিয়া সিদ্ধান্তে লৌকিক স্বত্ব স্বীকার করিয়া বিচার প্রয়োজন কহিয়াছেন। এই হেতুক পুরুষেরই নিয়মাতিক্রম দোষ যাগের নয়। ইহার ও তাৎপর্য্যার্থ এই রূপ বিবরণ করিয়াছেন এই যে কালে যাগের নিমিত্তেই দ্রব্যার্জ্জনের নিয়ম সে কালে নিয়ম দ্বারা অর্জ্জিত ধনেতে করিয়াই যাগ সিদ্ধ হয় নিয়মাতিক্র মার্জিত ধন দ্বারা যাগ সিদ্ধ হয় না। উপার্জ্জন কর্ত্তার নিয়মাতিক্রম দোষ হয় না এই পূর্ব্বপক্ষ। সিদ্ধান্ত পক্ষে অর্জ্জননিয়ম পুরুষেরই সে নিয়মাতিক্রমেতে করিয়া অর্জ্জিত দ্রব্য দ্বারা যাগ সিদ্ধ হয় পুরুষেরই নিয়মাতিক্রম হেতুক দোষ হয় এই নিয়মাতিক্রম দ্বারা অর্জ্জিত দ্রব্যের ও স্বত্ব স্বীকার করিয়াছেন। যে হেতুক অন্য প্রকারে যাগ সিদ্ধ হয় না। ইহাতে করিয়া চৌর্য্যাদি দ্বারা প্রাপ্ত দ্রব্যেও স্বত্ব হউক এমন মানিও না যে হেতুক লোকেতে চৌর্য্য ধনে স্বত্ব প্রসিদ্ধ নাই এই নিমিত্তে ব্যবহারেও বৈপরীত্য হয়।

এই প্রকার প্রতিগ্রহাদি উপায় যাহার এমন সূত্র লৌকিক স্থির হইলে। ব্রাহ্মণের স্বত্বের উপায় প্রতিগ্রহাদি উপায় পদে কারণ। ক্ষত্রিয়ের যুদ্ধে জয়াদি উপায় বৈশ্যের কৃষি বাণিজ্যাদি শূদ্রের ব্রাহ্মণাদি তিন বর্ণের শুশ্রূষাদি উপায় এই অদৃষ্টার্থের নিমিত্তে উপায় সকল অর্থাৎ এই সকল নিয়মেতে ক্রিহা দিগের ধনো পার্জ্জন করিলে পুন্যহয় ঋক্থা দি সর্ব্ব বর্ণ সাধারণ। স্বামী ঋক্থ ক্রয় সম্বিভাগ পরিগ্রহা ধিগ মেষু এইবচনেতে কহিয়াছেন। অর্থ। তাহাতেঅপ্রতি বন্ধ দায়েরনাম ঋক্থ ক্রয় লোক প্রসিদ্ধ সম্বিভাগ শব্দে সপ্রতি বন্ধ দায়ের নাম পরিগ্রহ শব্দে পূর্ব্বে কাহার ছিলোনা যে তৃণকাষ্ঠাদি তাহার গ্রহণ অধিগম শব্দে নিধিপ্রাপ্তি। এই সকলনিমিত্তথাকিলে স্বামীহয়এবংএইসকল নিমিত্তজানিলে স্বামী জানাজায়। ব্রাহ্মণের প্রতি গ্রহাদি দ্বারাযাহালাভহয় তাহা অধিক অর্থাৎ অসাধারণ। কেবল ব্রাহ্মণের এই অসা ধারণ শব্দেতাৎপর্য্য ক্ষত্রিয়ের যুদ্ধেজয় দণ্ডাদিদ্বারা যালাভ হয় তাহা অসাধারণবৈশ্যের কৃষিকর্ম্ম গোরক্ষাদি দ্বারা যে ধন লাভহয় তাহার নাম নির্ব্বিষ্ট তাহা বৈশ্যের অসাধারণ শূদ্রের দ্বিজশুশ্রূষাদি দ্বারা বেতন রূপেযাহা লাভহয় তাহা অসাধারণ। এই প্রকার অনুলোম জাত যে অম্বষ্ঠ করণাদি এবং প্রতি লোম জাত যে সূতাদি তাহারদিগের চিকিৎসা ও অশ্ব সার থ্যাদি কর্ম্মদ্বারা যালাভহয় সে সকলই নির্ব্বিষ্টশব্দ দ্বারা বুঝায় সে সকলই বেতন স্বরূপ এই হেতুক যেহেতুক নির্ব্বেসশব্দবেতনওভোগ বুঝায়ক্ষত্রের সেইং জাতির সেইং

উপায় দ্বারা যে ধন লাভয় সে সকলই অসাধারণ জানিবা।। পত্নীদুহিতরেত্যাদি যে বচন অর্থাৎ অপুত্র ব্যক্তি মরিলে তাহার ধনে প্রথম পত্নীর স্বত্ব তাহার অভাবে কন্যার স্বত্ব ইত্যাদি যে স্বত্ব বোধক বচন তাহাতে ওধন স্বামির নিকট সমৃন্ধ যুক্ত এমন অনেক দায়াধিকারিরূপে প্রাপ্ত হইলে লোক প্রসিদ্ধ স্বত্ব হইলেও ব্যামোহনি বৃত্তির নিমিত্তে কহি য়াছেন অতএব এই সকল নির্দ্দোষ হইলো। স্বত্ব লৌকিক হইলে আমার ধন এ হরণ করিয়াছে ইহাকেহ না কহুক যে এই বাক্য সেও অসৎ যে হেতুক স্বত্বের হেতু ক্রয়াদিতে সন্দেহ হইলে স্বত্বেতে ও সন্দেহ হয়। কিন্তু বিচারের প্রয়ো জন এই যে ॥ ০ ॥ যদ্গর্হিতে নার্জ্জয়ন্তি কর্ম্মনা ব্রাহ্মণো ধনং তস্যোৎ সর্গেণ শুদ্ধান্তি জাপ্যেন তপসাপিবেতি ॥ অর্থ ॥ ব্রাহ্মণ যে গর্হিত কর্ম্ম দ্বারা ধনোপার্জ্জন করেন সে ধনের ত্যাগেতে করিয়া এবং সাবিত্র্যাদি জপেতেকরিয়াএবংচন্দ্রোয় ণাদি দ্বারা শুদ্ধ হন। শাস্ত্রই যদি কেবল স্বত্বের প্রমাণ হয় তবে অসৎ প্রতিগ্রহ বাণিজ্যাদি দ্বারা লব্ধ যে ধন তাহাতে স্বত্বই হয় না এই হেতুক তাহার পত্রাদিগের অবিভাজ্যই হয়। যদি স্বত্ব লৌকিক হয় তবে অসৎ প্রতিগ্রহাদি দ্বারা লব্ধ ধনে ওস্ব ত্বজন্মে এই হেতুক তাহার পুত্রাদিগেও অবিভাজ্য তাহার ত্যাগেতে করিয়া শুদ্ধহয় এই যে প্রায়শ্চিত অর্জ্জন কর্ত্তার তাহার পুত্রাদির দায়ত্ব প্রযুক্তই পিতার অসৎ প্রতি গ্রহাদি লব্ধধনে স্বত্বহয় এই হেতুক তাহাদিগের দোষ সম্বন্ধ নাই ॥ সপ্ত বিত্তা গমা ধর্ম্মাদায়োলাভ ক্রয়োজয়

প্রয়োগঃ কর্ম্ম যোগশ্চসৎপ্রতি গ্রহ এবচেতি ॥ ০ ॥ ধন লাভযাহা হইতে হয় এমন ধর্ম্ম সপ্তই দোষ আর ধন স্বামীর পুত্রত্বাদি সম্বন্ধ লাভ তাৎ নিধ্যাদি প্রাপ্তি ও ক্রয় জয় এবং প্রয়োগ অর্থাৎ বৃদ্ধি প্রাপ্তির নিমিত্তে ঋণ দেওয়া এবং কর্ম্ম যোগ অর্থাৎ কৃষিবানিজ্যাদি এবং সৎ প্রতি গ্রহ এই মনু স্মৃতি হেতুক। ইদানী এই সন্দেহ করিতেছি। বিভাগ হেতুক স্বত্ব কিম্বত্ব যাহাতে হইয়াছে তাহার বিভাগ। তাহাতে বিভাগ হেতুক স্বত্বহয় এই যুক্তি সিদ্ধ। যেহেতুক পুত্র যাহার জন্মিয়াছে তাহার অগ্ন্যাধান করিতে বিধান অর্থাৎ জাতেষ্টি কর্ম্ম করিতে বিধান। যদি জংন্মতে করিয়াই স্বত্বহয় তবে উৎপন্নযে পুত্র তাহার ও পিতার ধনে স্বত্ব হইয়াছে অতএব সে ধন সাধারণ এই হেতুক ধনসাধ্য যে অগ্ন্যা ধানাদি কর্ম্ম তাহাপিতারই সাধ্য তাহা পিতা না করুন। সেই প্রকার বিভাগের পূর্ব্বে পিতার সন্তোষ হেতুক লব্ধ ধনের বিভাগ নিষেধ ও সিদ্ধ হয় না। যেহেতুক সকলের অনুমতিতে করিয়া দত্ত এই হেতুক বিভাগ প্রাপ্তিই নাই। যাহাকহিয়াছেন ॥ ০ ॥ সৌর্য্য ভার্য্যা ধনে চোভে যচ্চবিদ্যা ধন স্তবেৎ ত্রীণ্যে তান্যবিভাজ্যানি প্রসাদোযশ্চ পৈতৃক ইতি ॥ ০ ॥

॥ অর্থ ॥ সৌর্য্যেতে করিয়া প্রাপ্ত যে ধন এবং ভার্য্যা প্রাপ্তির নিমিত্তে প্রাপ্তযে ধন এবং বিদ্যা হেতুক প্রাপ্ত যে ধন এ তিন ধন অবিভাজ্য এবং পিতারপ্রীতিতে করিয়াপ্রাপ্তযেধন

সেহ ও অবিভাজ্য অর্থাৎ অসাধারণ। সোপ্রকারঃ॥ ভত্রা প্রীতেন যদত্তং স্ত্রিয়ৈত স্মিন্মৃতে পিতৎ। সাযথা কাম মশ্নীযাৎ কুর্য্যাত্তুস্থাবরা দৃতে ইতি ॥ ০ ॥

॥ অর্থ। স্বামী প্রীতিতে করিয়া যাহা দিয়াছেন স্ত্রীকে স্বামি মরিলে ও স্ত্রী তাহা যেমন স্বেচ্ছাতে মনি ভোগ করিবেন কিম্বা স্থাবর বিনা দান ও করিবেন। জন্মাধীন স্বত্ব হইলে এই বচনে পাওয়া গিয়াছে যে প্রীতিতে করিয়া দান সেসিদ্ধ হয় না। ইহার তাৎপর্য্য যাহার পুত্র হইয়াছে তহার ধনেতে পুত্রের ও স্বত্ব হইয়াছে অতএব সেধন কেবল পিতা প্রীতিতেকরিয়া দান করিতে পারেন্না এইযে বচন॥ মনিমুক্তা প্রবালানাং সর্ব্বস্যৈবপিতা প্রভুঃ। স্থাবরস্য ও সর্বস্যান পিতা নতাপিমহঃ ॥ ০।

॥ অর্থ ॥ মণিমুক্তা প্রবাল ইহা দিগের সকলেরই পিতা প্রভু অথাৎ আপনার স্বেচ্ছা ধীন ভোগ দান বিক্রয়াদি করিতে পারেন কিন্তু স্থাবর সকলের প্রভু পিতাও হন না এবং পিতামহ ও নহেন। অর্থাৎ সমস্ত স্থাবর পিতা কিম্বা পিতামহ আপনার স্বেচ্ছা ধীন দান বিক্রয়াদি করিতে পারেন না ॥ ০ ॥ পিতৃ প্রসাদাদ্ভুজ্যন্তে বস্ত্রাণ্যা ভরণানিচ। স্থাবরন্তুন ভুজ্যেত প্রসাদে সতি পৈতৃকে ॥ ০।—

। অর্থ ॥ পিতার প্রসাদ হেতুক বস্ত্র আভরণ ভোগ করিতে পারেন কিন্তু পিতার প্রসাদ হইলে ও স্থাবর ভোগ করিবেন না এই যে স্থাবরের প্রসাদ হেতুক দানের নিষেধ বোধক বচন তাহা পিতামহ হইতে আগত স্থাবর বিষয়ে।

পিতামহ মরিলে তাহার ধন পিতা পুত্র উভয় সাধারণ হই লেও মণিমুক্তাদি পিতারই স্থাবর ধন সাধারণ ইহা এই বচন হইতে জ্ঞান হয় সেই হেতুক জন্মাধীন স্বত্ব হয় না কিন্তু স্বামি নাসাধীন কিম্বা বিভাগাধীন স্বত্ব হয় অতএব পিতৃমরণানন্তর বিভাগের পূর্ব্বে দ্রব্যেতে স্বত্ব নাই এই হেতুক অন্যব্যক্তি সেদ্রব্য গ্রহণ করিলে কেহ নিবারণ নাক রুক এমন প্রয়োগের অবকাশ নাই। সেইপ্রকার। পিতার এক পুত্র যে তাহারও পিতৃমরণ হেতুক পিতার ধনে সেইপুত্রের স্বত্ব হয় তাহাতে বিভাগের অপেক্ষ্যা করেনা ইহাতে কহিতেছি। লোকপ্রসিদ্ধই স্বত্ব ইহা কহিয়াছি লোকেতে ও পুত্রাদির জন্মতেকরিয়াই স্বত্ব প্রসিদ্ধ তর তাহা অপহ্নব করিতে কেহ পারেনা। এবং যেধনের অনেক স্বামী সেই ধন বিষ যেই বিভাগ শব্দ লোক প্রসিদ্ধ অন্যধন বিষয়ে নয় এবং নির্ব্বিষয় ও নয়। তেমনি উৎপত্তিতে করিয়াই ধনস্বামিত্ব প্রাপ্ত হয় ইহা আচার্য্যরাও কহেন এই গৌতম বচন হেতুক ও বটে মণিমুক্তা প্রবালানাং ইত্যাদি বচন ও জন্মাধীন স্বত্ব পক্ষেই উপযুক্ত হয়। পিতামহ হইতে আগত স্থাবর বিষয়ে এবচন যুক্ত হয় ইহা নহে। যে হেতুক পিতা প্রভু নহেন পিতামহও প্রভু নহেন এমন বাক্য। যে হেতুক পিতামহের স্বার্জ্জিত ধনও পুত্র পৌত্র থাকিতে দেয় নয় এই বাক্যই জন্মাধীন স্বত্ব জানাইতেছে। যেমন পরের মতে পিতামহেরও মণিমুক্তা বস্ত্রও অভরণাদিতে পিতার স্বত্ব বচন হেতুক এইরূপ এমতেও অর্থাৎ সিদ্ধান্ত মতেও পিতার

স্বোপার্জ্জিত যে মণিমুক্তাদি তাহাতে পুত্রাদির অনুমতি ব্যতিরেকেও পিতার দানাদিতে অধিকার বচন হেতুক এই অবিশেষ। যেভর্ত্রাপ্রীতেন যদ্দত্তং ইত্যাদি বিষ্ণুবচন যাহাতে স্থাবরের প্রীতিতে করিয়া দান জানান হইয়াছে তাহা স্বোপার্জ্জিত ধনেও পুত্রাদির অনুজ্ঞা থাকিলে প্রীতিদান ইহা ব্যাখ্যা করিবা। পূর্ব্বোক্ত মণিমুক্তাদি বচনেতে করিয়া স্থাবর ব্যতিরিক্ত ধনই প্রীতি দান যোগ্য ইহা নিশ্চয় হেতুক। যাহাও ধনসাধ্য বৈদিক কর্ম্ম সকলেতে অনধিকার এই কহিয়াছেন। তাহাতে পুত্রের স্বত্ব হইলেও বৈদিক কর্ম্ম বিধান বলেতে করিয়াও অধিকার এইজ্ঞান হয় সেই হেতুক পৈতৃক ধনে এবং পৈতামহ ধনে জন্মাধীনই স্বত্ব হয়। তথাপি পিতার আবশ্যক ও বচন প্রাপ্ত ধর্ম্ম কর্ম্ম এবং প্রীতি দানও কুটুম্ব ভরণও আপদ হইতে মোচন প্রভৃতিতে স্থাবর ব্যতিরিক্ত ধন ব্যয়ে স্বাতন্ত্র্য এই স্থির কিন্তু পিত্রাদি হইতে আগত কিম্বা স্বোপার্জ্জিত স্থাবর ধনে পুত্রাদির পারতন্ত্র্য অর্থাৎ স্থাবর পুত্রাদির অধীন এই স্মৃতি হেতুক॥ স্থাবরংদ্বিপদঞ্চৈব যদ্যপি স্বয়মর্জ্জিতং। অসম্ভূয় সুতান্ সর্ব্বান্ নদানং নচবিক্রয়ঃ॥ যে জাতাযে প্যজাতাশ্চ যে চগর্ভে ব্যবস্থিতাঃ বৃত্তিঞ্চতে ভিকাঙ্ক্ষন্তি নদানং নচবিক্রয়ঃ॥ ০॥ ০॥

॥ অর্থ॥ স্থাবর এবং দ্বিপদ অর্থাৎ দাসদাসী প্রভৃতি যদ্যপি আপনি অর্জ্জন করিয়া থাকেন তথাপি সকল পুত্র দিগের মত নাকরিয়া দান বিক্রয় করিতে পারেণনা। যাহারা জন্মিয়াছে যাহারা জন্মেনাই এবং যাহারা গর্ব্ভে স্থিত আছে

তাহারাও বৃত্তি আকাঙ্ক্ষা করে অতএব দানবিক্রয়হ না ইহার অপবাদ কহিতেছেন অর্থাৎ এবচনের কোন স্থলে বাধা কহিতেছেন ॥ এ কোপি স্থাবরে কুর্য্যাৎ দানাধমন বিক্রয়ং। আপদ্‌কালে কুটুম্বার্থে ধর্ম্মার্থেচ বিশেষত ইতি॥ ০। ইহার অর্থ। অপ্রাপ্তব্যবহার ও অনুমিতিতে অসমর্থ যেপুত্র কিম্বাপৌত্র কিম্বা অবিভক্ত অপ্রাপ্ত ব্যবহার যেভ্রাতা তাহার থাকিতে ও সকল কুটুম্বের উপরে যে আপদ সেই আপদের নিমিত্তেএবং সেই পুত্র পৌত্র ভ্রাত্রাদি দিগের পালনের নিমিত্তে এবং অবশ্য কর্ত্তব্য যে পিতৃশ্রাদ্ধাদি তাহার নিমিত্তে স্থাবরে দান বন্ধক বিক্রয় সমর্থ হইলে এক ব্যক্তি ও করিবেক ॥ এই যেবচন ॥ অবিভক্ত বিভক্তাবা সপিণ্ডা স্থাবরে সমা ঃ একো হ্যনীশঃ সর্ব্বত্রদা নাধমন বিক্রয় ইতি। অর্থ। অবিভক্ত কিম্বা বিভক্ত সপিণ্ডেরা স্থাবর বিষয়ে সকলই সমান যেহেতুক সকল স্থাবরের দান বন্ধক বিক্রয়েতে এক ব্যক্তি প্রভুনয় ॥ তাহা ও অবিভক্ত দিগের দ্রব্য মধ্যস্থ হইয়াছে এ প্রযুক্ত একেরকর্তৃত্ব নাইএইহেতুক সকলের অনুমতি অবশ্য কর্ত্তব্য এবং বিভক্ত দিগের উত্তর কালে বিভক্ত কি অবিক্তএমন সংসয় বারণেতে করিয়া সুগম ব্যবহার হয় এইনিমিত্তে [illegible] অনুমতি কর্ত্তব্য কিন্তু একের কর্তৃত্ব নাই এপ্রযুক্ত[illegible]এই হেতুক বিভক্তের অনুমতি ব্যতিরেক ও ব্যবহার সিদ্ধ হয় এই ব্যাখ্যা করিবা যে এই বচন। স্বগ্রাম জ্ঞাতি সামন্ত দায়াদানু মতেনচ হিরণ্যোদকদানেন ষড়ি গচ্ছতি মেদিনী। অর্থ। স্বগ্রামস্থ ও

জ্ঞাতী প্রতিবাসী ও দায়াদ ইহাদিগের অনুমতী এবং স্বর্ণদান ও জল দান এই ছয়েতে করিয়া ভূমিগমন করেন। তাহাতেও যে গ্রামস্থের অনুমতি সে প্রতি গৃহ প্রকাশের নিমিত্ত প্রতিগৃহ প্রকাশঃস্যাৎ স্থাবরস্য বিশেষত। এই স্মৃতিহেতুক। গ্রাম ২ মণ্ডলের অনুমতিব্যতিরেকে ব্যবহারের অসিদ্ধ এমন নয় প্রতিবাসীর অনুমতি সীমাবিবাদ ভঞ্জনার্থে জ্ঞাতির অনুমতি এবং দায়াদের অনুমতির প্রয়োজন কহিয়াছেন পৈতৃক ধনে এবং পিতামহের ধনেও জন্মাধীন স্বত্ব হইলেও বিশেষ ভূর্য্যা পিতামহো পাত্তা ইত্যাদি বচনে কহিবো। যথা। স্থাবরে বিক্রয়ো নাস্তি কুর্য্যাদাধি মনুজ্ঞয়েতি ॥ ০॥ অর্থ॥ স্থাবরের বিক্রয় নাই সকলের অনুমতিতে বন্ধক দিবেক এই বচন হেতুক স্থাবরের বিক্রয় নিষেধ হেতুক এবং ভূমিং যঃ প্রতি গৃহ্নাতি যশ্চ ভূমিং প্রযচ্ছতি। উভৌতৌ পুণ্য কর্ম্মাণৌ নিয়তৌ স্বর্গ গামি নাবিতি। ০। অর্থ। ভূমি যে প্রতি গ্রহ করে এবং যে ভূমিদান করে এ উভই পুণ্য কর্ম্ম করে এবং উভই নিয়ত স্বর্গে গমন করে এই ভূমিদান প্রসংসা দর্শন হেতুক ও বিক্রয় কর্ত্তব্য হইলে স্বর্ন ও জল দিয়া দানরূপেতে করিয়া স্থাবরবিক্রয় করিবেক। ইদানী যে কালে যে প্রকারে যৎ কর্ত্তৃক বিভাগ কর্ত্তব্য তাহাই দেখাইতে ছেন যথা॥ বিভাগঞ্চেৎ পিতা কুর্য্যাৎ স্বেচ্ছয়া বিভজেৎ সুতান্। জ্যেষ্ঠং বা শ্রেষ্ঠ ভাগেন সর্ব্বে বাস্যুঃ সামাং সিনঃ॥ ০ ॥—

যে কালে বিভাগ করিতে পিতা ইচ্ছাকরেন সেই কালেই আপন স্বেচ্ছা ধীন এক পুত্র কিম্বা দুই পুত্র কিম্বা তিনপুত্র

থাকেন তাঁহাদিগে বিভক্ত করিবেন যে হেতুক পিতার ইচ্ছা
র প্রতি বন্ধকিছু ই নাহি অনিয়ম প্রাপ্তিতে নিয়ম কহিতে
ছেন। জেষ্ঠকে শ্রেষ্ঠ ভাগ দ্বারা মধ্যেমকে মধ্য ভাগ দ্বারা
কনিষ্ঠ পুত্রকে অধম ভাগ দ্বারা সেই শ্রেষ্ট ভাগ মনু
কহিয়াছেন যথা। জেষ্ঠস্য বিংস উদ্ধার সর্বদ্রব্যাচ যদ্বরং।
ততোর্দ্ধং মধ্যম স্যাত্তু তুরীয়ন্তু যবীয়স ঃ ॥ ০ ॥ অবিভক্ত
সমুদায় সাধারণ ধন হইতে বিংশতি ভাগের একভাগ আর
অনেক দ্রব্যের মধ্যে যে এক উত্তম দ্রব্য থাকে তাহা জেষ্ঠাং
শত্ব রূপে জেষ্ঠকে দিবেন এবং চল্লিষ ভার্গের একভাগ মধ্য
মকেদিবেন আর অশীতি ভাগের একভাগ কনিষ্ঠকে দিবেন।
আর যেস্থলে অনেক পুত্র সেস্থলে জেষ্ঠ কনিষ্ঠ ব্যতিরিক্ত
যত পুত্র তাহাদিগের বিশেষ কিছু নাই ঐ মধ্যম ভাগ সকল
মধ্যম কেই দিবেন। আর জেষ্ঠাদি সকলকেই বাসমানাং
শ করিয়া দিবেন। এ বিষম বিভাগ সোপার্জিত ধন বিষয়
পিতৃক্রমাগত ধনেতে তুল্য স্বামিত্ব কহিবেন অতএব আত্ম
স্বেচ্ছাতে বিষম বিভাগ করিতে যুক্তহয়েন। বিভাগশ্চেৎ
পিতা অর্য্যাৎ ইহাতে বোধহয়যখন পিতা বিভাগেচ্ছা করি
বেন সেই বিভাগের কাল ॥ অপর ও কালবিশেষ যেস্থলে
তেধনে স্বাৰহিত এবং রভিতে [illegible] এবং ভূত পিতৃ
বিদ্যমান ও নিবৃত্তর জোযোগ [illegible] ম কহিতে
ও পিতার অনিচ্ছাতে পুত্রেন্দ্ধ কুমণং সমং॥ ০ ইবেক ॥ অতঃ
পর পিতৃমরণানন্তর পুত্রের [illegible] করিবেন ইহা
কহিয়া পুনর্ব্বার ঐ ব্যস্থা নারদ কহিয়াছেন ॥ যথা ॥ মাত্ত

নিবৃত্তেরজসিপুত্তাসুভগিনীমুচ। নিবৃত্তেচাপি রমণে পিতর্যু পরত স্পৃহে॥ ০ ॥ পুত্তাভাগনী বিবাহিতা অর্থাৎ ভগনীদির বিবাহের পর ইতি॥ এস্থলেও সমভাগই অনুগত হইতেছে আর গৌতম ও কহিয়াছেন॥ পিতার পুত্রলোকান্তর পুত্রেরা বিভাগ করিবেন এই প্রথম বিভাগের কালতার পর মাতৃরজো নিবৃত্তি এই দ্বিতীয় কাল জীবৎ পিতার ইচ্ছাধীন বিভাগ এই তৃতীয় কাল দেখাইয়াছেন॥ সেই রূপ মাতৃর জোনিবৃত্তিনা হইলে ও পিতার অনিচ্ছাতে ও অধর্মি দীর্ঘকাল ব্যাপিরোগ গ্রস্থ পিতার বিদ্যমানেতে পুত্রেচ্ছাধীন বিভাগ হইবেক তাহা কহিয়াছেন্ শঙ্খ॥ যথা॥ অকালে পিতরি রিকুবিভাগে বৃদ্ধে বিপরীত চেতসি রোগিণি চেতি॥

পিতার অনিচ্ছা বিভাগ দুই প্রকার দেখাইয়াছেন। সম আর বিষম॥ তাহার মধ্যে সমবিভাগেতে বিশেষ কহিতেছেন॥ যথা॥ যদি কুর্য্যাৎ সমানাং শানপত্ন্যঃ কার্য্যাঃ। সমাংশিকানদত্তং স্ত্রীধনং যাসাং ভর্ত্রাবাশ্ব শুরেণচ॥ ০॥ যদি পিতা স্বেচ্ছা ধীন সকল পুত্রে দিগে বিভাগ করিয়া দেন তবে পত্নী দিগে ও পুত্র তুল্য ভাগ দিবেন। তাহার মধ্যে যাহাকে স্বামী কিম্বা শ্বশুর স্ত্রী ধন নাদিয়া থাকেন যদি স্ত্রী ধন দিয়াথাকেন তবে অর্দ্ধাংশ দিবেন। আর যে স্থলে জেষ্ট পু[illegible]কে শ্রেষ্ঠভাগ প্রদান দ্বারা বিভাগ করিয়াছেন সেস্থ[illegible] ভাগ ভাগিনী হইতে পারিবেন না কিন্তু [illegible] সমুদায় হইতে সমানাংশইপাইবেন। উদ্ধার ও যেমন কহিয়াছেন আপস্ত স্ব পত্নী

ভাণ্ড ও অলঙ্কারাদি ভার্য্যারই থাকে। আর জ্যেষ্ঠকে শ্রেষ্ঠ ভাগ দিবেক অথবা সকলকেই সমানাংশ করিয়া দিবে ন এই পক্ষ দ্বয়েতে অপবাদ কহিতেছেন যথা। শক্তস্যা নীহমানস্য কিঞ্চিদ্দত্বা পৃথক ক্রিয়া ॥ ০ ॥—

স্বয়ং দ্রব্যার্জনে সমর্থপিতৃদ্রব্যকেচেষ্টানাকরে সেপুত্রকে যৎ কিঞ্চিৎ দিয়া পৃথক ক্রিয়া অর্থাৎ বিভাগ করিয়া দিবেন পিতা॥ তাহার পুত্রাদির দায় হরত্ব নাহি॥ জ্যেষ্ঠং বাশ্রেষ্ঠ ভাগেন ইহাতে ন্যূনাধিক ভাগ দেখাইয়াছেন তাতেশাস্ত্রো ক্ত উদ্ধারাদি বিষম বিভাগ ব্যতিরেকে নতুবা অন্যথা বিষম বিভাগ নিষেধের নিমিত্তে কহিতেছেন॥ যথা ॥ ন্যূনাধিক বিভক্তানাং ধর্ম্ম্যঃ পিতৃকৃতঃ স্মৃতঃ ॥ ০ ॥—

ন্যূনাধিক বিভগ দ্বারা বিভক্ত যে সকল পুত্র তাহাদিগের এই ন্যূনাধিক বিভাগ যদি শাস্ত্রোক্ত হয় সেই ধর্ম্ম্য হয় তবে সেই পিতৃকৃত যে বিভাগ সে নিবর্ত্ত হয় না ইহা মন্বা দিরা কহিয়াছেন্ অন্যথা পিতৃকৃত বিভাগ ও নিবর্ত্ত হইতে পারে এই অভি প্রায়। যেমত কহিয়াছেন্ নারদ ॥ যথা ॥ ব্যাধিতঃকুপিতশ্চৈব বিষয়া শক্ত মানসঃ। অন্যথাশাস্ত্রকারী চ বিভাগেন পিতাপ্রভুরিতি ॥ ০ ॥ মহাব্যাধ্যাদি গ্রস্তকুপিত সর্ব্বদা বিষয়েতে অভিলাস চিত্তেরআর শাস্ত্র মার্গের অন্যথা কারী এবং ভূত যে পিতা তিনি বিভাগের কর্ত্তানন্। ইদানী বিভাগের কালান্তর কর্ত্রন্তর প্রকার নিয়ম কহিতেছেন॥যথা॥ বিভজেরন্সুতাঃ পিত্রোরূর্দ্ধং ঋক্থমৃণং সমং॥ ০ ॥ মাতাপিতার

পর লোকের পরে পুত্রেরা ধন ও ঋণ সমান করিয়া বিভাগ করিবেন ॥ সুতা এই শব্দেতে বিভাগকর্ত্তাসকল দেখাইলেন্ সমং ইহাতে প্রকার নিয়ম। উর্দ্ধং ইহাতে কাল ॥ ভাল পিতামাতার অবর্ত্ত মানে ধন বিভাগ করিবেক এই উপক্রম করিয়া মনু কহিয়াছেন পিতার যে সমস্ত ধন তাহা জেষ্ঠই লইবেন অন্য পুত্র সকল পিতার ন্যায় তাহাকে মানিবেন সর্বদা অনুগত থাকিবেন ইহা কহিয়া পুনর্বার কহিলেন যদি পৃথক ধর্ম্মের নিমিত্তে বিভক্ত হয়েন তবে জেষ্ঠকে বিংশোদ্ধার এবং সকল দ্রব্য হইতে যেদ্রব্য শ্রেষ্ঠ হয় তাহা দিবেন। মাতাপিতার উর্দ্ধে বিভাগ করিলে ও উদ্ধারেনু দ্ধৃতে ত্বেষামিয়ং স্যাদং শকল্পনা একাধিকং হরেৎ জেষ্ঠ এই রূপে জ্যেষ্ঠের দুই ভাগ প্রতিপন্ন হইতেছে, জ্যেষ্ঠং বাশ্রেষ্ঠ ভাগেন, ইহাতে উদ্ধার ব্যতিরেক ও জীবদ্বিবৎ ভাগে এবং পিতৃ মরণা নন্তর বিষম বিভাগ দেখাইয়াছেন অতএব সর্ব কালেবিষম বিভাগ আছে তবে কিপ্রকারে সম মেব বিভজেরন্ ইহা নিয়ম করিলেন। উত্তর ॥ সত্য বটে এবিষম বিভাগ শাস্ত্র দিষ্ট তথাপিলোক বিরুদ্ধ হেতুক অনুষ্ঠানকরানয়॥ যথা অস্বর্গ্যাংলোক বিদ্বিষ্টং ধর্ম্ম্য মপ্যাচরেন্নতু ॥০ ॥

অর্থ লোক বিরুদ্ধ যে ধর্ম্ম্য তাহা আচরণ করিবেনা যেহেতুক সে অস্বর্গ্য স্বর্গদায়ক নয় এই নিষেধ হেতুক ॥ আর দেখ মহোক্ষং বামহাজং বাশ্রোত্রি য়ায় প্রকল্পয়েৎ ॥ ০ ॥

মহা বৃষ ভই হউক কিম্বা বৃহৎ ছাগই বাশ্রোত্রিয়কে দিবে

ক এবিধি থাকিলে ও লোক বিরুদ্ধ হেতুককেউ অনুষ্ঠান করেনা ॥ অন্যত্র ॥ মৈত্রা বরুণীং গাং বশামনু বন্ধ্যা মাল ভেত ইতি গবালম্ভ বিধিঃ ॥ ৩ ॥ মিত্রও বরুণ দেবতার উদ্দেশে গবালম্ভন বিধি থাকিলে ও লোক বিরুদ্ধ প্রযুক্ত কেহ অনুষ্ঠান করেনা ॥ উক্তঞ্চ ॥ নিযোগ ধর্ম্মো নানুবন্ধ্যা বধো পিবা ॥ ০ ॥

যেমন বাগ্দত্তার বিষয়ে নিয়োগ ধর্ম্ম আর অনুবন্ধ্যা গোবধ যাগাতে উক্ত হইয়া ও কদাচ কেহ করেনা শিষ্টাচার হে তুক ॥ সেই রূপ বিং শোদ্ধারাদি ও ব্যবহার নাহি অতএব নিবর্ত্ত হইল ॥ আর আপস্তম্ব ও কহিয়াছেন যথা ॥ জীবন্ পুত্রে ভ্যোদায়ং বিভজেৎ সমমিতি ॥ ০ ॥ জীব দ্বিভাগেপুত্রে দিগে সমান করিয়া দায় বিভাগ করিয়া দিবেন ॥ ইহা কহি য়া জ্যেষ্ঠ দায়াদ ইহাকেউ কহেন ইহাতে সকল ধনগ্রহণ জ্যেষ্ঠের প্রধান একের মতকে উপন্যাস না করিয়া দেশ বিশেষেতে সুবর্ণ কৃষ্ণ বর্ণ গো কৃষ্ণা ভূমি জেষ্ঠের পিতাররথ এবং গৃহকর্ম্মো পযুক্ত সূর্পাদি অলঙ্কার স্ত্রীরঅর্থাৎ অঙ্গধৃত অলঙ্কার এবং জ্ঞাতির ধন ও স্ত্রীর এ কেরমতে এই সকল উদ্ধার পূর্ব্বক বিভাগ দেখাইয়া সে শাস্ত্র নিষিদ্ধ এই হেতুক নিরাকরণ করিয়াছেন । সেই শাস্ত্রে নিষেধ আপ নিই দেখাইয়াছেন মনু। পুত্রে ভ্যোদায়ং বিভজে দিতি ॥ অর্থ ॥ পুত্রদিগের দায় বিভাগ করিবেন এই অবিশেষ শ্রুত সেই হেতুক বিষম বিভাগ শাস্ত্রেতে দৃষ্ট হইলেও লোক বিরোধ হেতুক এবং শ্রুতি বিরোধ হেতুক অনুষ্ঠান

স্বামি ইহা হন করিবেন। মধ্যস্ত কল্পিতমূল্য দান দ্বারা ক্রীত প্রায় জানিবা। অতএব নারদ কহিয়াছেন যথা। গোভিস্তু ভক্ষিতং সস্যং যোনরঃ প্রতি যাচতে। সামন্তা নুমতং দেয়ং ধান্যং যত্তত্র বাপিতং। পলালং গোমিনেদেয়ং ধান্যম্বৈকর্ষকস্যতু ইতি॥ ক্ষেত্র বিশেষে অপবাদ কহিয়াছেন যথা পথিগ্রাম বিবীতান্তে ক্ষেত্রে দোষ নবিদ্যতে। অকামতঃ কামচারে চৌরবদ্দণ্ডম র্হতি অর্থ পথসমী পবর্ত্তি ক্ষেত্রে গ্রাম সমী পবর্ত্তি ক্ষেত্রে অজ্ঞাত পূর্ব্বক যদি গোভক্ষণ করে তবে গোপাল গোস্বামির দ্বয়ের নির্দোষ জানিবা। দোষাভাব প্রতিপাদন যে দণ্ডাভাবের নিমিত্ত আর বিনষ্ট সস্যমূল্যদান নিষেধার্থও॥ কামচারে কি জ্ঞান পূর্ব্বক গোভক্ষ দ্বারা চৌরের যাদৃশ দণ্ডতাদৃশ দণ্ডকে অর্হে। ইহা অনাবৃত ক্ষেত্র বিষয় জানিবা ইহার প্রমাণ যথা। তত্রাপরিবৃতং ধান্যং বিহিংস্যুঃপশবোযদি। নতত্র প্রণ যে দণ্ডং নৃপতিঃ পশুরক্ষিণামিতি॥ দণ্ডাভাবের অনাবৃত ক্ষেত্র বিষয় হেতুক মনু বাক্য হেতুক॥ আবরণেতে পথসমীপবর্ত্তি ক্ষেত্রের ভক্ষণে দোষ জানিবে। আবরণ বিষয় মনু কহিয়াছেনযথা। বৃত্তিঞ্চ তত্রকূর্ব্বীত যানুষ্ট্রোনাবলোকয়েৎ। ছিদ্রং নিবারয়েৎ সর্ব্বং শ্বশূকর মুখানুগামিতি॥ এতউচ্চ বেড়াদিবে যেন উটওক্ষেত্র দেখিতে নাপায় ছিদ্র নিবারণএমত করিবে যাহাতে শূকরের ও মুখনাঢোকে পশুবি শেষে দণ্ডাভাব কহিয়াছেন॥ যথা॥ মহোক্ষোৎ সৃষ্ট পশবঃসূতিকাগন্তকাদয়ঃ। পালোযেষাং নতেমোচ্যাদৈবরাজ পরিপ্লুতাঃ॥ ০॥ ০॥

।। অর্থ।। মহোক্ষপদে সাঁড় পাল কর্ত্তা বৃষভ উৎসৃষ্ট পশু পদে বৃষোৎ সর্গবিধানে দেবতার উদ্দেশে ত্যাগ গো। সূতিকা পদে যে গরু প্রসব হইয়া থাকে দশম দিবস পর্য্যন্ত আগন্তুক পদে স্বকীয় যূথ হইতে নির্গত হইয়া দেশান্তর হইতে আগত। ইহারা মোচনীয় পরসস্য ভক্ষণে দণ্ড্যনয় যাহাদের পালন কর্ত্তা না নিলে যাহারা দৈবরাজাতে ভুক্ত তাহারা শস্য নাশ কারি হইলেও দণ্ড্য নয়। আদি পদে হস্তি অশ্বাদির গ্রহণ ।। তাহা উশনা কহিয়াছেন ।। যথা ।। যে দণ্ড্যাহস্তিনোহশ্বাঃ প্রজাপালাহিতেস্মৃতাঃ। তৌদণ্ড্যৌস্থান কুট্টীচ যে শশ্বৎ কৃত লক্ষণাঃ। অদণ্ড্যাগন্তুকীগৌশ্চ সূতিকাচাভি সারীনী। অদণ্ড্যাশ্চোৎ সবেগাবঃ শ্রাদ্ধকালে তথৈবচেতি। এখানে উৎসৃষ্ট পশুরো অস্বামির প্রযুক্ত দণ্ডের অসম্ভাবনাঃ। দৃষ্টান্ত অশ্বের গ্রহণ যথা। উৎসৃষ্টপশবোন দণ্ড্য এবং মহোক্ষাদয় ইতি ।। গোস্বামির কহিলেন ইদানী গোপের প্রতিউপদেশ করিতেছেন। যথাপিতান পশূন গোপঃ সায়ং প্রত্য র্পয়েত্তথা। প্রমাদ মৃত নষ্টাংশ্চ প্রদাপ্যঃ কৃত বেতনঃ ।। অর্থঃ গোস্বামি প্রাতঃকালে গণ না করিয়া পশুসকল গোপকে সমর্পন করিবে তেমনি সায়ং কালে গোপ পশু সকলকে গণনা করিয়া গোস্বামিকে প্রত্যর্পন করিবে প্রমাদেতে কি স্বকীয় অপরাধেতে যদি নষ্ট হয় তবে গোপের যে কল্পিত বেতন তাহা গোপ গোস্বামীকে দিবে ।। বেতন কল্পনা নারদ কহিয়াছেন। গবাং শতাদ্বৎ সতরী ধেনুঃ স্যাদ্বিশতাদ্ভৃতিঃ। প্রতিসম্বৎ সরং গোপেসংদোহ শ্চাষ্ট মেহনীতি।

অর্থঃ একশত গোরাখিলে গোপকে একটি বাছুর দিবে দুই শত গোরাখিলে একটি দুগ্ধবতীগো বাছুরের সহিত দিবে এইপ্রতি সম্বৎ সরের বেতন আর দোহনের বেতন অষ্টম দিনেদিবে ॥ প্রমাদ নষ্ট মনু স্পষ্টকহিয়াছেন। যথা নষ্টং জগ্ধঞ্চ কৃমিভিঃ স্বহতং বিষমেমৃতং। হীনং পুরুষ কারেণ প্রদ দ্যাৎ পালএ বত্তইতি। চোরকর্তৃক অপহরণ প্রযুক্ত দাপ্যহন না। যথাহমনুঃ বিক্রম্য তু হৃত শ্চৌরৈর্ন পালোদাত্ত মর্হতি যদি দেশেচ কালেচ স্বামিনঃ স্বস্যশংসতি তি অর্থ ॥ চৌরেরা বলেতে করিয়া যেপশুঅপহরণ করেতাহা পালকদিবেননা দৈবরাজ মৃতেদের কর্ন শৃঙ্গাদি দেখাইবে। যথা কর্নৌচর্ম্মচ বা লাশ্চাবস্তিং স্নায়ুঞ্চ রোচনাং ।পশুস্বামিষুদদ্যাত্তুমৃতেষ্বঙ্গানি দর্শয় ন্নিতি মনুস্মরণাৎ ॥ কিঞ্চ। পালদোষ বিনাশেচ পালে দণ্ডো বিধীয়তে অর্দ্ধত্র য়োদশপনঃ স্বামিনোদ্রব্য মেবচ অর্থঃ পালন দোষে পশুনষ্ট হইলে অর্দ্ধাধিক ত্রয়ো দশপন দণ্ড পাল দিবে। স্বামির দ্রব্য নষ্টপশুমূল্য মধ্যস্থ কল্পিত দণ্ডপরিমানা র্থশ্লোক অন্য পূর্ব্ব উক্ত হইয়াছে ॥ গোপসঙ্গ হেতুক গোপ্রচার কহিতেছেন। যথা গ্রামে চ্ছয়া গোপ্রচা রোভূমি রাজ বসে নবা। দ্বিজঃ স্তৃনৈধঃ পুষ্পানি সর্ব্বতঃ সর্ব্ব দাহরেৎ। অর্থঃ ॥ ০ ॥—

গ্রাম্য জনের ইচ্ছাতে ভূমি অল্প কিম্বা বিস্তর অপেক্ষা প্রযু ক্ত রাজার ইচ্ছাতে ইবা গোপ্রচার কর্ত্তব্য ॥ গবাদির চর নার্থ কুভূমি পরি কল্পনা করিবে। ব্রাহ্মণগরু অগ্নি দেব ত্মার নিমিত্তে তৃনকাষ্ঠ পুষ্প সর্ব্বত্রে অনিবারিত হইয়া

আহরণ করিবেন। যথা ফলানিত্ব পাবৃত্তা দেব গোপ্তার্থে তৃন মেধাংসি বীরুধ বন স্পতী নঞ্চপুষ্পাণ্যি স্ববদা দদীত ভৎ ফলানিচা পরিবৃতা নামিতি গৌতম স্মরণাৎ॥ ইহা অপরি গৃহীত বিষয় জানিবা। অপরি গৃহীত বিষয়েতে দ্বিজ ব্যতিরিক্ত ও পারে পরিগৃহ প্রযুক্ত স্বত্বঃ সিদ্ধিহয়॥ ইহা গৌতম কহিয়াছেন। যথা স্বামীরিক্থ ক্রয় সম্বিভাগ পরিগ্রহাধি গমেষ্বিতি। যাহা পুনর্ব্বার কহিয়াছেন। তৃনম্বা যদি বাকাষ্ঠং পুষ্পংবা যদিবা ফলং অনাপৃচ্ছনহী গৃহ্নানো হস্তচ্ছেদন মহ র্তীতি। তাহা দ্বিজ ব্যতিরিক্ত বিষয় অনাধিষয় ইবা গবাদি ব্যতিরিক্ত বিষয় ইবা॥ এই অপর গবাদিদের স্থান আগমনের সৌকর্য্যার্থে সুগমার্থ যথা ধনুঃ শতং পরীনাহো গ্রাম ক্ষেত্রান্তর ভবেৎ। দ্বেশতে কর্বটস্য স্যান্নগরস্য চত্বঃ শতং॥ অর্থ গ্রাম ক্ষেত্রের অন্তর চারিশত হস্ত পরিমিত পরিনাহ কিস্থান এই পরিমানের সকলদিগে সন্যকরিবে প্রচুর কণ্টকা বৃত কর্ব্বট গ্রামের অষ্টশত হস্ত পরীনাহ কিস্থান নগরের বহুগন সঙ্কীর্ন প্রযুক্ত চারিশতধনু পরি মিতান্তরে ক্ষেত্র করিবে॥ ০ ॥

ইতি শ্রীলক্ষ্মী নারায়ন ন্যায়ালঙ্কার বিরচিতে মিতক্ষরা দর্পনে স্বামি পালবিবাদ প্রকরণং নামচ তুর্থালোকঃ॥ ০ ॥

১৪॥৭॥ সম্প্রতি অস্বামী বিক্রয়নামে ব্যবহার কহিতে উপক্রমকরিতেছেন তাহারও লক্ষন নারদকহিয়াছেন। নিক্ষিপ্তং বাপরদ্রব্যংনষ্টংলব্ধাপহৃত্যবা। বিক্রীয়তেনমক্ষংযৎসজ্ঞেয়ো স্বামি বিক্রয় ইতি অর্থ পর ব্যক্তি যে দ্রব্য নিক্ষেপ করিয়া

থাকে সে দ্রব্য এবং নষ্ট দ্রব্য পাইয়া কিম্বা অপহরণ করি য়া যাহার দ্রব্য তাহার অসাক্ষে যে বিক্রয় সেই অস্বামিবি ক্রয় জানিবা। তাহাতে কি এই কহিতেছেন স্বংলভেতান্য বিক্রীতং ক্রেতু দোষো প্রকাশিতে। হীনাদ্রহো হীন মূল্যে বেলায়াং নেচত স্করঃ॥ ০॥

॥ অর্থ॥ আপনার দ্রব্য অন্যজন বিক্রয় করিয়াছে তাহা যদি দেখে তবে লইবেক যেহেতুক অস্বামি বিক্রয়ে স্বত্ব হেতুত্ব নাই। এমনি আপনার দ্রব্য অন্য জন অন্যকে দান করিলে এবং বন্ধক দিলে ও লইলেন স্বামি নয় যে তৎ কর্ত্তৃক হত এই নিমিত্তে এ সকলই তুল্য এই হেতুক। এ সকলই কহিয়াছেন। অস্বামি বিক্রয়ন্ দত্তমাধিঞ্চ বিনি বর্ত্তয়েৎ ॥ ০ ॥ অস্বামি বিক্রয় ও দত্ত ও বন্ধক নিবর্ত্ত করিবেন। কিন্তু ক্রয় কর্ত্তার গোপন করিয়া ক্রয় হইলে দোষ হয়। এবং সেই দ্রব্য পাইবার উপায় যাহার নাই তাহা হইতে ক্রয় করিলে এবং সেই দ্রব্যের প্রাপ্তির উপায় যাহার আছে তাহা হইতে ও যদি গোপনে ক্রয় করে এবং অল্প মূল্যেতে ক্রয় করিবেন এবং রাত্র্যাদি তে ক্রয় করিলে ক্রয় কর্ত্তা চৌরের ন্যায় দণ্ড ভাগী হয়॥ যাহা কহিয়াছেন। দ্রব্য মস্বামি বিক্রীতং প্রাপ্যস্বামী তদাপ্নু য়াৎ প্রকাশ ক্রয়তঃশুদ্ধিঃক্রেতুঃস্তেয়ং রহঃক্রয়াৎ ॥ ০ ॥ অস্বামি বিক্রীত দ্রব্য স্বামী তাহা পাইলে লইবেন ক্রেতা প্রকাশে ক্রয় করিলে দোষী হয় না গোপনে ক্রয় করিলে চৌরের ন্যায় হয়। স্বামী অভিযোগ করিলে ক্রেতা কি করিবেন। এই নিমিত্তে কহিতেছেন। নষ্টাপহৃত মাসাদ্য হর্ত্তারং গ্রাহয়ে

ম্বরং। দেশ কালাতি পত্তৌচ গৃহীতা স্বয়মর্পয়েৎ। নষ্ট কিম্বা অপহৃত দুব্য ক্রয়াদি দ্বারা পাইলে সে দুব্য হরণ কর্ত্তাকে আপনার শুদ্ধির নিমিত্তে এবং রাজ দণ্ডের অপ্রাপ্তির নি; মিত্তে চৌরধরে যে রাজ পুরুষাদি তাহাদিগের ধরাই যাদি বেন। যদি অবিদিত অন্য দেশে ক্রয় করিয়া থাকে কিম্বা আপনার বিবাদ কালে ক্রয় করিয়া থাকে তবে বিক্রেতা কেনা ধরাইয়া স্বয়ং যাহার দুব্য তাহাকে অর্পণ করিবেন তাহাতে করিয়াই শুদ্ধহন এই শ্রীকরাচার্য্য ব্যাখ্যা করিয়া ছেন। সেযুক্তহয়না। যেহেতুক বিক্রে তুর্দর্শনা চ্ছুদ্ধি এই বচনের সহিত পৌন রুক্ত্যহয়। এই হেতুক অন্য প্রকার ব্যাখ্যাকরি। নষ্ট কিম্বা অপহৃত আপনার দুব্য ক্রেতার হস্তস্থ জানিয়া ক্রেতাকে স্থানপালাদিকে ধরাইয়া দিবেন যে স্থানে কিম্বা যেকালে স্থান পালাদিনা থাকে তাহা জানিলে তাহার অজ্ঞাত পলায়নের আশঙ্কাতে আপনিই লইয়া স্থান পালাদি দিগের অর্পণ ককিবেন। ক্রেতাকে ধ রাইলে কিকরিবেন ইহাকহিয়াছেন। বিক্রেত্ত দর্শনাশুদ্ধিঃস্বা মী দুব্যং নৃপোদমং ক্রেতামূল্য মবাপ্নোতি তস্মাদ্ব স্তস্য বি ক্রয়ী॥ যদি ক্রেতা আমি ইহা অপহরণ করিনাই অন্য হই তে পাইয়া ছি একহে তবে সে বিক্রেতাকে দেখাইলেই শুদ্ধহয় পুনর্ব্বার ক্রেতাকে অভিযোগ কর্ত্তব্য নয়॥

কিন্তু ক্রেতা দেখায়াছে যে বিক্রেতাকে তাহার সহিত যা হার দুব্য তাহার বিবাদ। যে কহিয়াছেন বৃহস্পতি। মূলে সমাহৃতে ক্রেতানাভি যোজ্যঃ কথঞ্চন। মূলেন সহবাদ

স্তু নাস্তিকস্য বিবীয়তে॥ অর্থ বিক্রেতাকে দেখিলে ক্রেতা কে অভিযোগ কর্ত্তব্য নয় বিক্রেতার সহিত যাহার দ্রব্য তাহার বিবাদ বিধান হয়॥ সৌবিবাদে যদি অস্বামি বিক্রয় নিশ্চয়হয় তবে বিক্রেতা হইতে দুরখানি আপনার দ্রব্য পানরাজা অপরাধানুশারেদণ্ড রূপ ধনপান ক্রেতামূল্যপান। যদি বিক্রেতা দেশান্তর গিয়া থাকে তবে তাহাকে আনয়নের নিমিত্তে পথের অনুরূপ কাল নিয়ম করিয়া দিবেন। প্র কাশম্বাক্রয়ং কুর্য্যাৎ মূলংবাপি সমর্পয়েৎ। মূলানয়ন কালশ্চ দেশস্তরাব্দসং খ্যয়া॥ ০॥—

অর্থ। প্রকাসে ক্রয়করুন কিম্বা বিক্রেতাকেই আনাইয়াদেন বিক্রেতাকে আনয়নের নিমিত্তেক্রেতাকে পথ সংখ্যাতেকাল নিয়ম দিবেন। এই স্মৃতিহেতুক। যদি অজ্ঞাত দেশপ্রযুক্ত বিক্রেতাআ নয়ন করিতে নাপারে তবেক্রেতাক্রয় শুদ্ধকরি য়াই শুদ্ধহয়। অসমাহার্য্য মূলস্তু ক্রয়মেব বিশোধয়েৎ। বিক্রে তা আনিতে নাপারিলে ক্রয়ই সোধন করিবেক এইমনু বচন হেতুক। যদি সাক্ষীদিব্যাদিদ্বারা ক্রয় সোধন করিতে ও পারেনা বিক্রেতাকে ও আনিতে পারেনা তবে ক্রেতাইদণ্ড ভাগী হয়। অনুপস্থাপয়ন্ মূলংক্রয়ম্বাপ্যবিসোধয়ন যথা ভিযোগংধনিনেধনংদাপ্যোদমঞ্চসঃ। অর্থ। বিক্রেতাকেউপ স্থিতি নাকরিলে কিম্বা ক্রয় কেও শোধন নাকরিলে অভি যোগের অনুসারে দ্রব্য স্বামীকে ধন এবংরাজাকেদণ্ড দিবেন এই স্মৃতি হেতুক। অন্যকে বিক্রীত আপনার ধন পাইবেন

ইহা কহিয়াছেন। পাই তেইছাকরিয়া সেকি করিবেকই
হা কহিতেছেন। আগমে নোপ ভোগেন নষ্টং ভাব্যমতো
ন্যথা। পঞ্চবন্ধোদমতস্য রাজ্ঞেতেনা[illegible]বিতে। অর্থ। পি
ত্রাদিস ম্বন্ধও ক্রয়াদি দ্বারা কিম্বা উপভোগ দ্বারাদ্রব্য স্বামী
আমার এ দ্রব্য এ রূপেনষ্ট হইয়াছে কিম্বা এইরূপে এ অ
পহরণ করিয়ছে ইহা সিদ্ধ করিবেন সিদ্ধ না করিলে সেদ্র
ব্যের পঞ্চমাংশ রাজাকে দণ্ড দিবেন। ইহাতেই এইক্রম
প্রথম স্বামীআপনার নষ্টদ্রব্য সিদ্ধ করিবেন তাহার পরক্রে
তা চৌর্য্য পরিহারার্থে এবং মূল্যপাইবারনিমিত্তে বিক্রেতা
কেআনিবেন যদিনা আনিতে পারেন তবেআপনার দোষ
পরিহারের নিমিত্তেক্রয়শুদ্ধ করিয়া স্বামীকেদ্রব্য অর্পণকরি
বেন। চৌরের প্রচ্ছাদকের প্রতি কহিতেছেন। হৃতংপ্রনষ্টং
যোদ্রব্যং পরহস্তা দবাপ্নুয়াৎ। অনিবেদ্য নৃপেদণ্ডঃ সতু
ষন্নবতিং পণান্‌ অর্থ। অপহৃত কিম্বা নষ্টদ্রব্য চৌরাদির হস্ত
হইতেএআমারদ্রব্য হরণকরিয়াছে এরূপনিবেদন রাজাকে
নাকরিয়াই দর্পাদিতে করিয়া যেগ্রহনকরেসেব্যক্তিকে রাজ
১॥০ ছেয়ানই পণদণ্ড করিবেন। চৌর প্রচ্ছাদক এহেতুক
দুষ্টসে। রাজ পুরুষকর্ত্তৃক আনীতদ্রব্যের প্রতি কহিতেছেন
সৌল্কিকৈঃ স্থানপালৈর্বানষ্টা পহৃত মাহৃতং। অর্বাক সম্বৎ
সরাৎ স্বামীহরেত পরতোনৃপঃ॥ অর্থ॥ যদি দ্রব্য সবলের
পণ গ্রহণের অধ্যক্ষ কিম্বা স্থান রক্ষকেরা অপহৃত কিম্বা
নষ্ট দ্রব্য রাজার নিকটেআনে তবে সম্বৎ সরের মধ্যে স্বামী
আসিলে সে দ্রব্য পান। সম্বৎ সরেরপর রাজালইবেন।

আপনার পুরুষ কর্তৃক আনীত দুব্য রাজা জনসমূহেতে ঘো ষণা করিয়া সম্বৎসর পর্য্যন্ত রক্ষাকরিবেন। যাহা গৌতম কহিয়াছেন। প্রনষ্ট স্বামিক মধিগম্য রাজ্ঞে প্রব্রয়ু র্বিখ্যা প্য সম্বৎসরং রাজ্ঞারক্ষ্য মিতি॥ অর্থ॥ নষ্ট দুব্য পাইয়া রাজাকেদিবেক রাজা বিখ্যাত করিয়া সম্বৎসর রাখিবেন। মনু যে বিধ্যন্তর কহিয়াছেন। প্রনষ্ট স্বামিকং দুব্যং রাজা ত্র্যব্দং নিধাপয়েৎ। অর্ব্বাক ত্র্যব্দাদ্ধরেত্ স্বামী পরতোন্ পতির্হরেৎ॥০॥০॥

॥ অর্থ॥ নষ্ট দুব্য রাজা তিনবৎসর রাক্ষিবেন তিনবৎসরের মধ্যে স্বামী পাইলেক পরে রাজা লইবেন। সে শ্রুতওবৃত্ত যুক্ত ব্রাহ্মণ বিষয়ে রক্ষার নিমিত্তেষষ্ঠভাগাদি গ্রহণতিনিই দেখাইয়াছেন। আদদীতাথষড্ভাগং প্রনষ্টাধিগ তান্নৃপঃ। দশমং দ্বাদশং বাপিসতাং ধর্ম্ম মনু স্মরন্। নষ্ট এবং প্রাপ্ত দুব্য হইতে রাজা ছয়ভাগের এক ভাগ লইবেন কিম্বা সাধু দিগের ধর্ম্মস্মরণ করিয়া দশমকিম্বা দ্বাদশ ভাগ লইবেন। তৃতীয় দ্বিতীয় প্রথম বৎসরে ক্রমেতে ষষ্ঠাদি ভাগ গ্রহণ জা নিবা। ইহা অগ্রে বিস্তার করিয়াছেন। মনূক্ত ষষ্ঠ ভাগাদি গ্রহণের দুব্যবিশেষে অপবাদ কহিতেছেন॥ ০॥ পণানেক শফেদদ্যাৎ চতুরঃ পঞ্চমানুষে। মহিষোষ্ট্রগবাং দ্বৌদ্বৌপাদ ম্ছাগল জাবিকে॥ অর্থ॥ এক অখণ্ড খুরয়ার এমদ পশু অ র্থাৎ অশ্বাদি তাহারা নষ্ট হইয়া প্রাপ্ত হইলে তাহা স্বামী রাজাকে রক্ষার নিমিত্তে চারিপণদিবেন মনুষ্যেতে পাঁচপণ দিবেন মহিষ উষ্ট্রগোতে দুই দুই পণ দিবেন। ছাগল

মেয়েতে পণের চতুর্থাংশ দিবেন। এইঅস্বামি বিক্রয় প্রকরণ সমাপ্ত হইল॥ ০॥ ৫॥ ইতি শ্রীকৃষ্ণ নারায়ণ ন্যায়ালঙ্কার বিরচিত ভেমিতাক্ষরাদর্শে অস্বামিবিক্রয় নাম পঞ্চমালোকঃ॥ ০॥

ইদানী বিহিতও অবিহিত পদ দ্বয়ের আশ্রয় এপ্রযুক্ত দত্তান পকর্ম্মও দত্তাপ্রদানিক এ দুই নাম যাহার এমন দান রূপ ব্যবহার স্থল কহিতেছেন। তাহার স্বরূপ নারদ কহিয়াছেন।। দত্বা দ্রব্যমসম্যগ্যঃ পুনরাদাতুমিচ্ছতি। দত্তা প্রদানিকং নাম ব্যবহার পদংহিতং॥ অস্য। বিহিতপথা শ্রয়েতে করিয়া অর্থাৎ বিধানেতে করিয়া দ্রব্য দান করিয়া পুনর্ব্বার গ্রহণ করিতে ইচ্ছাকরে যে বিবাদ স্থলে সে দত্তা প্রদানিক নাম ব্যবহার স্থল। দত্ত দ্রব্যের অপ্রদান অর্থাৎ পুনর্ব্বার হরণ যাহাতে সেই দত্তাপ্রদানিক। বিহিত পথানু সারে হয় এ প্রযুক্ত সেই ব্যবহার স্থলই দত্তানপকর্ম্ম দত্তা প্রদানিকের প্রতি পক্ষ এতাৎ পর্য্যেতে কহিয়াছেন তাহা হয়। দত্ত দ্রব্যের অনপকর্ম্ম কিনা পুনর্ব্বার গ্রহণ নাই যে দান নামে বিবাদ স্থলে সেই দত্তানপ কর্ম্ম। সেও দেয়া দেয় ভেদে চারি প্রকার। যাহা নারদ কহিয়াছেন। অথ দেয় মদেয়ঞ্চ দত্তম্বাদত্তমেবচ। ব্যবহারেষু বিজ্ঞেয়ো দান মার্গশ্চতুর্ব্বিধঃ॥ অর্থ॥ দেয়ও অদেয়ও দত্ত ও অদত্ত ব্যবহা রেতে দানের পথ চারি প্রকার জানিবা।তাহাতে দেয় শব্দে অনিষিদ্ধদানের যোগ্য বস্তু কহাজায়। অদেয়শব্দে স্বীয়নয় এ প্রযুক্ত কিম্বা নিষিদ্ধ প্রযুক্ত দানের অযোগ্যবস্তু ঃ প্রকৃতিস্থ ব্যক্তি যে বস্তু দান করে এবং তাহার প্রতিবন্ধক কিছু নাই

ষ্মে বস্তু দত্ত। যে বস্তু দিলে পুনর্ব্বার নাজায় সেই অদত্ত কহেনতাহাসংক্ষেপেতে নিরূপণকরিবার নিমিত্তে কহিতে ছেন। স্বংকুটুম্বাবিরোধেন দেয়ং দারসুতাদৃতে। নান্বয়েসতি সর্ব্বস্বং যচ্চান্যস্মৈ প্রতিশ্রুতং ॥ ০॥ আপনার ধন যেকুটুম্ব পালনের অবশিষ্ট তাহা দিবেন কুটুম্ব পালনের আবশ্যক ত্ব হেতুক। তথাচ মনু কহিয়াছেন। বৃদ্ধৌচ মাতা পিতরৌ সাধ্বী ভার্য্যাসুতঃশিশুঃ। অপ্যকার্য্যশতংকৃত্বাভর্ত্তব্যা মনুরব্রবীৎ অর্থ। বৃদ্ধপিতা মাতা শিশু পুত্র সাধ্বীভার্য্যা ইহাদিগের শত অপকর্ম্ম করিয়াও প্রতিপালন কর্ত্তব্য মনু কহিয়াছেন। কুটুম্বা বিরোধেন ইহাতে করিয়া এক প্রকার দেয় কহিয়া ছেন। আপনার ধন দিবেন ইহাতে করিয়া ও অন্বাহিত ও যাচিত ও আধি ও সাধারণ ও নিক্ষেপ এ পাঁচ প্রকার অ দেয় দেখাইয়াছেন। নারদ যে অষ্ট প্রকার অদেয় দেখা ইয়াছেন। অন্বাহিতং যাচিতকমাধিঃ সাধারণঞ্চযৎ। নিক্ষেপা পুত্রদারাশ্চ সর্ব্বস্বঞ্চান্বয়েসতি। আপৎস্বপিহি কষ্টাসুবর্ত্ত মানেন দেহিনা অদেয়ান্যাহুরাচার্য্যা যচ্চান্যস্মৈপ্রতিশ্রুতং ॥ অর্থ ॥ অন্বাহিত ও যাচিতও আধি ও সাধারণ ও নিক্ষেপ ও পুত্র ও স্ত্রী এবং পুত্র পৌত্রাদি সন্তান থাকিতে সর্ব্বস্ব এ সকল অত্যন্ত আপদ হইলেও মনুষ্যবিদ্যমান থাকিতে তা হার অদেয় আচার্য্যেরা কহিয়াছেন এবং অন্যকে যাহা প্রতিশ্রুত হইয়াছেন সে বস্তুওঅদেয় ॥ এরূপ স্ত্রী পুত্র ব্যতি রিক্ত দেয় কহিয়া প্রসঙ্গ হেতুক দেয় ধন গ্রহণ প্রতিগ্রহ বার্ত্তা প্রকাশেই করিবেন ইহাকহিতেছেন। প্রতিগ্রহ প্রকা

শংস্যাৎস্থাবরস্য বিশেষতঃ। দেয়ংপ্রতিশ্রুতঞ্চৈব দত্ত্বানাপহু রেৎপুনঃ॥ ০॥ ০॥

॥ অর্থ প্রকাশ করিয়াই প্রতি গ্রহ করিবেন অর্থাৎ বিবাদ নিবারণার্থে। বিশেষত স্থাবরের প্রতিগ্রহ প্রকাশ করিবেন যেহেতুক সুবর্ণাদি যেমন আপনার স্থানেথাকিলে বিবাদকালে দেখাইতে পারেন স্থাবর এমন নয়। এই প্রসঙ্গ হেতুক কহিয়া প্রকৃতেরস্মরণ করিয়া কহিতেছেন। দেয়ং প্রতিশ্রুত ঞ্চৈব অর্থ যে দ্রব্য যাহাকে ধর্মার্থে স্বীকৃত হইয়াছেন সে দ্রব্য তাহাকে দিবেনই যে ব্যক্তিকে দিবেন সেযদিধর্ম্ম হই তেচ্যুতনাহয় ধর্ম্মচ্যুত হইলে তাহাকে দিবেনা। প্রতিশ্রুত্যাপ্যধর্ম্মসংযুক্তায়ন দদ্যাৎ অর্থ স্বীকার করিয়া ও অধর্ম্ম যুক্তকে দিবেন না। এই গৌতম স্মৃতি হেতুক। দত্ত্বানাপ হরেৎ পুনঃ। অর্থ ন্যায় মার্গেতে করিয়া যে বস্তু দিয়াছেন তাহা সপ্তবিধ হইলেও পুনর্ব্বার অপহরণ করিবেন না কিন্তু সেই দানেতেই অনুমতি করিবেন। যাহা অন্যায়েতে করিয়া দিয়া থাকেন তাহাষোড়শ প্রকার হইলেও সে দ্রব্য অদত্তই তাৎপর্য্য হেতুক এই কহিয়াছেন ইহা হয়। নারদ ও কহিয়াছেন। দত্তং সপ্তবিধং প্রোক্ত মদত্তং ষোড়শাত্মকং॥ অর্থ॥দত্তসাত প্রকার॥ ৭॥ অদত্ত ১৬ ষোড়শপ্রকার এই কহিয়া দত্তওঅদত্ত এউভয়ের স্বরূপ বিবরণ করিয়াছেন। পণ্যং ভৃতিস্তুষ্টৌচ স্নেহাৎ প্রত্যুপকারতঃ। স্ত্রী শুল্কানুগ্রহার্থঞ্চ দত্তং দান বিদোবিদুঃ অদত্তন্তু ভয় ক্রোধ শোকবেগরুজান্বিতৈঃ। তথোৎকোচ

পরীহাস যাত্যা সঙ্কুল যোগতঃ। বাল মূঢ়া স্বতন্ত্রার্ত্ত মত্তো মত্তা পরজ্জ্বিতং। কর্ত্তাম মেদংকম্মেতি প্রতি লাভেচ্ছয়াচযৎ। অপাত্রে পাত্র মিত্যুক্তে কার্য্যে বাধর্ম্ম সংহিতে। যদ্দত্তং স্যাদবিজ্ঞা নাদদত্তমিতি তৎস্মৃতমিতি। এই অর্থ। ক্রীতদ্রব্যের যেমূল্য দিয়াছেন। এবং যেবেতন দিয়াছেন।সংস্তোষদ্বারা বন্দি নাটকাদিকে যাহা দিয়াছেন।স্নেহ হেতুক পুত্র কন্যা দিকে যাহাদিয়াছেন। উপকার করিলে প্রত্যু পকার রূপ যাহাদিয়াছেন বিবাহের নিমিত্তে যেপণ দিয়াছেন। পুণ্যা র্থে যাহাদিয়াছেন। এই সাত প্রকার দত্তই পুনর্বান গ্রহণ করিবেননা॥ ভয় প্রযুক্ত বন্ধন কার কাদি রাজ পুরুষদিগে র যাহাদিয়াছেন। পুত্রদিগের প্রতিক্রোধকরিয়া অন্যকে যাহাদিয়াছেন। শোকার্ত্ত হইয়া যাহাদিয়াছেন উৎ কোচ যাহাদিয়ায়াছেন উৎকোচ শব্দেঘুস উপহাসেতে যাহা দিয়াছেন। এককজন আপনার দ্রব্য অন্যকে দানকরে সে অন্যজন ও এদাতা জনকে দানকরে ইহার নাম দানব্য ত্যাস এরূপে যাহা দিয়াছেন সহস্র করিয়া যেশত দিয়াছেন যোড শবর্ষ পূর্ণ বয়স যাহার হয়নাই তিনিযাহাদিয়াছেন। লোকব্যবহার ও শাস্ত্র কিছুই যেনাজানে সে যাহাদিয়া ছে। স্বাধীন নাহয়া যে দিয়াছে। রোগাভি ভূতহইয়া যাহা দিয়াছেন। মদ্য পানাদি দ্বারা মত্তহইয়া যাহা দিয়া ছেনবায়ু রোগাদি দ্বারা উন্মত্ত হইয়া যাহাদিয়াছেন।প্রতি লাভে চ্ছাতে যাহা দিয়াছেন।চতুর্ব্বেদজ্ঞ যিনি নহেনতিনি চতুর্ব্বেদজ্ঞ আমি একথাকহিলেতাহাকেযাহাদিয়াছেন যজ্ঞ

করিব কহিয়া দ্যূত ক্রীড়াদিতে ধন নিযুক্ত করে যে তাহা কে যাদিয়াছেন। এই ষোড়শ প্রকার দত্ত দ্রব্যকে অদত্ত কহেন। এদ্রব্য প্রত্যাহরণ করাজায়এই হেতুক। পীড়িতে র দত্তযে অদত্ত সে ধর্ম্ম কর্ম্ম ব্যতিরিক্ত বিষয়ে। স্বস্থেনা র্ত্তেন বাদত্তং শ্রাবিতং ধর্ম্ম কারণাৎ অদত্বাতু মৃতে দাপ্যস্তৎ সুতো নাত্রসংশয়ঃ ধর্ম্মার্থে সুস্থ কিম্বা আর্ত্ত যেদ্রব্য দানকরি য়া পুত্রাদিকে শ্রবণ করাইয়া থাকেন তাহা ব্রাহ্মণকে নাদি য়া মরিলে তাহার পুত্র দিবেন এই তাহাতে সন্দেহ নাই এই কাত্যায়ন স্মৃতি হেতুক সেই প্রকার অপর সংক্ষেপে অর্থ আছে এমন বচন সর্ব্ব বিবাদ সাধারণ এই যোগাধমনবিক্রীতং যোগদান প্রতিগ্রহং যস্য বাপ্যু পধিং পশ্যেৎ তৎসর্ব্বং বিনিবর্ত্তয়েৎ॥ অর্থ কোন বিষয় সম্পর্ক হেতুক যেবন্ধক বিক্রয় দান প্রতিগ্রহ কয়িয়াছেন সেবিষয় সম্পর্করহিত হইলে সেসকল নিবর্ত্ত করিবেন যে ষোড়শ প্রকার অদত্ত গ্রহণ করিবেক এবং যে অদেয় দান করিবেসে উভয়ের দণ্ড নারদ কহিয়াছেন প্রহৃত্তা দত্তংযোলোভৎ যশ্চাদেয়ং প্রযচ্ছতি অদেয়দায়কো দণ্ড্যস্তথা দত্ত প্রতিছক অর্থ লোভ হেতুক অদত্ত যেগ্রহণ করে এবংঅদেয় দানকরে সেঅদেয়দাতা এবং অদত্ত গৃহীতা দণ্ডের যোগ্যহয়। এই দত্তা পদানিক নামে ব্যবহার সমাপ্তহইল॥০।ইতি শ্রীলক্ষ্মী নারায়ণ ন্যায়ালঙ্কার বিরচিতে মিতাক্ষরা দর্পণেদত্তাপ্রদা নিকং নাম ষষ্ঠালোকঃ॥ ৬॥০॥—

ক্রীনানুশয়ব্যবহারকহিতেছেন। তাহার স্বরূপনারদকহিয়া

ক্রীত্বামূল্যে নয়ঃপণ্যং ক্রেতানবহু মন্যতে। ক্রীতানুশয় ইত্যেতদ্বিবাদ পদমুচ্যতে। মূল্যদিয়াক্রয় করিয়া ক্রেতাক্রীত দ্রব্য ভালোরূপেনামানে যে বিবাদস্থলে সেইবিবাদস্থল ক্রীতানুশয় কহেন। তাহাতে যে দিনে দ্রব্য কিনিয়াছেন সেই দিনেই সেই দ্রব্য অবিকৃত তাহাকে দিবেন ইহা তিনিই কহিয়াছেন। ক্রীত্বামূল্যেন যৎ পণ্যং দুষ্ক্রীতং মন্যতে ক্রয়ী। বিক্রেতুঃ প্রতি দেয়ং তত্তস্মিন্নেবাহ্ন্যবিক্ষতং॥ ০ ॥

॥ অর্থ ॥ মূল্য দ্বারা যে দ্রব্য ক্রয় করিয়া ক্রেতামন্দ ক্রয় করিয়া যদি মানে তবে বিক্রেতাকে সেই দিনে সেই দ্রব্য অবিকৃত দিবেন। দ্বিতীয়া দিদিনে অর্পণ করিলে বিশেষ নারদই কহিয়াছেন। দ্বিতীয়ে হ্নিদদৎ ক্রেতা মূল্যং ত্রিংশাংশমাহরেৎ। দিগুণন্ত তৃতীয়েহ্নিপরতঃ ক্রেতুরেবতৎ। দ্বিতী যদি নেদিলে বিক্রেতাকে মূল্যের ত্রিশভাগের এক ভাগ দিবেন তৃতীয় দিবসে দিলে পঞ্চদশাংসের একাংশ দিবেন। তাহার পরদিলেবিক্রেতা লইবেন নাক্রেতারই সেঁদ্রব্য হইবেক। ইহা ধান্যবীজাদি ব্যতিরিক্ত যে উপভোগাদি দ্বারা বিনশ্বর বস্তুত বিষয়ে। বীজাদিক্রয়ে অন্য প্রকার বিক্রেতাকে অর্পণের বিধি কহিতেছেন। দশৈ কপঞ্চ সপ্তাহ মাসত্র্য হার্দ্ধমাসিকং। বীজায়োবাহ্যরত্নস্ত্রী দোহ্যপুং সাং পরীক্ষণং॥ ০ ॥—

॥ অর্থ॥ ধান্যাদিবীজ। লোহ। বলীবর্দ্দাদি বাহক বলীবর্দ্দশব্দে বলদ। ও মুক্তাপ্রবালাদি এবং দাসী এবং গোমহষী

প্রভৃতি। এবং ভৃত্য ইহাদিগের ক্রমেতে দশ এক পঞ্চ সপ্ত দিন এবং মাস এবং তিন দিন ও অর্দ্ধমাস এ পর্য্যন্ত পরীক্ষা করিবেন। অর্থাৎ এই সকল কালের মধ্যে ক্রীত এই সকল দ্রব্য বিক্রয় নিবর্ত্ত হয় ইহার পরহয় না। যে মনুবচন। ক্রীত্বাবিক্রীয় বা কিঞ্চিৎ যস্যেহানুশযোভবেৎ সোন্তর্দশাহা ত্তদ্দ্রব্যংদদ্যা চৈচবাদদীত বেতি। ০ ॥

॥ অর্থ ॥ ক্রয় করিয়া কিম্বা বিক্রয় করিয়া যে দ্রব্যের ক্রয় মন্দ বোধ হয় সে দ্রব্য দশাহের মধ্যে ক্রয় করিলে দিবেন কিম্বা বিক্রয় করিলে গ্রহণ করিবেন। সে উক্ত লোহাদি ভিন্ন উপভোগে শীঘ্র নষ্ট না হয় যে গৃহক্ষেত্র বাহক আসনাদি সে বিষয়ে। এসকল অপরীক্ষিত ক্রীত বিষয়ে। পুনর্ব্বার তোমাকে দিবোনা এরূপ প্রতিজ্ঞা করিয়া এবংপরীক্ষা করিয়া যে দ্রব্য ক্রীত হইয়াছে তাহা বিক্রেতাকে অর্পণ কর্ত্তব্য নহে। তাহা কহিয়াছেন। ক্রেতাপণ্যং পরীক্ষেত প্রাক্ স্বয়ং গুণদোষতঃ। পরীক্ষ্যাভি মতং ক্রীতং বিক্রেওর্ন ভবেৎ পুনরিতি ক্রেতা প্রথম স্বয়ং গুণেতে করিয়া ও দোষেতে করিয়া পরীক্ষা করিবেন পরীক্ষা করিয়া মত করিয়া ক্রীত যেদ্রব্য তাহা বিক্রেতার পুনর্ব্বার হইবে না। বাহাদি পরীক্ষা প্রসঙ্গেতে করিয়া স্বর্ণাদিরও পরীক্ষা কহিতেছেন। অগ্নৌসুবর্ণ মক্ষীণং রজতে দ্বিপলং শতে। অষ্টোত্র পুণি সীসেচ তাম্রে পঞ্চদশায়সি ॥ ০ ॥ —

অগ্নিতে দগ্ধ করিলে স্বর্ণের ক্ষয় হয় না এই হেতুক অলঙ্কার নির্ম্মাণার্থে যত পরিমাণে স্বর্ণ লইয়াথাকে স্বর্ণ কারতত

পরিমাণেই তোলন করিয়াদিবে অন্যথা হইলেক্ষতি যাহা হয়তাহা দিবে এবং দণ্ডওদিবেক। রূপাশতপলদগ্ধ করিলে দুইপল ক্ষয় হয়। ত্রপুশতপলদগ্ধ করিলে অষ্টপল ক্ষয় হয় এবং সীসাশত পলে অষ্টপল। তাম্রের পঞ্চপল। এবং লোহের দশপল। এবং কাংস্যেরও ত্রপুতাম্রেতে উৎপত্তি এপ্রযুক্ত তাহার অনুসারে ক্ষয়।

তাহার অধিক ক্ষয়করিলে শিল্পির দণ্ড হইবেক। কোন কম্বলাদিতে বৃদ্ধি কহিতেছেন।শতে দশপলা বৃদ্ধিরূর্ণে কার্পাসসৌত্রিকে। মধ্যে পঞ্চ পলাসূক্ষ্মেসু জ্ঞেয়াতুত্রি পলামতা॥ স্থূলমেষ লোমাদি নির্ম্মিত সূত্র দ্বারা নির্ম্মিত যেকম্বলাদি সে শত পল হইলে দশপল তাহারবৃদ্ধি। এরূপ কার্পাসের সূত্র দ্বারা নির্ম্মিত বস্ত্রাদির ও জানিবা মধ্যম রূপ সূত্রদ্বারা নির্ম্মিতে পঞ্চপল বৃদ্ধি। সূক্ষ্ম সূত্র দ্বারা নির্ম্মিত বস্ত্রাদিরশত পলে তিন পল বৃদ্ধি জানিবা এও ধৌত বস্ত্র বিষয়ে দ্রব্যান্তরে বিশেষ কহিতেছেন। কর্ম্মিকে রোমবদ্ধে চ ত্রিংশদ্ভাগ ক্ষয়োমতঃ নক্ষয়োনচ বৃদ্ধিশ্চ কৌশেয়েবল্কলেষুপিচ॥ ০ যেবস্ত্রে সূত্র দ্বারা পুষ্পলতাদি করিয়াথাকে সে বস্ত্র কর্ম্মিক কহেন যেবস্ত্রে শিল্পেতে করিয়া লোমবন্ধন করে তাহার নাম রোমবদ্ধ তাহাতে ত্রিশ ভাগের একভাগ ক্ষয় হয় কৌসে যে বস্ত্রে অর্থাৎ পট্টবস্ত্রে এবং বৃক্ষের ছালেতে করিয়া নির্ম্মিৎ বস্ত্রেবৃদ্ধিহ্রাস দুইনাই কিন্তু যত বপনার্থে তন্ত্র বায়াদি দিগে দিবেন তত লইবেন। অনন্ত দ্রব্যএপ্রযুক্ত প্রভৃতি দ্রব্যের ক্ষয় বৃদ্ধি নিশ্চয় হয়না এপ্রযুক্ত

সামান্য রূপে হ্রাস বৃদ্ধিজ্ঞানোপায় কহিতেছেন । দেশং কালঞ্চ ভোগঞ্চজ্ঞাত্বানষ্টে বলাবলং । দ্রব্যানাংকুশলাব্রুয়ুর্যও দ্দাপ্য মসংশয়ং ।০ । দ্রব্যেরহ্রাস হইলে দ্রব্যের হ্রাসবৃদ্ধিতে বিজ্ঞর দেশ কাল ও নষ্টদ্রব্যের সারাসার পরীক্ষা করিয়া যাহা কল্পনা করিবেন শিল্পিকেনিঃসন্দেহে তাহাই দিবেন এই ক্রীতা নুশয় ব্যবহার সমাপ্তহইল ॥ ০ ॥ ইতি শ্রীলক্ষ্মীনারায়ণ ন্যায়ালঙ্কার বিরচিতে মিতাক্ষরা দর্পণে ক্রীতানুশয় প্রকরণং নাম সপ্তমালোকঃ ॥ ৭ ॥ ০ ॥ —

সংপ্রতি অভ্যুপেত্যাশুশ্রূষানামে বিবাদ কহিতে আরম্ভ করিলেন । তাহার স্বরূপ নারদ কহিয়াছেন । অভ্যুপেত্যাচশুশ্রূষাং যস্তাংন প্রতিপদ্যতে। অশুশ্রূষাভ্যুপেত্যৈতদ্বিবাদ পদমুচ্যতে ॥ যাহা কহিতে আজ্ঞা করেন তাহা করণের নাম শুশ্রূষা তাহা স্বীকার করিয়া যে স্থলে না করে সেই বিবাদ স্থলের নাম অভ্যুপেত্যাশুশ্রূষা শুশ্রূষা কারকপঞ্চপ্রকার । শিষ্য অন্তেবাসী । ভৃতক । অধিকর্ম্মকৃত । দাস এই । তাহাদিগের মধ্যে প্রথম চারি কর্ম্ম কারকে কহেন । তাহারাও শুভ কর্ম্ম করে। দাসেরাও গৃহজাতাদি পঞ্চ দশ প্রকার । তাহারা গৃহও দ্বারও অশুচিস্থান ও রথ্যা ও অবস্কর এ সকলের পরিস্কারাদি রূপ অশুভ কর্ম্ম করে । তাহা এই নারদ স্পষ্ট কহিয়াছেন । শুশ্রূষকঃপঞ্চবিধঃ শাস্ত্রেদৃষ্টো মণীষিভিঃ চতুর্ব্বিধঃ কর্ম্ম কর স্তেষাং দাসাস্ত্রিপঞ্চকাঃ । শিষ্যান্তেবাসিভৃতকাশ্চতুর্থশ্চাধিকর্ম্মকৃত। এতে কর্ম্মকরা জ্ঞেয়া দাসাস্তু গৃহজাদয়ঃ । সামান্য মস্বতন্ত্রত্ব মেষাম[illegible]র্মণীষিণঃ । জাতি কর্ম্ম

করস্তুক্তো বিশেষোবৃত্তিরেবচ। কর্ম্মাপি দ্বিবিধং জ্ঞেয় মশু ভংশুভমেবচ।। অশুভংদাস কর্ম্মোক্তং শুভংকর্ম্মকৃতাং স্মৃতং।। গৃহদ্বারা শুচিস্থানরথ্যাবস্ক রশোধনং। গুহ্যাঙ্গস্পর্শনোচ্ছিষ্ট বিম্মূত্র গ্রহণো জ্ঝনং। ইচ্ছাতঃ স্বামিন স্বাঙ্গে রুপস্থান মথা স্তরঃ। অশুভং কর্ম্ম বিজ্ঞেয়ং শুভন্যদতঃপরং।। অর্থ।। তাহাতে শিষ্যপদে বেদবিদ্যার্থী। অন্তেবাসিপদে শিল্প শিক্ষার্থী মূল্য লইয়া যে কর্ম্ম করে তাহার নাম ভৃতক। কর্ম্ম কারীদিগের অধ্যক্ষের নাম অধি কর্ম্মকৃৎ। অশুচি স্থান শব্দে উচ্ছিষ্টক্ষেপণার্থে যে গর্ত্তাদি এবং অবস্কর শব্দে গৃহ মার্জ্জন করিলে নির্গত হয় যে ধূলি তৃণাদি তাহার ক্ষেপণ স্থান। উজ্ঝন পদে ত্যাগ। ভৃতকএস্থলে তিন প্রকার। উত্তম স্ত্বায়ুধী যোত্র মধ্যমস্ত কৃষীবল। অধমো ভারবাহীস্যাদি ত্যেবং ত্রিবিধোভৃতঃ।। অর্থ।। অস্ত্রধারী উত্তম কৃষক মধ্যম ভারবাহক অধম এই তিন প্রকার ভৃতক।। দাস এই। গৃহ জাতস্তথা ক্রীতো লব্ধোদায়াদুপাগতঃ। অন্নাকাল ভৃতস্তদ্বদাহিতঃস্বামিনাচযঃ। মোক্ষিতোমহত শ্চর্ণাদ্যুদ্ধপ্রাপ্তঃ পণেজিতঃ। তবাহমিত্যুপগত প্রব্রজ্যাবসিতঃকৃতঃ। ভক্তদাসশ্চ বিজ্ঞেয়স্তথৈব বড়বাভৃতঃ। বিক্রেতাচাত্মনঃশাস্ত্রে দাসাঃপঞ্চদশস্মৃতাঃ।। ।। অর্থ।। গৃহে দাসীতে জাতয়ে সেই গৃহ জাত এবং ক্রীত এবং প্রতিগ্রহাদি দ্বারা প্রাপ্ত। এবং পিত্রাদির দাস। এবং দুর্ভিক্ষেতে যাহাকে দাস করিবার নিমিত্তে প্রতিপালন করা জায়। এবং স্বামি কর্ত্তৃক বন্ধক হইয়াছে যে এবং ঋণশোধন প্রযুক্ত যে দাস হইয়াছে। এবং যুদ্ধেতে পাওয়া গিয়াছে

যাহাকে। যদি এ বিবাদে আমি পরাজিত হই তবে তো
মার আমি দাস হইবো এরূপ প্রতিজ্ঞাতে যে পরাজিতঃ
এবং তোমার দাস আমি ইহাকহিয়া যেঅনুগত হয়। এবং
দণ্ডাশুল্কাদি হইতে চ্যুত। একালপর্য্যন্ততোমারদাস আমি থা
কিবো এমনস্বীকার করাইয়া যে থাকে। এবংঅন্নেরনিমিত্তেই
যে দাস। আরদাসীরলোভেতেযে দাস হয় এবং আপনাকে
যেবিক্রয় করিয়াছে। এই পঞ্চদশপ্রকার দাস। যেমনুকহি
য়াছেনধ্বজাহৃতোভক্তদাসোগৃহজঃক্রীত দত্ত্রিমৌ। পৈতৃকো
দণ্ডদাসশ্চ সপ্তৈতে দাস যোনয়ঃ॥ অর্থ॥ দাসীলোভে আগত
ও অন্নার্থে দাস গৃহে দাসীতেও জাত ক্রীত কোন ব্যক্তি
কর্ত্তৃক দত্ত ও পিত্রাদির দাসও দণ্ড দ্বারা প্রাপ্ত এই সপ্ত প্র
কার দাস কহিয়াছেন সে তাহাদিগের দাসত্ব সিদ্ধ করিবার
নিমিত্তে সংখ্যার নিমিত্তে নয়। তাহাতে শিষ্য অন্তেবাসী
ভৃতক অধিকর্ম্মকৃত দাস ইহারদিগের মধ্যে শিষ্যের বৃত্তি
কহিয়াছি পূর্ব্বেতেই। আহূতশ্চাপ্যধীয়ীত লব্ধঞ্চাস্মৈ নিবে
দয়েৎ॥ অর্থ॥ শিষ্যগুরু আহ্বান করিলে অধ্যয়ন করিবেন
লব্ধদ্রব্যগুরুকে দিবেন। ইত্যাদিতেকরিয়া। অধিকর্ম্মকৃতভৃত
কদিগের বেতন বেতনা দান প্রকরণে কহিবেন। যোয়াবৎ
কুরুতে কর্ম্ম তাবওস্য ভূবেতনং॥ অর্থ॥ যে যত কর্ম্ম করে
তাহা রত তবে তন ইত্যাদিতে করিয়া। দাস অন্তে বাসীর
ধর্ম্ম বিশেষ কহিবার নিমিত্তে কহিতেছেন বলাদ্দাসীকৃত
শ্চৌরৈর্বিক্রীত শ্চাপিমুচ্যতে। স্বামি প্রাণ প্রদোভক্ত ত্যাগ
ত্তন্নিষ্ক্রয়াদপি॥০॥০॥ ———

॥ অর্থ ॥ যাহাকে বলেতে করিয়া দাস করিয়াছে এবং যাহাকে চৌরেরা অপহরণ করিয়া বিক্রয় করিয়াছে। অপি শব্দ হেতুক বন্ধক ও দত্ত ইহারা দাস্য হইতে মুক্ত হয় যদি স্বামীমুক্ত নাকরেন তথা রাজা মোচন করিবেন। নারদ ও কহিয়াছেন। চৌরাপহৃত বিক্রীতা যে চদাসীকৃতা বলাৎ রাজ্ঞামো চয়িতব্যাস্তে দাস্যং তেষুহিনেষ্যতে॥ ০॥

॥ অর্থ ॥ চৌরেরা যাহাকে অপহরণ করিয়া বিক্রয় করিয়াছে এবং বলেতে যাহাকে দাস করিয়াছে রাজা তাহাদিগে মোচন করাইবেন যে হেতুক তাহাদিগের দাস্য নাই। চৌরব্যাঘ্রাদিগুস্ত স্বামির প্রাণ রক্ষা যে করে সেও দাস্য হইতে মুক্ত হয়। এই সকল দাসের দাস্য নিবৃত্তির কারণ। যশ্চৈষাং স্বামিনং কশ্চিন্মোচয়েৎ প্রাণ সংশয়াৎ দাসত্বাৎ সবি মুচ্যেত পুত্রভাগং লভেতচ॥ ০॥

॥ অর্থ ॥ এই দাস সকলের মধ্যে যে স্বামীকে প্রাণসংশয় হইতে মোচন করে সে দাস্য হইতে মুক্ত হয় এবং পুত্রের ন্যায় ভাগ পায়। এই নারদ স্মৃতি হেতুক। উক্ত দাসাদির প্রত্যেকের দাস্য ত্যাগের কারণ কহিতেছি। অন্নাকাল ভৃত ও ভক্তদাস এ দুই যে কালপর্য্যন্ত দাস সে কালের দ্রব্য স্বামীকে দিলে মুক্ত হয়। আহিত ও ঋণ দাস এ দুই বন্ধক ও ঋণ মোচন করিলেই মুক্ত হয়। নারদ বিশেষ ও কহিয়াছেন। অন্নাকাল ভৃতো দাস্যাৎ মুচ্যতে গোযুগং দদৎ সন্তক্ষিতং যদ্দুর্ভিক্ষে নতচ্ছুদ্ধ্যেত কর্ম্মণা ভক্তস্যোৎক্ষেপণাৎ সদ্যোভক্ত দাসঃ প্রমুচ্যতে। আহিতোপি ধনং দত্বা

স্বামিনাতু তমুদ্ধরেত্। ঋণন্তু সোদয়ং দত্ত্বাঋণী দাস্যাৎ প্রমু
চ্যতে। অর্থ। অন্নাকাল ভৃত্ত দুই গোদিয়া দাস্যহইতে মুক্ত
হয়।দুর্ভিক্ষে যাহা ভক্ষণ করিয়াছেন তাহার কর্ম্মদ্বারা সো
ধহয়না। কিন্তু গোদ্বয়দান ও কর্ম্মকরণ এউভয় দ্বারা সোধ
হয় ভক্তদাশ যে কাল পর্য্যন্ত দাস্য সেকাল পর্য্যন্ত ভক্ষণে
যেব্যয় তাবৎ দিয়া মুক্ত হইবেক। বন্ধক দাস যদি তাহার
স্বামী ঋণসোধকরিয়া তাহাকে উদ্ধার করে তবে মুক্তহয়
বৃদ্ধির সহিত ঋণ দিলে ঋণ দাসমুক্তহয় তেমনি তোমার
আমি দাস বলিয়া যে দাস এবং যুদ্ধ প্রাপ্তও পণেজিত কৃত
ও বড় বাহৃত ইহার দিগের প্রত্যেকের মোচনের কারণ তি
নিই কহিযাছেন তবাহ মিত্যু র্গতো যুদ্ধ প্রাপ্তঃ পণে
জিতঃ প্রতি শীর্ম প্রদানেন মুচ্যেরং স্তুল্যকর্ম্মণা। কৃত কালব্য
পগমাৎ কৃতকোপি বিমুচ্যতে। নিগ্রহাৎ বড়বা যাস্ত মুচ্যতে
বড়বাহৃতঃ। অর্থ। তোমার দাস আমি বলিয়া যে অনুগত
এবং যুদ্ধেপ্রাপ্ত এবংপণে জিত ইহারা আপনার ওল্য কর্ম্ম
কারী পুরুষা ন্তরদিয়া মুক্তহইবেক। নিয়মকাল উত্তীর্ণ হই
লেই কৃতক মুক্তহয়। দাসীর সহিত সম্ভোগ স্বামী নিবারণ
করিলেই বড় বাহৃত মুক্তহয়। এই রূপ গৃহজাত ও ক্রীতও
লব্ধও পিতাদির দাসও আত্মবিক্রেতাইহাদিগের স্বামিরপ্রাণ
দান কিম্বা স্বামীর প্রসাদ স্বরূপ সাধারণ কারণ ব্যতিরেকে
মোচন নাই বিশেষ কারণ কহেন নাই এই হেতুক। দাস্য
মোচন যাহার কর্ত্তব্য তাহার এই ক্রমেতে করিবেন স্বংদাস
মিচ্ছেন্নুঃ কর্ত্তুম দাসংপ্রীতমানসঃ স্কন্ধাদাদায়তস্যা সৌভিন্দ্যা

• কুম্ভং সহাম্ভসা সাক্ষতাভিঃ সপুষ্পাভি মূর্দ্ধি ত্রিভি রবাকি রং অদাস ইতি চোক্ত্বাত্রিঃ প্রাঙমুখং তমবাসৃজেৎ। অর্থ প্রীতি পূর্ব্বক যিনি আপনার দাসকে অদাস করিতে ইচ্ছা করেন তিনি সেই দাসের স্কন্ধহইতে জলের সহিতকুম্ভভঙ্গ করিবেন এবং আতব তণ্ডুল ও পুষ্পের সহিত জল তাহার মস্তকে তুমি আমার অদাস ইহাকহিয়া তিনবার দিবেন এবং পূর্ব্বমুখ করিয়া তাহাকে ত্যাগ করিবেন। ইহাতিনি ই কহিয়াছেন! প্রব্রজ্যাচ্যুত দাসের মোচন নাই ইহাকহি তেছেন। প্রব্রজ্যাব সিতো রাজ্ঞো দাস আমর ণান্তিকঃ প্রব্রজ্যা শব্দে সন্যাস তাহাহইতে ভ্রষ্ট যে সেযদি প্রায়শ্চি ত্ত ও স্বীকার নাকরে তবে মরণ পর্য্যন্ত রাজারই দাসহয় ইহার মধ্যে মোচন নাই। বর্ণাপেক্ষাতে দাস্য ব্যবস্থা কহি তেছেন। বর্ণানামানু লোম্যেন দাস্যং নপ্রতি লোমতঃ॥ •

॥ অর্থ॥ ব্রাহ্মণাদি বর্ণের অনুলোমেতে করিয়া দাস্যহয় প্রতিলোম্যেতে করিয়াহয়না। অর্থাৎব্রাহ্মণের ক্ষত্রিয় বৈশ্য শূদ্র দাসহয় ক্ষত্রিয়ের বৈশ্য শূদ্র বৈশ্যের শূদ্র স্বধর্ম্ম ত্যাগি পরিব্রাজকের প্রতি লোম্যেতে করিয়াও হয়। যাহা নার দ কহিয়াছেন। বর্ণানাং প্রাতি লোম্যেন দাসত্বংন বিধীয়তে স্বধর্ম্মত্যাগিনোন্যত্রদারবদ্দাসতামতেতি। অর্থ বর্ণদিগেরপ্রতি লোম্যেতে করিয়া দাসত্ব বিহিত হয়না কিন্তু স্বধর্ম্ম ত্যাগি ব্যতিরেকে যেমন বিবাহ প্রাতি লোম্যেতে করিলে ব্যবহার হয়না তাহার ন্যায়। অন্তেবা সারধর্ম্ম কহিতেছেন। কৃত

শিল্পোপিনি বসেৎ কৃত কালং গুরোর্গৃহে অন্তেবাসী গুরু প্রাপ্ত ভোজন স্তৎ ফলপ্রদঃ ॥ ০ ॥

অন্তেবাসী আয়ুর্বেদাদি শিল্প সিক্ষার্থে গুরু গৃহে যাবৎ কাল বাসার্থে স্বীকার করিয়া থাকেন তাবৎ কাল বাসকরিবেন। যদ্যপি যাবৎকাল স্বীকৃত সেকালের মধ্যেই শিল্প বিদ্যাশিক্ষা করিলেই কোন পকারে বাস করেন তবে গুরু হইতেভোজন প্রাপ্ত হইয়াএবং সেই শিল্পবিদ্যা র্জ্জিত দ্রব্য গুরুকে দিয়া বাস করিবেন। নারদ ও ইহাতে বিশেষ দেখাইয়াছেন। স্বশিল্প মিচ্ছন্নাহর্তুং বান্ধবানামনুজ্ঞয়া। আচার্য্য স্যবসেদন্তে কৃত্বাকালং সুনিশ্চিতং। আচার্য্যঃ শিক্ষয়েদেনং স্বগৃহেদত্ত ভোজনং। নচান্যৎ কারয়েৎ কর্ম্মপুত্র বচ্চৈনমাচরেৎ। শিক্ষয়ন্তম সন্দুষ্টং য আচার্য্যং পরিত্যজেৎ বলাদ্বাস য়িতব্যঃ স্যাৎ বধবন্ধৌচ সোর্হতি। শিক্ষিতো ২ পিকৃতং কালমন্তেবাসী সমাপ্নুয়াৎ। তত্র কর্ম্মচ যৎকুর্য্যাদাচার্য্যস্যৈবতৎ ফলং গৃহীত শিল্প সময়ে কৃত্বা চার্য্য প্রদক্ষিণা শিক্ষিত স্যানুমন্যেন মন্তেবাসী নিবর্ত্ততে। অর্থ। আপনার শিল্পবিদ্যা শিক্ষাকরিতে ইচ্ছাকরিয়া পিতাদির অনুজ্ঞাদ্বারা কাল নিয়ম করিয়া আচার্য্যগৃহে বাস করিবেন আচার্য্য ইহাকে আপনারগৃহে ভোজন দিয়া শিক্ষা করাইবেনঅন্য কর্ম্ম করাইবেন না এবং পুত্রের ন্যায় আচরণ করিবেন শিক্ষাকরাইতেছে এবং অদুষ্ট যে আচার্য্যতাহাকে যে পরিত্যাগকরে তাহাকে আচার্য্য বলেতে করিয়া বাস করাইবেন এবং সে তাড়ন বন্ধন যোগ্যহয় নিয়ম কালের মধ্যে শিক্ষি

ত হইয়া ও যদি নিয়ম কালপর্য্যন্ত বাস করেন তাহাতে যেকর্ম্ম করিবেন আচার্য্যের তাহার ফল হইবেক । সিদ্ধগ্রহণ করিয়া আচার্য্যকে দক্ষিণাদিয়া আচার্য্যের সন্তোষ করিয়া অন্তে গৃহে গমনকরিবেন ॥ এই অভ্যুপেত্য শুশ্রূষানামে বিবাদ সমাপ্ত হইল ॥ ॥ ইতি শ্রীলক্ষ্মীনারায়ণ ন্যায়ালঙ্কার বিরচিতে মিতাক্ষরা দর্পণে অভ্যুপেত্য শুশ্রূষণংনামাষ্ট মালোকঃ ॥ ৮ ॥ ০ ॥

সংপ্রতি সম্বিদ্ব্যতি ক্রম নামে বিবাদ কহিতে ছেন । তাহার লক্ষণ নারদ ব্যতিরেকেতে করিয়া দেখাইয়াছেন পাষণ্ড নৈগমাদীনাং স্থিতিঃ সময় উচ্যতে । সময় স্যানপা কর্ম্মতদ্বিবাদ পদং স্মৃতং । অর্থ । আমার গুরুর দিব্য যদি ইহা আমি নাকরি ইত্যাদি আধুনিক শপথ দ্বারা যেব্যবস্থাস্থির করা তাহার নাম সময় তাহার ব্যতিক্রম অর্থাৎ প্রতি পালননা করা যাহাতে সেই বিবাদ পদ হয় । তাহার উপক্রমের নিমিত্তে কিঞ্চিৎ কহিতেছেন ॥ রাজাকৃত্বা পুরে স্থানং ব্রাহ্মণান্ন্য স্যতত্র ও ত্রৈবিদ্যং বৃত্তি মদদ্ব্যাৎ স্বধর্ম্মং পাল্যতামিতি ॥ ০ ॥ —

॥ অর্থ ॥ আপনার পুরে স্থানকরিয়া তাহাতে ব্রাহ্মণ দিগের স্থাপন করিয়া সেই ব্রাহ্মণ সমূহকে তিনবেদাধ্যয়নাদি করাইয়া এবং ভূমিহিরণ্যাদি সম্পত্তি যুক্ত করিয়া স্বধর্ম্ম যে শ্রুতি স্মৃতি বিহিত তাহা তোমার অনুষ্ঠান কর এই রূপ নিযুক্ত হইয়া তাহারা যাহা করিবেন তাহা কহি

তেছেন ।। নিজ ধর্ম্মা বিরোধেন যস্তু সাময়িকোভবেৎ।
সোপিয়ত্নেন সং রক্ষ্যো ধর্ম্মো রাজকৃতশ্চয়ঃ ॥ ০ ॥
অর্থ । শ্রৌত স্মার্ত্ত কর্ম্মের অবিরোধেতে সময় হেতুক নিষ্পন্ন হয় যে ধর্ম্ম অর্থাৎ গোস্থান রক্ষণ জল দেব গৃহ পালনাদি তাহা ও যত্নেতে করিয়া পালন করিবেন এবং নিজ ধর্ম্মের অবিরোধে যাবৎ পথিক দিগের অন্ন দেও এবং আমার সত্রসমূহেতে অশ্ব যাইতে দিওনা ইত্যাদি যে রাজকৃত সময় হেতুক ধর্ম্ম তাহাও পালন করিবে । এই রূপ সময় ধর্ম্ম পালন কর্ত্তব্য কহিয়া তাহার ব্যক্তি ক্রম দণ্ড কহিতেছেন
গণদ্রব্যং হরেদ্যস্তু সংবিদং লঙ্ঘয়েচ্চয়ঃ । সর্ব্বস্বংহরণংকৃত্বাতং রাষ্ট্রা দ্বিপ্রবাসয়েৎ ॥ ০ ॥ যে ব্যক্তি জনসমূহের সাধারণ দ্রব্য হরণ করে এবং জনসমূহের কৃত কিম্বা রাজকৃত সময় যে লঙ্ঘন করে তাহার সর্ব্বস্ব হরণ করিয়া রাষ্ট্র হইতে নির্গত করিয়া দিবেন । এ দণ্ড মহৎ বিষয়ে জানিবা । অল্প বিষয়ে । যোগ্রাম দেশ সংঘানাং কৃত্বাসত্যেন সম্বিদং । বি সংবদেন্নরোলোভাত্তং রাষ্ট্রাদ্বি প্রবাসয়েৎ । নিগৃহ্য দাপয়েদেনং সময় ব্যভিচারিণং । চতুঃসুবর্ণং ষন্নিষ্কং শত মানঞ্চরাজতং ॥ ০ ॥ ০ ॥

॥ অর্থ ॥ যেগ্রামস্থ কিম্বা দেশস্থ সমূহের নিকটে সত্যদ্বারা সময়নিরূপণ করিয়া লোভহেতুক ব্যতিক্রম করে তাহাকে দেশ হইতে নির্গত করিয়া দিবেন কিম্বা নিগ্রহ করিয়া চারি সুবর্ণ কিম্বা ছয়নিষ্ক কিংবা শতরাজত দণ্ড করিবেন । এই মনু কহিয়াছেন দণ্ড । যে দেশে হইতে নির্গমচতুঃ সুবর্ণ ছয়নিষ্ক

শত রাজত তাহার একং জাতিবিশেষ শক্ত্যনুসারে কল্পনা করিবেন। ইহা ও সেই সমুহ দিগের কর্ত্তব্য ইহা কহিতে ছেন। কর্ত্তব্যং বচনং সর্ব্বৈঃ সমুহ হিত বাদিনাং॥ অর্থ॥ জনসমুহের মধ্যে যাহারা সকলে রহিত বাক্য কহে তাহার দিগের বাক্য অন্য সকলেই রক্ষা করিবেন না করিলে দণ্ড ইহা কহিয়াছেন। যস্তত্র বিপরীতঃ স্যাৎসদাপ্যঃপ্রথমং দমং॥ ০॥

সমূহের মধ্যে যে সকলে রহিত বাদী তাহার বাক্যের যে প্রতি বন্ধক করে তাহাকে রাজা প্রথম সাহস দণ্ড করিবেন। রাজাও যেপ্রকার সমূহের প্রতিকরিবেনতাহা কহিতেছেন॥ সমুহ কার্য্য আযাতান্ কৃত কার্য্যান্ বিসর্জ্জয়েৎ। সদান মানসৎ কারৈঃ পূজয়িত্বা মহীপতিঃ॥ ০॥ রাজার কর্ত্তব্য কার্য্য নিষ্পন্ন করিয়া রাজার নিকটে আসিয়াছে সমূহের মধ্যে যাহারা এবং সেই সমূহের কার্য্যশেষ সিদ্ধির নিমিত্তে তাহারদিগের দান মানসৎকারেতে করিয়া সেই রাজা তুষ্ট করিয়াবিদায়করিবেন। সমূহকে দত্তদ্রব্যেরঅপহারীরপ্রতি কহিতেছেন॥ ০॥ সমূহকার্য্য প্রহিতো যল্লভেততদর্পয়েৎ। একাদশ গুণং দাপ্যো যদ্যসৌনার্পয়েৎ স্বয়ং॥ ০॥

॥ অর্থ॥ সমূহের কার্য্যার্থে মহাজনেরা রাজার নিকটে প্রেরণ করিয়াছিলেন যাহাদিগের তাঁহারা রাজার নিকটে যে বস্ত্র হিরণ্যাদি পাইয়াছেন তাহা অপ্রার্থনাতেই মহাজনদিগের নিবেদন করিবেন না করিলে সেই দ্রব্যের একাদশ গুণ দণ্ড দিবেন। এই প্রকার কার্য্য চিন্তক করিবেন

ইহা কহিছেন॥ ধর্ম্মজ্ঞাঃ শুচয়োঽলুব্ধা ভবেযুঃকার্য্যচিন্ত কাঃ। কর্ত্তব্যং বচনং তেষাং সমূহ হিতবাদিনাং॥০॥

॥ অর্থ শ্রৌতস্মার্ত্ত ধর্ম্মাভিজ্ঞ এবং অন্তরবাহ্যশুদ্ধ ধন লোভ রহিতএমনকার্য্য চিন্তকদিগেরকরিবেন। তাহারা যাহা কহে নতাহা অন্যেরা করিবেন। ইদানী ত্রৈবিদ্য দিগের প্রতিপাদিত ধর্ম্ম শ্রেণ্যাদিতে অতিদেশ করিয়াকহিতেছেন॥ শ্রেণি নৈগম পাষণ্ডি গণানামপ্যয়ং বিধিঃভেদংধৈষাংনৃপোরক্ষেৎ পূর্ব্ববৃত্তিঞ্চ পালয়েৎ॥০॥

॥ অর্থ॥ এক প্রকার বাণিজ্য কিম্বা এক প্রকার শিল্পকরে যাহারা তাহাদিগের নাম শ্রেণি যাহারা বেদের আপ্তপ্রণীতত্ব প্রযুক্ত প্রামাণ্য ইচ্ছাকরেন তাঁহারা নৈগম অর্থাৎ পাশুপতাদিরা যাহারা বেদের প্রামাণ্যই মানে না তাহারা পাষণ্ডি অর্থাৎ সৌগতাদি। অস্ত্রোপজীবী প্রভৃতি যে এক কর্ম্মোপজীবী তাহার সমূহের নাম গণ এই চারি প্রকারদিগের এই বিধি যে নিজ ধর্ম্মাবিরোধেন এই বাক্যে যাহা কহিয়াছেন সেই কর্ত্তব্য। এবংএই শ্রেণ্যাদির যেধর্ম্ম ব্যবস্থা রাজা রক্ষা করিবেন। এবং পূর্ব্বে ইহারা যে বৃত্তি গ্রহণকরিয়াছে তাহা রক্ষা করিবেন॥ এই সম্বিদ্ব্যতি ক্রম প্রকরণ সমাপ্ত হইল॥০॥ ইতি শ্রীলক্ষ্মীনারায়ণ ন্যায়ালঙ্কার বিরচিতে মিতাক্ষরা দর্পণে সম্বিদ্ব্যতি ক্রমবিবাদ পদং নাম নবমালোকঃ॥০॥৯॥০॥ —

সংপ্রতি বেতনান পকর্ম্ম নামে ব্যবহার কহিতেছেন। তৎস্বরূপ নারদ কহিয়াছেন। ভৃত্যানাং বেতনস্যোক্তো দানা

দান বিধিক্রমং। বেতনস্যানপাকর্ম্ম বিবাদ পদং স্মৃতং ।
ইহার অর্থ। যাহারা বেতন লইয়া কর্ম্ম করে তাহা দিগের
বেতনের কথিবেন যেশ্লোক তাহাতেকরিয়া উক্তয়ে দানা
দান বিধি ক্রম যে বিবাদ পদে সেই বেতনানপা কর্ম্ম কহেন
তাহাতে নিয়ম কহিতেছেন। গৃহীত বেতনঃকর্ম্মত্যজন্ দ্বিগু
ণমাহরেৎ অগৃহীতে সমং দাপ্য ভৃত্য রক্ষ্য উপাস্করঃ
অর্থ বেতন গ্রহণ করিয়া কর্ম্ম না করিলে দ্বিগুণ বেতন দি
বেন। যদি স্বীকৃত কর্ম্ম বেতননা লইয়াইাহা ত্যাগকরে যে
বেতন তাই দণ্ডদিবেক। কিম্বা স্বামী কৃত বেতন দিয়া বল
দ্বারা কর্ম্ম করাইবেন। কর্ম্মাকুর্ব্বন প্রতি শ্রুত্য কার্য্যোদস্বাভৃ
তিং বলাৎ॥ অর্থ॥ স্বীকারকরিয়া কর্ম্ম না করিলে বেতন
দিয়া বলেতে কর্ম্ম করাইবেন এই নারদ বচন হেতুক।
বেতন ও তিনিই কহিয়াছেন। ভৃত্যায় বেতনং দদ্যাৎ কর্ম্ম
স্বামী যথাক্রমং। আদৌ মধ্যেব সানেবা কর্ম্মণো যদ্বিনিশ্চি
তং॥ অর্থ। বেতন দ্বারা কর্ম্ম কারিকে কর্ম্মের প্রথম কিম্বা
মধ্যে কিম্বা শেষে যেমন নিয়ম থাকে এ সেই ক্রমে বেতন
দিবেন। সেই ভৃত্যেরাও লাঙ্গলাদির উপকরণ যেমত শক্তি
রক্ষা করিবেন যে হেতুক না রক্ষা করিলে কৃষ্যাদি নিষ্পত্তি
হয় না বেতন নির্ণয় না করিয়া যে কর্ম্ম করায় তাহার প্রতি
কহিতেছেন॥ দাপ্যস্তু দশমংভাগং বাণিজ্যং পশু সস্যতঃ।
অনিশ্চিত্য ভৃতিং যস্তু কারয়েৎ সমহীক্ষিতা॥ ০॥
॥ অর্থ॥ যে বণিক্ কিম্বা ক্ষেত্র স্বামীকিম্বা গোস্বামী বেতন
নির্ণয় না করিয়া ভৃত্যকে কর্ম্ম করান তাহা হইতে তিনি

বাণিজ্য গোকৃষি কর্ম্ম হইতে যা পাইবেন তাহার দশমাংশ ভৃত্যকে রাজা দেওয়াইবেন আজ্ঞা নাকরিলে যে কর্ম্ম করে তাহার প্রতি কহিতেছেন॥ ০॥ দেশং কালঞ্চ যোংতীয়াৎ লাভং কুর্য্যাচ্চ যোংন্যথা। তত্রস্যাৎ স্বামিনচ্ছন্দোং ধিকং দেয়ং কৃতেংধিকে॥ ০ ॥

যে নিত্য বিক্রয়াদির উচিত স্থান উচিত কাল দ্রব্য বিক্রয় যদি না করিয়া দর্প হেতুক কিম্বা লোভহেতুক উলঙ্ঘন করে অর্থাৎ অন্য স্থানে অন্যকালে করে এবং সেই স্থানেও সেই কালেইবা অতি শয় ব্যয়াদি দ্বারা বিক্রয়েতে করিয়া লাভ অল্প করে সে ভৃত্যকে বেতন দানে স্বামীর ইচ্ছা যাহাই করিবেন তাহাই দিবেন। যদি দেশ কালা তিক্তত্ব প্রযুক্ত অধিক লাভ করে তবে নিয়মিত বেতনাপেক্ষা অধিকও দিবেন। অনেক ভৃত্য সাধ্য কর্ম্মেতে বেতন দানের প্রকার কহিতেছেন। যোয়াবৎ হ্রুতে কর্ম্ম তাবত্তস ত্ত বেতনং। উভয়োর প্যসাধ্যশ্চেৎ সাধ্যে কুর্য্যৎ যথাশ্রুতং॥০॥

অর্থ যদি পীড়াদি হেতুক এক কর্ম্ম নিয়মিত বেতনে দুই জনে করিতে নাপারে অর্থাৎ অনেকেও নাপারে তবে যে ভৃত্য যত কর্ম্ম করিয়াছে তদয়নুসারে মধ্য স্থরাযে কল্পনা করিবেন তাহাই দিবেন নিয়মিত বেতন দিবেন না। দুইজনের সাধ্যকর্ম্ম দুইজনে নিষ্পন্ন করিলে নিয়মিত বেতন দুই জনকে দিবেন সকল বেতন প্রত্যেককে দিবেননা এবং কর্ম্মা নুরূপ ও কল্পনা করিয়া দিবেননা। অস্ত্র জীবী ও ভার বাহকের প্রতি কহিতেছেন॥ আরাজ দৈবিকং নষ্টং ভাণ্ডং দা

স্যাস্ত্র বাহকঃ পুস্থানবিঘ্নকৃ চ্চৈব পুদাপ্যো দ্বিগুণাং ভৃতিং অর্থ রাজাদৈব বিঘ্নব্যতিরেকে বাহকের অজ্ঞাত প্রযুক্ত বাহক যদি পাত্র নষ্টকরে তবেদোশের অনুসারে দণ্ডকরিবেক তাহা নারদ কহিয়াছেন ভাণ্ডং ব্যসনমাগচ্ছেৎ যদিবাহক দোষতঃ দাপ্যো যত্ত্র নশ্যেত্তু দৈব রাজ কৃতাদৃতে 'অর্থ' দৈবরাজ হেত্তুব্যতিরেক বাহকদোষাধীন যেভাণ্ড নষ্টহই য়াছে তাহার অনুসারে বাহক দণ্ড দিবেন ।

যে ভৃত্য বিবাহের মধ্যে মঙ্গল যুক্ত দিনে বিবাহের নিমিত্তে যে পুস্থান তাহার উপযুক্ত কর্ম্মস্বীকার করিয়া পুস্থান সময়ে আমি করিবোনা ইহা কহিয়া সেই পুস্থানের বিঘ্ন করে সেদ্বি গুণ বেতন দিবেক । অত্যন্ত উৎকৃষ্টের হেত্তুযে কর্ম্ম তাহার পুতি বঞ্চক প্রযুক্ত। আর । পুক্রান্তে সপ্তমংভাগং চত্তুর্থং পথিসন্ত্যজন্। ভৃতি মর্দ্ধ পথেসর্ব্বাং পুদাপ্য স্ত্যাজকোপিচ ॥ অর্থ॥ পুস্থানের উদ্যোগে তাহার উপযুক্ত কর্ম্ম স্বীকার করি যা ত্যাগকরে সে বেতনের সপ্তভাগ দিবেক ভাল ইহাতেই পুস্থান বিঘ্নকৃত ইত্যাদি বচন দ্বারা দ্বিগুণ বেতন কহিয়াছেন ইদানী সপ্তম ভাগ। এইবিরোধ হইল তাহাতে কহিতেছেন। অন্য ভৃত্য গ্রহণের অবসরা সম্ভব হইলে স্বীকৃত যে ত্যাগকরে তাহার সপ্তমভাগ যেপুস্থানলগ্ন সময়েতেই ত্যাগকরে তাহার বেতনদ্বিগুণএই বিরোধনাই যে পথে গমন আরম্ভহইলে কর্ম্ম ত্যাগকরে সেবেতনের চত্তুর্থ ভাগদিবেক। অর্দ্ধপথে কর্ম্ম ত্যাগকরিলে সকলবেতন

দিবেক। যে স্বামী কর্ম্ম ত্যাগনাকরে যে ভৃত্য তাহাকে সেই পর্য্যান সময়ে ত্যাগকরান তিনি ও বেতনের সপ্তভাগ দিবেন ভৃত্যকে। ইহা ও অব্যাধি যুক্তাদি বিষয়ে। ভৃত্যোনার্ত্তো নকুর্য্যাদ্যো দর্পাৎ কর্ম্ম যথোদিতং। সদণ্ড্যঃ কৃষ্ণলান্যষ্টৌ নদেয়ং তস্য বেতন মিতি বচনাৎ। অর্থ। অপীড়িত যেভৃত্য দর্প হেতুক যথোদিত কর্ম্ম নাকরে সে অষ্ট কৃষ্ণলা দণ্ডদিবেক এবং তাহার বেতন ও দিবেননা এই মনু বচন হেতুক। যদি ব্যাধি মোচন হইলে অন্তরিত দিবস পরি গণনাকরিয়া পুরণ করে তবে বেতন পাইবেই ভৃত্য আর্ত্তস্তু কুর্য্যাৎ সুস্থঃ সন যথা ভাষিত মাদিতঃ। সুদীর্ঘস্যাপি কালস্য সংলভেতৈব বেতনং। অর্থ। পিড়ীত ভৃত্য সুস্থ হইয়া পূর্ব্বে যে প্রকার স্বামী কহিয়াছেসেই প্রকার কর্ম্ম করিবেকএবং দীর্ঘ কালের ও আপনার বেতন পাইবেক এই মনুবচন হেতুক। যে পীড়া রহিত হইয়া সুস্থ হইয়া আলস্যাদি হেতু পূর্ব্বারব্ধ কর্ম্মের অল্প শেষনাকরে কিম্বা পর দ্বারা ও সমাপন নাকরে তাহাকে বেতন দিবেননা যাহা মনুকহিয়াছেন যথোক্তমার্ত্তস্বস্থোবাযস্তৎ কর্ম্মনকারয়েত্। নতস্য বেতনং দেয় মল্পোণিস্যাপি কর্ম্মণঃ॥ অর্থ॥ পীড়িতস্বস্থ হইয়া যে যথোক্ত অল্পবিশিষ্ট কর্ম্ম না করে তাহাকেবেতন দিবেন না এই বেতনা দান প্রকরণ সমাপ্ত হইল॥০॥ ইতি শ্রীলক্ষ্মী নারায়ণ ন্যায়ালঙ্কার বিরচিতে মিতাক্ষরা দর্পণে বেতনা দান বিবাদ পদং নাম দশমালোকঃ॥০॥১০॥ ইদানীদ্যুত সমাহ্বয় নামে বিবাদ আরম্ভ করিতেছেন॥ তাহার স্বরূপ

নারদ কহিয়াছেন। অক্ষবধ্রশ শলাকাদ্যৈ দেবনং জিহ্মকারিতং। পণক্রীড়াবযোভিশ্চ পদং দ্যূত সমাহ্বয়ং ॥ অর্থ ॥ অক্ষপদে পাশা, বধ্রশব্দে চর্ম্মের পটিকা সলাকাশব্দে হস্তি দন্তাদিদ্বারা কৃতদীর্ঘচও সুশলাকা। আদিশব্দহেতুক চতুরঙ্গ ক্রীড়ারহস্তি অশ্বাদিদ্বারা কসল পণ পূর্ব্বক ক্রীড়া করে। তেমনি কুক্কুটপারাবতাদি পক্ষিদ্বারা এবং মল্লও মেষ মহিষাদি দ্বারা পণ পূর্ব্বক যে ক্রীড়া সে উভয় ক্রমেতে দ্যূতসমাহ্বয় নামে বিবাদ পদ। তাহাতে অপ্রাণি দ্বারা ক্রীড়ার নামদ্যূত প্রাণি দ্বারা ক্রীড়ার নাম সমাহ্বয় তাহা মনু কহিয়াছেন। অপ্রাণি ভির্যৎ ক্রিয়তে তল্লোকে দ্যূত মুচ্যতে। প্রাণিভিঃ ক্রিয়মাণস্তু সবিজ্ঞেয়ঃসমাহ্বয়ঃ। তাহাতে দ্যূতসভার অধিকারীর বৃত্তি কহিতেছেন। গ্লহেশতিক বৃদ্ধেস্তু সভিকঃ পঞ্চকং শতং। গৃহ্নীয়া দ্ধূর্ত্ত কিতবাদিত রাদ্দশকংশতং॥ ০॥ —

॥ অর্থ ॥ অক্ষক্রীড়কের পরস্পর কল্পিত যে পণ তাহার নাম গ্লহ সেই গ্লহে এক শতের অধিক বৃদ্ধি হইলে দ্যূত সভাধ্যক্ষ ক্রীড়ক হইতে পঞ্চ আপনার বৃত্তির নিমিত্তে লইবেন। এবং জিতগ্লহ হইতে বিংশতি ভাগের এক ভাগ লইবেন ক্রীড়কেরদিগের নিবাসের নিমিত্তে সভা যাহার আছে তিনি সভিক কল্পিত অক্ষাদি সকল ক্রীড়ার উপযুক্ত উপকরণ দ্রব্য দ্বারা উপজীবিকা তাহার তিনিই সভাধিকারী। যে দ্যূত কারের গ্লেহে পরিপূর্ণ শতবৃদ্ধি লয় তাহা হইতে এক শত জিত দ্রব্যের দশ ভাগের এক ভাগ লইবেন। এই রূপ. ক্লিপ্তবৃত্তি যে সভিকের তিনি কি করিবেন ইহা কহিতে

চ্ছেন। সসভ্যক পালিয়েৎ দিদ্যাৎ রাজ্ঞে ভাগং যথাকৃতং।
জিত মুদ্গ্রাহয়েজ্জেত্রে দদ্যাৎ সত্যংবচঃক্ষমী॥ ০॥
॥ অর্থ॥ এই রূপ ক্লিপ্ত বৃত্তিয়ে সভিকের তিনি রাজা কর্ত্তৃক ধূর্ত্তকিতবদিগের হইতে রক্ষিত হইয়া রাজাকে যে মন পাইয়াছেন তেমনি অংশ দিবেন। এবং যে প্রকার যে দ্রব্য কিতবে রাজয় করিয়াছে তাহা বন্ধক গ্রহণ বোধনাদি দ্বারা পরাজিত ব্যক্তি হইতে উদ্ধার করিয়া সেই ধন জয়ীকে সভিক দিবেন। তেমনি ক্ষমাযুক্ত হইয়া সত্য বাক্য বিশ্বাসার্থে দ্যুত কারেরদিগের দিবেন। তাহা নারদকহিয়াছেন। সভিকঃকারয়েদ্দ্যুতং দেয়ং দদ্যাচ্চতৎ কৃতং। অর্থ সভিক দ্যুত ক্রীড়াকরাইবেন এবং তৎকৃত দেয় দ্রব্যও দিবেন যদি সভিক দেওয়াইতে না পারেন তবে রাজা দেওয়াইবেন। এই কহিতেছেন। প্রাপ্তে নৃপতি না ভাগে প্রসিদ্ধে ধূর্ত্তমণ্ডলে। জিতং সসভিকে স্থানে দাপয়ে দন্য থানও॥ ০। অপ্রচ্ছন্ন এবং রাজা ধ্যক্ষের সহিত এবং সভিকের সহিত যে কিতব সমাজ তাহাতে জিত এবং অবিপ্রতিপন্ন এমন পণ সভিক রাজ ভাগ দিলে রাজা দেওয়াইবেন। প্রচ্ছন্ন এবং সভিকরহিত এবং রাজ ভাগনা দিয়াছে যে কিতব সমাজ তাহাতে জিতয়ে পণ তাহা দেওয়াইবেন না জয় পরাজয়েতে বিপ্রতিপন্ন হইলে নির্ণয়ের উপায় কহিতেছেন॥
দষ্টারো ব্যবহারাণাং সাক্ষিণশ্চত এবহি॥ ০॥
॥ অর্থ দ্যুত ব্যবহারে বিচার কর্ত্তা সভ্যরাজা কিতরদিগের ই করিবেন শ্রুতাধ্যয়ন সম্পন্নদিগের করিবেন। এমন নিয়ম

নাই। এবং দ্যূত ব্যবহারের সাক্ষী কিতবদিগেরই করিবেন তাহাতে স্ত্রী বালক বৃদ্ধ কিতবাদিদিসের যে নিষেধ তাহা নাহি। কোন স্থলে দ্যূত নিষেধের নিমিত্তে দণ্ড কহিতেছেন রাজা সচিহ্ন নির্বাস্যা কূটাক্ষোপধি দেবিনঃ॥ ০॥

॥ অর্থ। মতিবঞ্চনের হেতু যে মণি মন্ত্রৌষধাদি তাহার দ্বারা অক্ষাদিতে করিয়া যাহারা ক্রীড়াকরে তাহাদিগের কুক্কুর পদাদির চিহ্নদিয়া রাজাআপনার রাষ্ট্রহইতেনির্ব্বাস করিবেন। নারদ নির্ব্বাসনে বিশেষ কহিয়াছেন। কূটাক্ষ দেবিনঃ সাপান্ রাজা রাষ্ট্রাদ্বিবাসয়েৎ। কণ্ঠেক্ষ মালামা সজ্য সহ্যেষাং বিনয়ঃস্মৃতঃ। অর্থ মায়া করিয়া যাহারা অক্ষ ক্রীড়াকরে তাহাদিগের কণ্ঠেরাজা অক্ষমালা দিয়া সে পাপীদিগের রাষ্ট্র হইতে বিবাসকরিবেন। যে হেতুক সেই তাহাদিগের দণ্ড কহিয়াছেন॥ যেও মনু বচন সকলদ্যূত নিষেধ পর। এই যে। দ্যূতং সমাহ্বয়ঞ্চৈবয়ঃকুর্য্যাৎকারয়েতবা। তান্সর্বান্ ঘাতয়েদ্রাজা শূদ্রাংশ্চ দ্বিজলিঙ্গিনঃ॥ অর্থ দ্যূত এবং সমাহ্বয় যে করে কিম্বা করায় রাজা সে সকলকে বধ করিবেন এবং দ্বিজচিহ্নধারী শূদ্রকে ও বধ করিবেন॥ ইত্যাদি সেও মায়া দ্বারা অক্ষক্রীড়া যাহারা করে সে বিষয়ে এবং রাজাধ্যক্ষ সভিক রহিত দ্যূত ক্রীড়াবিষয়েতেও জানিবা। আরদ্যূতমেক মুখং কার্য্যংতস্করজ্ঞান কারণাৎ॥ ০॥ অর্থ রাজাধ্যক্ষ ও সভিকের সহিত যে দ্যূত তাহাকে দ্যূতের মধ্যে প্রধান করিবেন চৌরজ্ঞানের কারণ হেতুক। চৌরজ্ঞান হয় তাহাতে এই প্রয়োজন বিবেচনা করিয়া করিবে

ন কিতবে রাপ্সায়ই চৌরইয়ি এইহেতুক। দূ্যতের ধর্ম্ম সমা
হুয়েতে অতি দেশ করিয়া কহিতেছেন॥ ০॥ এযএব বি
ধিজ্ঞেয়ঃ প্রাণি দূ্যতে সমাহ্বয়ে॥ ০ ॥

অর্থ ॥ পণেশত বৃদ্ধি হইলে পঞ্চমাংশ লইবেন ইত্যাদিযে
দূ্যতে ধর্ম্ম কহিয়াছেন তাহাই মল্লমেষ মহিষ দিপ্রাণি
দ্বারা ক্রীড়াযে সমাহ্বয় তাহাতে ও জানিবা। এই দূ্যত সমা
হ্বয় প্রকরণ সমাপ্ত হইল ॥০॥ ইতি শ্রীলক্ষ্মী নারায়ণ
ন্যায়ালঙ্কার বিরচিতে মিতক্ষরা দর্পণেদূ্যত সমাহ্বয়ংনামৈ
একাদশো লোকঃ॥ ০॥ ১১ ॥ ০ ॥—

ইদানী বাক্ পারুষ্য প্রস্তুত করিতেছেন। তাহার লক্ষণ
নারদ কহিয়াছেন। দেশ জাতি কুলাদী নামা ক্রোশং ন্যঙ্গ
সংযুক্তংযদ্বচঃপ্রতিকূলার্থং বাক্পারুষ্যং তদুচ্যতে। অর্থ। দেশ
জাতি কুলাদির আক্রোশ এবং মন্দ এবং যাহাতে করিয়া
উদ্বেগহয় এমন বাক্যের নাম বাক পারুষ্য আক্রোশ শব্দে
রূঢ়করিয়া কহা। তাহাতে গৌড়েরা বড় কহলি প্রায় এরূপ
উচ্চকথনেরনাম দেশাক্রোশ ব্রাহ্মণেরা বড়লুব্ধ এরূপ উচ্চকথ
নের নাম জাতি বিষয়ে আক্রোশ। বিশ্বামিত্র সন্তানেরা ক্রূ
র চরিত্র এরূপ উচ্চকথন কুলাক্রোশ আদি শব্দ গ্রহণ হে
তুক বিদ্যা শিল্পাদি নিন্দাদ্বারা বিদ্যা শিল্পাদি যুক্ত পুরু
ষের আক্রোশ গ্রহণ তাহা ও দণ্ড তারতম্যের নিমিত্তে নিষ্ঠু
রাদি ভেদেতে করিয়া তিন প্রকার করিয়া তাহার লক্ষণ
তিনিই কহিয়াছেন নিষ্ঠুরা শ্লীলতী ব্রত্বাত্ত দপি ত্রিবিধং
স্মৃতং। গৌরবানুক্র মাত্তস্য দণ্ডো পিস্যাৎ ক্রমাদ্গুরুঃ॥

সাক্ষেপং নিষ্ঠুরং জ্ঞেয় মশ্লীনং ন্যঙ্গসং যুতং। পতনীয়ৈ রূপ ক্রোশৈ স্তীব্রমাহু র্মনীষিণঃ॥ অর্থ বাক পারুষ্য নিষ্ঠুর অশ্লীন তীব্র। এই তিন প্রকার কহিয়াছেন। যে যত অধিক ক্রমেতে তাহাতে ততদণ্ড। আক্ষেপের সহিত হইলে নিষ্ঠুর আনিবানঙ্গ যুক্ত হইলে অশ্লীল হয়। পাতি ত্যাদি দ্বারা আক্রোশ হইলে পণ্ডিতেরা তীব্র কহেন। তাহাতে মূর্খ কে ধিক ইত্যাদি বাক্য সাক্ষেপ ন্যঙ্গশব্দে অসভ্য অনিষ্ট যে ভগিন্যাদি গমন বোধক বাক্য সেই অশ্লীন তুমি সুরা পান কর ইত্যাদি মহাপাতকাদি যুক্ত বাক্যের নাম তীব্র তাহাতে আপনার বর্ণ বিষয়ে নিষ্ঠুরা ক্রোশ হইলে দণ্ড কহিতেছেন। সত্যা সত্যান্য থাস্তোত্রৈ র্ন্যূনাঙ্গে ন্দ্রিয় রো গিনাং। ক্ষেপং করোতি চেদ্দণ্ডঃ পণানর্দ্ধ ত্রয়ো দশঃ॥ •॥ অর্থ বক্র হস্ত পাদাদি যাহাদিগের এবং শ্রবণাদি রহিত যাহারা। এবং দুশ্চর্ম্ম প্রভৃতি রোগী যাহারা তাহার দিগের সত্যেতে করিয়া অসত্যেতে করিয়া এবং অন্য প্রকার স্তবে তে করিয়া যেভৎ সনাকরে তাহাকে অর্দ্ধের সহিত ত্রয়ো দশপণ দণ্ড করিবেন দুই চক্ষু হীনকে এই অন্ধ এবাক্য কহিলে সত্যহয় চক্ষু বিশিষ্টকে এই অন্ধএবাক্য অসত্য যে বিকৃতা কৃত তাহাকে সুদৃশ্য তুমিই আছ এই বাক্যঅন্য প্রকারেস্তব। কাণখঞ্জাপ্যথবা খঞ্জ মন্যংবাপিতথাবিধং। ভথ্যে নাপিব্রুবন্ দাপ্যোদণ্ডং কার্ষাপ ণাবরং। অর্থকাণ। খঞ্জ এবং সেই প্রকার অন্য তাহাদিগের সত্যেতে করিয়া ও কাণখঞ্জাদি কহিলে ন্যূনপক্ষেকার্ষাপণ দণ্ড করিবেন এই

যেমন বচন সে অতি দুর্ব্বচন বিশয়ে। যদি পুত্রাদি মাত্রাদি কে ভৎসনা করেন তবে পুত্রাদিকে একশত দণ্ড করিবেন ইহা তিনিই কহিয়াছেন। মাতরং পিতরংজায়াং ভ্রাতরংশ্বশুরং গুরুং আক্ষারয়ন্ শতং দাপ্যঃ পন্থানং চাদদদগুরোঃ ॥ অর্থ মাতা পিতা ভার্য্যা ভ্রাতাশ্বশুর গুরু ইহাদিগের ভৎসনা করিলে এবং গুরুকে পথপ্রদান ও না করিলে শতপণ দণ্ড করিবেন। ইহা ও মাত্রাদিগুরু লোকেরা সাপরাধ হইলে এবং ভর্য্যানির পরাধিনী হইলে জানিবেন। অশ্লীলাক্ষেদণ্ড কহিতেছেন। অভিগন্তাস্মি ভগিনীংমাতরংবাতবেতিহ। শপন্তং দাপয়ে দ্রাজা পঞ্চবিংশতিকং দমং ॥ ০ ॥ ত্বদীয় ভাগিনীকে কিম্বা মাতাকে গমন করি আমি এই রূপ ভৎসনা যে করে কিম্বা তোমার জায়াকে গমন করিআমি এরূপ ভৎসনা যেকরে তাহার রাজা পঞ্চবিংশতি পণদণ্ড করিবেন। এই প্রকার সমান গুণযুক্ত ব্রাহ্মণাদি বর্ণেতে দণ্ড কহিয়া অসমান গুণ যুক্তের দণ্ডকহিতে ছেন। অর্দ্ধোধমেষু দ্বিগুণঃ পরস্ত্রী যূত্তমে যুচ ॥ ০ ॥

ভৎসনাকর্ত্তার অপেক্ষাতে যাহাকে ভৎসনা করেন সেন্যুন বৃত্তাদি গুণ যুক্তহইলে পঞ্চ বিংশতি পণের অর্দ্ধ দণ্ড করিবেন এবং পরভার্য্যাকে ভৎসনা করিলে অবিশেষেতে পঞ্চ বিংশতি পণ দ্বিগুণ দণ্ড এবং ভৎসনা কর্ত্তার অপেক্ষাতে অধিক শ্রুত বৃত্তাদি যুক্তকে ভৃতশনা করিলে ও পঞ্চাশৎ পণ দণ্ড করিবেন ব্রাহ্মণাদি বর্ণের এবং মূর্দ্ধা বসিক্তাদিজাতি দিগের পরস্পর ভৎসানাতে দণ্ড কহিতেছেন। দণ্ড প্রণয়নং

ক্রাব্যং বর্ণ জাত্যুত্তরাধরৈঃ ॥ অর্থ ব্রাহ্মণাদি বর্ণ এবং মূর্দ্ধাব সিক্তাদি ইহারা পরস্পর ভৎসনা করিলে উত্তমাধম বিবেচনা দ্বারা দণ্ড কল্পনা করিবেন যেমন মূর্দ্ধাবসিক্ত ব্রাহ্মণ হইতে অধম ক্ষত্রিয় হইতে উত্তম তাহাকে ভৎসনা ব্রাহ্মণ করিলে ক্ষেত্রিকে ভৎসনা নিমিত্ত যে পঞ্চাশৎ পণদণ্ড তাহাহইতে কিঞ্চিদধিক যে পঞ্চ সপ্ততি অর্থাৎ পঁচাত্তর তাহা দণ্ড দিবেন। ক্ষত্রিয় ও মূর্দ্ধার সিক্তকে ভৎসনা করিয়া ব্রাহ্মণ ভৎসন নিমিত্ত যেশত পণ দণ্ড তাহার ন্যূন যে পঞ্চ সপ্ততি পণ তাহা দণ্ড দিবেন। এবং মূর্দ্ধা বসিক্ত ও সেই ব্রাহ্মণ ক্ষত্রিয়কে ভৎসনা করিবেন পঞ্চ সপ্ততি পণই দণ্ডদিবেন। মূর্দ্ধা বসিক্ত এবং অম্বষ্ঠ উভয়ের পরস্পরাক্ষেপ হইলে ব্রাহ্মণ ক্ষত্রিয় উভয়ের পরস্পর আক্ষেপ নিমিত্ত যে দণ্ড তাহাই যথাক্রমে জানিবা। এমনি অন্যত্র ও কল্পনাকরিবা। এই রূপ সবর্ণবিষয়ে দণ্ড কহিয়া ব্রাহ্মণাদিবর্ণ দিগের প্রতি লোম ক্রমেতে আক্ষেপে দণ্ড কহিতেছেন। প্রাতি লোম্যাপবাদেষু দ্বিগুণ ত্রিগুণাদমাঃ বর্ণা না মানু লোম্যেন তস্মাদর্দ্ধার্দ্ধহানিতঃ। ০।

অর্থ। ব্রাহ্মণের ক্ষত্রিয় বৈশ্য আক্ষেপ করিলে ক্রমেতে শত পণ এবং অর্দ্ধ সহিত শত পণ দণ্ড জানিবা শূদ্রের ব্রাহ্মণকে আক্ষেপ করিলে তাড়না কিম্বা জিহ্বাচ্ছেদন দণ্ড হয় যে প্রকার মনুকহিয়াছেন। শতং ব্রাহ্মণ মাক্রুশ্য ক্ষত্রিয়ো দণ্ড মর্হতি বৈশ্যোপ্যর্দ্ধ শতং দ্বেবা শূদ্রস্তুবধমর্হতি॥ অর্থ। ক্ষত্রিয় ব্রাহ্মণকে আক্ষেপ করিলে শতপণ দণ্ড দিবে

ন বৈশ্য সার্দ্ধশতপণ কিম্বা দুই শতপণ শূদ্র ব্রাহ্মণকে আক্ষে প করিলে বধের যোগ্য হয়। এবং বৈশ্য শূদ্রের ক্ষত্রিয়কে আক্ষেপ করিলেশতপণ এবং সার্দ্ধ শত পণ ক্রমেতে দণ্ডকরি বেন শূদ্রের বৈশ্যকে আক্রোশ করিলে শতপণ দণ্ড কিন্তু অনুলোম ক্রম এইযে ক্ষত্রিয় বৈশ্য শূদ্র দিগের ব্রাহ্মণ আক্রোশ করিলে ব্রাহ্মণকে আক্রোশ নিমিত্ত যেশত পণ ক্ষত্রিয়ের দণ্ড তাহা হইতে প্রতি বর্ণে অর্দ্ধের অর্দ্ধের হানি করিয়া অবশিষ্ট যে পঞ্চাশত ও পঞ্চ বিংশতি ও সার্দ্ধ দ্বাদ শপণ দণ্ড ক্রমেতে ব্রাহ্মণের দণ্ড করিবেন। তাহা মনু কহি য়াছেন। পঞ্চাশৎ ব্রাহ্মণো দণ্ড্যঃ ক্ষত্রিয় স্যাভি সংশনে। বৈ শ্যে স্যাদর্দ্ধ পঞ্চাশৎ শূদ্রে দ্বাদশ কোদম। অর্থা। ব্রাহ্মণ ক্ষত্রি য়কে আক্রোশ করিলে পঞ্চাশৎ পণ দণ্ডকরিবেন বৈশ্যকে আক্রোশ করিলে পঞ্চবিংশতি পণদণ্ড শূদ্রকে আক্রোশ করিলে সার্দ্ধ দ্বাদশ পণ দণ্ড করিবেন। ব্রাহ্মণ রাজন্য বৎ ক্ষত্রিয় বৈশ্যয়োঃ অর্থব্রাহ্মণ ক্ষত্রিয়ের ন্যায় ক্ষত্রিয়বৈশ্যে র ও দণ্ডএই গৌতম স্মৃতি হেতুক। বিট শূদ্র যোরেব মেব স্বজাতি প্রতিতত্বত ইতি মনু স্মৃতিহেতুক। পুনর্ব্বার নিষ্ঠুরা ক্ষেপ কেঅধিকার করিয়া কহিতেছেন বাহুগ্রী বানেত্র সক্থি বিনাশে বাচিকে দমঃ। শত্য স্তদর্দ্ধিকঃ পাদ নাশাকর্ণ করাদিষু॥ ০ ॥

অর্থ বাহুগ্রীবা চক্ষু উরু ইহার এক এক বাক্য দ্বারা নষ্টকরি লে অর্থাৎ তোমার বাহুছেদন করিব ইত্যাদি রূপবাক্য কহিলে শতপণ দণ্ড জানিবা। পাদনাশা এবং কটিদেশ

প্রভূতি বাক্য দ্বারা ছেদন করিলে পঞ্চাশৎ পণ দণ্ড জানিবা আর অশক্তস্ত বদন্নেবদণ্ড নীয়ঃ পণান্দশ তথাশক্তে.প্রতিভুবং দাপ্যঃ ক্ষেমায়ত স্যও। অর্থ। যেহুবাদি দ্বারাক্ষীণ শক্তিহই য়া তোমারবাহু ভঙ্গ করিবো ইত্যাদিবাক্যকহে তাহার দশ পণ দণ্ডকরিবেন। যে সমর্থ হইয়া ক্ষীণ শক্তিজনকে পূর্ব্বে রন্যায় আক্ষেপ করে তাহার পূর্ব্বোক্ত শতাদি দণ্ড করিয়া সেই অশক্তের রোগাদি শমনার্থে প্রতিভূ দেওয়াইবেন অর্থাৎ রাজা॥ আরতীব্রাক্রোশ দণ্ড কহিতেছেন॥ পতনীয় কৃতেক্ষেপে দণ্ডোমধ্যম সাহস উপপাতক যুক্তেও দাপ্যঃ প্র থম সাহসঃ। ০॥

অর্থ। পাতিত্যের হেতু যে ব্রহ্মহত্যাদি তাহার দ্বারা বর্ণি দিগের আক্ষেপ করিলে মধ্যম সাহস দণ্ড করিবেন। উপ পাতক যেগোহত্যা তাহার দ্বারা বর্ণি দিগের আক্ষেপ করিলে প্রথম সাহস দণ্ড করিবেন। আর ত্রৈবিদ্য নৃপ দেবানাংক্ষেপ উত্তম সাহসঃ। মধ্যমো জাতি পূগানাংপ্রথ মো গ্রাম দেশয়োঃ ; ০।

অর্থ বেদত্রয় অধ্যয়ন করিয়াছেন যাহারা তাহা দিগের এবং রাজা দিগের এবং দেবতা দিগের আক্ষেপ করিলে উত্তম সাহস দণ্ড করিবেন। যাহারা ব্রাহ্মণ মূর্দ্ধাবসিক্তাদি জাতির সমূহ তাহাদিগের আক্ষেপ করিলে মধ্যম সাহস দণ্ড করিবেন গ্রাম দেশের প্রত্যেকেরআক্ষেপে প্রথম সাহস দণ্ড জানিবা। এই বাক পারুষ্য নাম বিবাদ প্রকরণ সমাপ্তঃ হইল॥ ০॥ ইতি শ্রীলক্ষ্মী নারায়ণ ন্যায়ালঙ্কার বিরচিতে

মিতাক্ষরা দর্পণে বাক্ পারুষ্য বিবাদপদং নাম দ্বাদশা লোকঃ ॥ ০ ॥ ১২ ॥ ০ ॥—

সম্প্রতি দণ্ড পারুষ্য প্রস্তুত করিতেছেন তাহার স্বরূপ নারদ কহিয়াছেন পরগাত্রে স্বভি দ্রোহে হস্ত পাদা যুধা দিভিঃ। ভস্মাদি ভিশ্চোপ ঘাতো দণ্ড পারুষ্য মুচ্যতে ॥ অর্থ স্থাবর জঙ্গম স্বরূপ দ্রব্যে হস্ত পাদ অস্ত্রাদি দ্বারা যেদুঃখোৎপত্তি করণ তেমনি ভস্ম পঙ্কবিষ্টাদি দ্বারা সংস্পর্শণ রূপয়ে মনো দুঃখোৎপত্তিকরণ সে উভয়ের দণ্ড পারুষ্য দণ্ড যাহার দ্বারা করে তাহার নাম দণ্ড অর্থাৎ শরীরে তাহাতে করিয়া যে পারুষ্য অর্থাৎ বিরুদ্ধাচরণ তাহার নাম দণ্ডপারুষ্যতাহার অব গোরণাদি করণভেদে ত্রৈবিধ্যকহিয়া হীন মধ্যম উত্তম দ্রব্য ত্রৈবিধ্য হেতুক পুনর্বার ত্রৈবিধ্য তিনিই কহিয়াছেন ॥

তস্যাপি দৃষ্টং ত্রৈবিধ্যংহীন মধ্যোত্ত মক্রমাৎ। অবগোরণ নিঃসঙ্গ পাতনক্ষত দর্শনৈঃ। হীন মধ্যোত্তমানান্ত দ্রব্যাণাং সমতি ক্রমাৎ ত্রীণ্যেবসাহ সান্যাহুস্তত্র কণ্টক শোধন মিতি ॥ অর্থ ॥ দণ্ড পারুষ্যেরও ত্রৈবিধ্য দৃষ্ট আছে হীন মধ্যম উত্তম ক্রমতে। আঘাতে উদ্যম এবংনি শঙ্কাতে আঘাতএবং ক্ষত দর্শন যাহাতে হয় এমন আঘাত। অর্থাৎ এই তিন প্রকার। হীন মধ্যম উত্তম দ্রব্যের অতিক্রম হেতুক তিনিই সাহস জন্য দণ্ড পারুষ্য এ প্রকার দণ্ড পারুষ্যেতে দুষ্ট শিষ্ট শিক্ষা কর্ত্তব্য ॥ তেমনি বাক্ পারুষ্য দণ্ড পারুষ্য উভয়েরই কলহ প্রবৃত্ত হইলে মধ্যে যে ক্ষমাপন্ন হয় তাহার কেবল

দণ্ডাভাব নয় কিন্তু পূজ্যও হয়। তেমনি প্রথম কলহে প্রবর্ত্ত যে তাহার গুরু দণ্ড হয়। কলহেতে শত্রুতার অনুসন্ধান যে করে তাহারও দণ্ড। তেমনি উভয়ের অপরাধ বিশেষনাজা নিতে পারিলে সমান দণ্ড তেমনি চণ্ডালাদিরা শ্রেষ্ঠ লোকের অপরাধ করিলে তাহাদিগের সজ্জনেরাই দণ্ড দানের অধিকারী তাহারা না পারিলে রাজা বধ করিবেন। অর্থ গ্রহণ করিবেন না এই পঞ্চ প্রকার বিধি তিনিই কহিয়াছেন॥

বিধিঃ পঞ্চবিধ স্তুক্ত একয়োরু ভয়োরপি। পারুষ্যেসতি সম্ভাবাদুৎপন্নে ক্রুদ্ধযোর্দ্বয়োঃসমান্যতেয়ঃক্ষমতে। দণ্ডভাগোতি বর্ত্ততে। পূর্ব্বমাক্ষারয়েদ্যস্তু নিযতং স্যাৎ সদোষভাক্। পাশ্চাদ্যঃসোহপ্যসৎকারী পূর্ব্বে তুবি নযোগুরুঃ। দ্বয়োরাপন্ন যোস্তুল্য মনুবধ্নাতিয়ঃপুনঃ। সতযোর্দণ্ডমাপ্নোতি পূর্ব্বে বায়দিবেতয়ঃ। পারুষ্য দোষা বৃতযো যুগপৎ সংপ্রবৃত্তয়োঃ। বিসেষশ্চেন্নলক্ষ্যোত বিনয়ঃস্যাৎ সমস্তয়োঃ। স্বপাক চণ্ডচাণ্ডাল ব্যঙ্গেষু বধবৃত্তিষ্মুহস্তিপস্রাতদাসেষুগুর্ব্বাচার্য্যনৃপেষুচ। মর্য্যাদা তিক্রমে সদ্যোঘাত এ বানুশাসনং। যমেবহ্যতি বর্ত্তেরন্নেতে সন্তংজনংনৃযু। সএব নির্ণয়ং কুর্য্যান্নতদ্বিনযভাঙ্গৃপঃ মলাহ্যেতে মনুষ্যাণাং ধন মেষাং মলাত্মকংঅতস্তান্ ঘাত যেদ্রাজানার্থ দণ্ডেন দণ্ডয়ে দিতি॥ ০ ॥—

॥ অর্থ॥ পঞ্চপ্রকারবিধি কহিয়াছেন বাক্ পারুষ্য উভয়েই তাহা ক্রুদ্ধ হইয়া উভয়ের যুদ্ধ হেতুক পারুষ্য হইলে মধ্যে যে ক্ষান্ত হয় সে মান্য হয় যে অতিক্রম করে সে দণ্ড ভাগী হয়। পূর্ব্বে যে পারুষ্য করে নিয়ত সে দোষ ভাগী হয়।

পশ্চাৎ যে পারুষ্য করে সেও অপরাধী কিন্তু পূর্ব্ব ব্যক্তির দণ্ড গুরু। বিবাদকারী উভয়ের বিবাদের অনুবন্ধ যে করে কিম্বা উভয়ের মধ্যে যে এক জন করে সে সেই উভয়ের তুল্য দণ্ড পাইবেক কিম্বা প্রথম করিলে পর ব্যক্তি করিলে সেই পাইবেক। পারুষ্যদোষ যুক্ত হইয়া একদা যদি উভয়েই বিবাদ প্রবৃত্ত হয় এবং বিশেষ ও লক্ষ হয়না। তবে তাহাদিগের সমান দণ্ড। প্রাণিবধই বৃত্তি যাহারদিগের এমন যে স্বপাক অর্থাৎ ম্লেচ্ছ বিশেষ চণ্ড চাণ্ডাল এবং ব্যঙ্গ ওহস্তিরক্ষক ও সংস্কার হীন ও দাস ইহারা গুরু আচার্য্য রাজা ইহাদিগের মর্য্যাদা ভঙ্গ করিলে তৎক্ষণাৎ বধই সাসন মনুষ্যের মধ্যে যে সাধুকে ইহারা অতিক্রম করিবেন তিনিই নির্ণয় করিবেন তাহার দণ্ড রাজা লইবেন না যে হেতুক মনুষ্য দিগের এই সকল পাপ এবং ইহারদিগের যে ধন সেও পাপস্বরূপ। এই হেতুক রাজা ইহাদিগের বধ করিবেন অর্থ দণ্ড দ্বারা সাসন করিবেন না। দণ্ড পারুষ্য নির্ণয় পূর্ব্বক দণ্ড প্রদান এই হেতুক দণ্ড পারুষ্যে রসন্দেহ হইলে তাহার নির্ণয়ের হেতু কহিতেছেন। অসাক্ষিক হতে চিহ্নে যুক্তি ভিশ্চা গমেনচ। দৃষ্ট ব্যোবাবহার স্তকূট চিহ্নকৃতো ভয়াৎ ॥১০॥ অর্থ ॥ যদি কোন জন গোপন স্থানে আমাকে এ ব্যক্তি তাড়ন করিয়াছে ইহা রাজা ক নিবেদন করে তবে ক্ষতাদি চিহ্ন দ্বারা এবং কারণ ও প্রয়োজন আলোচনা পা যুক্তি দ্বারা এবং জনাপবাদ দ্বারা কিম্বা দ্রব্য দ্বারা এবং দণ্ড স্বরূপ কূটচিহ্নকরণের সম্ভাবনার ভয় হেতুক তাহার নির্ণয়

করিবেন। এই প্রকার নিশ্চিত হইলে সাধন বিশেষেতে করি য়া দণ্ড বিশেষ কহিতেছেন॥ ভস্মপঙ্কর জস্পর্শে দণ্ডোদশ পণ স্মৃতঃ। অমেধ্যপার্ষ্ণি নিষ্ঠীবস্পর্শনেদ্বিগুণস্তুতঃ। সমেষ্বেব পরস্ত্রীষু দ্বিগুণস্তূত্ত মেষুচ। হীনেষ্বর্দ্ধদমোমোহম দাদিভির দণ্ডনং স্মৃ॥ ০॥

॥ অর্থ॥ ভস্মও পঙ্কও ধূলি ইহা দ্বারা পরকে যে তাড়ন করে তাহার দশ পণ দণ্ড। এবং শ্লেষ্ম বিষ্ঠাদি অপবিত্র দ্রব্য দ্বারা এবং পায়ের পশ্চাৎ ভাগ দ্বারা এবং নিষ্ঠীবন দ্বারা তাড়ন করিলে দশপণের দ্বিগুণ দণ্ড। বিষ্ঠাদি তাড়নে কাত্যা য়ন বিশেষ কহিয়াছেন॥ছর্দ্দিমূত্র পুরীষাদ্যৈ রাপাদঃ সচ তুর্গুণঃ ষড়্গুণ কায মধ্যেস্যাম্মূর্দ্ধ্নিত্বষ্টগুণঃ স্মৃতঃ ॥ অর্থ ॥ বমি এবংমুত্রও বিষ্ঠা ইত্যাদি দ্বারা তাড়ন করিলে দশ পণে রচতুর্গুণ দণ্ড শরীরের মধ্য দেশে তাড়নে ছয় গুণ। এবং মস্তকে তাডনে অষ্টগুণ এ দণ্ড সবর্ণ বিষয়েজানিবা। এবং পরভার্য্যা তাডনে এবং আপনার অপেক্ষা উত্তমে তাডনে পূর্ব্বোক্ত দশপণ হইতে এবং বিংশতিপণ হইতে দ্বিগুণ দণ্ড জানিবা। আপনার অপেক্ষা হীনেতে পূর্ব্বোক্তের অর্দ্ধ দণ্ড অর্থাৎ পঞ্চপণ দশপণ জানিবা। মোহহেতুক এবংমদ্য পানাদি দ্বারা মত্ততা হেতুক ভস্মা দি দ্বারা তাডনেও দণ্ড কর্ত্তব্য নয়। পাতি লোমাতে করিয়া অপরাধকরিলেদণ্ড কহিতেছেন। বিপ্রপীডা করং ছেদ্যমঙ্গমব্রাহ্মণস্য তুউদ্গুর্ণে প্রথমোদণ্ডঃ সংস্পর্শেওতদর্দ্ধিকঃ। ০। —

॥ অর্থ॥ ব্রাহ্মণের পীডাকারক ক্ষত্রিয়াদির যে কর পাদা

দি অঙ্গ তাহা ছেদন কর্ত্তব্য। এবং ক্ষত্রিয় বৈশ্যেরও পীড়াকর শূদ্রের অঙ্গ ছেদন কর্ত্তব্য যে নকেন চিদঙ্গেন হিংস্যাৎ শ্রেয়াংসমন্ত্যজঃ। ছেত্তব্যং তত্তদেবাস্যেত মানোরনুশাসনং॥ অর্থ॥ যে যে অঙ্গেতে করিয়া দ্বিজাতিকে শূদ্র হিংসা করিবেন সেই সেই অঙ্গচ্ছেদন কর্ত্তব্য সেই মনু শাসন। এই দ্বিজাতি মাত্রের অপরাধে শূদ্রের অঙ্গচ্ছেদ বিধান হেতুক। বৈশ্যের ও ক্ষত্রিয় অপরাধে এই দণ্ড যুক্তি হেতুক বধের নিমিত্তে শস্ত্রাদি উদ্যত করিলে প্রথম সাহস দণ্ড। শূদ্রের সস্ত্রাদি উদ্যমত্তহস্তাদি ছেদনই। হস্ত কিম্বা দণ্ড উদ্যত করিলে হস্তচ্ছেদন যোগ্য হয় এই মনু স্মৃতি হেতুক প্রতি লোম্যাপরাধে এই রূপ দণ্ড কহিয়া পুনর্ব্বার সজাতিকে অধিকার করিয়া কহিতেছেন॥ উদ্গূর্ণে হস্তপাদে ও দশবিংশতি কৌদমৌ। পরস্পরন্তু সর্ব্বেষাং শস্ত্রে মধ্যম সাহসং॥ ০ । ০ । ০ ॥

হস্ত ও পাদ তাড়নের নিমিত্তে উদ্যত করিলে দশপণ ও বিংশতি পণ ক্রমেতে দণ্ড জানিবা এবং পরস্পর বধের নিমিত্তে শস্ত্র উদ্যৎ করিলে সকল বর্ণেরই মধ্যম সাহস দণ্ড। আর পাদ কেশাং শুক করোলুঞ্চনেষু পাণান্ দশ। পাড়াকর্ষাং শুকা বেষ্ট পাদ্যাধ্যা সেশতং দমঃ॥ ০ ॥

॥ অর্থ॥ পাদকে শবস্ত্র হস্ত ইহার মধ্যে ত্রকাহণ করিয়া যে আকর্ষন করে তাহাকে দশপণ দণ্ড করিবেন এবং বস্ত্র দ্বারা বেষ্টন করিয়া নিষ্পীড়ন করিয়া আকর্ষন করিয়া পাদদ্বারা আঘাত করিলে শতপণ দণ্ড করিবেন। আর।

শোণিতেন বিনাদুঃখং কুর্ব্বন্ কাষ্ঠাদি ভির্নরঃ। দ্বাত্রিং শতং পণং দণ্ডো দ্বিগুণো দর্শনেসৃজঃ ॥ ০ ॥ অর্থ ॥ রক্ত দর্শন নহে যাহাতে এমন করিয়া কাষ্ঠাদি দ্বারা যে তাড়ন করে তাহাকে বাত্রিশ পণ দণ্ড করিবেন। রক্ত দর্শন হইলে তাহা রদ্বিগুণ দণ্ড চর্ম্মমাংস অস্থিভেদেমনু বিশেষ দেখাইয়াছেন ত্বগ্ভেদিকঃ শতং দণ্ড্যো লোহিতস্য চদর্শকঃ। মাংস্য ভেত্তাচ ষন্নিষ্কান্ প্রবাস্যস্ত্বস্থি ভেদকঃ। অর্থ চর্ম্ম ভেদ করিলে শত পণ দণ্ড এবং রক্ত দর্শন করায যে তাহাকে এবং মাংস ভেদ কর্ত্তাকে দেশ হইতে বহির্গত করিবেন। আর করপাদ দন্তো ভঙ্গেচ্ছেদনে কর্ণনাশয়োঃ। মধ্যোদণ্ডো ব্রণাভেদে মৃতকল্প হতেতথা ॥ ০ ॥ অর্থহস্তপাদদন্তের প্রত্যেক ভঙ্গকরিলে এবং কর্ণনাশার এক এক ছেদন করিলে এবং প্রসিদ্ধ ব্রণের উদ্ভেদ করিলে এবং মৃতকল্প যে প্রকার তাড়ন করিলে মধ্যমসাহস দণ্ড জানিবা। অনু বন্ধাদিতে করিয়া বিষয়ের তুল্যতা করিবেন আর চেষ্টাভোজন বাগ্রোধে নেত্রাদি প্রতি ভেদনে। কন্ধরা বাহু শক্থ্যঙ্ক ভঙ্গেমধ্যম সাহসঃ। গমন ভোজন বাক্য রোধ করিলে এবং চক্ষু জিহ্বাভেদ করিলে এবং গ্রীবা বাহু শক্থ অর্থাৎ উরু এসকলের এক এক ভঙ্গ করিলে মধ্যম সাহস দণ্ড। আর। একং ঘ্নতাং বহুনাঞ্চ যথোক্তাদ্দ্বিগুণোদমঃ অর্থযদি অনেকেমিলিত হইয়া একের অঙ্গভঙ্গাদিকরেতবে যে অপরাধে যে দণ্ড কহিয়াছেন সেই অপরাধে সেই দণ্ডের দ্বিগুণ দণ্ড প্রত্যেকের জানিবা। তাহারা অতিক্রুর এই

৪২

হেতুক। প্রাতিলোম্যে এবং আনুলোম্যেতে ও এই সবর্ন দ্বিগুণ কথিত দণ্ডের বাক পারুষ্যোক্ত ক্রমেতে করিয়া হানি এবং বৃদ্ধিকল্পনা করিবেন॥ বাক পারুষ্যে যত্রোক্তং প্রাতিলোম্যানু লোমতঃ। তত্রৈব দণ্ড [illegible] দাপ্যাঃ [illegible]

॥ অর্থ ॥ বাক পারুষ্য প্রাতিলোম্যেতে অনু লোমে [illegible] দণ্ড কহিয়াছেন সেই সকল [illegible] দণ্ড পারুষ্যে [illegible] রাজা দেওয়াইবেন। আর কলহাপ হৃতং দেয়ং দণ্ডশ্চ দ্বিগুণ স্মৃতঃ

অর্থ। কলহ থাকিতে যে যাহা অপাহরণ করিয়া থাকে সে দ্রব্য সে অর্পণ করিবেক এবং দ্বিগুণ দণ্ডও দিবেক আর দুঃখমুৎ পাদয়েৎ যস্ত সমুত্থান জং ব্যয়ং। দাপ্যো দণ্ডঞ্চ যো যস্মিন কলহে সমুদা হৃতঃ [illegible]॥

অর্থ যে যাহার তাড়নাধীন দুঃখ উৎপাদন করে সে তাহার সেতাড়নাদি নিমিত্তে ব্রণাদির ঔষধার্থে ও পথ্যার্থে যেব্যয় করে তাহা দিবেক। এবং সেইমাত্রই নয় যেকলহের যেদণ্ড তাহা ও দিবেক। পর গাত্রাভি দ্রোহে দণ্ড কহিয়া তাহার পর বাহ্য দ্রব্য নষ্ট করিলে দণ্ড কহিতেছেন। অভিঘাতে তথাচ্ছেদে ভেদে কুড্যাব পাতনে। পণান্ দাপ্যঃ পঞ্চদশ বিংশতিং তদ্ব্যয়ন্তথা॥ ০ ॥

অর্থ। মুদ্গরা দিদ্বারা কুড্যের অভি ঘাত করিলে এবং বিদীর্ণ করিলে এবং দুই তিন খণ্ড করিলেক্রমেতে পঞ্চপণ দশ পণ বিংশতি পণ দণ্ড জানিবা। অব পাতন করিলে এই তিনই দণ্ড দিবেন এবং সেই কুড্যকরিতে যে ব্যয় তাহাও দিবেক আর দুঃখোৎ পাদি গৃহে দ্রব্যং ক্ষিপন্ প্রাণহরন্তথা

ষোড়শাদ্যঃ পণান্ দাপ্যো দ্বিতীয়ো মধ্যমং দমং॥ ০॥

অর্থ পর গৃহে দুঃখ জনক কণ্টকাদি ক্ষেপণ করিলে দশপণ দণ্ড করিবেন এবং প্রাণ নাশক যে বিষ সর্পাদি তাহা ক্ষেপণ করিলে মধ্যম সাহস দণ্ড করিবেন পশুদ্রোহ করিলে দণ্ড কহিতেছেন দুঃখেচ শোণিতোৎপাদে শাখাঙ্গ চ্ছেদনে তথা দণ্ডঃ ক্ষুদ্র পশূনাং স্যাৎ দ্বিপণ প্রভৃতি ক্রমাৎ ॥ ০ ছাগল মেষহরিণাদি রূপ ক্ষুদ্র পশুর তাডনাদি দ্বারা দুঃখোৎপাদনে এবং রক্ত পাত করণে এবং শাখাচ্ছেদনে এবং অঙ্গচ্ছেদনে ক্রমেতে দ্বিপণাদি দণ্ড হইবেক শাখাপদে প্রাণ সঞ্চার রহিত শৃঙ্গাদি অঙ্গ। দ্বিপণাদি পদে দ্বিপণ চতুষ্পণ ষটপণ অটপণ ইত্যাদি রূপ কিন্তু দ্বিপণ ত্রিপণ চতুষ্পণ পঞ্চপণ ইত্যাদি রূপ নয় কেহ২ কহিয়াছেন। অপরাধের গৌরব হেতুক প্রথম দণ্ড হইতে গুরুতর পরের তিন দণ্ড এই জ্ঞান হয় তাহাতে অশ্রুতত্ব দ্বিত্রি সংখ্যার অবলম্বন হইতে বরং শ্রুত যেদ্বি সংখ্যা তাহারই ক্রমেতে দ্বিগুণ সংখ্যা অবলম্বনেতে করিয়া দণ্ডের গুরুতা সম্পাদন কর্ত্তব্য এই সকল নির্দোষ। আর লিঙ্গস্য চ্ছেদনে মৃত্যৌ মধ্যমো মূল্যমেবচ। মহাপশুনামেতেষু স্থানেষু দ্বিগুণোদমঃ ॥ ০ ॥

॥ অর্থ ॥ সেই ক্ষুদ্র পশু দিগের লিঙ্গ চ্ছেদনে এবং মারণে মধ্যম সাহস দণ্ড পশুস্বামিকে ও মূল্য দিবেন। হস্তি অশ্ব প্রভৃতি মহাপশু দিগের এই সকল অপরাধ স্থলে পূর্ব্বোক্ত দণ্ডের দ্বিগুণ দণ্ড স্থাবরাভি দ্রোহে দণ্ড কহিতেছে

ন। প্ররোহি শাখিনাং শাখাস্কন্ধসর্ব্ব । কারণে উপজীব্যক্র মাণাঞ্চ বিংশতির্দ্বিগুণে দমঃ ॥ ০ ॥

অর্থ যেশাখা ছেদনকরিয়াবপন করিলে ভূমিকাণ্ডেই অ্ রহয় এমন শাখা যে বৃক্ষদিগের তাহা দিগের নাম প্ররোহি শাখী অর্থাৎ বটাদিতাহা দিগের শাখা ছেদনে এবং স্কন্ধছেদনে স্কন্ধশব্দে গুঁড়ি এবংমূলেরসহিত বৃক্ষছেদনে বিংশতি পণ আরম্ভকরিয়া উত্তরোত্তর দ্বিগুণ দণ্ড কহিয়া ছেন ইহা এই হয় বিংশতি পণ। ও চত্বা বিংশৎ পণ ও অশীতি পণ। এই রূপ তিন দণ্ড ক্রমেতে শাখাছেদনাদি অপরাধে হয়। অপ্ররোহিশাখী কিন্তুফলাদিভোগকরাজায় এমন যে আম্রাদি বৃক্ষ তাহাদিগের পূর্ব্বোক্তা পরাধে যুর্ব্বো ক্তই দণ্ড। অপ্ররোহি এবং ফলাদি ভোগ নয় এমনবৃক্ষদি গের উক্তাপরাধে দণ্ড কল্পনা করিবেন। বৃক্ষ বিশেষের প্রতি কহিতেছেন॥ চৈত্যস্মশান সীমা সুপুণ্যস্থানেসুরালয়ে জাতক্রমাণাং দ্বিগুণোদমোবৃক্ষেৎ থাবাশ্রুতে ॥ ০ ॥ ০ ॥—

॥ অর্থ ॥ চৈত্যস্মশান। সীমা। এসকলস্থানে উৎপন্ন যেবৃক্ষ এবং পুণ্য স্থানে। দেবালয়ে। উৎপন্ন বৃক্ষদিগেরশাখাছেদ নাদিতে উক্ত দণ্ড হইতে দ্বিগুণ দণ্ডএবং বিখ্যাত অশ্বত্থা দি বৃক্ষ ছেদনেও দ্বিগুণ দণ্ড গুল্মাদির প্রতি কহিতেছেন গুল্মগুচ্ছক্ষুপলতাপ্রতানৌষধিবীরুধাং। পুর্ব্ব স্মৃতার্দ্দণ্ডঃস্থানে যুক্তেষু কর্ত্তনে ॥ ০ ॥ —

॥ অর্থ ॥ গুল্ম শব্দে অতি দীর্ঘনয় এবং বিড়লতা যাহার অর্থাৎ মালতী প্রভৃতি। গুচ্ছ শব্দে লতা নয় এমন নিবীড়

শাখাযুক্ত বৃক্ষ গুল্মাদি ক্ষুপশব্দেযাহার শাখা জন্মা প্রাদি অল্প এমন বৃক্ষকরবীরাদি এবং লতা প্রতানাশব্দেকোও প্ররো হরহিত সরলগামিনী লতা বিশেষ ঔষধি শব্দে যাহাদিগের ফল পক্ক হইলেই নাশ হয় ধান্যক দলী প্রভৃতি এবং বীরুধ শব্দে ছিন্না হইলেও যাহাদিগের অঙ্কুর হয় গুলঞ্চ প্রভৃতি ইহাদিগের পূর্ব্বোক্ত স্থান ছেদন করিলে পূর্ব্বোক্ত দণ্ড হইতে অর্দ্ধ দণ্ড জানিবা। এই দণ্ড পারুষ্য প্রকরণ সমাপ্ত হইল ॥ ০ ॥ ইতি শ্রীলক্ষ্মী নারায়ণ ন্যায়ালঙ্কার বিরচিতে মিতাক্ষরা দর্পণে দণ্ড পারুষ্য বিবাদ পদং নাম ত্রয়োদশো লোকঃ॥ ০॥ ১৩॥ ০॥—

সম্প্রতি সাহস নামে বিবাদ পদব্যাখ্যা করিতে ইচ্ছা করিয়া তাহার লক্ষণ কহিতেছেন॥ যথা॥ সামান্য দ্রব্য প্রসভ হরণাৎ সাহসং স্মৃতং॥ ০॥ —

॥ অর্থ ॥ সাধারণ দ্রব্যের কিম্বা পরকীয় দ্রব্যের যে অপ হরণ তাহার নাম সাহস। কি হেতুক হটাৎ কার বলেতে করিয়া হরণ হেতুক। কহিয়াছেন সে এই রাজ দণ্ড লোক নিন্দা উল্লঙ্ঘন করিয়া রাজ পুরুষ ভিন্ন লোকের সাক্ষাৎ যে অপহরণ মারণ পরস্ত্রী ধর্ম্মনাশাদি সেসকল সাহসএই সাহস লক্ষণ এই হেতুক সাধারণ ধন পরধন উভয়ের যে হরণ সেও বলেতেকরিয়া করেএই প্রযুক্তসাহস। সেই এইসাহস চৌর্য্য বাক পারুষ্য দণ্ড পারুষ্য স্ত্রী সংগ্রহণ এই সকলে নিযুক্ত হইলেও বল ও দর্পও অবষ্টম্ভ এই সকল প্রকারভেদে ভিন্ন হয় এই হেতুক দণ্ডাধিক্যের নিমিত্তে পৃথক তাহারও

এ বৈচিত্র্য জ্ঞাপনের নিমিত্তে প্রথমাদি ভেদেতে করিয়া ত্রৈবিধ্য কহিয়া তাহার লক্ষণ তিনিই কহিয়াছেন॥ তদ্ যথা॥ ত্রিবিধং সাহসং প্রথমং মধ্যমং তথা উত্তমঞ্চেতি শাস্ত্রেষু তেষ্বোক্তং লক্ষণং পৃথক্॥ ০॥ ০॥ ইতি

॥ অর্থ॥ সাহস তিন প্রকার অর্থাৎ প্রথম মধ্যম উত্তম শাস্ত্রে কহিয়াছেন তাহার লক্ষণও পৃথক কহিতেছেন যথা। ফল মূলোদকাদীনাং ক্ষেত্রোপকরণ স্যচ। ভঙ্গাক্ষেপাপমর্দ্দা দ্যৈঃ প্রথমং সাহসং স্মৃতং। বাসঃপশ্বন্নপানানাং গৃহোপকরণ স্যচ। এতেনৈব প্রকারেণ মধ্যমং সাহসং স্মৃতং। ব্যাপাদো বিষশস্ত্রাদ্যৈঃ পরদারাভি মর্ষণং। প্রাণপরাধি যচ্চান্য দুক্তমুক্তম সাহসং। তস্য দণ্ডাস্ত্রয়ঃ পেক্ষ্যাপ্রথম স্যশ তাবরঃ মধ্যমে স্যত্ত শাস্ত্রজ্ঞৈঃদৃষ্টঃপঞ্চশতাবরঃ। উত্তমে সাহসে দণ্ড সহস্রাবর ইষ্যতে। বধঃসর্ব্বস্বহরণংপুরান্নির্ব্বাস নাঙ্কনে। তদঙ্গ চ্ছেদ ইত্যুক্তো দণ্ড উত্তম সাহস ইতি॥ অর্থ॥ ফল মূল জল ইত্যাদির এবং ক্ষেত্রের উপকরণ যে লাঙ্গলাদি ইহাদি গের ভঙ্গ ক্ষেপণ মর্দ্দনাদি করিলে প্রথম সাহস কহিয়াছেন। বস্ত্র। পশু। অন্ন। জল গৃহের উপকরণ এ সকলের ভঙ্গ ক্ষেপণ মর্দ্দনাদিতে করিয়া মধ্যম সাহস কহিয়াছেন। বিষ শস্ত্রাদি দ্বারা মারণ এবং পরদার গমনএবং অন্যও যে প্রাণ নাশক ব্যাপার সে সকল উত্তম সাহসকহিয়াছেন। সেই ত্রিবিধ সাহসের কর্ম্ম বিবেচনা করিয়া দণ্ড হইবে তাহাতে প্রথম সাহসের ন্যূন পক্ষে শতপণ। মধ্যম সাহসের শাস্ত্র জ্ঞেরা ন্যূন পক্ষেপঞ্চশতপণ দেখাইয়াছেন। উত্তম সাহসে

সহস্রপণ ন্যূনপক্ষে দণ্ড করেন। বধ। সর্ব্বস্বহরণ। পুরী হই তে নির্ব্বাস করণএবং চিহ্ন করণ এবং যে অঙ্গদ্বারা অপরাধ সেই অঙ্গ ছেদন এই সকল উত্তম সাহসে দণ্ড কহিয়াছেন উত্তম সাহসে অপরাধি বিশেষেতে বধাদির প্রত্যেক কিম্বা যাবৎ নিযুক্ত করিবেন তাহার মধ্যে প · · পাহরণ স্বরূপ সাহসে দণ্ড কহিতেছেন ॥ যথা ॥ অমূল্যাদ্দ্বিগুণোদণ্ডো নিহ্নবেত · · ॥ ০ ॥

॥ অর্থ ॥ সেই অপহৃত দ্রব্যের মূল্য হইতে দ্বিগুণ দণ্ড যে সাহস করিয়া আমি করিনাই ইহা কহিয়া অপহ্নব করে তাহার মূল্য হইতে চতুর্গুণ দণ্ড। এই বিশেষ দণ্ডবিধান হেতুকপ্রথম সাহসাদির সামান্য দণ্ডবিধান অপাহার ব্যতি রিক্ত বিষয়ে এই জ্ঞান হয় সাহসিকের প্রেরণ কর্ত্তারপ্রতি কহিতেছেন ॥ যথা ॥ যঃসাহসং কারয়তি সদাপ্যোদ্দ্বিগুণং দমং যশ্চৈব মুক্ত্বাহং দাতা কারয়েৎ সচতুর্গুণং ॥ ০ ॥

॥ অর্থ ॥ যে সাহস কর এই বাক্যই কহিয়া সাহস করায় তাহাকে সাহসিক হইতে দ্বিগুণ দণ্ড করিবেন। যে আমি তোমাদিগের এত ধন দিব তোমরা কর এই কথা কহিয়া সাহস করায় তাহাকে চতুর্গুণ দণ্ড করিবেন ॥ সাহস বিশে যের প্রতি কহিতেছেন ॥ যথা ॥ অর্য্যাক্রোশাতি ক্রমকৃদ্ভ্রাতৃ ভার্য্যাপ্রহারকঃ। সন্দিষ্টস্যাপ্রদাতাচ সমুদ্র গৃহভেদকৃৎসামন্ত কুলিকাদীনাম পকারস্য কারকঃ পঞ্চাশতং পণিকো দণ্ড এষা মিতি বিনিশ্চয়ঃ ॥ ০ ॥

॥ অর্থ ॥ পূজ্যয়ে আচার্য্যাদি তাহার দিগের আক্ষেপ কিম্বা

জাতিক্রমধৈ করে যে ভ্রাতৃভার্য্যাকে তাড়ন করে যে স্বীকৃত দ্রব্য না প্রদান করে যে বদ্ধ গৃহ উদ্ঘাটন করে যে প্রতিবাসি দিগের এবং আপনার কুলোৎপন্ন ব্যক্তিদিগের অপকার করে এবং স্বগ্রামস্থ ও স্বদেশস্থ দিগের ও অপকার করে সেসকলকে পঞ্চাশৎ পণ দণ্ড দ্বারা দণ্ড করিবেন। আর স্বচ্ছন্দ বিধবা গামী বিক্রুষ্টে নাভিধাবকঃ। অকারণেন বিক্রোষ্টা চণ্ডাল শ্চোত্তমং স্পৃশন্। শূদ্রপ্রব্রজিতানাস্তু দৈবে পৈত্রে চ ভোজকঃ অযুক্তং সপথং কুর্ব্বন্ যোগ্যোহযোগ্য কর্ম্মকৃত। বৃষক্ষুদ্রপশূনাস্তু পুংস্ত্বস্য প্রতিঘাতকঃ। সাধারণস্যা পলাপী দাসীগর্ভ বিনাশকৃৎ পিতৃ পুত্র স্বসৃভ্রাতৃ দম্পত্যা চার্য্য শিষ্যকাঃ। এষামপতিত ান্যোন্য ত্যাগীচ শত দণ্ড ভাক্। অর্থ। নিযোগ ব্যতিরেকে যিনি স্বেচ্ছাধীন বিধবা গমন করেন। চৌরাদি ভয়াকুল ব্যক্তি আর্ত্তনাদ আহ্বানাদি করিলে যিনি ক্ষমতা পন্ন হইয়া তাহাতে না গমন করেন যে বৃথা আক্রোস করে যে চণ্ডাল ব্রাহ্মণাদিকে স্পর্শ করে যে শূদ্রপ্রব্রজিত দিগের দৈবকর্ম্মে কিম্বা পিতৃকর্ম্মে ভোজন করায়। যে অযুক্তসপথ করে যে যে শূদ্রা দিরূপ অযোগ্য হইয়া যোগ্য যে ব্রাহ্মণাদি তাহার অধ্যাপনাদি রূপ কর্ম্ম করে। বৃষ ও ছাগলাদি ক্ষুদ্র পশু তাহাদিগের পুংস্ত্ব নাশ করে যে সাধারণ দ্রব্য বঞ্চনা করে যে এবং দাসীর গর্ভ পাত করায় যে পিতাপুত্র ভগিনী ভ্রাতা আচার্য্য ইহারা পতিত না হইলে ও যাহারা পরস্পর ত্যাগ করে সেসকলেই প্রত্যেকে শতপণ দণ্ড যোগ্য হয়। এই সাহস প্রকরণ

সমাপ্তহইল ॥ ০ ॥ ইতি শ্রী লক্ষ্মী নারায়ণ ন্যায়ালঙ্কার বিরচিতে মিতাক্ষরা দর্পণে সাহস বিবাদ পদনাম চতুর্দশা লোকঃ ॥ ০ ॥ ১৪ ॥ ০ ॥—

সাহস প্রসঙ্গ হেতুক তাহার সদৃশ অপরাধেতে রজকাদির দণ্ড কহিতেছেন ॥ বসান স্ত্রীন্ পনান্ দণ্ড্যো রজকস্ত্বপরাংশুকং । বিক্রয়াবক্রয়া ধান যাচিতে সুপণান্ দশ ॥ সংস্কারের নিমিত্তে যে বস্ত্রদিয়াথাকে তাহার রজক পরিধানাদি করিলে তিন পণদণ্ড । বিনেক যে রজক সেই বস্ত্র বিক্রয় করে কিম্বা এই কালপর্য্যন্ত পরিধানাদির নিমিত্তে তোমাকে একবস্ত্র দিলাম এতবন আমাকে দিবা এই রূপবাক্য দ্বারা ভাটক প্রদান করে ভাটক শব্দে ভাড়া । কিম্বা বন্ধক দানকরে কিম্বা সুহৃদ লোকেরে যাচিতপ্রদান করে এই সকল পূর্ব্বোক্ত অপরাধে দশপণ দণ্ড দিবেক । সেই সকল বস্ত্র যদি কাচিলনয় তবে শাল্মল ফলকতাহাতেক্ষালনকরিবে । শাল্মলশব্দে শিমুল বৃক্ষ ফলক শব্দে পাটা । পাষাণে ক্ষালন করিবেনা এবং বিপর্য্যয়ও করিবে না । এবং আপনার গৃহে ওরাখিবে না ইহার অন্যথা করিলে দণ্ড যোগ্য হয় । শাল্মলে ফলকে শ্লক্ষ্ণে নির্ণ্যাজ্যাং-বাসাং সিনেজকঃ । নচবাসাং সিবাসোভি নির্হরেৎ নচবাসয়েৎ । অর্থ । সূক্ষ্ম শাল্মল ফলকে রজক বস্ত্র ক্ষালন করিবেক বস্ত্র সকল বস্ত্র দ্বারা অবকর্ষণ করিবেক না এই মনু স্মৃতিহেতুক যদি বস্ত্র অনবধানে নষ্ট হয় তবে নারদোক্ত দেখিবা যথা ॥ মূল্যাষ্ট ভাগোহীয়েতসকৃদ্ধৌতস্য

বাসসঃ। দ্বিঃ পাদ স্ত্রিস্তৃতীয়াংশশ্চতুর্দ্ধৌতেঽর্দ্ধ মেবচ ॥ অর্দ্ধক্ষয়াত্তু পরতঃ পাদাংশাপচয়ঃ ক্রমাৎ যাবৎ ক্ষীণদ শঞ্জীর্ণং জীর্ণ স্যানিয়মঃ ক্ষয় ইতিঃ ॥ ০ ॥

অর্থ ॥ অষ্টপণেতে ক্রীত যে বস্ত্র সে এক বার ধৌত হইয়া থাকে তাহাকে যদি নষ্ট করে তবে অষ্টম ভাগেতে ঊণ যে তাম্রিক পণ তাহার এক ভাগ দিবে দুই বার ধৌত যে বস্ত্র তাহার পাদোন পণদ্বয় ত্রিবার ধৌতের তৃতীয়াংশ ন্যূন দিবে। চারিবার ধৌতের পণ চতুষ্টয় ন্যূন দিবে তার পর প্রতি ধৌতের অবশিষ্ট মূল্য পাদ অপচয়ে দিবে। অ তিজীর্ণ বস্ত্র নাশেতে ইচ্ছামূল্য কল্পনা জানিবে ॥ পিতা পুত্র বিরোধে ও সাক্ষি নাস্ত্রি পণোদমঃ। অন্তরে চতয়ো যঃসাত্ত স্যাপ্যষ্ট গুণোদমঃ। অর্থ। পিতা পুত্রের কলহে তে যে সাক্ষ্য অঙ্গীকার করে কলহ নিবারণ করেনা সেসা ক্ষী তিন পণ দণ্ডদিবে। যে পুনর্ব্বার তাহাদের প্রতিজ্ঞা বিবা দে পণ দানেতে জামিন হয় এবং তাহাদের কলহ বঞ্চন করে তবে সেই ত্রিপণের অষ্টগুণ তস্মাৎ চতুর্বিংশতি পণ দণ্ড দিবে। এবং দম্পত্যাদি কলহে এই মত জানিবে ॥ তুলা শাসন মানানাং কুট কৃন্নাশ কস্যচ। এভিশ্চ ব্যবহ র্ত্তারঃ সদাপ্যোদণ্ড মুত্তমং ॥ ০ ॥

তুলাপদে তোলন দণ্ডা শাসন পূর্ব্বে কহিয়াছেন। মান প্রস্থ দ্রোণ আঢাপ্রভৃতি নাশক মুদ্রাতে চিহ্নিত। এ সকলের যে কুট করে দেশ প্রসিদ্ধ পরিমাণ হইতে অন্যথা করে। ন্যূনকিম্বা অধিক অব্যবহার মুদ্রিত তাম্রাদি গর্ত্তেতে বাদেয় যে সে

ই কূট জানিয়া ব্যবহার করে এই দুই জনে উত্তম সাহ্ সেতে দণ্ড নীয়হয় । নাশক পরীক্ষণের প্রতি কহিয়াছেন অকূটং কূটকং ব্রূতেকূটং যশ্চাপ্য কূটকং সনাশক পরীক্ষাও দাপ্য উত্তম সাহসং ॥ ০ ॥

॥ অর্থ ॥ যে পুনর্ব্বার মাণাদির পরীক্ষা কর্ত্তা তাম্রাদি গর্ভ যেমান দ্রব্যাদি তাহাকেপ্রমাণবলে যেপ্রমাণ তাহাকেন্যূনাধি করলে এ ও উত্তম সাহসের দণ্ড নীয়হয় ॥ চিকিৎসকের প্রতি কহিয়া ছেন । ভিষগ্মিথ্যাচরন্ দাপ্যস্তি র্যক্ষু প্রথম দমং । মানুষে মধ্যমং রাজ মানুষে যুত্তমং দমং ॥ ০ ॥

॥ অর্থ ॥ যে বৈদ্য মিথ্যা প্রতারণাতে আয়ুর্বেদ নাজা নিয়া জীবনো পায়ের নিমিত্ত চিকিৎসা আমি জানি ইহা কহিয়া গোঅশ্বাদির মনুষ্য রাজ পুরুষের চিকিৎসা করে এই ব্যক্তি যথা ক্রমেতে প্রথমমধ্যম উত্তম সাহস দণ্ড নীয়হয় তত্রাপি তির্য গাদিতে মূল্য বিশেষ দ্বারা জাতিবি শেষ দ্বারা রাজার প্রত্যাশক্তি বিশেষ দ্বারা দণ্ডের গুরু লঘু ভাবকল্পনা করিবে ॥ অবধ্যং যশ্চব ধ্নাতি বধ্যং যশ্চ প্র মুঞ্চতি অপ্রাপ্ত ব্যবহারঞ্চ সদা প্যোদণ্ডমুত্তমং ॥ ০ ॥ অর্থ॥ দণ্ডানর্হ অনপরাধিকে যে রাজা জ্ঞাব্যতিরেক বন্ধন করে । যে বাঁধাকে বিবাদের নিমিত্ত আনিয়া অনিবৃত্ত ব্য বহারে ছাড়িয়া দেয় এব্যক্তি উত্তম সাহসে দণ্ড নীয়হয় মানেন তুলয়া বাপি যোং শমষ্ট মকং হরেৎ । দণ্ডং সদা প্যোদ্বিশত্ম বৃদ্ধৌ হানৌচ কল্পিতং ॥ যে বণিক ধান্য কা র্পাসাদির পণের অষ্টমাংশ কূট মাণের দ্বারা কূটতুলা দ্বারাবা

অন্য প্রকার অপহরণ করে এই ব্যক্তি দুই শত পণ দণ্ড নীয় হয়। অপহৃত দ্রব্যের বৃদ্ধিতে হানিতে দণ্ডের ও বৃদ্ধি হানী কল্পনা করিবে। ভেষজ স্নেহলবণ গন্ধধান্য গুড়াদিনু। প্ণ্যেষু প্রক্ষিপ্য হীন স্থানাদ্দোপ্যঃ স্তুষোড়শ॥ অর্থঃ॥ ভেষজ পদে ঔষধ দ্রব্য স্নেহ পদে ঘৃতাদি। গন্ধদ্রব্য উশীরমলি না দি শব্দে হিঙ্গুমরিচাদি ইহাতে সার দ্রব্য বিক্রয়ের নিমি ত্তে নি ম্ন করে যে ব্যক্তি সে ষোড়শ পণ দণ্ড দিবে॥ আর কহি মৃচ্চর্মমনিসূ ত্রয়ং কাষ্ঠ বল্কল বাসসাং। অজাতৌ জাতি করনে বিক্রেয়াষ্ট গুণোদমঃ।০।

॥ অথ॥ নাকি বহু মূল্য জাতি যাহাতে মৃচ্চর্মাদিতে সেই অজাতি তাহাতে জাতি করণে বিক্রয়ের নিমিত্ত গন্ধবর্ণ রসান্তরসঞ্চারন দ্বারা বহুমূল্য জাতীয় সাদৃশ্য সম্পাদনেতে যে মন মল্লিকা পুষ্পের আমোদ সঞ্চারণ দ্বারা মৃত্তিকাতে সুগন্ধ মাজ্জার চর্মেতে বলোৎকর্ষাপাদন দ্বারা ব্যাঘ্রচর্ম এই যেমন স্ফটিক মনিতে বর্ণান্তর করণ দ্বারা পদ্মরাগ ইহা যেমন কা র্পাস শূত্রের গুণোৎকর্ষাপান দ্বারা পট্টসূত্র ইতি যেমন কৃষ্ণ বর্ণ লোহতে বর্ণোৎকর্ষাধান দ্বারা রজত ইতি বিল্বকাষ্ঠেতে চন্দনামোদ সঞ্চার দ্বারা চন্দন ইতি কংকোলত্বক লবঙ্গ ইতি কার্পাস বস্ত্রে গুণোৎকর্ষাধান দ্বারা ক্রমিজ বস্ত্র ইতি বিক্রেয় সম্বন্ধুয়ে মৃচ্চর্মাদি তার পণের অষ্টগুণ দণ্ড জানিবে সমুদ্‌ পরিবর্ত্তঞ্চ সারভাণ্ডঞ্চ কৃত্রিমং আধা॥ নবিক্রয়া ষ্বাপি নয়তোদণ্ড কল্পনা॥ ভিনুপণেতে পঞ্চাশৎ পণেতে একশত কহেন দ্বিপনে দ্বিশতো দণ্ডোমূল্যবৃদ্ধৌচবৃদ্ধিমান মুদ্রেরগো

নী মুদেগীর সমান বর্ত্তি পরিবর্ত্তন করগুপদে পাত্র যেঅন্য মুক্তাসকলের পুর্ন করগুক দেখাইয়া হস্তের লাঘব দ্বারা অন্য স্ফটিকের পুর্ন করগুক সমর্পণকরে যে সার ভাগুক মূরিকাদি কৃত্রিম করিয়া বিক্রয় কিম্বা বন্ধক দেয তাহার দণ্ড কল্পনা পরে কহিব তাহাতে জানিবে কৃত্রিম কস্তুরি আদির মুল্য হয়যে পণ ভিন্ন অল্পতে অল্পপণ মুল্য যততাহা তে কৃত্রিমেতে বিক্রয়করে তাহাতে পঞ্চশং পণদণ্ড পণমুল্যতে পুনর্বার একশতদুইপণ মুল্যেদুইশতদণ্ড এবং মুল্য বৃদ্ধিতে দণ্ড বৃদ্ধি জানিবে বনিকের প্রতি কহিয়াছেন সম্ভুয় কুর্ব্বতা মর্ঘং সবাধক্কারু শিল্পিনাং অর্ঘস্য হ্রাসং বৃদ্ধিম্বাজানতাং দম মুত্তমঃ। অর্থঃ রাজনির পিত মুল্যের হ্রাসবৃদ্ধি জানিলেও যে বণিকরা সকলেই একত্র হইয়া রজকাদির চিত্রকারাদির পীড়াকর মুল্যান্তর যে ভাল লোভেতেকরে তাহার পণসহস্র দণ্ড নায়হয়।

আর সম্ভুয় বনিজাং পণ্য মনর্ঘেণোপরুন্ধতাং। বিক্রীণতাং বাবিহিতো দণ্ড উত্তম সাহসঃ॥ অর্থ॥ যে বণিকেরা অনেকে মিলিত হইয়াদেশান্তর হইতে আগত বিক্রয় দ্রব্য হীনমুল্যেতে প্রার্থনা করিয়া উপরোধ করেকিম্বাঅল্পমূল্য দ্রব্য উপরোধ করিয়া বহুমূল্যেতে বিক্রয়করে তাহাদিগের উত্তম সাহস দণ্ড মুনিরা কহিয়াছেন। কেমন মূল্যেতে করিয়া ক্রয় করিবেন ইহা কহিতেছেন। রাজনিস্থা প্যতেযোহর্ঘঃ প্রত্যহম্তেন বিক্রয়ঃ। ক্রয়োবা নিস্রব স্তস্মা দ্বণিজাং লাভকৃৎ স্মৃতঃ॥ অর্থ॥ রাজা নিকটে থাকিতে তিনি যে মূল্য নির

পণ করিয়া থাকেন সেই মূল্যেতে প্রতিদিন ক্রয় বিক্রয় করিবেন। রাজ নিরূপিত মূল্যের অবশিষ্ট যাহা হয় তাহাই বণিকের দিগের লাভ আপনারদিগের স্বেচ্ছাধীন কল্পিত মূল্যের অবশিষ্টলাভ নয়। মনু অর্থ করণে বিশেষ দেখাই য়াছেন। পঞ্চরাত্রেং পক্ষে মাশেতথাগতেকুর্বীতচৈষাংপ্রত্যক্ষমর্ঘসংস্থাপনং নৃপ ইতি॥ ০ ॥

॥ অর্থ ॥ পঞ্চদিনং গতহইলে কিম্বা পক্ষ গতহইলে কিম্বা মাস গত হইলে রাজা দ্রব্য মূল্য সকলের প্রত্যক্ষ করিবেন এবং সংস্থাপনও করিবেন। আর। স্বদেশ পণ্যেচ শতং বণিক্ গৃহীত পঞ্চকং দশকং পাপদেশ্যেওয়ঃসদ্যঃক্রয়বিক্রয়ী॥ ০ ॥

॥ অর্থ ॥ স্বদেশে প্রাপ্ত বিক্রেয় দ্রব্য পাইয়া যে বিক্রয় করে সে শতপণে পাঁচপণ করিবেক। এবং পরদেশে দশপণ লইবেক এ বিধিতেক্রয়করিয়া সেইদিনে যেবিক্রয় করিবে তাহার পক্ষে। যে কালান্তর বিক্রয় করে তাহার কাল অধিকএ প্রযুক্ত লাভ ও অধিক কল্পনা করিবেক। এমন যদি হইলো তবে যে প্রকার মূল্য নিরূপণ করিলে শতপণে পঞ্চপণ লাভ হয় সেই প্রকারই মূল্য রাজা স্বদেশে বিক্রেয় দ্রব্য বিষয়ে স্থাপণ করিবেন। পরদেশে বিক্রয় দ্রব্যের মূল্য নিরূপণের প্রকার কহিতেছেন। পণ্যস্যোপরিসংস্থাপ্যব্যয়ং পণ্যসমুদ্ভবং। অর্ঘোংনু গ্রহকৃৎ কার্য্যঃ ক্রেতুর্বিক্রেতুরেবচ॥

॥ অর্থ ॥ দেশান্তর হইতে আগত দ্রব্যের দেশান্তরগমনাগমনের উপযুক্ত পাত্র ক্রয়ের ব্যয় এবং ঘাটেঘাটে যে পণ দিতেহয় তাহার ব্যয় এসকল গণনা করিয়া বিক্রেয় দ্রব্যের

সহিত মিলন করিয়া যে প্রকারে শতপণে দশপণ লাভ হয় সেই প্রকার রাজা ক্রেতাও বিক্রেতার মূল্যে স্থাপন করিবেন ॥ প্রাসঙ্গিক প্রকরণসমাপণ করিয়া ইদানী বিক্রীয়া সম্প্রদান আরম্ভ করিতেছেন ॥ তাহার স্বরূপ নারদকহি য়াছেন বিক্রীয়পণ্যং মূল্যেন ক্রেতুর্যন্নপ্রদীয়তে। বিক্রীয়া সম্প্রদানং তদ্বিবাদ পদ মুচ্যতে ॥ ০ ॥

॥ অর্থ ॥ মূল্য লইয়া দ্রব্য বিক্রয় করিয়া যে ব্যব হারে ক্রেতাকে না প্রদান করে বিক্রীয়া সম্প্র দান নামে সেই বিবাদ পদ কহেন। তাহাতে বিক্রেয় দ্রব্যের চরাচর ভেদে দ্বিবধ কহিয়া পুনর্ব্বার ছয় প্রকার তিনিই প্রতিপন্ন করিয়াছেন। এই। লোকেংস্মিন্ দ্বিবিধং পণ্যং জঙ্গমং স্থাবরং তথা যড়্বিধস্তস্যাতু বুধৈ র্দানাদান বিধিঃস্মৃতঃ। গণিকং তুলিমং মেয়ং ক্রিয়যা রূপতঃ শ্রিয়েতি ॥ অর্থ ॥ লোকেতেদুই প্রকার বিক্রেয় জঙ্গমও স্থাবর পণ্ডিতেরা তাহার ছয় প্রকার দান গ্রহণের বিধি কহিয়াছেন এই গণিক। তুলিম। মেয়। ক্রিয়া দ্বারা। রূপ হেতুক। শ্রীদ্বারা গণিক গুবাকাদিফল। তুলিম কুঙ্কুমাদি দ্রব্য। মেয় ধান্যাদি। ক্রিয়াদ্বারা অশ্ব মহিষীপ্রভৃতি রূপ হেতুক বিক্রেয় স্ত্রী প্রভৃতি। শ্রী দ্বারা পদ্মরাগাদি মণি। এই ছয় প্রকারই পণ্যবিক্রয় করিয়া যিনি না প্রদান করেন তাহার দণ্ড কহিয়াছেন। গৃহীতমূল্যং যঃপণ্যং ক্রেতুর্নৈব প্রয়চ্ছতি। সোদয়ং তস্যদাপ্যোসৌ দিগ্লাভং বাদিগাগতে ॥ অর্থ ॥ যে দ্রব্যের মূল্য গ্রহণ বিক্রেতা করিয়াছে সে দ্রব্য যদি ক্রেতাপ্রার্থ না করিলে বিক্রেতা

নাসমর্পণ করে সেই দ্রব্য যদি বিক্রয় কালে বহুমূল্য থাকে কালান্তরে অল্পমূল্যারে হ্রাসেতে করিয়া যে বৃদ্ধি হয় সেই বৃদ্ধির সহিত সেইদ্রব্য বিক্রেতা ক্রেতাকে দিবেন। যদি মূল্য হ্রাসের নিমিত্তে দ্রব্যের বৃদ্ধিনাথাকে তবে যতমূল্যের সেই দ্রব্যতত ততমূল্যের তেমনি দ্রব্য গৃহীত করিয়া সেই দেশে বিক্রয় করিলে যে লাভ তাহার সহিত কিম্বা এক শতের দুই কি তিন ইত্যাদিরূপে যে বৃদ্ধি তাহার সহিত সেই দ্রব্য ক্রেতার ইচ্ছাতে করিয়া দিবেন। নারদ যে প্রকার কহিয়াছেন। অর্ঘশ্চেদবহীয়েত সোদয়ং পণ্যমাবহেৎস্থানিনামেব নিয়মো দিগ্মাভংদিপ্রি চারিণাং ॥ ০ ॥

১। অর্থ ॥ মূল্য যদি হীন হয় তবে বৃদ্ধির সহিত বিক্রেয় দ্রব্য দিবেন স্বদেশের এই নিয়ম ভিন্নদেশের সেই সেই দেশে গিয়া বিক্রয়ে যে লাভ তাহার সহিত দিবেন। যে কালে মূল্যের আধিক্য প্রযুক্ত দ্রব্য ন্যূন হয় সে কালে যদি সেই দ্রব্য বস্ত্র গৃহাদি স্বরূপ হয় তবে তাহার উপভোগের মূল্যের সহিত দিবেন। যে প্রকার নারদ কহিয়াছেন। বিক্রীয় পণ্যং মূল্যেনয়ঃ ক্রেতুর্ন প্রয়চ্ছতি। স্থাবরস্য ক্ষয়ং দাপ্যোজঙ্গমস্য ক্রিয়া ফলং ॥ অর্থ ॥ মূল্য লইয়া বিক্রয় করিয়া ক্রেতাকে যে না প্রদান করে স্থাবর দ্রব্য হইলে তাহার উপভোগের মূল্য দিবেন জঙ্গম হইলে ক্রিয়া ফল দিবেন। উপহন্যেত বাপণ্যং দহ্যেতা পহ্রিয়েতবা। বিক্রেতুরেবসোহনর্থ বিক্রীয়াসং প্রযচ্ছতঃ। অর্থঃ বিক্রীত দ্রব্য নষ্ট হউক কিম্বা দগ্ধ হউক কিম্বা কেহ অপহরণ করুক

সে ক্ষতি বিক্রেতার যে বিক্রয় করিয়া নাদানকরে এই বচ নেতে করিয়া ক্ষতির বিষয় কহিয়াছেন এপুযুক্ত ও বচনে ক্ষয় শব্দে উপভোগ এই ক্রেতা যে কালে দেশান্তর হইতে সেই দুব্য লইবার নিমিত্ত আগত হন।

সে কালে সেই দুব্য লইয়া দেশান্তরে বিক্রয় করিলে যে লাভ তাহার সহিত সেই পণ্য দুব্য বিক্রেতা ক্রেতাকে দিবেন। এই ক্রীত দুব্যের সমর্পণ নিয়ম বিরোধ ভাবে জানিবা বিরো ধ হইলে মনুক্ত ক্রীতানুশয়েতে জানিবা। আর। বিক্রীত মপি বিক্রেয়ং পূর্ব্বত্রে তস্য গৃহ্নতি। হানিশ্চেৎ ক্রেতৃদোষেণ ক্রেতুরেবহি সাভবেৎ॥ অর্থ॥ যে কালে তেক্রেতাবিরোধ করিয়া ক্রীত দুব্য গুহণ করিতে ইচ্ছাকরেনেনা সেকালে বি ক্রেতা বিক্রীত দুব্য ও অন্যত্র বিষয় করিতে পারেন। যে কালে বিক্রেতা সমর্পণ করিলে ক্রেতা গুহণনাকরেণ সে দুব্য ও রাজ দৈব দ্বারা নষ্ট হয় সেকালে সেহানী ক্রেতারই হইবেক। দুব্যের অগ্রহণ রূপ যে ক্রেতার দোষ তাহাতে ক রিয়াই নষ্ট করিয়াছে। আর। রাজ দৈবোপ ঘাতেন পণ্যে দোষমুপাগতে। হানির্বিক্রেতু রেবাসৌ যাচিতস্যা পুযচ্ছতঃ। অর্থ। যেকালে ক্রেতা প্রার্থনা করিলে ও বিক্রেয় দুব্য বিক্রেতা বিরোধ নাহইলে ও সমর্পণ করেনা সেদুব্য ও রাজা কিম্বা দৈব কর্ত্তৃক নষ্ট হইয়াথাকে সেকালে এই হানি বিক্রেতার এই হেতুক তাহা ক্রেতাকে দিবেন। আর অন্য হস্তেচ বিক্রীতং দুষ্টম্ব দুষ্ট বদুদি। বিক্রীণীতে দম

স্তত্র মূল্যাত্তু দ্বিগুণো ভবেৎ। অর্থ। যে বিবাদ ব্যতিরেক একের হস্তে বিক্রীত দ্রব্য পুনর্ব্বার অন্য হস্তে বিক্রয়করে সেদ্রব্য সদোষ কিম্বাআচ্ছন্নদোষহউক সেকালে সেই দ্রব্যে র মূল্যের দ্বিগুণ দণ্ড বিক্রেতার জানিবা। নারদ ও এস্থলে বিশেষ দেখাইয়াছেন। অন্য হস্তে তুবিক্রীয় যো২ ন্যস্মৈ. তৎ প্রয়চ্ছতি। দ্রব্যংত দ্বিগুণ ন্দাপ্যো বিনয় স্তাব দেব তু নির্দোষং দর্শয়িত্বাতু সদোষং যঃ প্রয়চ্ছতি। সমূল্যা দ্বিগুণং দাপ্যো বিনযং তাব দেবতু ইতি। অর্থ। অন্য হস্তে বিক্রয় করিয়া সেই দ্রব্য যে অন্যকে সমর্পণ করে সে সেই দ্রব্যের দ্বিগুণ দিবেক এবং দ্বিগুণ দণ্ড ও দিবেক। এবং নির্দোষ দেখাইয়া সদোষ যে বিক্রয় করে সেমূল্য হইতে দ্বিগুণদি বে এবং ততদণ্ড দিবে। এসকল বিধিই যাহার মূল্য দেও য়াগিয়াছে এমন দ্রব্য বিষয়ে জানিবা। যাহারমূল্য দেওয়া যায়নাই বাক্য মাত্রেই ক্রয় হইয়াছে এমন দ্রব্যের ক্রেতা ও বিক্রেতার নিয়ম যাহাতে হয় এমন প্রতিজ্ঞা ব্যতিরেক প্রবৃত্তিতে নিবৃত্তিতে কোন দোষ নাই। নারদ যাহা কহিয়া ছেন দত্ত মূল্যস্য পণ্যস্য বিধিরেবঃ প্রকীর্ত্তিতঃ। অদত্তে ন্যত্র সময়াৎ নবিক্রেতুর বিক্রয়ঃ। অর্থ। যাহার মূল্য দেও য়াগিয়াছে এমন দ্রব্যের এই বিধি কহিয়াছেন যাহার মূল্য না দেওয়া গিয়াছে যাহার প্রতিজ্ঞা নাথাকে এমন দ্রব্যের বিক্রে তার অবিক্রয় হয়না। বিক্রয়ানুশয় কহিয়াছেন ক্রীতানুশয় স্বরূপ পূর্ব্বে বিস্তারিৎ করিয়া ছেন ইদানী সেই উভয়ের সাধারণ ধর্ম্ম কহিতেছেন। ক্ষয়ং বৃদ্ধি ন্ত বণিজাপণ্যা নাম

বিজানন্ ক্রীত্বানানুশয়ঃ কার্য্যংকুর্ব ন্ষড়ভাগ দণ্ডভাক্ । পরী ক্ষাকরিয়া ক্রীত যে দ্রব্য তাহা দিগের ক্রয়ের পর ক্ষয় কাল যে পর্য্যন্ত তদনুসারে মূল্য করিয়া বৃদ্ধিনাজানিয়া ক্রেতা বি বাদ করিবেননা বিক্রেতা ও বহুমূল্য দ্রব্যের ক্ষয়নাজানিয়া বিবাদ করিবেননা । বৃদ্ধি ও ক্ষয় জানিলে ক্রেতা বিক্রেতা উভয়ের বিবাদহয় এই ব্যতিরেক হেতুক উক্ত হইয়াছে অনুকালের সীমা ও নারদ দেখাইয়াছেন । ক্রীত্বা মূল্যে নয়ংপণ্যং দুষ্ক্রীতং মন্যতে ক্রয়ী। বিক্রেতুঃ প্রতি দেয়ং তত্ত স্মিন্নেবাহ্ন বিক্ষতং । দ্বিতীয়েহ্নি দদৎ ক্রেতা মূল্যাত্ত্রিংশাং শমাহরেৎ । দ্বিগুণস্ত তৃতীয়েহ্নি পরতঃ ক্রেতুরেব তৎ ।। ০ অর্থ ।। মূল্যদিয়া ক্রয়করিয়া যে ক্রেতা দুষ্ক্রীত করিয়া মানেন সেক্রেতা সেইদ্রব্য অক্ষুণসেই দিবসেই বিক্রেতাকে দিবেন ক্রেতা দ্বিতীয় দিবসে দিলে মূল্যের ত্রিংশৎ অংশের একাং শ দিবেন তৃতীয় দিবসে দিলে মূল্যের পঞ্চ দশাংশের এ কাংশ দিবেন চতুর্থ দিবসে বিক্রেতা লইবেননা ক্রেতারই সেদ্রব্য হইবেক । অপরীক্ষীত ক্রয় বিক্রয় বিষয়ে দ্রব্য বৈ গুণ্যের নিমিত্তে বিবাদাবধি দশাহ একাহ পঞ্চাহ সপ্তাহ ইত্যাদি দেখাইয়াছেন । সে এই বাক্যের যুক্তিদ্বারা বৃদ্ধি ক্ষয়জ্ঞানের অনুশয় কারণের জ্ঞানহয় যেমন দ্রব্যের পরী ক্ষাবিধি হেতুক দ্রব্য দোষের বিবাদ কারণত্ব তাহার ন্যায় এই হেতুক দ্রব্য দোষ ও বৃদ্ধি ক্ষয় এই তিন কারণ নাথা কিলে বিবাদের অবধি কালের মধ্যে ও যদি বিবাদ করে তবে দ্রব্যের ছয়ভাগের এক ভাগ দণ্ডকরিবেন । এবং বিবা

দের কারণ থাকিলে ও বিবাদের নিয়ম কালাতি ক্রমেতে করিয়া বিবাদ যেকরে তাহার এই দণ্ড। উ ভে গেছে করিয়া নাশ নাহয় যাহার এমন শস্থির প্রায় দ্রব্যের বিবাদের কালাতি ক্রমেতে বিবাদ যেকরে তাহার মনুক্ত দণ্ড দেখিবা। পরে গত্ত দশাহস্য নদদ্যা ন্নাপিদা পয়েৎ। আদদানো দদচ্চৈব রাজ্ঞা দণ্ড্যঃ শতানি ষট্। অর্থ। দশাহের পর দিবেও নাদে ও যাবে ও না অর্থাৎ গ্রহণ ও করিবেনা গ্রহণ করিলে এবং দিলে রাজা তাহার ছয় শতপণ দণ্ড করিবেন এই বিক্রীয়া সম্প্রদান প্রকরণ সমাপ্তহইল ॥ ০ ॥ ইতি শ্রীলক্ষ্মীনারায়ণ ন্যায়ালঙ্কার বিরচিতে মিতাক্ষরা দর্পণে বিক্রীয়া সংপ্রদান বিবাদ পদংনাম পঞ্চদশা লোকঃ ॥ ০ ॥ ১৫ ॥

ইদানী সম্ভূয় সমুত্থান নামে বিবাদ কহিতেছেন। সমবায়েন বণিজাং লাভার্থং কর্ম্ম কুর্ব্বতাং। লাভালাভৌ যথা দ্রব্যং যথা বাসং বিদাহৃতৌ। অর্থ। আমরা সকলে এই কর্ম্ম করিবো এই রূপ স্বীকার করিয়া নির্ণয়ের নাম সমবায় তাহাতে করিয়া যে বণিকাদিরা লাভেচ্ছা করিয়া মিলিত হইয়া প্রত্যেকে কর্ম্ম করিলে তাহার দিগের লাভ্রে ও ক্ষতি দ্রব্যে ক্রয়াদির নিমিত্তে যিনি যত ধন দিয়াছেন তাহার অনুসারে তাহার হইবে। কিম্বা নির্ণয় কালে তোমার দুইভাগ ইহার এক ভাগ ইত্যাদি রূপ নির্ণয় থাকিলে সেই রূপই বিভাগ করিবেক। আর প্রতি বিদ্ধম নাদিষ্টং প্রমাদাদ্যচ্চ নাশিতং সত দদ্যাদ্বি প্লবাক্ষরক্ষিতা দশমাংশ ভাক্। অর্থ। মিলিত হইয়া কর্ম্ম করিতেছে যে বণিকাদিরা তাহার দিগের মধ্যে

যেব্যক্তি এদ্রব্য এপ্রকার ব্যবহার কর্ত্তব্য নয় এইরূপ নিসিদ্ধ দ্রব্য নিষেধ ব্যবহার করিয়া নষ্টকরে কিম্বা অনুমতি যাহাতে নাই তাহাতে করিয়া যাহা নষ্টকরে কিম্বা বিবেচনা হীন এপ্রযুক্ত যে দ্রব্য নষ্টকরে সে ব্যক্তি সেই দ্রব্য সেই বনিক দিগ্যের দিবেক। এবং তাহাদিগের মধ্যে যে ব্যক্তি চৌরের উৎপাৎ কিম্বা রাজার উৎপাৎ হইতে বিক্রেয় দ্রব্য রক্ষাকরে সে তাহা হইতে রক্ষণ হেতুক দশমাংশ পাইবেক। অর্ঘপ্রক্ষে পণাৎ বিংশংভাগং শুল্কং নৃপোহরেৎ ব্যাসিদ্ধং রাজযোগ্যঞ্চ বিক্রীতং রাজগামিতৎ ॥ ০॥ ০॥

॥ অর্থ ॥ এস্থলে এত দ্রব্যের এই মূল্য রাজা এই নিরূপণ করিলে এ প্রযুক্ত মূল্য হইতে বিংশতি ভাগের এক ভাগ পণের নিমিত্তে লইবেন। এ দ্রব্য অন্যত্র বিক্রয় করিবানা এরূপ নিষেধ রাজা করিয়াছেন সে দ্রব্যে কিম্বা রাজার যোগ্য যে দ্রব্য সে দ্রব্য রাজাকে না যানাইয়া অধিক লাভেতে অন্য ত্রবদি বিক্রয় করে তবে সেদ্রব্য মূল্যদানের অপেক্ষা না করিয়া রাজা অপহরণ করিবেন। মিথ্যাবদন্ পরীমাণং শুল্কস্থানাদপাসরৎ। দাপ্যো স্বষ্টগুণং যশ্চসব্যাজ ক্রয় বিক্রয়ী ॥ অর্থ ॥ যে বনিক পণ বঞ্চনার নিমিত্তে পরিমাণ অপহ্নব করে কিম্বা পণ গ্রহণ স্থান হইতে অপগত হয় এবং যে বনিক বিবাদের দ্রব্যক্রয় করে কিম্বা বিক্রয়করে সে সকলের বিক্রেয় দ্রব্যের অষ্টগুণ দণ্ড করিবেন। আর। তরিকঃ স্থলজং শুল্কংগৃহ্নন্দাপ্যঃপণান্দশ। ব্রাহ্মণপ্রতিবাস্যানামেতদেবানি মন্ত্রণে ॥ অর্থ ॥ পণ দুই প্রকার স্থলজও জলজ তা

হইতে স্থলজপণ মূল্যনিরূপণ হেতুক বিংশতি ভাগের এক ভাগ রাজা লইবেন ইহা কহিয়াছি জলজপণ মনু কহিয়াছেন এই যে পণং যানস্তরে দাপ্যং পুরুষোহর্দ্ধপণং তরেঃ। পাদং পশুশ্চযোষিচ্চ পাদার্দ্ধং রিক্তকঃ পুমান্। ভাণ্ড পূর্ণানিযানানি তার্য্যংদাপ্যানিসারতঃ। রিক্ত ভাণ্ডানিয়ৎ কিঞ্চিৎ পুমাংস শ্চাপরিচ্ছেদা ইতি। অর্থ॥ নৌকা দ্বারা পারহইতে অশ্বাদি বাহনের একপণ পণ এক পুরুষে বহনকরিতে পারে এমন ভারের পুরুষের অর্দ্ধপণ পণের চতুর্থাংশ গবাদি পশুর এবং স্ত্রীলোকের তাহার অর্দ্ধ। দ্রব্য পূর্ণ যে সকটাদি তার দ্রব্যের সারানু সারেতে পণ শূন্যপাত্রের যৎ কিঞ্চিৎ এবং পরিচ্ছেদ রহিত অর্থাৎ দারিদ্র্যভারহীন পুরুষের ও যৎকিঞ্চিৎ। দুই প্রকার পণেই এই অপর বিশেষ। নভিন্ন কার্য্যাণমস্তিশুল্কং নশিল্পি বৃত্তৌনশিশৌনদূতে নভৈক্ষ্যলব্ধেনহৃতাবশেষেনশ্রোত্রিয়ে প্রব্রজিতেনযজ্ঞে ইতি অর্থ কার্য্যাপণেরমধ্যে মূল্য যাহার তাহারপণ নাই এবংশিল্পকারের পণনাই এবং শিশুর ও দূতের ও ভিক্ষুকের পণনাই যাহার দ্রব্যাহরণ করিয়া লইয়াছে অবশিষ্ট কিছু আছে তাহার ও পণনাই শ্রোত্রিয়ের পণনাই এবং ব্রহ্মচারী প্রভৃতির পণনাই এবং যজ্ঞোদ্দীক্ষিত ব্যক্তির ও পণনাই। নৌকার পণ গ্রহণের অপরাধের নাম তরিক সেযক্ষণ স্থলের পণলই বে তাহা তাহার দশপণ দণ্ড করিবেন। আপনার সদনের নিকট ঘর যাহার এমন বেদাধ্যায় না দিগুণযুক্ত ব্রাহ্মণ কেশাদ্ধাদি কর্ম্মেনিমন্ত্রণ নাকরিলে ওদশ পণ দণ্ড করিবেন। দেশান্তরে

মৃত বণিকের ধনের প্রতি কহিতেছেন। দেশান্তরগতে প্রেতে দ্রব্যংদায়াদ বান্ধবাঃ। জ্ঞাতয়োবাহরেয়ুস্তদাগতাস্তৈর্বিনানৃপঃ॥ অর্থ॥ যথণ মিলিত হইয়া কর্ম্মকারী বণিক দিগের মধ্যে যে কোন ব্যক্তি দেশান্তরে গিয়া মৃত হইয়াছে তাহার অংশ পুত্রাদি সন্তান বর্গ কিম্বা মাতৃপক্ষীয় মাতুলাদিরা এবং জ্ঞাতিরা আগমন করিয়া লইবেন তাহাদিগের অভাবে রাজা লইবেন। বা শব্দেতে করিয়া বৈকল্পিক দেখাইতেছেন। কিন্তু পৌর্ব্বাপর্য্য নিয়মপত্নীদুহিতর ইত্যাদি বচনে যাহা প্রতিপন্ন হইয়াছে তাহা এস্থানেও জানিবা। শিষ্যস ব্রহ্মচারী ব্রাহ্মণ ইহারদিগের নিষেধ হয় এবং বণিকদিগের প্রাপ্তি হয় এই প্রয়োজন দেশান্তর গতে প্রেতে এবচনের। বণিকের মধ্যেও যে পিণ্ড দান ধন শোধনাদিতে সমর্থ হয় সে গ্রহণ করিবেক যে বণিকেরা সংসৃষ্টি থাকে সামর্থ্যের অবিশেষ প্রযুক্ত তাহারা বিভাগ করিয়া লইবেক। তাহাদিগের অভাবে দশ বৎসর পর্য্যন্ত দায়াদির আগমন প্রতীক্ষা করিবেন তাহারা না আইলে রাজা স্বয়ংগ্রহন করিবেন ইহানারদ স্পষ্ট কহিয়াছেন। একস্যচেৎ স্যাম্মরণং দায়াদোস্যত দাপ্নুয়াৎঅন্যো বাসতি দায়াদে শক্তশ্চেৎ সর্ব্বত্র বতে। তদভাবে তুগুপ্তন্তুৎ কারয়েদ্দশবৎ সরান্ অস্বামিক মদাযাদং দশবর্ষস্থিতংততঃ। রাজাত দাত্মসাৎ কুর্য্যাদেবং ধম্মো নহীয়তে॥ ০॥

॥ অর্থ॥ একের মরণ হইলে তাহার দায়াদ পাইবেক দায়াদ না থাকিলে অন্যও বা বণিক পাইবেক যদি পিণ্ড দান দিতে শক্ত হয় সংসৃষ্টি হইলে সকলেই বিভাগ করি

য়া লইবেক বণিক দিগের অভাবে দশবৎসর পর্য্যন্ত রাজা রক্ষাকরিবেন তাহার পরদায়াদ না থাকিলে স্বামী না থাকিলে রাজা আত্মসাৎ করিবেন এতেধর্ম্মেরত্যাগ হয়না। আরত্বিক্ষং ত্যজেযুর্নির্লাভম শক্তোংন্যেনকারয়েৎ। অর্থ বঞ্চকের লাভরা হিত্ত করিয়া বহির্গত করিবেন। সেই বনিক দিগের মধ্যে যে আপনি খিজন্য দুবের পাপাদি রক্ষণ বহনাদি কর্ম্ম করিতে অসমর্থ সে আপনার কর্ম্ম অন্য দ্বারা করাইবেক। পুর্ব্বোক্ত বনিক্ ধর্ম্ম ঋণাদিতে অতি দেশ করিতেছেন। অনেন বিধিনাখ্যাত ঋত্বিক্ কর্ষক কর্ম্মিণাং॥ এই বনিক ধর্ম্ম কথনেতে করিয়া হোতাদি ঋত্বিক কর্ষক ওতক্ষকাদি শিল্পকর্ম্মোপ জীবী দিগের উপজীবিকারপ্রকার কহিয়াছেন। তাহাতে ঋত্বিক দিগেরধন বিভাগে বিশেষমনু দেখাইয়াছেন। সর্ব্বেসামর্দ্ধিনো মখ্যাস্তদর্দ্ধেনার্দ্ধিনোংপরে। তৃতীয়েন তৃতীয়াংশ তৃতীয়াংশাশ্চপাদিনঃ। ইহারএই অর্থ জ্যোতিষ্টোমেন শতেন দিক্ষয়ন্তি এই বচনে জ্যোতিষ্টোম যাগে একশত গোঋত্বিক দিগের সন্তোষের নিমিত্তেদক্ষিণা দিবেন ঋত্বিক্ হোতাদি শোড়শ জন। তাহাতে কাহার কত অংশ এই অপেক্ষাতে এই কহিতেছেন। সকল হোতা দি ঋত্বিকের মধ্যে মুখ্যয়ে হোতা। অধ্বর্য্যু ব্রহ্মা উদ্গা তা এই চারিজন সকলের ভাগ পূরণের নিমিত্তে অষ্টচত্ত্বা রিংশতগো স্বরূপ অর্দ্ধ ভাগীহন। মৈত্রাবরুণ প্রতি প্রস্থাতা ব্রাহ্মণ। চ্ছন্দসি প্রস্তোতা এইচারী ঋত্বিক্ তাহার চত্ত বিং শতি রূপ অর্দ্ধ ভাগীহন। অচ্ছাবাক্ অনেষ্টা। অগ্নীধ্র প্রতি

হর্ত্তা। এই চারি ঋত্বিক মুখ্যাংশের ষোড়শ গোরূপ তৃতী য়াংশ ভাগীহন গ্রাবস্তুৎ। উন্নেতা। পোতা। সুব্রহ্মণ্যএই চারিঋত্বিক মুখ্য ভাগেরচতুর্থাংশ দ্বাদশ গোভাগী হন।ভা ল কি প্রকারে ভাগনি য়মএঘটনাহয়পূর্ব্বে এমন প্রতিজ্ঞাহই লোনা এবং এঅনুসারে ধন কেহ দান করে নাই এবংবচন ও এমননাহ যেহেতুক ভাগনিয়ম হইবে এই হেতুক সমাং শ ন্যাদশ্রুতত্ত্বা দ্বিশেষস্য এইন্যায়েতে করিয়া সমাংশভাগী কিম্বা কর্ম্মানুসারে অংশ ভাগী এইযুক্তহয় এ পূর্ব্ব পক্ষের সিদ্ধান্ত কহিতেছি। জ্যোতিষ্টোমযাগে অর্দ্ধি নস্তৃতী যিনঃপাদিন এই বচন দ্বারা সিদ্ধের ন্যায় অনুবাদ ঘটনা হয় না। যদি তাহাতে অর্দ্ধতৃতীয়াংশ চতুর্থাংশভাগিত্ব মৈত্রাবরুণাদিদিগের না হয় এই হেতুক বৈদিক অর্দ্ধি প্রভৃ তি নাম বলবত্ত্ব হেতুক পূর্ব্বোক্তাংশনিয়মই কল্পনাক রাজায় এই নির্দ্দোষ। এই সম্ভূয় সমুত্থান প্রকরণসমাপ্ত হইল॥ ০॥ ইতি শ্রীলক্ষ্মীনারায়ণ ন্যায়ালঙ্কার বিরচিতে মিতাক্ষরা দর্পণে সম্ভূয় সমুত্থান বিবাদ পদং নাম ষোড়শালোকঃ॥ ০॥ ১৬॥

ইদানীস্তেয় প্রস্তুত করিতেছেন। তাহার লক্ষণ মনু কহিয়া ছেন। স্যাৎ সাহসন্ত্বন্বয়বৎ প্রসভং কর্ম্মযৎকৃতং। নিরন্বয়ং ভবেৎ স্তেয়ং হৃত্বাপহ্নূয়তে চযদিতি॥ ০॥

॥ অর্থ॥ দ্রব্যরক্ষক যে রাজাধ্যক্ষাদি তাহার সমক্ষে বলেতে করিয়া যে পরধন হরণাদি তাহার নাম সাহস কিন্তু স্তেয় তাহা হইতে বিশেষ এই যে ধন স্বামী প্রভৃতির অসমক্ষেবঞ্চ

না করিয়া যে পরধন হিরণ তাহাকে কহেন। ধনস্বামিপ্রভৃতির সমক্ষেও যে হরণাদি করিয়া আমি ইহা করিনাই এরূপ ন্যায়েতে অপহ্নব করে সেও স্তেয়। নারদ ও কহিয়াছেন॥ উপায়ৈর্বিবিধৈরেষাং ছলয়িত্বাপকর্ষণং সুপ্তমত্ত প্রমত্তেভ্যঃ স্তেয়মাহুর্মনীষিণঃ॥ অর্থ॥ নিদ্রাস্থিতও মত্তও প্রমত্ত ইত্যাদি লোক বিবিধ উপায় দ্বারা বঞ্চনা করিয়া তাহাদিগের হইতে যে ধনাপহরণ তাহাকে পণ্ডিতেরা স্তেয়কহেন। তাহাতে অন্যের গ্রহণ তস্কর হইলে দণ্ড এবং তস্কর গ্রহণ তস্কর জ্ঞান হইলে হয় এই হেতুক তস্কর জ্ঞানোপায় কহিতেছেন। গ্রাহ্যকৈর্গৃহ্যতে চৌরো লোপ্ত্রেণাথপদেন বা। পূর্ব্বকর্ম্মাপরাধীচ তথা চাশুদ্ধবাসকঃ॥ এব্যক্তি চৌর এরূপে লোকে যে বিখ্যাত থাকে তাহাকে স্থানপাল প্রভৃতি রাজপুরুষেরা অপহৃত দ্রব্য দ্বারা কিম্বা চৌর্য্য কর্ম্মের চিহ্নাদি দ্বারা গ্রহণ করিবেন। এবং পূর্ব্বে চৌর রূপে খ্যাতছিল যে এবং যাহার বাসস্থান কোথায় তাহা অজানা তাহাদিগের গ্রহণ করিবেন। আর অন্যোপি শঙ্কয়া গ্রাহ্যাজাতি নামাদিনিহ্নবৈঃ। দ্যূত স্ত্রী পানসক্তাশ্চ শুষ্ক ভিন্ন মুখস্বরাঃ। পরদ্রব্যগৃহাণাঞ্চ পৃচ্ছকা গূঢ়চারিণঃ। নিরায়া ব্যয়বন্তশ্চ বিনষ্টদ্রব্যবিক্রয়াঃ॥ ০॥ —

॥ অর্থ॥ পূর্ব্বোক্তদিগেরই কেবল গ্রহণ করিবে না কিন্তু অন্যের দিগের ও কহিতেছি যে উক্ত চিহ্ন সেসকল যাহা শঙ্কাতে করিয়া গ্রহণ করিবেন। আর জাতির অপলাপ যে করে অর্থাৎ আমি শূদ্র নই শূদ্র হইয়া যে এক থাকয় তাহাকে এই চিহ্ন দ্বারা গ্রহণ করিবেন। এবং নামের অপলাপ দ্বারা

অপং আদি পদ গ্রহণ হেতুক স্বদেশ গ্রাম কুলাদি যাহারা আপলাপ অর্থাৎ আশঙ্কার স্থান মনে জানিয়া প্রতারণা বলে করে তাহা দিগের সেই অপলাপ দ্বারা লক্ষ্য করিয়া গ্রহণ করিবেন। এবংদ্যূতক্রীড়া ও বেস্যা ওমদ্যপানাদিতে আসক্ত যাহারা এবং কোথাহইতে তুমি আসিয়াছ এরূপ চৌরগ্রাহকেরা জিজ্ঞাসা করিলে যাহার মুখশুষ্ক ভিন্ন স্বরহয় তাহা দিগের ওগ্রহণকরিবেনলহুবচনহেতুকঘর্ম্ম যুক্ত কম্পবিশিষ্টাদির ও গ্রহণ। যে অকারণে ইহার কতধনকিম্বা কত গৃহ যাহার চুরি হইযাছে তাহার জিজ্ঞাসাকরে অথবা অন্যের সন্ধান করে। যে বেশান্তর করিয়া আপনাকে গোপন করিয়া চরে। যে আয়নাই কিন্তু বহু ব্যয় করে যে জীর্ণবস্ত্র ভগ্নপাত্রাদির স্বামী জ্ঞাত নয় সে বস্ত্রাদি বিক্রয় করে সেসকলকেই চৌর্য্য সম্ভাবনা দ্বারা গ্রহণ করিবেন। এইরূপ নানাবিধ চৌর্য্য চিহ্ন যুক্ত পুরুষ দিগের গ্রহণ করিয়া ইহারা চৌরকি সাধুইহা ভাল রূপে পরীক্ষা করিবেন কিন্তু চিহ্ন দর্শন মাত্রেই চৌরনির্ণয় করিবেননা অচৌরের ও চৌর্য্য দ্রব্যাদি স্বরূপ চৌরের চিহ্ন সম্ভবহয়। যেমন নারদ কহিয়াছেন। অন্য হস্তাৎ পরি ভ্রষ্ট মকামা দুত্থিতং ভুবি। চৌরেণবা প্রতি ক্ষিপ্তং লোপ্ত্রং যত্নাৎ পরীক্ষয়েৎ। অর্থ অন্য হস্ত হইতে ভূমি ভ্রষ্ট হইয়াছে অনিচ্ছাতে ও যে উত্তোলন করিয়াছে কিম্বা চৌরেরা চৌর্য্য বস্তুর গৃহে বিক্ষেপণ করিয়াছে এসকল যত্নেতে পরীক্ষা করিবেন। তেমনি। অসত্যাঃসত্যসঙ্কাশাঃসত্যাশ্চ। সত্যাস নিভাঃ দৃশ্যন্তে বিবিধাভাবাস্ত স্মাদ্যুক্তং

পরীক্ষণং। অর্থ। অসত্য দ্রব্য সত্যেরন্যায় প্রকাশিতক দোচেদ্ হইতেছে এবং সত্য দ্রব্য ও অসত্যের ন্যায় প্রকাশিত হই তেছে বিবিধ ভাব দেখিতেছি সেই হেতুক পরীক্ষা করণ যুক্তসিদ্ধহয়। এবং চৌর্য্য শঙ্কাতে গ্রহণ করিয়াছে যে জনকে সে আপনাকে সোধন করিবেক ইহা কহিয়াছেন। গৃহীতঃ শঙ্কয়া চৌর্য্যে নাত্মানঞ্চে দ্বিশোধ য়েৎ। দাপ য়িত্বা হৃতং দ্রব্যং চৌরদণ্ডেন দণ্ডয়েৎ॥ ০ ॥

॥ অর্থ॥ চৌর্য্য শঙ্কাতে গ্রহণ করিলে যদি আপনাকে তাহা হইতে নিস্তারের নিমিত্ত শুদ্ধনাকরে তবে কহিবযে ধন দানব ধাদি দণ্ড ভাগীহবে এই হেতুক মানুষ প্রমাণাভাবে দিব্যেতে করিয়া ও আপনাকে শোধন করিবেন। ভালো আমি চোরনই এরূপ মিথ্যোত্তর করিলে কি প্রকারে প্রমাণ সম্ভবে তাহার অভাব রূপত্ব হেতুক। ইহাকহিতেছি। দিব্যের ভাব অভাব দুই বিষয়ে ক্রিয়াবান্ তঃ কুর্য্যাৎ এই বচনে প্রতি পন্ন করিয়াছেন। মানুষ প্রমাণ যদ্যপি শুদ্ধ মিথ্যোত্তরে সাক্ষাৎ নাসম্ভবেতথাপি কারণোত্তরের সহিত যুক্তহইয়া অভাব রূপ যে মিথ্যা তিনিই কারণোত্তর কেপ্রমান করিয়া ভাবকে ও বিবয় করেণ

যেমন অপহরণ সময়ে আমিএদেশান্তরেছিলাম ইহা অভিযুক্ত হইয়া নির্ণয় করাইয়া দিলে চৌর্য্যা ভাবের সিদ্ধিহেতু কণ্ঠদ্ধিহয়ই। চৌরের দণ্ড কহিতেছেন। চৌরং প্রদাপ্যা পহৃতং ঘাতৈর্যে দ্বিবিধৈর্বধৈঃ। অর্থ যে পূর্ব্বোক্ত পরীক্ষাদ্বারা কিম্বা অপরীক্ষা তেই চৌরনিশ্চিত হইয়া থাকে তাহা দ্বারা

স্বামিকে অপহৃত দ্রব্য কিম্বা মূল্য কল্পনা করিয়া দেওয়াইয়া বিবিধ প্রকারে আঘাত দ্বারা বধ করিবেন। এ উত্তমসাহস দণ্ডপ্রাপ্তি যোগ্য উত্তম দ্রব্য বিষয়ে পুষ্প বস্ত্রাদি রূপ ক্ষুদ্র মধ্য মদ্রব্যাপহরণ বিষয়ে নয়। সাহসেষুয এবোক্ত স্ত্রিষু দণ্ডোমনীষিভিঃ॥ সত্রৈব দণ্ডস্তে যেপিদ্রব্যে ষুত্রিষ্বনুক্রমাৎ ॥ অর্থ॥ তিন প্রকার সাহসে পণ্ডিতেরা যে দণ্ড কহিয়াছেন। তিন প্রকার দ্রব্যের স্তেয়েতে ও সেই দণ্ড ক্রমেতে হইবেক। এই নারদ বচনেতে করিয়া বধরূপ দণ্ডের উত্তমসাহস বিষয়ে এবং উত্তম দ্রব্য বিষয়ে ব্যবস্থাপন করিয়াছেন যে বৃদ্ধ মনু বচন। অন্যায়োপাত্ত বিত্তত্বাদ্ধ নমেষাং মলাত্মকং অতস্তান্ ঘাতয়ে দ্রাজানার্থ দণ্ডেন দণ্ডয়েৎ॥ ০॥

। অথ চৌরাদি দিগের অন্যায়োপাত্তধন এপ্রযুক্ত সেধন পাপ স্বরূপ এই হেতুক তাহাদিগের রাজাবধ করিবেন অর্থ দণ্ড করিবেন না সেও মহাপরাধ বিষয়ে। চৌরবিশেষেঅপরাধ কহিতেছেন॥ অচিহ্নং ব্রাহ্মণং কৃত্বাসারাষ্ট্রাদ্বিপ্রবাসয়েৎ। অর্থ ব্রাহ্মণচৌরকে মহৎ অপরাধেওবধ দণ্ড করিবেন না কিন্তু ললাটে অঙ্ক দিয়া স্বদেশ হইতে নির্গত করিবেন। অঙ্ক ও কুক্কুর চরণাকার করিবেন। তথাচ মনুঃ গুরুতল্পেভগাঃ কার্য্যঃ সুরাপানে সুরাধ্বজঃ। স্তেয়েচ শ্বপদং কার্য্যং ব্রহ্মহণ্য শিরাঃ পুমান্ ইতি। অর্থ গুরু দারগমনে ভগাঙ্ক করিবেন সুরাপানে সুরাধ্বজ চিহ্ন দিবেন। স্বর্ণ চৌর্য্যে কুক্কুর পদ চিহ্ন করিবেন ব্রহ্মহত্যাতে নির্মস্তক পুরুষ চিহ্ন করিবেন। এদণ্ড ও যে প্রায়শ্চিত্ত করিতে ইচ্ছা নাকরে তাহা

রূপকে জানিবা। যে প্রকার মনু কহিয়াছেন। প্রায়শ্চিত্তন্তু কুর্ব্বাণঃ সর্ব্বে বর্ণায় যথোদিতং। নাঙ্ক্যারাজ্ঞা ললাটেতু দাপ্যা স্তূত্তম সাহসমিতি। অর্থ॥ সকল বর্ণেরা যথোদিত প্রায়শ্চিত্ত করিলে রাজা ললাটে অঙ্কদিবেন না কিন্তু উত্তম সাহস দেওয়াইবেন। চৌরের অদর্শনে অপহৃত দ্রব্যের প্রত্যা পায় কহিতেছেন। ঘাতিতেপহৃতে দোষো গ্রাম ভর্ত্তুর নির্গ তে। বিবীত ভর্ত্তুস্তুপথি চৌরোদ্ধর্ত্তুরবীতকে॥ অর্থ॥ যদি গ্রাম মধ্যে মনুষ্যাদিরবধকিম্বা ধনাপহরণ হয় তবে গ্রামাধ্য ক্ষেরই চৌরের অপেক্ষাতে দোষ হয় তাহার পরিহারো দ্দিষ্টিতে গ্রামাধ্যক্ষই চৌর গ্রহণ করিয়া রাজাকে অর্পণ করি বেন তাহা না পারিলে হৃত ধন ধন স্বামীকে দিবেন। যদি চৌর পদচিহ্ন স্বগ্রাম হইতে নির্গত না দেখেন দেখিলে সেই চিহ্ন যে স্থানে প্রবিষ্ট হয় সেই স্থানাধ্যক্ষ চৌর ধন দিবেন সেই প্রকার নারদ ও কহিয়াছেন। গোচরে যস্যামুষ্যেত তেন চৌরঃপ্রযত্নতঃ গ্রাহ্যোদাপ্যো২থবাশেষং পদং যদিনিগর্তং নির্গতেপুনরে তস্মাদ্যতে যস্য ত্রপাতিতং। সামন্তা মার্গ পালাশ্চ দিক্ পালাশ্চৈব দাপয়েৎ॥ ৩॥

॥ অর্থ॥ যে স্থানাধ্যক্ষের স্থানে চৌর্য্য হয় সে যত্ন করিয়া চৌর গ্রহণ করিবেক তাহা না পারিলে ধন দিবেক যদি চৌরচিহ্ন সে স্থান হইতে নির্গত না হয় নির্গত হইলেও সে স্থান হইতে যদি অন্যত্র চিহ্ন না পাতিত হইয়া থাকে। তবে সামন্ত ও পথরক্ষক ও দিক্‌পাল ইহারা আপনার২ স্থানে

